ক্রমে ইন্দ্রের বজ্রপাতের শব্দের ন্যায় সেই পুরুষশ্রেষ্ঠ দুই জনের গদা-[illegible]ের শব্দ সকল দিকে শুনা যাইতে লাগিল ॥২৪॥

শল্য [illegible]দাদ্বারা ভীমসেনের বাম ও দক্ষিণ পার্শ্বে আঘাত করিলেও, বিদার্য্য-মাণ পর্ব্বতের ন্যায় ভীমসেন কম্পিত হইতে লাগিলেন না ॥২৫॥

আবার ভীমসেনও গদাদ্বারা তাড়ন করিলে, বজ্রাহত পর্ব্বতের ন্যায় মহাবল শল্য ধৈর্য্যের গুণে স্থির থাকিতে লাগিলেন ॥২৬॥

তাহারা দুই জনই গদা উত্তোলন করিয়া এক এক বার মহাবেগে আপতিত হইতে থাকিলেন, আবার সন্নিহিত হইয়া মণ্ডলাকারে বিচরণ করিতে লাগি-লেন ॥২৭॥

এবং তাঁহারা আট পা লাফাইয়া লাফাইয়া যাইয়া আবার দুইটা হস্তীর ন্যায় সন্নিহিত হইয়া হঠাৎ গদাযুগলদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥২৮॥

(২৮) অথাপ্লুত্য ··বা ব রা নি।

তৌ পরস্পরবেগাচ্চ গদাভ্যাঞ্চ ভৃশাহতৌ।
যুগপৎ পেততুর্বীরৌ ক্ষিতাবিন্দ্রধ্বজাবিব ॥২৯॥
ততো বিহ্বলমানং তং নিশ্বসন্তং পুনঃ পুনঃ।
শল্যমভ্যপতত্তূর্ণং কৃতবর্ম্মা মহারথঃ ॥৩০॥
দৃষ্ট্বা চৈনং মহারাজ! গদয়াভিনিপীড়িতম্।
বিচেষ্টন্তং যথা নাগং মূর্চ্ছয়াভিপরিপ্লুতম্ ॥৩১॥
ততঃ স্বরথমারোপ্য মদ্রাণামধিপং রণে।
অপোবাহ রণাত্তূর্ণং কৃতবর্ম্মা মহারথঃ ॥৩২॥ (যুগ্মকম্)
ক্ষীববদ্বিহ্বলো বীরো নিমেষাৎ পুনরুত্থিতঃ।
ভীমোঽপি সুমহাবাহুর্গদাপাণিরদৃশ্যত ॥৩৩॥
ততো মদ্রাধিপং দৃষ্ট্বা তব পুত্রাঃ পরাঙ্মুখম্।
সনাগপত্ত্যশ্বরথাঃ সমকম্পন্ত মারিষ! ॥৩৪॥

তাবিতি। পরস্পরবেগাৎ বেগেন পরস্পরদেহাঘাতাৎ ॥২৯॥

তত ইতি। বিহ্বলমানং বিহ্বলীভবন্তম্। অভ্যপতৎ রক্ষার্থমভ্যধাবৎ ॥৩০॥

দৃষ্ট্বেতি। এনং শল্যম্। বিচেষ্টন্তং স্পন্দমানম্, নাগং হস্তিনম্। অভিপরিপ্লুতং সর্ব্বতোভাবেনাক্রান্তম্। অপোবাহ অপসসার ॥৩১—৩২॥

ক্ষীববদিতি। ক্ষীববৎ সুরাপানাদিনা মত্ত ইব ॥৩৩॥

তত ইতি। নাগৈর্হস্তিভিঃ পত্তিভিঃ পদাতিভিঃ অশ্বৈ রথৈশ্চ সহেতি তে ॥৩৪॥

ক্রমে তাঁহারা উভয়েই পরস্পরের বেগে এবং গদাদ্বয়ের অত্যন্ত আঘাতে দুইটা ইন্দ্রধ্বজের ন্যায় একদাই ভূতলে পতিত হইলেন ॥২৯॥

শল্য ভূতলে পতিত ও বিহ্বল হইয়া বার বার নিশ্বাস ত্যাগ করিতে লাগিলে, মহারথ কৃতবর্ম্মা সত্বর তাঁহার নিকট আগমন করিলেন ॥৩০॥

মহারাজ! শল্যকে গদাঘাতে পীড়িত, হস্তীর ন্যায় স্পন্দিত ও মূর্চ্ছাগ্রস্ত দেখিয়া মহারথ কৃতবর্ম্মা সত্বর তাঁহাকে আপন রথে তুলিয়া লইয়া সমরস্থল হইতে অপসৃত হইলেন ॥৩১—৩২॥

এদিকে মত্তের ন্যায় বিহ্বল, বীর ও মহাবাহু ভীমসেনও নিমেষমধ্যে পুনরায় উত্থিত হইয়া গদাপাণি অবস্থায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৩৩॥

মাননীয় রাজা! তাহার পর আপনার পুত্রেরা মদ্ররাজ শল্যকে পরাঙ্মুখ দেখিয়া হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের সহিত কম্পিত হইতে থাকিলেন ॥৩৪॥

(৩০)···কৃতবর্ম্মা মহাবলঃ—ব।

তে পাণ্ডবৈরর্দ্দ্যমানাস্তাবকা জিতকাশিভিঃ।
ভীতা দিশোঽন্বপদ্যন্ত বাতনুন্না ঘনা ইব ॥৩৫॥
নির্জ্জিত্য ধার্ত্তরাষ্ট্রাংস্তু পাণ্ডবেয়া মহারথাঃ।
ব্যরোচন্ত রণে রাজন্! দিপ্যমানা ইবাগ্নয়ঃ ॥৩৬॥
সিংহনাদান্ ভৃশং চক্রুঃ শঙ্খান্ দধ্মুশ্চ হর্ষিতাঃ।
ভেরীশ্চ বাদয়ামাসুর্ম্মৃদঙ্গাংশ্চানকৈঃ সহ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি দ্রোণাভিষেকে শল্যাপযানে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥ *

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।
তদ্বলং সুমহদ্দীর্ণং ত্বদীয়ং প্রেক্ষ্য বীর্য্যবান্।
দধারৈকো রণে রাজন্! বৃষসেনোঽস্ত্রমায়য়া ॥১॥

ত ইতি। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তৈঃ। বাতনুন্না বায়ুপ্রেরিতাঃ ॥৩৫॥
নির্জ্জিত্যেতি। ব্যরোচন্ত আনন্দেনাশোভন্ত। দীপ্যমানা জ্বলন্তঃ ॥৩৬॥
সিংহেতি। হর্ষিতাঃ পাণ্ডবেয়া ইত্যনুবৃত্তিঃ ॥৩৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

তদিতি। দীর্ণং ভগ্নম্। বৃষসেনঃ কর্ণপুত্রঃ, অস্ত্রমায়য়া অস্ত্রশিক্ষাকৌশলেন ॥১॥

বিজয়শোভী পাণ্ডবেরা পীড়ন করিতে লাগিলে, আপনার পক্ষের সেই যোদ্ধারা ভীত হইয়া বায়ুপ্রেরিত মেঘসমূহের ন্যায় নানাদিকে সরিয়া গেলেন ॥৩৫॥

রাজা! তখন মহারথ পাণ্ডবেরা ধার্ত্তরাষ্ট্রগণকে জয় করিয়া সমরাঙ্গনে প্রজ্বলিত অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩৬॥

আর তাঁহারা আনন্দিত হইয়া বিশাল সিংহনাদ, শঙ্খধ্বনি, ভেরীর বাদ্য এবং মৃদঙ্গ ও আনকের শব্দ করিতে থাকিলেন' ॥৩৭॥

(৩৬)…ধার্ত্তরাষ্ট্রাংশ্চ…পি। * '…চতুর্দ্দশোঽধ্যায়ঃ' ব, '…পঞ্চদশোঽধ্যায়ঃ' বা রা নি।
(১)…দধারৈকো রণে পাণ্ডূন্…নি।

শরা দশ দিশো মুক্তা বৃষসেনেন সংযুগে।
বিচেরুস্তে বিনির্ভিদ্য নরবাজিরথদ্বিপান্ ॥২॥
তস্য দীপ্তা মহাবাণা বিনিশ্চেরুঃ সহস্রশঃ।
ভানোরিব মহারাজ! ঘর্ম্মকালে মরীচয়ঃ ॥৩॥
তেনার্দ্দিতা মহারাজ! রথিনঃ সাদিনস্তথা।
নিপেতুরুর্ব্ব্যাং সহসা বাতভগ্না ইব দ্রুমাঃ ॥৪॥
হয়ৌঘাংশ্চ রথৌঘাংশ্চ গজৌঘাংশ্চ মহারথঃ।
অপাতয়দ্রণে রাজন্! শতশোঽথ সহস্রশঃ ॥৫॥
দৃষ্ট্বা তমেকং সমরে বিচরন্তমভীতবৎ।
সহিতাঃ সর্ব্বরাজানঃ পরিবব্রুঃ সমন্ততঃ ॥৬॥
নাকুলিস্তু শতানীকো বৃষসেনং সমভ্যয়াৎ।
বিব্যাধ চৈনং দশভির্নারাচৈর্ম্মর্ম্মভেদিভিঃ ॥৭॥

শরা ইতি। মুক্তা নিক্ষিপ্তাঃ। নরবাজিরথদ্বিপান্ পাণ্ডবপক্ষীয়ান ॥২॥
তস্যেতি। দীপ্তা উজ্জ্বলাঃ। ভানোঃ সূর্য্যস্য, ঘর্ম্মকালে গ্রীষ্মসময়ে ॥৩॥
তেনেতি। সাদিনো হস্ত্যশ্বারোহিণঃ। উর্ব্ব্যাং ভূতলে ॥৪॥
হয়ৌঘানিতি। ওঘানামপি নানাত্বাৎ সর্ব্বত্র বহুবচনম্ ॥৫॥
দৃষ্ট্বেতি। সর্ব্বরাজানঃ পাণ্ডবপক্ষীয়াঃ, পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥৬॥
নাকুলিরিতি। নাকুলির্নকুলপুত্রঃ, শতানীকো নাম ॥৭॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনার সেই বিশাল সৈন্য ভগ্ন হইয়াছে দেখিয়া কর্ণের পুত্র বলবান্ বৃষসেন একাকীই অস্ত্রশিক্ষার কৌশলে সেই সৈন্য-রক্ষার ভার গ্রহণ করিলেন ॥১॥

বৃষসেনকর্ত্তৃক নিক্ষিপ্ত বাণ সকল পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণকে বিদীর্ণ করিয়া দশ দিকে বিচরণ করিতে লাগিল ॥২॥

মহারাজ! বৃষসেনের উজ্জ্বল সহস্র সহস্র মহাবাণ, গ্রীষ্মকালে সূর্য্যের কিরণসমূহের ন্যায় নির্গত হইতে থাকিল ॥৩॥

মহারাজ! বৃষসেনকর্ত্তৃক নিপীড়িত পাণ্ডবপক্ষের রথী ও গজাশ্বারোহী সকল বায়ুভগ্ন বৃক্ষসমূহের ন্যায় ভূতলে পতিত হইতে থাকিল ॥৪॥

রাজা! মহারথ বৃষসেন পাণ্ডবপক্ষের শত শত ও সহস্র সহস্র অশ্বারোহী, রথারোহী ও গজারোহীকে যুদ্ধে নিপাতিত করিতে লাগিলেন ॥৫॥

তিনি একাকী নির্ভয়ের ন্যায় যুদ্ধে বিচরণ করিতেছেন দেখিয়া পাণ্ডবপক্ষের রাজারা সকলে মিলিত হইয়া আসিয়া সকল দিকে তাঁহাকে বেষ্টন করিলেন ॥৬॥

তস্য কর্ণাত্মজশ্চাপং ছিত্ত্বা কেতুমপাতয়ৎ।
তং ভ্রাতরং পরীপ্সন্তো দ্রৌপদেয়াঃ সমভ্যয়ুঃ ॥৮॥
কর্ণাত্মজং শরব্রাতৈরদৃশ্যং চক্রুরঞ্জসা।
তান্ নদন্তোঽভ্যধাবন্ত দ্রোণপুত্রমুখা রথাঃ ॥৯॥
ছাদয়ন্তো মহারাজ! দ্রৌপদেয়ান্ মহারথান্।
শরৈর্নানাবিধৈস্তূর্ণং পর্ব্বতান্ জলদা ইব ॥১০॥ (যুগ্মকম্)
তান্ পাণ্ডবাঃ প্রত্যগৃহ্ণংস্ত্বরিতাঃ পুত্রগৃদ্ধিনঃ।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাঃ সৃঞ্জয়াশ্চোদ্যতায়ুধাঃ ॥১১॥
তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরং সুমহদ্রোমহর্ষণম্।
ত্বদীয়ৈঃ পাণ্ডুপুত্রাণাং দেবানামিব দানবৈঃ ॥১২॥

তস্যেতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যা অপরে পুত্রাঃ ॥৮॥

কর্ণেতি। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ। অঞ্জসা দ্রুতম্। দ্রোণপুত্রমুখা অশ্বত্থামপ্রভৃতয়ঃ, [illegible] রথিনঃ। জলদা মেঘাঃ ॥৯—১০॥

তানিতি। পুত্রগৃদ্ধিনঃ পুত্রাণাং জীবনরক্ষণাভিলাষিণঃ ॥১১॥

তদিতি। রোমহর্ষণম্ আশ্চর্য্যরূপতয়া রোমাঞ্চজনকম্ ॥১২॥

নকুলের পুত্র শতানীক বৃষসেনের দিকে ধাবিত হইলেন এবং মর্ম্মভেদী দশটা নারাচদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৭॥

তখন বৃষসেন শতানীকের ধনু ও ধ্বজ ছেদন করিয়া নিপাতিত করিলেন। সেই সময়ে দ্রৌপদীর অপর পুত্রেরা সেই ভ্রাতা শতানীককে রক্ষা করিবার জন্য উপস্থিত হইলেন ॥৮॥

এবং তাঁহারা তৎক্ষণাৎ বাণসমূহদ্বারা বৃষসেনকে অদৃশ্য করিয়া ফেলিলেন। মহারাজ! তখন মেঘসমূহ যেমন জলবর্ষণদ্বারা পর্ব্বতগণকে আচ্ছাদন করে, সেইরূপ অশ্বত্থামপ্রভৃতি রথীরা গর্জন ও নানাবিধ বাণদ্বারা আচ্ছাদন করিতে করিতে সত্বর মহারথ দ্রৌপদেয়গণের দিকে ধাবিত হইলেন ॥৯—১০॥

এই সময়ে পুত্রগণকে রক্ষা করিবার অভিলাষী পাণ্ডবগণ, পাঞ্চালগণ, কেকয়গণ, মৎস্যগণ ও সৃঞ্জয়গণ অস্ত্র উত্তোলন করিয়া সত্বর তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥১১॥

ক্রমে দানবগণের সহিত দেবগণের ন্যায় কৌরবগণের সহিত পাণ্ডবগণের অতিবিশাল, ভীষণ ও রোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥১২॥

(১১)…পাঞ্চালাঃ কৈকয়াঃ…পি বা ব।

এবং যুযুধিরে বীরাঃ সংরব্ধাঃ কুরুপাণ্ডবাঃ।
পরস্পরমুদীক্ষন্তঃ পরস্পর কৃতাগসঃ ॥১৩॥
তেষাং দদৃশিরে কোপাদ্বপূংষ্যমিততেজসাম্।
যুযুৎসূনামিবাকাশে পতত্রিবর-ভোগিনাম্ ॥১৪॥
ভীমকর্ণকৃপদ্রোণ-দ্রৌণিপার্ষতসাত্যকৈঃ।
বভাসে স রণোদ্দেশঃ কালসূর্য্যৈরিবোদিতৈঃ ॥১৫॥
তদাসীত্তুমুলং যুদ্ধং নিঘ্নতামিতরেতরম্।
মহাবলানাং বলিভির্দানবানাং যথা সুরৈঃ ॥১৬॥
ততো যুধিষ্ঠিরানীকমুদ্ধূতার্ণবনিস্বনম্।
ত্বদীয়মবধীৎ সৈন্যং সংপ্রদ্রুতমহারথম্ ॥১৭॥
তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা শক্রভির্ভৃশমর্দ্দিতম্।
অলং দ্রুতেন বঃ শূরা ইতি দ্রোণোঽভ্যভাষত ॥১৮॥

এবমিতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ। পরস্পরং কৃতানি আগাংসি অপরাধা যৈস্তে ॥১৩॥
তেষামিতি। বপূংষি শরীরাণি। পতত্রিবরাঃ পক্ষিশ্রেষ্ঠা ভোগিনঃ সর্পাশ্চ তেষাম্ ॥১৪॥
ভীমেতি। দ্রৌণিরশ্বত্থামা, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। রণোদ্দেশো রণাঙ্গনম্ ॥১৫॥
তদেতি। নিঘ্নতাং প্রহরতাং বিনাশয়তাঞ্চ। সুরৈঃ সহ ॥১৬॥
তত ইতি। ততঃ, উদ্ধূত উদ্বেলিতঃ যঃ অর্ণবস্তস্য নিস্বন ইব নিস্বনো গর্জ্জনং যস্য তত্তাদৃশম্, যুধিষ্ঠিরস্য অনীকং সৈন্যং কর্ত্তৃ, সংপ্রদ্রুতাঃ পলায়িতা মহারথা যস্য তৎ তথাভূতম্, ত্বদীয়ং সৈন্যং কর্ম্ম অবধীৎ ॥১৭॥

পরস্পর অপরাধী বীর কুরুপাণ্ডবেরা ক্রুদ্ধ হইয়া পরস্পর দৃষ্টিপাত করিতে থাকিয়া এইভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥১৩॥

ক্রমে আকাশে যুদ্ধার্থী পক্ষী ও সর্পগণের শরীর যেমন দেখা যায়, ক্রোধবশতঃ অমিততেজা কুরুপাণ্ডবগণের সেইরূপ শরীর দেখা যাইতে লাগিল ॥১৪॥

তখন প্রলয়কালোদিত বহুতর সূর্য্যের ন্যায় ভীমসেন, কর্ণ, কৃপ, দ্রোণ, অশ্বত্থামা, ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকিদ্বারা সেই সমরস্থল শোভা পাইতে লাগিল ॥১৫॥

পূর্ব্বকালে বলবান্ দেবগণের সহিত মহাবল দানবগণের যেরূপ তুমুল যুদ্ধ হইয়াছিল, সেই সময়ে পরস্পর প্রহারকারী কুরুপাণ্ডবগণেরও সেইরূপই তুমুল যুদ্ধ হইতে থাকিল ॥১৬॥

তদনন্তর উদ্বেলিত সমুদ্রের ন্যায় গর্জনকারী যুধিষ্ঠিরের সৈন্য আপনার সৈন্যগণকে বধ করিতে লাগিল ; তখন আপনার পক্ষের মহারথেরাও পলায়ন করিতে লাগিলেন ॥১৭॥

ততঃ শোণহয়ঃ ক্রুদ্ধশ্চতুর্দ্দন্ত ইব দ্বিপঃ।
প্রবিশ্য পাণ্ডবানীকং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥১৯॥
তমাবিধ্যচ্ছিতৈর্বাণৈঃ কঙ্কপত্রৈর্যুধিষ্ঠিরঃ।
তস্য দ্রোণো ধনুশ্ছিত্ত্বা তং দ্রুতং সমুপাদ্রবৎ ॥২০॥
চক্ররক্ষঃ কুমারস্তু পাঞ্চালানাং যশস্করঃ।
দধার দ্রোণমায়ান্তং বেলেব সরিতাং পতিম্ ॥২১॥
দ্রোণং নিবারিতং দৃষ্ট্বা কুমারেণ দ্বিজর্ষভম্।
সিংহনাদরবো হ্যাসীৎ সাধু সাধ্বিতি ভাষিতম্ ॥২২॥
কুমারস্তু ততো দ্রোণং সায়কেন মহাহবে।
বিব্যাধোরসি সংক্রুদ্ধঃ সিংহবচ্চানদন্মুহুঃ ॥২৩॥

দ্রুতমিতি। প্রভগ্নং বিশ্লিষ্টম্, বলং কৌরবসৈন্যম্। দ্রুতেন পলায়নেন ॥১৮॥
তত ইতি। শোণা রক্তবর্ণা হয়া অশ্বা যস্য স দ্রোণঃ ॥১৯॥
তমিতি। শিতৈঃ শিলাশাণিতৈঃ, কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা যেষু তৈঃ ॥২০॥
চক্রেতি। চক্ররক্ষো যুধিষ্ঠিরসৈন্যরক্ষকঃ, কুমারো নাম। বেলা তীরম্ ॥২১॥
দ্রোণমিতি। সিংহনাদ এব রবঃ সঃ, ইতি ভাষিতং বাক্যঞ্চাসীৎ পাণ্ডবপক্ষে ॥২২॥
কুমার ইতি। উরসি বক্ষসি। অনদৎ অগর্জৎ ॥২৩॥

শত্রুগণের গুরুতর পীড়নে সেই কৌরবসৈন্য ভগ্ন হইয়া পলায়ন করিতেছে দেখিয়া দ্রোণ বলিলেন—‘বীরগণ! আপনারা পলায়ন করিবেন না’ ॥১৮॥

তাহার পর রক্তাশ্ব দ্রোণ ক্রুদ্ধ হইয়া চতুর্দ্দন্ত হস্তীর ন্যায় পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

তখন যুধিষ্ঠির শিলাশাণিত ও কঙ্কপক্ষযুক্ত বাণসমূহদ্বারা দ্রোণকে বিদ্ধ করিতে লাগিলেন। দ্রোণও সত্বর তাঁহার ধনু ছেদন করিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২০॥

দ্রোণ আসিতে লাগিলে, তীর যেমন সমুদ্রকে ধারণ করে, সেইরূপ যুধিষ্ঠিরের চক্ররক্ষক ও পাঞ্চালগণের যশস্কর কুমার দ্রোণকে ধারণ করিলেন ॥২১॥

কুমার ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণকে নিবারণ করিলেন দেখিয়া পাণ্ডবপক্ষে সিংহনাদ ও সাধুবাদ হইতে লাগিল ॥২২॥

তাহার পর কুমার অত্যন্তক্রুদ্ধ হইয়া বাণদ্বারা মহাযুদ্ধে দ্রোণের বক্ষস্থল বিদ্ধ করিলেন এবং অনবরত সিংহনাদ করিতে থাকিলেন ॥২৩॥

(২২)…ইতি ভাষতাম্—পি। (২৩)… সিংহবচ্চ নদন্ মুহুঃ—বা ব রা নি।

সংবার্য্য চ রণে দ্রোণং কুমারস্তু মহাবলঃ।
শরৈরনেকসাহস্রৈঃ কৃতহস্তো জিতক্লমঃ ॥২৪॥
তং শূরমার্য্যব্রতিনং মন্ত্রাস্ত্রেষু কৃতশ্রমম্।
চক্ররক্ষং পরামৃদ্নাৎ কুমারং দ্বিজপুঙ্গবঃ ॥২৫॥
স মধ্যং প্রাপ্য সৈন্যানাং সর্ব্বাঃ প্রবিচরন্ দিশঃ।
তব সৈন্যস্য গোপ্তাসীদ্ভারদ্বাজো দ্বিজর্ষভঃ ॥২৬॥
শিখণ্ডিনং দ্বাদশভির্বিংশত্যা চোত্তমৌজসম্।
নকুলং পঞ্চভির্বিদ্ধা সহদেবঞ্চ সপ্তভিঃ ॥২৭॥
যুধিষ্ঠিরং দ্বাদশভির্দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ।
সাত্যকিং পঞ্চভির্বিদ্ধা মৎস্যঞ্চ দশভিঃ শরৈঃ ॥২৮॥
ব্যক্ষোভয়দ্রণে যোধান্ যথামুখ্যমভিদ্রবন্।
অভ্যবর্ত্তত সংপ্রেপ্সুঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥২৯॥ (বিশেষকম্)

সংবার্য্যেতি। কৃতহস্তঃ অস্ত্রক্ষেপে শিক্ষিতহস্তঃ, জিতক্লম এবাসীৎ ॥২৪॥
তমিতি। আর্য্যব্রতিনং সজ্জনকার্য্যে নিরতম্। পরামৃদ্নাৎ অমর্দ্দয়ৎ ॥২৫॥
স ইতি। সৈন্যানাং পাণ্ডবীয়ানাম্। গোপ্তা রক্ষকঃ ॥২৬॥
শিখণ্ডিনমিতি। বিদ্ধা তাড়য়িত্বা। মৎস্যং বিরাটম্। ব্যক্ষোভয়ৎ আলোড়য়ৎ। যথামুখ্যং প্রধানানতিক্রম্য, অভিদ্রবন্ অভিধাবন্। সংপ্রেপ্সুঃ গ্রহীতুমিচ্ছুঃ ॥২৭—২৯॥

মহাবল ও শিক্ষিতহস্ত কুমার অনেক সহস্র বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে নিবারণ করিয়া অপরিশ্রান্তই থাকিলেন ॥২৪॥

ক্রমে ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ—বীর, সজ্জনকার্য্যে নিরত, মন্ত্রণা ও অস্ত্রে নিপুণ এবং যুধিষ্ঠিরের চক্ররক্ষক কুমারকে মর্দ্দন করিতে লাগিলেন ॥২৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া সকল দিকে বিচরণ করিতে থাকিয়াও আপনার সৈন্য রক্ষা করিতে থাকিলেন ॥২৬॥

ক্রমে দ্রোণ—বারটা বাণদ্বারা শিখণ্ডীকে, কুড়িটাদ্বারা উত্তমৌজাকে, পাঁচটাদ্বারা নকুলকে, সাতটাদ্বারা সহদেবকে, বারটাদ্বারা যুধিষ্ঠিরকে, তিন তিনটাদ্বারা দ্রৌপদীর পুত্রগণকে, পাঁচটাদ্বারা সাত্যকিকে এবং দশটাদ্বারা বিরাটরাজাকে বিদ্ধ করিয়া প্রধান প্রধান যোদ্ধাদের দিকে ধাবিত হইয়া তাঁহাদিগকে আলোড়ন করিলেন এবং কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে ধরিবার জন্য তাঁহার অভিমুখবর্ত্তী হইলেন ॥২৭—২৯॥

---

(২৪)···জিতশ্রমঃ—ব রা নি।

যুগন্ধরস্ততো রাজন্! ভারদ্বাজং মহারথম্।
বারয়ামাস সংক্রুদ্ধং বাতোদ্ধুতমিবার্ণবম্ ॥৩০॥
যুধিষ্ঠিরং স বিদ্ধা তু শরৈঃ সন্নতপর্বভিঃ।
যুগন্ধরন্তু ভল্লেন রথনীড়াদপাতয়ৎ ॥৩১॥
ততো বিরাটদ্রুপদৌ কেকয়াঃ সাত্যকিঃ শিবিঃ।
ব্যাঘ্রদত্তশ্চ পাঞ্চাল্যঃ সিংহসেনশ্চ বীর্য্যবান্ ॥৩২॥
এতে চান্যে চ বহবঃ পরীপ্সন্তো যুধিষ্ঠিরম্।
আবব্রুস্তস্য পন্থানং কিরন্তঃ সায়কান্ বহূন্ ॥৩৩॥ (যুগ্মকম্)
ব্যাঘ্রদত্তস্তু পাঞ্চাল্যো দ্রোণং বিব্যাধ মার্গণৈঃ।
পঞ্চাশতা শিতৈ রাজন্! তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥৩৪॥
ত্বরিতং সিংহসেনস্তু দ্রোণং বিদ্ধা মহারথম্।
প্রাহসৎ সহসা হৃষ্টস্ত্রাসয়ন্ বৈ মহারথান্ ॥৩৫॥

যুগেতি। যুগন্ধরো নাম কশ্চিৎ পাণ্ডবপক্ষীয়ো যোদ্ধা। বাতোদ্ধুতং বায়ুদ্বেলিতম্ ॥৩০॥
যুধীতি। স দ্রোণঃ। রথনীড়াদিত্যনেন যুগন্ধরস্য পক্ষিতুল্যত্বং ধ্বনিতম্ ॥৩১॥
তত ইতি। কেকয়াঃ পঞ্চ ভ্রাতরঃ। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৩২—৩৩॥
ব্যাঘ্রেতি। মার্গণৈর্বাণৈঃ। উচ্চুক্রুশুরানন্দকোলাহলং চক্রুঃ, জনাঃ পাণ্ডবপক্ষীয়াঃ ॥৩৪॥
ত্বরিতমিতি। হৃষ্টো দ্রোণতাড়নে শক্তত্বাদেবেতি ভাবঃ ॥৩৫॥

রাজা! তাহার পর যুগন্ধর—বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় উপস্থিত ক্রুদ্ধ মহারথ দ্রোণকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩০॥

তখন দ্রোণ নতপর্ব্ব বহুতর বাণদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিয়া একটা ভল্ল-দ্বারা যুগন্ধরকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৩১॥

তদনন্তর বিরাট, দ্রুপদ, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, সাত্যকি, শিবি, পাঞ্চাল-দেশীয় ব্যাঘ্রদত্ত ও বলবান্ সিংহসেন ইঁহারা এবং অন্যও বহুতর যোদ্ধা যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া বহুতর বাণ নিক্ষেপ করতঃ দ্রোণের পথ রুদ্ধ করিলেন ॥৩২—৩৩॥

রাজা! পাঞ্চালদেশীয় ব্যাঘ্রদত্ত সুধার পঞ্চাশটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন; তাহার পর পাণ্ডবপক্ষের লোকেরা উচ্চস্বরে আনন্দকোলাহল করিয়া উঠিল ॥৩৪॥

সিংহসেনও সত্বর মহারথ দ্রোণকে বিদ্ধ করিয়া আনন্দিত হইয়া এবং বিপক্ষমহারথগণকে ত্রস্ত করিতে থাকিয়া তৎক্ষণাৎ হাস্য করিয়া উঠিলেন ॥৩৫॥

(৩৪) ব্যাঘ্রদত্তশ্চ পি,···পঞ্চাশদ্ভিঃ শিতৈঃ···পি ব,···পঞ্চাশতৈঃ শিতৈঃ···বা।

ততো বিস্ফার্য্য নয়নে ধনুর্জ্যামবমৃজ্য চ।
তলশব্দং মহৎ কৃত্বা দ্রোণস্তং সমুপাদ্রবৎ ॥৩৬॥
ততস্তু সিংহসেনস্য শিরঃ কায়াৎ সকুণ্ডলম্।
ব্যাঘ্রদত্তস্য চাক্রম্য ভল্লাভ্যামাহরদ্বলী ॥৩৭॥
তান্ প্রমৃদ্য শরব্রাতৈঃ পাণ্ডবানাং মহারথান্।
যুধিষ্ঠিররথাভ্যাসে তস্থৌ মৃত্যুরিবান্তকঃ ॥৩৮॥
ততোঽভবন্মহাশব্দো রাজন্! যৌধিষ্ঠিরে বলে।
হতো রাজেতি যোধানাং সমীপস্থে যতব্রতে ॥৩৯॥
অব্রুবন্ সৈনিকাস্তত্র দৃষ্ট্বা দ্রোণস্য বিক্রমম্।
অদ্য রাজা ধার্ত্তরাষ্ট্রঃ কৃতার্থো বৈ ভবিষ্যতি ॥৪০॥

তত ইতি। ধনুষো জ্যা গুণম্। মহদিতি ক্রিয়াবিশেষণম্ ॥৩৬॥

তত ইতি। ভল্লাভ্যাম্ একেন ভল্লেন সিংহসেনস্য সকুণ্ডলং শিরঃ, অপরেণ চ ব্যাঘ্রদত্তস্য সকুণ্ডলং শিরঃ, কায়াদাহরৎ অচ্ছিনদিত্যর্থঃ, বলী বলবান্ দ্রোণঃ ॥৩৭॥

তানিতি। যুধিষ্ঠিররথস্য অভ্যাসে সমীপে, অন্তকো বন্ধনকারী ॥৩৮॥

তত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ। যতব্রতে অগ্নিহোত্রাদিব্রতবতি দ্রোণে ॥৩৯॥

অব্রুবন্নিতি। কৃতার্থো যুধিষ্ঠিরগ্রহণাৎ সম্পাদিতপ্রয়োজনঃ ॥৪০॥

তদনন্তর দ্রোণ নয়নযুগল উন্মীলন, ধনুর্গুণমার্জন ও বিশাল তলশব্দ করিয়া সিংহসেনের দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

তদনন্তর বলবান্ দ্রোণ আক্রমণপূর্ব্বক একটা ভল্লদ্বারা কুণ্ডলযুক্ত সিংহসেনের মস্তক এবং অপর ভল্লদ্বারা ব্যাঘ্রদত্তের শির দেহ হইতে অপহরণ করিলেন ॥৩৭॥

তিনি বাণসমূহদ্বারা এইভাবে পাণ্ডবপক্ষের মহারথগণকে পরাভূত করিয়া যুধিষ্ঠিরের রথের নিকটে যাইয়া কালান্তক যমের ন্যায় অবস্থান করিলেন ॥৩৮॥

রাজা! তখন দ্রোণাচার্য্য যুধিষ্ঠিরের রথের নিকটবর্ত্তী হইলে, যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে যোদ্ধাদের এইরূপ বিশাল কোলাহল হইল যে, 'রাজা নিহত হইলেন' ॥৩৯॥

আর সেই সময়ে দ্রোণের বিক্রম দেখিয়া কৌরবসৈন্যেরা বলিতে লাগিল যে, 'আজ রাজা দুর্য্যোধন কৃতার্থ হইবেন ॥৪০॥

(৩৭)…কায়াদপাহরৎ · ভল্লাভ্যামহনদ্বলী—পি। (৩৮) তান্ প্রমৃজ্য ··বা নি।

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দ্রোণপর্ব্ব

দ্বিতীয়খণ্ডম্

নীয়

দর্শনাচা...

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্থূরিবর্ম্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৪৭ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

অস্মিন্ মুহূর্ত্তে দ্রোণস্তু পাণ্ডবং গৃহ্য হর্ষিতঃ।
আগমিষ্যতি নো নূনং ধার্ত্তরাষ্ট্রস্য সংযুগে ॥৪১॥
এবং সংজল্পতাং তেষাং তাবকানাং মহারথঃ।
আয়াজ্জবেন কৌন্তেয়ো রথঘোষেণ নাদয়ন্ ॥৪২॥
শোণিতোদাং রথাবর্ত্তাং কৃত্বা বিশসনীং নদীম্।
শূরাস্থিচয়সঙ্কীর্ণাং প্রেতকূলাপহারিণীম্ ॥৪৩॥ (যুগ্মকম্)
তাং শরৌঘমহাফেনাং প্রাসমৎস্যসমাকুলাম্।
নদীমুত্তীর্য্য বেগেন কুরূন্ বিদ্রাব্য পাণ্ডবঃ ॥৪৪॥
ততঃ কিরীটী সহসা দ্রোণানীকমুপাদ্রবৎ।
ছাদয়ন্নিষুজালেন মহতা মোহয়ন্নিব ॥৪৫॥ (যুগ্মকম্)

অস্মিন্নিতি। পাণ্ডবং যুধিষ্ঠিরম্, গৃহ্য গৃহীত্বা। নঃ অস্মাকম্ ॥৪১॥

এবমিতি। আয়াৎ আগচ্ছৎ, জবেন বেগেন, কৌন্তেয়োঽর্জ্জুনঃ। শোণিতানি রক্তান্যেব উদকানি যস্যাস্তাম্, রথা এব আবর্ত্তা জলভ্রময়ো যস্যাস্তাম্, বিশস্যতে অস্যে ইতি বিশসনী তাং প্রাণিবধজনিতামিত্যর্থঃ। শূরাণামস্থিচয়েন সঙ্কীর্ণাং ব্যাপ্তাম্, প্রেতা মৃতা এব কূলানি তীরাণি তানি অপহরতীতি তাং তাদৃশীঞ্চ নদীং কৃত্বা ॥৪২—৪৩॥

তামিতি। ততঃ পাণ্ডবঃ কিরীটী অর্জ্জুনঃ, বেগেন, শরৌঘ এব মহাফেনো যস্যাস্তাম্, প্রাসা অস্ত্রবিশেষা এব মৎস্যাস্তৈঃ সমাকুলাং ব্যাপ্তাঞ্চ, তাং নদীমুত্তীর্য্য, কুরূন্ বিদ্রাব্য মর্দ্দয়িত্বা চ, মহতা ইষুজালেন বাণসমূহেন, ছাদয়ন্ মোহয়ন্নিব চ, সহসা, দ্রোণস্য অনীকং সৈন্যম্, উপাদ্রবৎ অভ্যদ্রবৎ ॥৪৪—৪৫॥

নিশ্চয়ই দ্রোণ এই মুহূর্ত্তে যুধিষ্ঠিরকে ধারণ করিয়া আনন্দিত হইয়া আমাদের রাজা দুর্য্যোধনের নিকটে আগমন করিবেন' ॥৪১॥

আপনার সৈন্যেরা এইরূপ আলোচনা করিতেছিল, এমন সময়ে মহারথ অর্জ্জুন প্রাণিগণকে বধ করায় তাহাদের রক্তের একটা নদী করিয়া রথের শব্দে সমস্ত দিক্ নিনাদিত করিতে থাকিয়া বেগে সে স্থানে আগমন করিলেন। রক্ত ছিল সে নদীটার জল ও রথ ছিল তাহার আবর্ত্ত (ঘোলা), আর সে নদীটা বীরগণের অস্থিসমূহে ব্যাপ্ত ছিল এবং মৃতশরীররূপ তীর অপহরণ করিতে-ছিল ॥৪২—৪৩॥

তাহার পর পাণ্ডুনন্দন অর্জ্জুন বাণসমূহরূপ মহাফেনযুক্ত ও প্রাসরূপ মৎস্যে পরিপূর্ণ সেই নদীটাকে বেগে উত্তীর্ণ হইয়া এবং কৌরবগণকে নিপীড়িত করিয়া

(৪৩)...বিশসনে নদীম্...নি।

শীঘ্রমভ্যস্যতো বাণান্ সন্দধানস্য চানিশম্ ।
নান্তরং দদৃশে কশ্চিৎ কৌন্তেয়স্য যশস্বিনঃ ॥৪৬॥
ন দিশো নান্তরীক্ষঞ্চ ন দ্যৌর্নৈব চ মেদিনী ।
অদৃশ্যন্ত মহারাজ ! বাণভূতা ইবাভবন্ ॥৪৭॥
নাদৃশ্যত তদা রাজন্ ! তত্র কিঞ্চন সংযুগে ।
বাণান্ধকারে মহতি কৃতে গাণ্ডীবধন্বনা ॥৪৮॥
সূর্য্যে চাস্তমনুপ্রাপ্তে তমসা চাভিসংবৃতে ।
নাজ্ঞায়ত তদা শত্রুর্ন সুহৃন্ন চ কশ্চন ।
ততোঽবহারং চক্রুস্তে দ্রোণদুর্য্যোধনাদয়ঃ ॥৪৯॥
তান্ বিদিত্বা পুনস্ত্রস্তানযুদ্ধমনসঃ পরান্ ।
স্বান্যনীকানি বীভৎসুঃ শনকৈরবহারয়ৎ ॥৫০॥

শীঘ্রমিতি। অভ্যস্যতঃ সমস্যাং ক্ষিপতঃ। অন্তরমবকাশম্, দদৃশে দদর্শ ॥৪৬॥

নেতি। দ্যৌঃ আকাশস্থঃ স্বর্গীয়ো জনঃ। বাণভূতা বাণময়া দিগাদয়ঃ ॥৪৭॥

নেতি। সংযুগে সমরাঙ্গনে। গাণ্ডীবধন্বনা অর্জ্জুনেন ॥৪৮॥

সূর্য্য ইতি। তমসা অন্ধকারেণ। অবহারং তদ্দিনযুদ্ধবিরতিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ।৪৯।

তানিতি। পুনর্বীভৎসুরর্জ্জুনোঽপি, তান্ পরান্ বিপক্ষান্, ত্রস্তান্ ভীতান্, অতএব ন বিদ্যন্তে যুদ্ধে মনাংসি যেষাং তান্ তথাভূতান্ বিদিত্বা, স্বানি স্বকীয়ানি, অনীকানি সৈন্যানি, শনকৈর্মন্দং মন্দম্, অবহারয়ং অবহারং যুদ্ধবিরামমকারয়ং। অডাগমাভাব আর্ষঃ ॥৫০॥

বিশাল শরজালে সকলকে আবৃত ও মোহিত করিতে থাকিয়া অতিদ্রুত দ্রোণ-সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৪৪—৪৫॥

যশস্বী অর্জ্জুন যখন দ্রুত বাণসন্ধান ও দ্রুত বাণক্ষেপ করিতেছিলেন, তখন কোন লোকই তাঁহার অবকাশ (ফাঁক্) দেখিতে পায় নাই ॥৪৬॥

মহারাজ! তখন দিক্, আকাশ, আকাশের লোক এবং ভূতল ইহার কিছুই দেখা গেল না; সমস্তই যেন বাণময় হইয়া গেল ॥৪৭॥

রাজা! অর্জ্জুন বাণদ্বারা গাঢ় অন্ধকার করিয়া ফেলিলে, তখন সেই সমরাঙ্গনে কিছুই দৃষ্টিগোচর হইল না ॥৪৮॥

ক্রমে সূর্য্য অস্তাচলে গমন করিলেন, অন্ধকারও আসিয়া সমস্ত আবৃত করিল; তখন শত্রু, মিত্র, বা অন্য কাহাকেও চেনা যাইতে লাগিল না। সুতরাং দ্রোণ ও দুর্য্যোধনপ্রভৃতি সে দিনের যুদ্ধ সমাপ্ত করিলেন ॥৪৯॥

---

(৪৯) রজসা চাভিসংবৃতে··· ন চ কিঞ্চন···পি।

ততোঽভিতুষ্টুবুঃ পার্থং প্রহৃষ্টাঃ পাণ্ডুসৃঞ্জয়াঃ।
পাঞ্চালাশ্চ মনোজ্ঞাভির্বাগ্ভিঃ সূর্য্যমিবর্ষয়ঃ ॥৫১॥
এবং স্বশিবিরং প্রায়াজ্জিত্বা শত্রূন্ ধনঞ্জয়ঃ।
পৃষ্ঠতঃ সর্ব্বসৈন্যানাং মুদিতো বৈ সকেশবঃ ॥৫২॥
মসারগল্বর্কসুবর্ণরূপ্যৈর্ব্বজ্রপ্রবালস্ফটিকৈশ্চ মুখ্যৈঃ।
চিত্রে রথে পাণ্ডুসুতো বভাসে নক্ষত্রচিত্রে বিয়তীব চন্দ্রঃ ॥৫৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে প্রথমদিনযুদ্ধাবহারে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

তত ইতি। পার্থমর্জ্জুনম্, প্রহৃষ্টা জয়লাভাদতীবানন্দিতাঃ ॥৫১॥

এবমিতি। মুদিত আনন্দিতঃ, সকেশবঃ কৃষ্ণেন সহিতঃ ॥৫২॥

মসারেতি। পাণ্ডুসুতোঽর্জ্জুনঃ, মুখ্যৈরুত্তমৈঃ, মসারা বৈদূর্য্যাখ্যকৃষ্ণমণয়ঃ গল্বর্কা ইন্দ্রনীলমণয়ঃ সুবর্ণানি স্বর্ণানি রূপ্যাণি রজতানি চ তৈঃ, তথা বজ্রাণি হীরকাণি প্রবালাঃ পদ্মরাগমণয়ঃ স্ফটিকাশ্চ তৈঃ, চিত্রে বিচিত্রীকৃতে রথে, নক্ষত্রচিত্রে, বিয়তি গগনে, চন্দ্র ইব, বভাসে বিররাজ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণাভিষেকে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

সেই বিপক্ষগণকে ভীত এবং যুদ্ধ করিতে অনিচ্ছু জানিয়া অর্জ্জুনও আপন সৈন্যগণকে ধীরে ধীরে যুদ্ধ হইতে বিরত করিলেন ॥৫০॥

তাহার পর ঋষিরা যেমন বেদময় মনোহর বাক্যে সূর্য্যের স্তব করেন, সেইরূপ পাণ্ডবগণ, সৃঞ্জয়গণ ও পাঞ্চালগণ মনোহর বাক্যে অর্জ্জুনের স্তব করিতে লাগিলেন ॥৫১॥

অর্জ্জুন এইভাবে শত্রুগণকে জয় করিয়া আনন্দিত হইয়া সমস্ত সৈন্যের পিছনে থাকিয়া কৃষ্ণের সহিত আপন শিবিরে প্রস্থান করিলেন ॥৫২॥

তখন নক্ষত্রবিচিত্র আকাশে যেমন চন্দ্র শোভা পান, সেইরূপ অর্জ্জুনও উত্তম কৃষ্ণমণি, নীলমণি, স্বর্ণ, রৌপ্য, হীরক, প্রবাল ও স্ফটিকে খচিত বিচিত্র রথে শোভা পাইতে লাগিলেন ॥৫৩॥

———:০:———

(৫৩)···সুবর্ণরূপৈঃ···নি। * '···পঞ্চদশোঽধ্যায়ঃ' ব, '···ষোড়শোঽধ্যায়ঃ' বা বা নি।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তে সেনে শিবিরং গত্বা ন্যবিশেতাং বিশাংপতে!।
যথাভাগং যথান্যায়ং যথাগুল্মঞ্চ সর্বশঃ ॥১॥
কৃত্বাবহারং সৈন্যানাং দ্রোণঃ পরমদুর্মনাঃ।
দুর্য্যোধনমভিপ্রেক্ষ্য সব্রীড়মিদমব্রবীৎ ॥২॥
উক্তমেতন্ময়া পূর্বং ন তিষ্ঠতি ধনঞ্জয়ে।
শক্যো গ্রহীতুং সংগ্রামে দেবৈরপি যুধিষ্ঠিরঃ ॥৩॥
ইতি তদ্বঃ প্রযততাং কৃতং পার্থেন সংযুগে।
মা বিশঙ্কীর্বচো মহ্যমজেয়ৌ কৃষ্ণপাণ্ডবৌ ॥৪॥
অপনীতে তু যোগেন কেনচিচ্ছ্বেতবাহনে।
তত এষ্যতি তে রাজন্! বশমেষ যুধিষ্ঠিরঃ ॥৫॥

তে ইতি। ন্যবিশেতাং প্রাবিশতাম্। যথাগুল্মং যথাগৃহম্, সর্বশঃ সর্ব্বে ॥১॥
কৃত্বেতি। অবহারং যুদ্ধবিরামম্। সব্রীড়ং যুধিষ্ঠিরাগ্রহণাৎ সলজ্জম্ ॥২॥
উক্তমিতি। তিষ্ঠতি বিদ্যমানে, গ্রহীতুং ন শক্য ইতি সম্বন্ধঃ ॥৩॥
ইতীতি। বো যুষ্মাকম্, প্রযততাং যুধিষ্ঠিরগ্রহণায় প্রযতমানানাম্। মহ্যং মম ॥৪॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! উভয়পক্ষের সেই সমস্ত সৈন্যই শিবিরে যাইয়া বিভাগ অনুসারে আপন আপন নির্দ্দিষ্ট গৃহে যথানিয়মে প্রবেশ করিল ॥১॥

এদিকে দ্রোণ সৈন্যগণের যুদ্ধবিরাম করাইয়া অত্যন্তদুঃখিতচিত্ত হইয়া দুর্য্যোধনের দিকে দৃষ্টিপাত করিয়া লজ্জার সহিত এই কথা বলিলেন—॥২॥

'রাজা! আমি ইহা পূর্বেই বলিয়াছি যে, অর্জুন উপস্থিত থাকিতে দেবতারাও যুদ্ধে যুধিষ্ঠিরকে ধরিতে সমর্থ হইবেন না ॥৩॥

তোমরা যুধিষ্ঠিরকে ধরিবার চেষ্টা করিতে থাকিলেও, অর্জুন যুদ্ধে সেই কথাই সত্য করিয়াছেন। সুতরাং 'কৃষ্ণ ও অর্জুন অজেয়' আমার এ কথায় তুমি সন্দেহ করিও না ॥৪॥

(৫)···কথঞ্চিচ্ছ্বেতবাহনে·· বশমদ্য·· পি।

কশ্চিদাহূয় তং সংখ্যে দেশমন্যং প্রকর্ষতু।
তমজিত্বা ন কৌন্তেয়ো নিবর্ত্তেত কথঞ্চন ॥৬॥
এতস্মিন্নন্তরে শূন্যে ধর্ম্মরাজমহং নৃপ!।
গ্রহীষ্যামি চমূং ভিত্ত্বা ধৃষ্টদ্যুম্নস্য পশ্যতঃ ॥৭॥
অর্জ্জুনেন বিহীনস্তু যদি নোৎসৃজতে রণম্।
মামুপায়ান্তমালোক্য গৃহীতং বিদ্ধি পাণ্ডবম্ ॥৮॥
এবং তেঽহং মহারাজ! ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্।
সমানেষ্যামি সগণং বশমদ্য ন সংশয়ঃ ॥৯॥
যদি তিষ্ঠতি সংগ্রামে মুহূর্ত্তমপি পাণ্ডবঃ।
অথাপযাতি সংগ্রামাদ্বিজয়াত্তু বিশিষ্যতে ॥১০॥

অপেতি। যোগেন উপায়েন, শ্বেতবাহনে অর্জ্জুনে। এষ্যতি প্রাপ্স্যতি ॥৫॥
তমেবোপায়মাহ কশ্চিদিতি। তমর্জ্জুনম্। প্রকর্ষতু আকৃষ্য নয়তু। কৌন্তেয়োঽর্জ্জুনঃ ॥৬॥
এতস্মিন্নিতি। অন্তরে অবকাশে, শূন্যে অর্জ্জুনরহিতে। ধৃষ্টদ্যুম্নস্যেত্যুপলক্ষণম্ ॥৭॥
অর্জ্জুনেনেতি। বিহীনো যুধিষ্ঠিরঃ। বিদ্ধি জানীহি, পাণ্ডবং যুধিষ্ঠিরম্ ॥৮॥
এবমিতি। সগণং সপরিজনম্ ॥৯॥
যদীতি। অপযাতি পলায়তে, তদা তৎপলায়নমস্মাকং বিজয়াদ্বিশিষ্যতে ॥১০॥

অতএব রাজা! কোন উপায়ে অর্জ্জুনকে অপসারিত করিতে পারিলে, তখন যুধিষ্ঠির তোমার বশীভূত হইবেন ॥৫॥

সুতরাং কোন যোদ্ধা অর্জ্জুনকে যুদ্ধে আহ্বান করিয়া অন্যস্থানে লইয়া যাউক। তাহা হইলেই অর্জ্জুন তাহাকে জয় না করিয়া কোন প্রকারেই ফিরিয়া আসিবেন না ॥৬॥

রাজা! সেই অবসরে আমি অর্জ্জুনশূন্য সমরে পাণ্ডবসৈন্য ভেদ করিয়া যাইয়া ধৃষ্টদ্যুম্নপ্রভৃতির সমক্ষেই যুধিষ্ঠিরকে ধরিয়া ফেলিব ॥৭॥

অর্জ্জুনবিহীন যুধিষ্ঠির আমাকে আসিতে দেখিয়াও যদি সমরাঙ্গন পরিত্যাগ করিয়া না যান, তবে তাঁহাকে ধরিয়া ফেলিয়াছি বলিয়াই তুমি জানিয়া রাখ ॥৮॥

মহারাজ! এইভাবে আমি আজ ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে তোমার বশে আনয়ন করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৯॥

(তবে ইহা স্থির যে,) তিনি যদি সেই অবস্থায় মুহূর্ত্তকালও সমরাঙ্গনে

(৮) অর্জ্জুনেন পরিত্যক্তো ন চেত্ত্রাসাৎ পলায়তে…নি।

সঞ্জয় উবাচ।

দ্রোণস্য তদ্বচঃ শ্রুত্বা ত্রিগর্ত্তাধিপতিস্তদা।
ভ্রাতৃভিঃ সহিতো রাজন্নিদং বচনমব্রবীৎ ॥১১॥
বয়ং বিনিকৃতা রাজন্! সদা গাণ্ডীবধন্বনা।
অনাগঃস্বপি চাগস্তৎ কৃতমস্মাসু তেন বৈ ॥১২॥
তে বয়ং স্মরমাণাস্তান্ বিনিকারান্ পৃথগ্বিধান্।
ক্রোধাগ্নিনা দহ্যমানা ন শেমহি সদা নিশি ॥১৩॥
স নো দিষ্ট্যাস্ত্রসম্পন্নশ্চক্ষুর্বিষয়মাগতঃ।
কর্ত্তারঃ স্ম বয়ং কর্ম্ম যচ্চিকীর্ষাম হৃদ্‌গতম্ ॥১৪॥
ভবতশ্চ প্রিয়ং যৎ স্যাদস্মাকঞ্চ যশস্করম্।
বয়মেনং হনিষ্যামো নিকৃষ্যায়োধনাদ্বহিঃ ॥১৫॥ (যুগ্মকম্)

দ্রোণস্যেতি। ত্রিগর্ত্তাধিপতিঃ সুশর্ম্মা ॥১১॥

বয়মিতি। বিনিকৃতা অপমানিতাঃ। অনাগঃসু নিরপরাধেষু, আগোঽপরাধঃ ॥১২॥

ত ইতি। বিনিকারান্ অপমানান্। শেমহি স্বপিমঃ নিদ্রাং গচ্ছামঃ ॥১৩॥

স ইতি। নঃ অস্মাকম্, দিষ্ট্যা ভাগ্যেন। কর্ত্তারঃ করিষ্যামঃ, স্মেতি পাদপূরণে। কিং তৎ কর্ম্মেত্যাহ বয়মিতি। নিকৃষ্য আকৃষ্য নীত্বা, আয়োধনাৎ দ্রোণযুদ্ধস্থলাৎ, বহির্বন্যত্র ॥১৪—১৫॥

থাকেন। তা'র পর তিনি যদি রণস্থল হইতে পলায়ন করেন, তবে সেটাও আমাদের পক্ষে জয় লাভ করা অপেক্ষাও অধিক' ॥১০॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তখন দ্রোণাচার্য্যের সেই কথা শুনিয়া ত্রিগর্ত্ত-দেশাধিপতি সুশর্ম্মা ভ্রাতাদের সহিত মিলিত হইয়া এই কথা কহিলেন—॥১১॥

'রাজা! অর্জ্জুন সর্ব্বদাই আমাদের অপমান করিয়াছে। আমাদের কোন অপরাধ ছিল না; তথাপি সে আমাদের নিকটে অপরাধ করিয়াছে ॥১২॥

আমরা অর্জ্জুনকৃত সেই নানাবিধ অপমান স্মরণ করিয়া সর্ব্বদা ক্রোধানলে দগ্ধ হইতে থাকিয়া রাত্রিতে নিদ্রা যাইতে পারি নাই ॥১৩॥

কিন্তু সেই অস্ত্রজ্ঞ অর্জ্জুন ভাগ্যবশতঃ আজ আমাদের দৃষ্টিপথে আসিয়াছে; সুতরাং আমরা মনোগত যে কার্য্য করিবার ইচ্ছা করি, আর যে কার্য্য আপনার প্রিয় এবং আমাদেরও যশস্কর, আমরা সেই কার্য্য করিব; (অর্থাৎ) আমরা অর্জ্জুনকে দ্রোণাচার্য্যের যুদ্ধস্থান হইতে অন্যত্র লইয়া যাইয়া উহাকে বধ করিব ॥১৪—১৫॥

(১৩)…নহি শেম দিবা নিশি—পি,…দহ্যমানা হ্যশেমহি সদা নিশি—নি।

অদ্যাস্ত্বনর্জ্জুনা ভূমিরত্রিগর্ত্তাথবা পুনঃ।
সত্যং তে প্রতিজানীমো নৈতন্মিথ্যা ভবিষ্যতি ॥১৬॥
এবং সত্যরথশ্চোক্ত্বা সত্যবর্ম্মা চ ভারত !।
সত্যব্রতশ্চ সত্যেষুঃ সত্যকর্ম্মা তথৈব চ ॥১৭॥
সহিতা ভ্রাতরঃ পঞ্চ রথানামযুতেন চ।
ন্যবর্ত্তন্ত মহারাজ! কৃত্বা শপথমাহবে ॥১৮॥ (যুগ্মকম্)
মালবাস্তুণ্ডিকেরাশ্চ রথানামযুতৈস্ত্রিভিঃ।
সুশর্ম্মা চ নরব্যাঘ্রস্ত্রিগর্ত্তঃ প্রস্থলাধিপঃ ॥১৯॥
মাবেল্লকৈর্ললিত্থৈশ্চ সহিতো মদ্রকৈরপি।
রথানামযুতেনৈব সোঽগমদ্ভ্রাতৃভিঃ সহ ॥২০॥ (যুগ্মকম্)
নানাজনপদেভ্যশ্চ রথানামযুতং পুনঃ।
সমুত্থিতং বিশিষ্টানাং শপথার্থমুপাগমৎ ॥২১॥
ততো জ্বলনমানায্য হুত্বা সর্বে পৃথক্ পৃথক্।
জগৃহুঃ কুশচীরাণি চিত্রাণি কবচানি চ ॥২২॥

অদ্যেতি। অনর্জুনা অর্জুনরহিতা, অত্রিগর্ত্তা ত্রিগর্ত্তবিহীনা ॥১৬॥
এবমিতি। সত্যা অমোঘা ইষবো বাণা যস্য সঃ। অযুতেন চ সহিতাঃ ॥১৭—১৮॥
মালবা ইতি। ত্রিভিরযুতৈঃ সহিতা ইতি শেষঃ। অগমদযুদ্ধায় ॥১৯—২০॥
নানেতি। সমুত্থিতং যুদ্ধায়োদ্যুক্তম্, বিশিষ্টানাং প্রধানানাম্ ॥২১॥
তত ইতি। জ্বলনমগ্নিম্। কুশচীরাণি কুশময়কৌপীনানি ॥২২॥

আজ পৃথিবী অর্জুনশূন্য কিংবা ত্রিগর্ত্তশূন্য হউক। আমরা আপনার নিকট সত্য প্রতিজ্ঞা করিলাম, ইহা মিথ্যা হইবে না' ॥১৬॥

ভরতনন্দন মহারাজ! সত্যরথ, সত্যবর্ম্মা, সত্যব্রত, সত্যেষু ও সত্যকর্ম্মা এই পঞ্চ ভ্রাতা এইরূপ বলিয়া অযুত রথ লইয়া যুদ্ধবিষয়ে শপথ করিয়া নীরব হইলেন ॥১৭—১৮॥

আর তিন অযুত রথের সহিত মালবগণ ও তুণ্ডিকেরগণ এবং নরশ্রেষ্ঠ প্রস্থলাধিপতি ত্রিগর্ত্তদেশীয় সেই সুশর্ম্মা মাবেল্লক, ললিত্থ, মদ্রক, অযুত রথ ও ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া চলিলেন ॥১৯—২০॥

আবার নানাদেশ হইতে আগত বিশিষ্ট অযুত রথী যুদ্ধের নিমিত্ত উদ্‌যোগী হইয়া শপথ করিবার জন্য উপস্থিত হইলেন ॥২১॥

(১৭)···সত্যধর্ম্মা···সত্যেষ্টঃ সত্যকর্ম্মা···পি। (১৯)···তুণ্ডিকেয়াঃ···পি। (২২) ততো জ্বলনমানর্চ্য···বা ব রা নি।

তে চ বদ্ধতনুত্রাণা ঘৃতাক্তাঃ কুশচীরিণঃ।
মৌর্বীমেখলিনো বীরাঃ সহস্রশতদক্ষিণাঃ ॥২৩॥
যজ্বানঃ পুত্রিণো লোক্যাঃ কৃতকৃত্যাস্তনুত্যজঃ।
যোক্ষ্যমাণাস্তদাত্মানং যশসা বিজয়েন চ ॥২৪॥
ব্রহ্মচর্য্যশ্রুতিমুখৈঃ ক্রতুভিশ্চাপ্তদক্ষিণৈঃ।
প্রাপ্যাল্লোঁকান্ সুযুদ্ধেন ক্ষিপ্রমেব যিযাসবঃ ॥২৫॥
ব্রাহ্মণাংস্তর্পয়িত্বা চ নিষ্কান্ দত্ত্বা পৃথক্ পৃথক্।
গাশ্চ বাসাংসি চ পুনঃ সমাভাষ্য পরস্পরম্ ॥২৬॥
প্রজ্বাল্য কৃষ্ণবর্ত্মানমুপাগম্য রণব্রতম্।
তস্মিন্নগ্নৌ তদা চক্রুঃ প্রতিজ্ঞাং দৃঢ়নিশ্চয়াঃ ॥২৭॥ (কুলকম্)

তে ইতি। বদ্ধতনুত্রাণা ধৃতকবচাঃ, ঘৃতাক্তাঃ, কুশচীরিণঃ কুশময়কৌপীনধারিণঃ, মৌর্বীমেখলিনঃ তৃণবিশেষনির্ম্মিতমেখলাযুক্তাঃ, সহস্রশতদক্ষিণা যজ্ঞে দত্তলক্ষদক্ষিণাঃ। যজ্বানঃ যথাবিধি কৃতযজ্ঞাঃ, পুত্রিণঃ পুত্রেষু পরিজনভারন্যাসকারিণঃ, লোক্যাঃ পুণ্যলোকপ্রাপ্তিযোগ্যাঃ, কৃতকৃত্যাঃ সম্পাদিতসর্ব্বসাংসারিককার্য্যাঃ, তনুত্যজো যুদ্ধে দেহত্যাগার্থিনঃ, তদা যশসা বিজয়েন চ আত্মানং যোক্ষ্যমাণা যুক্তং করিষ্যন্তঃ। সুযুদ্ধেন ন্যায়যুদ্ধেন, ক্ষিপ্রমেব, ব্রহ্মচর্য্যং বিধিমৈথুনত্যাগঃ শ্রুতির্বেদাধ্যয়নঞ্চ মুখং প্রধানং যেষু তৈঃ, আপ্তদক্ষিণৈঃ প্রচুরদক্ষিণান্বিতৈশ্চ, ক্রতুভির্যজ্ঞৈঃ, প্রাপ্যান্ লোকান্ স্বর্গান্, যিযাসবো যাতুমিচ্ছবঃ, তে বীরাঃ পৃথক্ পৃথক্ নিষ্কান্ স্বর্ণমুদ্রাবিশেষান, গাশ্চ, বাসাংসি চ দত্ত্বা, ব্রাহ্মণান্, তর্পয়িত্বা সন্তোষ্য, পুনঃ পরস্পরং সমাভাষ্য বন্ধুভাবেনালপ্য, কৃষ্ণবর্ত্মানমগ্নিং প্রজ্বাল্য, রণব্রতম্, উপাগম্য অঙ্গীকৃত্য, দৃঢ়নিশ্চয়াঃ সন্তঃ তস্মিন্নগ্নৌ তদগ্নিসমীপে, তদা বক্ষ্যমাণপ্রকারাং প্রতিজ্ঞাং চক্রুঃ ॥২৩—২৭॥

তাহার পর তাঁহারা সকলে আগুন আনাইয়া পৃথক্ পৃথক্ ভাবে হোম করিয়া কুশময় কৌপীন ও বিচিত্র কবচ ধারণ করিলেন ॥২২॥

যাঁহারা পূর্ব্বে যথাবিধানে যজ্ঞ করিয়া তাহাতে লক্ষমুদ্রা দক্ষিণা দিয়াছিলেন, সংসারের সমস্ত কার্য্য করিয়াছিলেন এবং পুত্রবান্ ও পুণ্যলোকপ্রাপ্তির যোগ্য হইয়াছিলেন; সেই বীরেরা তৎকালে ঘৃতাক্তদেহ হইয়া, বর্ম্মধারণ, কুশময়-কৌপীন পরিধান ও মৌর্বী মেখলা বন্ধন করিয়া, যশ ও জয়সুখের প্রার্থী হইয়া, ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন ও প্রচুরদক্ষিণাসম্পন্ন যজ্ঞদ্বারা প্রাপ্য স্বর্গে ন্যায়যুদ্ধের গুণে সত্বরই যাইবার ইচ্ছা করিয়া, পৃথক্ পৃথক্ ভাবে স্বর্ণমুদ্রা, গো ও বস্ত্র দান-দ্বারা ব্রাহ্মণগণের সন্তোষ জন্মাইয়া, পরস্পর বন্ধুভাবে সম্ভাষণ করিয়া, সমরব্রতে দীক্ষিত হইয়া দৃঢ় নিশ্চয় করিয়া অগ্নিপ্রজ্বালনপূর্ব্বক সেই অগ্নির নিকটে প্রতিজ্ঞা করিতে লাগিলেন—॥২৩—২৭॥

(২৩) তেঽবনদ্ধতনুত্রাণা ঘৃতাক্তকুশচীরিণঃ। মৌঞ্জীমেখলিনঃ···পি।

শৃণ্বতাং সর্ব্বভূতানামুচ্চৈর্বাচো বভাষিরে।
সর্ব্বে ধনঞ্জয়বধে প্রতিজ্ঞাঞ্চাপি চক্রিরে ॥২৮॥
যে বৈ লোকাশ্চানৃতিনাং যে চৈব ব্রহ্মঘাতিনাম্।
মদ্যপস্য চ যে লোকা গুরুদাররতস্য চ ॥২৯॥
ব্রহ্মস্বহারিণশ্চৈব রাজপিণ্ডাপহারিণঃ।
শরণাগতঞ্চ ত্যজতো যাচমানং তথা ঘ্নতঃ ॥৩০॥
অগারদাহিনাঞ্চৈব যে চ গাং নিঘ্নতামপি।
অপকারিণাঞ্চ যে লোকা যে চ ব্রহ্মদ্বিষামপি ॥৩১॥
স্বভার্য্যামৃতুকালেষু মোহাদ্বৈ নাভিগচ্ছতাম্।
শ্রাদ্ধমৈথুনিকানাঞ্চ যে চাপ্যাত্মাপহারিণাম্ ॥৩২॥
ন্যাসাপহারিণাং যে চ শ্রুতং নাশয়তাঞ্চ যে।
ক্লীবেন যুধ্যমানানাং যে চ নীচানুসারিণাম্ ॥৩৩॥
নাস্তিকানাঞ্চ যে লোকা যেঽগ্নিমাতৃপিতৃত্যজাম্।
তানাপ্নুয়ামহে লোকান্ যে চ পাপকৃতামপি ॥৩৪॥
যদ্যহত্বা বয়ং যুদ্ধে নিবর্ত্তেম ধনঞ্জয়ম্।
তেন চাভ্যর্দ্দিতাস্ত্রাসাদ্ভবেমহি পরাঙ্মুখাঃ ॥৩৫॥ (কুলকম্)

শৃণ্বতামিতি। বাচো বক্ষ্যমাণাঃ। সর্ব্বে তে বীরাঃ ॥২৮॥

য ইতি। লোকা নরকাঃ, অনৃতিনাং মিথ্যাপরায়ণানাম্। মদ্যপস্য মদ্যপায়িনঃ। রাজপিণ্ডাপহারিণো রাজদত্তপরবৃত্তিচ্ছেদিনঃ। ঘ্নতো বিনাশয়তঃ। অগারদাহিনাং পরগৃহদাহকারিণাম্। ব্রহ্মদ্বিষাং বেদবিদ্বেষিণাম্। শ্রাদ্ধে শ্রাদ্ধদিবসে মৈথুনিকানাং স্ত্রীগামিনাম্। আত্মাপহারিণাং বাহ্যকুণ্ঠিতআদাত্মস্বগনাশকানাম্। শ্রুতং দানায় পরেণ প্রতিশ্রুতং বস্তু নাশয়তাং নিবর্ত্তয়তাম্। ক্লীবেন নিস্তেজসা দুর্ব্বলেন সহ। নীচানুসারিণাং চাণ্ডালাদিচণ্ডালানুবর্ত্তিনাম্। অগ্নিবন্ শ্রৌতবিধানেন নিত্যহোমায় স্থাপিতঃ। আপ্নুয়ামহে প্রাপ্নুমঃ। আত্মনেপদং প্রয়োগঃ। পাপকৃতাম্ অন্যবিধপাপকারিণাম্। ভবেমহি ভবেম ॥২৯—৩৫॥

আর তাঁহারা সকলে সমস্ত লোকের সমক্ষে উচ্চস্বরে এই কথাগুলি বলিতে থাকিলেন এবং অর্জ্জুনবধে প্রতিজ্ঞা করিতে লাগিলেন—॥২৮॥

‘আমরা যুদ্ধে অর্জ্জুনকে বধ না করিয়া যদি ফিরিয়া আসি, কিংবা অর্জ্জুনকর্তৃক নিপীড়িত হইয়া যদি ভয়বশতঃ পরাঙ্মুখ হই, তবে মিথ্যাপরায়ণ,

(২৯) যে বৈ লোকাশ্চাব্রতিনাম্...বা ব রা নি। (৩০)...যাচমানাংস্তথা ঘ্নতাম্—পি। (৩১)...অপচারিণাঞ্চ যে লোকাঃ...পি। (৩২) স্বজায়ামৃতুকালেষু যে মোহান্নাভিগচ্ছতাম্...পি।

যদি ত্বস্করং লোকে কর্ম্ম কুর্য্যাম সংযুগে।
ইষ্টাল্লোঁকান্ প্রাপ্নুয়ামো বয়মগ্য ন সংশয়ঃ ॥৩৬॥
এবমুক্ত্বা তদা রাজন্! তেঽভ্যবর্ত্তন্ত সংযুগে।
আহ্বয়ন্তোঽর্জ্জুনং বীরাঃ পিতৃজুষ্টাং দিশং প্রতি ॥৩৭॥
আহূতস্তৈর্নরব্যাঘ্রঃ পার্থঃ পরপুরঞ্জয়ঃ।
ধর্ম্মরাজমিদং বাক্যমপদান্তরমব্রবীৎ ॥৩৮॥
আহূতো ন নিবর্ত্তেয়মিতি মে ব্রতমাহিতম্।
সংশপ্তকাশ্চ মাং রাজন্! আহ্বয়ন্তি মহামৃধে ॥৩৯॥

যদীতি। অসুকরম্ অন্যৈর্দুষ্করম্। প্রাপ্নুয়ামঃ প্রাপ্নুমঃ। ঈদৃশশপথকরণাদেবৈষাং সংশপ্তক ইতি সংজ্ঞা, সম্যক শপ্তঃ শপথো যেষাং ত ইতি ব্যুৎপত্তেঃ। সংজ্ঞায়াং কপ্রত্যয়ঃ ॥৩৬॥

এবমিতি। অভ্যবর্ত্তন্ত উৎসুকা অভবন্। পিতৃভিজু ষ্টাং সেবিতাং দক্ষিণাম্।৩৭

আহূত ইতি। অপদান্তরং পাদন্যাসব্যবধানমপি যথা ন স্যাত্তথা। পরেষামশ্রবণার্থ ভাবঃ ॥৩৮॥

ব্রহ্মহত্যাকারী, মদ্যপায়ী ও গুরুপত্নীগামীদের যে নরক হয়, আমাদের যেন সেই নরক হয়; আর ব্রহ্মস্বহারী, রাজদত্তবৃত্তিচ্ছেদী, শরণাগতত্যাগী, প্রার্থিহত্যাকারী, পরগৃহদাহী, গোঘাতী, পরাপকারী ও বেদবিদ্বেষীর যে নরক হয়, আমাদের যেন সেই নরক হয়; আবার যাহারা মোহবশতঃ ঋতুকালে নিজ ভার্য্যা গমন না করে, যাহারা শ্রাদ্ধদিনে স্ত্রীসংসর্গ করে, যাহারা আত্মবঞ্চনা করে, যাহারা পরের গচ্ছিত দ্রব্য অপহরণ করে, যাহারা পরের প্রতিশ্রুত বস্তু নষ্ট করে, যাহারা দুর্ব্বলের সহিত যুদ্ধ করে, যাহারা নীচজাতির অনুসরণ করে, যাহারা নাস্তিক, যাহারা নিত্যহোমের জন্য স্থাপিত অগ্নি, পিতা ও মাতাকে ত্যাগ করে এবং যাহারা অন্যবিধ পাপ করে, তাহাদের যে নরক হয়, আমাদের যেন সেই নরক হয় ॥২৯—৩৫॥

পক্ষান্তরে আমরা যদি জগতে অন্যের দুষ্কর কার্য্য যুদ্ধে করিতে পারি, তবে যেন নিশ্চয়ই অভীষ্ট স্বর্গ লাভ করিতে সমর্থ হই ॥৩৬॥

রাজা! সেই বীরেরা তখন এইরূপ বলিয়া দক্ষিণদিকে যাইয়া যুদ্ধ করিবার জন্য অর্জ্জুনকে আহ্বান করিয়া সেই যুদ্ধের নিমিত্ত উৎসুক হইয়া রহিলেন ॥৩৭॥

তাঁহারা আহ্বান করিলে, নরশ্রেষ্ঠ ও শত্রুনগরবিজয়ী অর্জুন অত্যন্ত নিকটে যাইয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৩৮॥

(৩৮)···নরব্যাঘ্রঃ ··বা ব রা নি।

এষ চ ভ্রাতৃভিঃ সার্দ্ধং সুশর্ম্মাহ্বয়তে রণে।
বধায় সগণস্যাস্য মামনুজ্ঞাতুমর্হসি ॥৪০॥
নৈতচ্ছক্নোমি সংসোঢ়ুমাহ্বানং পুরুষর্ষভ!।
সত্যং তে প্রতিজানামি হতান্ বিদ্ধি পরান্ যুধি ॥৪১॥

যুধিষ্ঠির উবাচ।

শ্রুতং তে তত্ত্বতস্তাত! যদ্দ্রোণস্য চিকীর্ষিতম্।
যথা তদনৃতং তস্য ভবেত্তত্ত্বং সমাচর ॥৪২॥
দ্রোণো হি বলবান্ শূরঃ কৃতাস্ত্রশ্চ জিতশ্রমঃ।
প্রতিজ্ঞাতঞ্চ তেনৈতদ্গ্রহণং মে মহারথ! ॥৪৩॥

অর্জ্জুন উবাচ।

অয়ং বৈ সত্যজিদ্রাজন্নদ্য ত্বাং রক্ষিতা যুধি।
ধ্রিয়মাণে চ পাঞ্চাল্যে নাচার্য্যঃ কামমাপ্স্যতি ॥৪৪॥

আহৃত ইতি। মে ময়া, ব্রতং নিযমঃ, আহিতং ধৃতমাসীৎ ॥৩৯॥
এষ ইতি। সগণস্য অনুচরাদিসহিতস্য ॥৪০॥
সত্যং। বিদ্ধি জানীহি, পরান্ সুশর্ম্মাদীন্ শত্রূন্ ॥৪১॥
শ্রুতমিতি। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টমিতি ভাবে ক্তঃ। অনৃতং মিথ্যা ॥৪২॥
দ্রোণ ইতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্ব্বাস্ত্রঃ, জিতশ্রমঃ চিরযুদ্ধেঽপ্যপরিশ্রান্তঃ ॥৪৩॥

'রাজা! 'কেহ আমাকে যুদ্ধে আহ্বান করিলে, আমি নিবৃত্তি পাইব না' এইরূপ ব্রত আমি গ্রহণ করিয়াছি। অথ চ সংশপ্তকেরা মহাযুদ্ধে আমাকে আহ্বান করিতেছে ॥৩৯॥

আবার ভ্রাতাদের সহিত এই সুশর্ম্মাও আমাকে যুদ্ধে আহ্বান করিতেছেন। অতএব অনুচরগণের সহিত উঁহার বধের জন্য আপনি আমাকে অনুমতি করুন ॥৪০॥

পুরুষশ্রেষ্ঠ! আমি এই আহ্বান সহ্য করিতে পারিতেছি না। আপনার নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি যে, আপনি ঐ শত্রুগণকে যুদ্ধে নিহত বলিয়াই জানিয়া রাখুন' ॥৪১॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎস! দ্রোণ যাহা করিবার ইচ্ছা করিয়াছেন, তাহা তুমি যথার্থরূপে শুনিয়াছ। সুতরাং যাহাতে তাঁহার তাহা মিথ্যা হয়, তুমি তাহাই কর ॥৪২॥

মহারথ! দ্রোণ বলবান্, বীর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত এবং চিরব্যায়ামেও অপরিশ্রান্ত। তিনিই আমাকে গ্রহণ করিবার এই প্রতিজ্ঞা করিয়াছেন' ॥৪৩॥

হতে তু পুরুষব্যাঘ্রে রণে সত্যজিতি প্রভো !।
সর্ব্বৈরপি সমেতৈর্ব্বা ন স্থাতব্যং কথঞ্চন ॥৪৫॥

সঞ্জয় উবাচ।

অনুজ্ঞাতস্ততো রাজ্ঞা পরিষ্বক্তশ্চ ফাল্গুনঃ।
প্রেম্ণা দৃষ্টশ্চ বহুধা হ্যাশিষশ্চাস্য যোজিতাঃ ॥৪৬॥
বিহায়ৈনং ততঃ পার্থস্ত্রিগর্ত্তান্ প্রত্যয়াদ্বলী।
ক্ষুধিতঃ ক্ষুদ্বিঘাতার্থং সিংহো মৃগগণানিব ॥৪৭॥
ততো দৌর্য্যোধনং সৈন্যং মুদা পরময়া যুতম্।
ঋতেঽর্জুনং ভৃশং ক্রুদ্ধং ধর্ম্মরাজস্য নিগ্রহে ॥৪৮॥

অযমিতি। ধ্রিয়মাণে অবতিষ্ঠমানে জীবতি, পাঞ্চাল্যে সত্যজিতি ॥৪৪॥
হত ইতি। সমেতৈঃ সম্মিলিতৈরপি, ন স্থাতব্যং দ্রোণযুদ্ধে, অপি তু অপসর্ত্তব্যমেব, অন্যথা দ্রোণাভীষ্টপূরণসম্ভব ইতি ভাবঃ। এতাবদন্ত একাদশদিবসীয়রাত্রিবৃত্তান্তঃ ॥৪৫॥
অন্বিতি। ততো রাত্রিপ্রভাতানন্তরম্, রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, পরিষ্বক্ত আলিঙ্গিতঃ, ফাল্গুনঃ অর্জ্জুনঃ। অস্য অর্জ্জুনস্যোপরি বহুধা আশিষশ্চ যোজিতাঃ কৃতাঃ ॥৪৬॥
বিহায়েতি। এনং যুধিষ্ঠিরম্। অযাদগচ্ছৎ। ক্ষুদ্বিঘাতার্থং ক্ষুধানিবারণার্থম্ ॥৪৭॥
তত ইতি। ঋতে বিনা। ক্রুদ্ধমভবদিতি শেষঃ ॥৪৮॥

অর্জুন বলিলেন—'রাজা! এই সত্যজিৎ আজ যুদ্ধে আপনাকে রক্ষা করিবেন। এই পাঞ্চালবীর জীবিত থাকিতে আচার্য্য অভীষ্টলাভ করিতে পারিবেন না ॥৪৪॥

কিন্তু প্রভু! এই পুরুষশ্রেষ্ঠ সত্যজিৎ যুদ্ধে নিহত হইলে, আপনারা সকলে সম্মিলিত হইয়াও কোন প্রকারেই আর দ্রোণের যুদ্ধে থাকিবেন না' ॥৪৫॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর রাত্রি প্রভাত হইলে, রাজা যুধিষ্ঠির অর্জুনকে যুদ্ধে যাইবার অনুমতি দিলেন এবং আলিঙ্গন, সস্নেহ দর্শন ও বহুবিধ আশীর্ব্বাদ করিলেন ॥৪৬॥

তৎপরে ক্ষুধার্ত্ত সিংহ যেমন ক্ষুধানিবারণের জন্য মৃগসমূহের প্রতি গমন করে, সেইরূপ বলবান্ অর্জুন ত্রিগর্ত্তগণের প্রতি গমন করিলেন ॥৪৭॥

ক্রমে অর্জুন চলিয়া যাওয়ায় দুর্য্যোধনের সৈন্যেরা অত্যন্ত আনন্দিত ও ক্রুদ্ধ হইয়া যুধিষ্ঠিরকে ধরিবার জন্য বিশেষভাবে সচেষ্ট হইল ॥৪৮॥

(৪৫)·· ন স্থাতব্যং কদাচন—পি। (৪৬)· আশিষশ্চ প্রযোজিতাঃ—পি।

ততোঽন্যোন্যেন তে সৈন্যে সমাজগ্মতুরোজসা।
গঙ্গাসরয্বৌ বেগেন প্রাবৃষীবোল্বণোদকে ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
সংশপ্তকবধে অর্জুনপ্রয়াণে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥ *

—————:*:—————

ষোড়শোঽধ্যায়ঃ।

—————০:০—————

সঞ্জয় উবাচ।

ততঃ সংশপ্তকা রাজন্! সমে দেশে ব্যবস্থিতাঃ।
ব্যূহ্যানীকং রথৈরেব চন্দ্রার্দ্ধাখ্যং মুদা যুতাঃ ॥১॥
তে কিরীটিনমায়ান্তং দৃষ্ট্বা হর্ষেণ মারিষ!।
উদক্রোশন্ নরব্যাঘ্রাঃ শব্দেন মহতা তদা ॥২॥

তত ইতি। প্রাবৃষি বর্ষাকালে, উল্বণোদকে উদ্বেলিতজলে ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

——————(::)——————

তত ইতি। অনীকং স্বসৈন্যম্, ব্যূহ্য ব্যূহরূপেণ সন্নিবেশ্য ॥১॥

তাহার পর বর্ষাকালে উদ্বেলিতজল গঙ্গা ও সরযূনদী যেমন বেগে পরস্পর মিলিত হয়, সেইরূপ উভয়পক্ষের সেই সেনা দুইটা সতেজে যাইয়া মিলিত হইল' ॥৪৯॥

—————:০:—————

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর সংশপ্তকেরা আনন্দিত হইয়া রথদ্বারাই আপন সৈন্যদিগকে অর্দ্ধচন্দ্রনামকব্যূহরূপে সন্নিবেশিত করিয়া সমতল ভূমিতে অবস্থান করিতে লাগিল ॥১॥

মাননীয় মহারাজ! তখন সেই নরশ্রেষ্ঠেরা অর্জ্জুনকে আসিতে দেখিয়া আনন্দে বিশাল স্বরে তাঁহাকে আহ্বান করিতে থাকিল ॥২॥

(৪৯)...তে সেনে...পি। * '...ষোড়শোঽধ্যায়ঃ' ব, '...সপ্তদশোঽধ্যায়ঃ' বা নি।
(১) ব্যূঢানীকং রথৈনৈব চন্দ্রার্দ্ধাখ্যং মুদান্বিতাঃ—পি, চন্দ্রাকারং মুদা যুতাঃ—বা, ব্যূঢানীকৈ রথৈরেব চন্দ্রার্দ্ধাখ্যৈর্ম্মুদা যুতাঃ—নি।

স শব্দঃ প্রদিশঃ সর্ব্বা দিশঃ খঞ্চ সমাবৃণোৎ।
আবৃতত্বাচ্চ লোকস্য নাসীত্তত্র প্রতিস্বনঃ ॥৩॥
সোঽতীব সংপ্রহৃষ্টাংস্তানুপলভ্য ধনঞ্জয়ঃ।
কিঞ্চিদভ্যুৎস্ময়ন্ কৃষ্ণমিদং বচনমব্রবীৎ ॥৪॥
পশ্যৈতান্ দেবকীমাতঃ! মুমূর্ষূনদ্য সংযুগে।
ভ্রাতৄংস্ত্রৈগর্ত্তকানেবং রোদিতব্যে প্রহর্ষিতান্ ॥৫॥
অথবা হর্ষকালোঽয়ং ত্রৈগর্ত্তানামসংশয়ম্।
কুনরৈর্দুরবাপান্ হি লোকান্ প্রাপ্স্যন্ত্যনুত্তমান্ ॥৬॥
এবমুক্ত্বা মহাবাহুর্হৃষীকেশং ততোঽর্জুনঃ।
আসসাদ রণে ব্যূঢ়াং ত্রিগর্ত্তানামনীকিনীম্ ॥৭॥
স দেবদত্তমাদায় শঙ্খং হেমপরিষ্কৃতম্।
দধ্মৌ বেগেন মহতা ঘোষেণাপূরয়ন্ দিশঃ ॥ -॥

ত ইতি। কিরীটিনমর্জুনম্। উদক্রোশন্ উচ্চৈরাহ্বয়ন্ ॥২॥
স ইতি। প্রদিশো বিদিশঃ। খমাকাশঞ্চ, সমাবৃণোৎ ব্যাপ্নোৎ ॥৩॥
স ইতি। উপলভ্য জ্ঞাত্বা। অভ্যুৎস্ময়ন্ কৃষ্ণাভিমুখমেব হসন্ ॥৪॥
পশ্যেতি। দেবকী মাতা যস্য তৎসম্বোধনম্, মুমূর্ষূন্ মর্ত্তুমিচ্ছূন্ ॥৫॥
অথবেতি। কুনরৈঃ পাপিমানুষৈঃ, দুরবাপান্ দুর্লভান্। অনুত্তমান্ সর্বোত্তমান্ ॥৬॥
এবমিতি। আসসাদ প্রাপ, ব্যূঢ়াং ব্যূহরূপেণ সন্নিবেশিতাম্ ॥৭॥

সেই শব্দ সমস্ত দিক্, বিদিক্ ও আকাশ ব্যাপ্ত করিল; তখন তাহাতে আর লোকের কর্ণে তাহার প্রতিধ্বনি প্রবেশ করিল না ॥৩॥

তখন অর্জুন তাহাদিগকে অত্যন্ত আনন্দিত দেখিয়া ঈষৎ হাস্য করিয়া কৃষ্ণকে এই কথা বলিলেন—॥৪॥

'কৃষ্ণ! দেখ—এই ত্রিগর্ত্তদেশীয় ভ্রাতারা আজ যুদ্ধে মরিবার ইচ্ছা করিতেছে। সুতরাং রোদন করিবার সময়ে আনন্দ প্রকাশ করিতেছে! ॥৫॥

অথবা এটা নিশ্চয়ই ত্রৈগর্ত্তগণের আনন্দের সময়। কারণ, ইহারা পাপী লোকের পক্ষে দুর্লভ সর্বোত্তম লোক লাভ করিবে ॥৬॥

মহাবাহু অর্জুন কৃষ্ণকে এইরূপ বলিয়া তাহার পর সমরাঙ্গনে ব্যূহরূপে সন্নিবেশিত ত্রিগর্ত্তসেনার নিকটে উপস্থিত হইলেন ॥৭॥

(৩) স দিশঃ প্রদিশঃ সর্বা নভশ্চৈব সমাবৃণোৎ…নি। (৫)…ত্রৈগর্ত্তকানেব · ব, · ত্রৈগর্ত্তকানেতান্ নি। (৬)…প্রাপ্স্যন্তি সংযুগে—নি। (৭)…মহাবাহুম্…বা ব র। নি। (৮)…ফাল্গুনঃ পূরয়ন্ দিশঃ—পি।

তেন শব্দেন বিত্রস্তা সংশপ্তকবরূথিনী।
নিশ্চেষ্টাঽবস্থিতা সংখ্যে হ্যশ্মসারময়ী যথা ॥৯॥
বাহাস্তেষাং বিবৃত্তাক্ষাঃ স্তব্ধকর্ণশিরোধরাঃ।
বিষ্টব্ধচরণা মূত্রং রুধিরঞ্চ প্রসুস্রুবুঃ ॥১০॥
উপলভ্য চ তে সংজ্ঞামবস্থাপ্য চ বাহিনীম্।
যুগপৎ পাণ্ডুপুত্রায় চিক্ষিপুঃ কঙ্কপত্রিণঃ ॥১১॥
তান্যর্জুনঃ সহস্রাণি দশপঞ্চৈবমাশুগৈঃ।
অনাগতান্যেব শরৈশ্চিচ্ছেদাশু পরাক্রমী ॥১২॥
ততোঽর্জুনং শিতৈর্বাণৈর্দশভির্দশভিঃ পুনঃ।
প্রাবিধ্যন্ত ততঃ পার্থস্তানবিধ্যত্রিভিস্ত্রিভিঃ ॥১৩॥
একৈকস্তু ততঃ পার্থং রাজন্! বিব্যাধ পঞ্চভিঃ।
স চ তান্ প্রতিবিব্যাধ দ্বাভ্যাং দ্বাভ্যাং পরাক্রমী ॥১৪॥

স ইতি। দেবদত্তং নাম, হেমপরিষ্কৃত' স্বর্ণশোভিতম্ ॥৮॥
তেনেতি। সংশপ্তকানাং বরূথিনী সেনা। অশ্মসারময়ী যথা পাষাণসারনির্ম্মিতেব ॥৯॥
বাহা ইতি। বাহা অশ্বাঃ, বিবৃত্তাক্ষা ঘূর্ণিতনয়নাঃ। রুধিরং মুখাৎ ॥১০॥
উপেতি। অবস্থাপ্য স্থিরীকৃত্য। কঙ্কপত্রিণঃ কঙ্কপক্ষযুক্তান্ বাণান্ ॥১১॥
তানীতি। আশুগৈর্দ্রুতগামিভিঃ। ইদং নৈপুণ্যমিদানীমজ্ঞেয়মেব ॥১২॥
তত ইতি। প্রাবিধ্যন্ত প্রাবিধ্যন্ সংশপ্তকা ইতি শেষঃ ॥১৩॥

এবং তিনি স্বর্ণখচিত 'দেবদত্ত-'নামক শঙ্খ লইয়া মহাবেগে তাহার ধ্বনি করিলেন; সেই শব্দে সকল দিক্ পূর্ণ হইয়া গেল ॥৮॥

সংশপ্তকসেনা সেই শব্দে অত্যন্ত ভীত হইয়া সমরাঙ্গনে পাষাণময়ী প্রতিমার ন্যায় নিশ্চেষ্ট অবস্থায় অবস্থান করিতে লাগিল ॥৯॥

তাহাদের অশ্বগণ ঘূর্ণিতনয়ন, স্তব্ধকর্ণ, নিশ্চলকণ্ঠ ও নিস্পন্দচরণ হইয়া মূত্রত্যাগ ও রুধির বমন করিতে লাগিল ॥১০॥

ক্রমে তাহারা চৈতন্য লাভ করিয়া সৈন্যগণকে আশ্বাসদানপূর্ব্বক একদা অর্জুনের উপরে বহুতর বাণ নিক্ষেপ করিল ॥১১॥

তাহাদের সেই পঞ্চদশ সহস্র বাণ না আসিতেই পরাক্রমশালী অর্জুন দ্রুতগামী বাণসমূহদ্বারা সত্বরই সেগুলিকে ছেদন করিয়া ফেলিলেন ॥১২॥

তাহার পর তাহারা আবার দশ দশটা সুধার বাণদ্বারা অর্জুনকে বিদ্ধ করিল; অর্জুনও তিন তিনটা বাণদ্বারা তাহাদিগকে তাড়ন করিলেন ॥১৩॥

(১১) উপলভ্য ততঃ সংজ্ঞাম্ · বা ব রা নি।

ভূয় এব তু সংক্রুদ্ধাস্ত্বর্জুনং সহকেশবম্ ।
আপূরয়ন্ শরৈস্তীক্ষ্ণৈস্তড়াগমিব বৃষ্টিভিঃ ॥১৫॥
ততঃ শরসহস্রাণি প্রাপতন্নর্জুনং প্রতি ।
ভ্রমরাণামিব ব্রাতাঃ ফুল্লং দ্রুমগণং বনে ॥১৬॥
ততঃ সুবাহুস্ত্রিংশদ্ভিরদ্রিসারময়ৈর্দৃঢ়ৈঃ ।
অবিধ্যদিষুভির্গাঢ়ং কিরীটে সব্যসাচিনম্ ॥১৭॥
তৈঃ কিরীটী কিরীটস্থৈর্হেমপুঙ্খৈরজিহ্মগৈঃ ।
শাতকুম্ভময়াপীড়ো বভৌ যূপ ইবোচ্ছ্রিতঃ ॥১৮॥
হস্তাবাপং সুবাহোস্তু ভল্লেন যুধি পাণ্ডবঃ ।
চিচ্ছেদ তঞ্চৈব পুনঃ শরবর্ষৈরবাকিরৎ ॥১৯॥

একৈক ইতি। সংশপ্তকানামেকৈক ইত্যর্থঃ। পঞ্চভিরিত্যত্র বীপ্সাবগন্তব্যা ॥১৪॥
ভূয় ইতি। আপূরয়ন্ ব্যাপ্নুবন্। বৃষ্টিভির্মেঘা ইতি শেষঃ ॥১৫॥
তত ইতি। ব্রাতাঃ সমূহাঃ। ফুল্লমিত্যনেনার্জুনস্য রক্তাক্তত্বং ব্যজ্যতে ॥১৬॥
তত ইতি। অদ্রিসারময়ৈর্লৌহময়ৈঃ। ইষুভির্বাণৈঃ ॥১৭॥
তৈরিতি। শাতকুম্ভময়ঃ স্বর্ণময় আপীড়ঃ শেখরো যস্য সঃ ॥১৮॥
হস্তেতি। হস্তাবাপং ধনুর্গুণাঘাতনিবারণার্থং ধৃতং হস্তয়োশ্চর্ম্মাবরণম্ ॥১৯॥

রাজা! তাহার পর সংশপ্তকেরা এক এক জন পাঁচ পাঁচটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিল; আবার পরাক্রমশালী অর্জ্জুনও তাহাদের প্রত্যেককে দুই দুইটা বাণদ্বারা প্রতিবিদ্ধ করিলেন ॥১৪॥

পরে মেঘ যেমন বৃষ্টিদ্বারা জলাশয়কে ব্যাপ্ত করে, সেইরূপ সংশপ্তকেরা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পুনরায় তীক্ষ্ণ বাণসমূহদ্বারা কৃষ্ণের সহিত অর্জ্জুনকে ব্যাপ্ত করিয়া ফেলিল ॥১৫॥

তদনন্তর ভ্রমরসমূহ যেমন বনে পুষ্পিত বৃক্ষসমূহের উপরে পতিত হয়, সেইরূপ সহস্র সহস্র বাণ যাইয়া অর্জ্জনের উপরে পতিত হইতে লাগিল ॥১৬॥

তৎপরে সুবাহু লৌহময় দৃঢ় ত্রিশটা বাণদ্বারা অর্জ্জুনের মুকুটখানাকে গাঢ়ভাবে বিদ্ধ করিলেন ॥১৭॥

তৎকালে স্বর্ণময়শেখরযুক্ত উত্তোলিত যজ্ঞীয় যূপকাষ্ঠ যেরূপ শোভা পায়, সেইরূপ অর্জ্জুনও মুকুটস্থিত স্বর্ণপুঙ্খ সেই বাণগুলিদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥১৮॥

(১৫) ভূয় এব তু সংরব্ধাঃ ··পি। (১৬)···ফুল্লদ্রুমগণে বনে—পি। (১৭)···অদ্রিসার-ময়ৈঃ শরৈঃ···বা ব বা নি।

ততঃ সুশর্ম্মা দশভিঃ সুরথশ্চ কিরীটিনম্।
সুধর্ম্মা সুধনুশ্চৈব সুবাহুশ্চ সমার্পয়ৎ ॥২০॥
তাংস্তু সর্ব্বান্ পৃথগ্‌বাণৈর্বানরপ্রবরধ্বজঃ।
প্রত্যবিধ্যদ্ধ্বজাংশ্চৈষাং ভল্লৈশ্চিচ্ছেদ সায়কান্ ॥২১॥
সুধন্বনো ধনুশ্ছিত্ত্বা হয়াংশ্চাস্যাবধীচ্ছরৈঃ।
অথাস্য সশিরস্ত্রাণং শিরঃ কায়াদপাহরৎ ॥২২॥
তস্মিন্ নিপতিতে বীরে ত্রস্তাস্তস্য পদানুগাঃ।
ব্যদ্রবন্ত ভয়াদ্ভীতা যত্র দৌর্য্যোধনং বলম্ ॥২৩॥
ততো জঘান সংক্রুদ্ধো বাসবিস্তাং মহাচমূম্।
শরজালৈরবিচ্ছিন্নৈস্তমঃ সূর্য্য ইবাংশুভিঃ ॥২৪॥
ততো ভগ্নে বলে তস্মিন্ বিপ্রলীনে সমন্ততঃ।
সব্যসাচিনি সংক্রুদ্ধে ত্রৈগর্ত্তান্ ভয়মাবিশৎ ॥২৫॥

তত ইতি। দশভিঃ প্রত্যেকং দ্বাভ্যাং দ্বাভ্যাম্। সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥২০॥
তানিতি। বানরপ্রবরো হনুমান্ ধ্বজে যস্য সঃ অর্জ্জুনঃ ॥২১॥
সুধন্বন ইতি। শিরস্ত্রাণেন মস্তকবক্ষকাবরণবিশেষেণ সহেতি তৎ ॥২২॥
তস্মিন্নিতি। ত্রস্তাস্ত্রাসেনাস্থিরচিত্তাঃ, পদানুগা অনুচরাঃ ॥২৩॥
তত ইতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিরর্জ্জুনঃ। তমঃ অন্ধকারম্ ॥২৪॥

ক্রমে অর্জ্জুন একটা ভল্লদ্বারা যুদ্ধে সুবাহুর হস্তাবাপ ছেদন করিলেন, পুনরায় বাণবর্ষণদ্বারা সুবাহুকে আবৃত করিয়া ফেলিলেন ॥১৯॥

তাহার পর সুশর্ম্মা, সুরথ, সুধর্ম্মা, সুধনু ও সুবাহু ইহারা প্রত্যেকে দুই দুইটা বাণদ্বারা অর্জ্জুনকে পীড়ন করিলেন ॥২০॥

তখন অর্জ্জুন বাণদ্বারা তাঁহাদের সকলকে পৃথক্ পৃথক্ ভাবে প্রতিবিদ্ধ করিলেন এবং ভল্লদ্বারা ধ্বজ ও বাণগুলিকে ছেদন করিয়া ফেলিলেন ॥২১॥

এবং তিনি বাণদ্বারা সুধন্বার ধনু ছেদন করিয়া অশ্বগুলিকে বধ করিলেন; পরে শিরস্ত্রাণের সহিত সুধন্বার মস্তকটাকে দেহ হইতে অপহরণ করিলেন ॥২২॥

সেই বীর নিপতিত হইলে, তাঁহার অনুচরগণ উদ্বেগে অস্থির ও ভয়ে ভীত হইয়া যেখানে দুর্য্যোধনের সৈন্য ছিল, সেইখানে পলায়ন করিতে লাগিল ॥২৩॥

তাহার পর সূর্য্য যেমন কিরণদ্বারা অন্ধকার বিনষ্ট করেন, সেইরূপ অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অবিচ্ছিন্ন শরজালদ্বারা সেই বিশাল সেনা বিনষ্ট করিতে থাকিলেন ॥২৪॥

(২২)···কায়াদপাতয়ৎ—নি। (২৩)···রণাদ্ভীতা যেন দৌর্য্যোধনং বলম্—পি।

তে বধ্যমানাঃ পার্থেন শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
অমুহ্যংস্তত্র তত্রৈব ত্রস্তা মৃগগণা ইব ॥২৬॥
ততস্ত্রিগর্ত্তরাট্ ক্রুদ্ধস্তানুবাচ মহারথান্।
অলং দ্রুতেন বঃ শূরা ন ভয়ং কর্ত্তুমর্হথ ॥২৭॥
শপ্ত্বা তু শপথান্ ঘোরান্ সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ।
গত্বা দৌর্য্যোধনং সৈন্যং কিং বৈ বক্ষ্যথ মুখ্যশঃ ॥২৮॥
নাবহাস্যাঃ কথং লোকে কর্ম্মণানেন সংযুগে।
ভবেম সহিতাঃ সর্ব্বে নিবর্ত্তধ্বং যথাবলম্ ॥২৯॥
এবমুক্তাস্তু তে রাজন্! উদক্রোশন্ মুহুর্মুহুঃ।
শঙ্খাংশ্চ দধ্মিরে বীরা হর্ষয়ন্তঃ পরস্পরম্ ॥৩০॥

তত ইতি। বিপ্রলীনে লুক্কায়িতে। সব্যসাচিনি অর্জ্জুনে ॥২৫॥
ত ইতি। সন্নতানি বক্রাণি পর্ব্বাণি উপান্ত্যদেশা যেষাং তৈঃ ॥২৬॥
তত ইতি। ত্রিগর্ত্তরাট্ সুশর্ম্মা। দ্রুতেন পলায়িতেন। ভাবে ক্তঃ ॥২৭॥
শপ্ত্বেতি। শপ্ত্বা কৃত্বা। মুখ্যশো মুখ্যান্ প্রধানান্ বীরানিত্যর্থঃ ॥২৮॥
নেতি। অনেন পলায়নরূপেণ। যথাবলং দুর্ব্বলাস্তু পলায়ন্তামেবেতি ভাবঃ ॥২৯॥
এবমিতি। উদক্রোশন্ উচ্চৈঃ কোলাহলমকুর্ব্বন্। দধ্মিরে বাদয়ামাসুঃ ॥৩০॥

তদনন্তর অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইলে এবং সেই সংশপ্তকসৈন্য ভগ্ন হইয়া সকল দিকে লুক্কায়িত হইতে থাকিলে, ত্রৈগর্ত্তগণের ভয় উপস্থিত হইল ॥২৫॥

এবং অর্জ্জুন নতপর্ব্ব বাণসমূহদ্বারা বধ করিতে লাগিলে, সংশপ্তকেরা হরিণগণের ন্যায় ভীত হইয়া সেই সেই স্থানে মোহিত হইতে লাগিল ॥২৬॥

তৎপরে ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা ক্রুদ্ধ হইয়া সেই মহারথগণকে বলিলেন—'বীরগণ! আপনারা পলায়ন করিবেন না; আপনাদের ভয় নাই ॥২৭॥

বীরগণ! আপনারা সমস্ত কৌরবসৈন্যের সমক্ষে ভয়ঙ্কর শপথ করিয়া এখন দুর্য্যোধনের সৈন্যের নিকটে যাইয়া পরে প্রধান বীরগণের নিকটে কি বলিবেন? ॥২৮॥

যুদ্ধে এই কার্য্যদ্বারা আমরা সকলে সম্মিলিত হইয়াই কি জগতে উপহাস্য হইব না? সুতরাং আপনারা শক্তি অনুসারে ফিরুন' ॥২৯॥

রাজা! সুশর্ম্মা এইরূপ বলিলে, সেই বীরগণ পরস্পরকে প্রহৃষ্ট করতঃ উচ্চস্বরে মুহুর্মুহুঃ কোলাহল ও শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥৩০॥

(২৮) শপ্ত্বাথ শপথান্…বা ব রা নি।

ততস্তে সংন্যবর্ত্তন্ত সংশপ্তকগণাঃ পুনঃ।
নারায়ণাশ্চ গোপালা মৃত্যুং কৃত্বানিবর্ত্তনম্ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সুধন্ববিনাশে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

সপ্তদশোঽধ্যায়ঃ।

———o:o———

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু সন্নিবৃত্তাংস্তান্ সংশপ্তকগণান্ পুনঃ।
বাসুদেবং মহাত্মানমর্জ্জুনঃ সমভাষত ॥১॥
চোদয়াশ্বান্ হৃষীকেশ! সংশপ্তকগণান্ প্রতি।
নৈতে হাস্যন্তি সংগ্রামং জীবন্ত ইতি মে মতিঃ ॥২॥

ততইতি। নারায়ণাঃ কৃষ্ণেন দুর্য্যোধনায় দত্তা নারায়ণাখ্যাঃ, গোপালা গোপজাতীয়া ...গোপকন্যাকম্। ন বিদ্যতে নিবর্ত্তনং যস্য তং সর্ব্বথা নিশ্চিতমিত্যর্থঃ। এতেন সা ... সেনাপি তদানীং সংশপ্তকান্তর্নিবিষ্টেতি প্রত্যেতব্যম্ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

দৃষ্ট্বেতি। সন্নিবৃত্তান্ যোদ্ধুমেবেতি ভাবঃ ॥১॥
চোদয়েতি। চোদয় সঞ্চালয়। এতে সংশপ্তকাঃ, হাস্যন্তি ত্যক্ষ্যন্তি ॥২॥

তাহার পর সেই সংশপ্তকেরা এবং গোপজাতীয় নারায়ণসৈন্যেরা মৃত্যু স্থির করিয়া পুনরায় ফিরিল' ॥৩১॥

———:o:———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই সংশপ্তকেরা আবার ফিরিয়াছে দেখিয়া অর্জ্জুন মহাত্মা কৃষ্ণকে কহিলেন—॥১॥

'কৃষ্ণ! অশ্বগুলিকে সংশপ্তকগণের দিকে চালাইয়া দাও। ইহারা জীবিত থাকিতে যুদ্ধ ত্যাগ করিবে না, ইহাই আমার ধারণা ॥২॥

* '...সপ্তদশোঽধ্যায়ঃ' ব, '...অষ্টাদশোঽধ্যায়ঃ' বা রা নি। (১)...অর্জ্জুনঃ সমভাষত—পি।

পশ্য মেঽস্ত্রবলং ঘোরং বাহ্বোরিষ্বসনস্য চ।
অদ্যৈতান্ পাতয়িষ্যামি ক্রুদ্ধো রুদ্রঃ পশূনিব ॥৩॥
ততঃ কৃষ্ণঃ স্মিতং কৃত্বা প্রতিনন্দ্য শিবেন তম্।
প্রাবেশয়ত দুর্দ্ধর্ষো যত্র যত্রৈচ্ছদর্জ্জুনঃ ॥৪॥
স রথো ভ্রাজতেঽত্যর্থমুহ্যমানো রণে তদা।
উহ্যমানমিবাকাশে বিমানং পাণ্ডুরৈর্হয়ৈঃ ॥৫॥
মণ্ডলানি ততশ্চক্রে গতপ্রত্যাগতানি চ।
যথা শক্ররথো রাজন্! যুদ্ধে দেবাসুরে পুরা ॥৬॥
অথ নারায়ণাঃ ক্রুদ্ধা বিবিধায়ুধপাণয়ঃ।
ছাদয়ন্তঃ শরব্রাতৈঃ পরিবব্রুর্ধনঞ্জয়ম্ ॥৭॥
অদৃশ্যঞ্চ মুহূর্ত্তেন চক্রুস্তে ভরতর্ষভ!।
কৃষ্ণেন সহিতং যুদ্ধে কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্ ॥৮॥

পশ্যেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বসনং ধনুস্তস্য ॥৩॥
তত ইতি। স্মিতম্ ঈষদ্ধাস্যম্, প্রতিনন্দ্য প্রহর্ষ্য, শিবেন প্রসন্নেন দর্শনেন ॥৪॥
স ইতি। ভ্রাজতে শোভতে স্ম, উহ্যমানঃ শ্বেতৈরশ্বৈঃ ॥৫॥
মণ্ডলানীতি। মণ্ডলানি গোলাকারভ্রমণানি, চক্রে স রথঃ ॥৬॥
অথেতি। নারায়ণাস্তদাখ্যাঃ প্রাগুক্তাঃ সৈন্যাঃ। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥৭॥
অদৃশ্যমিতি। অদৃশ্যঞ্চ চক্রুঃ তৈঃ শরব্রাতৈরিতি শেষঃ ॥৮॥

আমার অস্ত্রের, বাহুযুগলের ও ধনুর ভয়ঙ্কর বল দেখ। ক্রুদ্ধ রুদ্র যেমন পশুগণকে নিপাত করেন, সেইরূপ আমিও আজ ইহাদিগকে নিপাত করিব ॥৩॥

তাহার পর দুর্দ্ধর্ষ কৃষ্ণ ঈষৎ হাস্য ও মঙ্গলময় দৃষ্টিপাতে অর্জ্জুনকে আনন্দিত করিয়া—অর্জ্জুন যেখানে যেখানে যাইতে ইচ্ছা করিতে লাগিলেন, সেইখানে সেইখানে রথ চালাইতে থাকিলেন ॥৪॥

তখন পাণ্ডুরবর্ণ-ঘোটক-চালিত বিমান যেমন আকাশে শোভা পায়, সেইরূপ শ্বেতবর্ণ-ঘোটক-চালিত সেই রথ সমরাঙ্গনে অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥৫॥

রাজা! তাহার পর পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে ইন্দ্রের রথের ন্যায় সেই রথখানা মণ্ডলাকারে ভ্রমণ, গমন ও প্রত্যাগমন করিতে থাকিল ॥৬॥

তাহার পর নানাবিধ অস্ত্রধারী সেই নারায়ণসৈন্যেরা ক্রুদ্ধ হইয়া বাণসমূহদ্বারা অর্জ্জুনকে আচ্ছাদন করতঃ তাঁহাকে পরিবেষ্টন করিল ॥৭॥

(৩) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (৪)···অভিনন্দ্য শিবেন তম্···পি।

ক্রুদ্ধস্তু ফাল্গুনঃ সংখ্যে দ্বিগুণীকৃতবিক্রমঃ।
গাণ্ডীবং ধনুরামৃজ্য তূর্ণং জগ্রাহ সংযুগে ॥৯॥
বদ্ধা চ ভ্রুকুটিং বক্ত্রে ক্রোধস্য প্রতিলক্ষণম্।
দেবদত্তং মহাশঙ্খং পূরয়ামাস পাণ্ডবঃ ॥১০॥
অথাস্ত্রমরিসংঘঘ্নং ত্বাষ্ট্রমভ্যস্যদর্জ্জুনঃ।
ততো রূপসহস্রাণি প্রাদুরাসন্ পৃথক্ পৃথক্ ॥১১॥
আত্মনঃ প্রতিরূপৈস্তৈর্নানারূপৈর্বিমোহিতাঃ।
অন্যোন্যমর্জ্জুনং মত্বা স্বমাত্মানঞ্চ জঘ্নিরে ॥১২॥
অয়মর্জ্জুনোঽয়ং গোবিন্দ ইমৌ যাদবপাণ্ডবৌ।
ইতি ব্রুবাণাঃ সংমূঢ়া জঘ্নুরন্যোন্যমাহবে ॥১৩॥
মোহিতাঃ পরমাস্ত্রেণ ক্ষয়ং জগ্মুঃ পরস্পরম্।
অশোভন্ত রণে যোধাঃ পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥১৪॥

ক্রুদ্ধ ইতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। আমৃজ্যেতি দার্ঢ্যসম্ভাব উক্তঃ ॥৯॥
বদ্ধেতি। পূরয়ামাস মুখবায়ুনা, পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥১০॥
অথেতি। ত্বাষ্ট্রং ত্বষ্টুঃ প্রজাপতের্লব্ধম্, অভ্যস্যৎ সমন্তান্নিক্ষিপৎ ॥১১॥
আত্মন ইতি। প্রতিরূপৈঃ প্রতিমূর্ত্তিভিঃ। স্বং স্বপক্ষম্ ॥১২॥
অয়মিতি। অত্র প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। সংমূঢ়া বিপক্ষাঃ ॥১৩॥

ভরতশ্রেষ্ঠ! তাহারা মুহূর্ত্তকালমধ্যে বাণসমূহদ্বারা যুদ্ধে কৃষ্ণের সহিত কুন্তীনন্দন অর্জ্জুনকে একেবারে অদৃশ্য করিয়া ফেলিল ॥৮॥

তখন অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া যুদ্ধবিষয়ে দ্বিগুণ বিক্রম করিয়া মার্জ্জনপূর্ব্বক সত্বর গাণ্ডীবধনু ধারণ করিলেন ॥৯॥

এবং তিনি মুখমণ্ডলে ক্রোধসূচক ভ্রুকুটী করিয়া 'দেবদত্ত-'নামক মহাশঙ্খের ধ্বনি করিলেন ॥১০॥

তৎপরে অর্জ্জুন শত্রুসমূহনাশক ত্বাষ্ট্র অস্ত্র নিক্ষেপ করিলেন। তদনন্তর পৃথক্ পৃথক্ ভাবে সহস্র সহস্র প্রতিমূর্ত্তি প্রাদুর্ভূত হইল ॥১১॥

তখন তাহারা আপনাদের অনুরূপ সেই সকল নানাবিধ প্রতিমূর্ত্তিদ্বারা মোহিত হইয়া পরস্পরকে অর্জ্জুন মনে করিয়া স্বপক্ষকে ও আত্মীয়কে বধ করিতে লাগিল ॥১২॥

'এই অর্জ্জুন, এই কৃষ্ণ' এবং 'ইহারাই কৃষ্ণ ও অর্জ্জুন' এইরূপ বলিতে থাকিয়া সেই সম্মোহিত সৈন্যেরা যুদ্ধে পরস্পর সংহার করিতে থাকিল ॥১৩॥

(১২) ...অন্যোন্যেনার্জ্জুনং মত্বা...নি।

ততঃ শরসহস্রাণি তৈর্বিমুক্তানি ভস্মসাৎ।
কৃত্বা তদস্ত্রং তান্ বীরাননয়দ্যমসাদনম্ ॥১৫॥
অথ প্রহস্য বীভৎসুর্ললিথান্ মালবানপি।
মাবেল্লকাংস্ত্রিগর্ত্তাংশ্চ যৌধেয়াংশ্চার্দ্দয়চ্ছরৈঃ ॥১৬॥
তে হন্যমানা বীরেণ ক্ষত্রিয়াঃ কালচোদিতাঃ।
ব্যসৃজন্ শরজালানি পার্থে নানাবিধানি চ ॥১৭॥
ততো নৈবার্জুনস্তত্র ন রথো ন চ কেশবঃ।
প্রত্যদৃশ্যত ঘোরেণ শরবর্ষেণ সংবৃতঃ ॥১৮॥
ততস্তেঽলব্ধলক্ষ্যত্বাদন্যোন্যমভিচুক্রুশুঃ।
হতৌ কৃষ্ণাবিতি প্রীত্যা বাসাংস্যাজুধুবুস্তদা ॥১৯॥

মোহিতা ইতি। কেচিৎ ক্ষয়ং জগ্মুঃ, অপরে চ রক্তাক্তা অশোভন্ত ॥১৪॥
তত ইতি। বিমুক্তানি নিক্ষিপ্তানি। তৎ স্বাষ্ট্রমস্ত্রং কর্ত্তৃ ॥১৫॥
অথেতি। বীভৎসুরর্জ্জুনঃ। ললিত্থাদয়স্তত্তদ্দেশীয়া যোদ্ধারঃ ॥১৬॥
ত ইতি। কালেন চোদিতাঃ প্রেরিতাঃ। পার্থে অর্জ্জুনে ॥১৭॥
তত ইতি। সংবৃত আবৃতঃ ॥১৮॥
তত ইতি। অলব্ধলক্ষ্যত্বাদদৃষ্টকৃষ্ণার্জ্জুনত্বাৎ। অভিচুক্রুশুঃ আনন্দকোলাহলং চক্রুঃ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। আজুধুবুঃ বিকম্পযামাসুঃ ॥১৯॥

কতকগুলি সংশপ্তক অর্জুনের পরমাস্ত্রে মোহিত হইয়া পরস্পর বিনাশ প্রাপ্ত হইল, অন্য সংশপ্তক যোদ্ধারা রক্তাক্তদেহ হইয়া পুষ্পিত কিংশুকবৃক্ষসমূহের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৪॥

তাহার পর অর্জুনের সেই ভীষণ অস্ত্র তাহাদের নিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ ভস্ম করিয়া সেই বীরগণকে যমালয়ে প্রেরণ করিল ॥১৫॥

তদনন্তর অর্জ্জুন হাস্য করিয়া বাণদ্বারা ললিত্থ, মালব, মাবেল্লক, ত্রিগর্ত্ত ও যৌধেয় বীরগণকে পীড়ন করিতে লাগিলেন ॥১৬॥

মহাবীর অর্জ্জুন বধ করিতে লাগিলে, কালপ্রেরিত সেই ক্ষত্রিয়েরাও অর্জ্জুনের প্রতি নানাবিধ শরজাল নিক্ষেপ করিতে থাকিলেন ॥১৭॥

তৎপরে ভয়ঙ্কর বাণবর্ষণে আবৃত হওয়ায় তখন অর্জ্জুন, তাঁহার রথ বা কৃষ্ণ দৃষ্টিগোচর হইতে লাগিলেন না ॥১৮॥

তখন কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিতে না পাওয়ায় তাঁহারা নিহত হইয়াছেন ইহা

(১৮) ন ধ্বজো নার্জ্জুনস্তত্র ···বানি,···প্রত্যদৃশ্যন্ত···সংবৃতাঃ—পি ব। (১৯)···বাসাংসি ভুধুবুস্তদা—পি।

ভেরীমৃদঙ্গশঙ্খাংশ্চ দধ্মুর্বীরাঃ সহস্রশঃ।
সিংহনাদরবাংশ্চোগ্রাংশ্চক্রিরে তত্র মারিষ ! ॥২০॥
ততঃ প্রসিষ্বিদে কৃষ্ণঃ খিন্নশ্চার্জ্জুনমব্রবীৎ।
ক্কাসি পার্থ ! ন পশ্যে ত্বাং কচ্চিজ্জীবসি শত্রুহন্ ! ॥২১॥
তস্য তদ্বচনং শ্রুত্বা ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
বায়ব্যাস্ত্রেণ তৈরস্তাং শরবৃষ্টিমপাহরৎ ॥২২॥
ততঃ সংশপ্তকব্রাতান্ সাশ্বদ্বিপরথায়ুধান্।
উবাহ ভগবান্ বায়ুঃ শুষ্কপর্ণচয়ানিব ॥২৩॥
উহ্যমানাস্তু তে রাজন্ ! বহ্বশোভন্ত বায়ুনা।
প্রডীনাঃ পক্ষিণঃ কালে বৃক্ষেভ্য ইব মারিষ ! ॥২৪॥
তাংস্তথা ব্যাকুলীকৃত্য ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
জঘান নিশিতৈর্বাণৈঃ সহস্রাণি শতানি চ ॥২৫॥

ভেরীতি। দধ্মু বাদয়ামাসুঃ। সিংহনাদা এব রবাস্তান্ ॥২০॥
তত ইতি। প্রসিষ্বিদে ঘর্ম্মাক্তো বভূব, খিন্ন উদ্বেগেনাবসন্নঃ ॥২১॥
তস্যেতি। তৈঃ সংশপ্তকৈঃ, অস্তাং ক্ষিপ্তাম্। "অসু ক্ষেপণে" ইত্যস্মাৎ ক্তঃ ॥২২॥
তত ইতি। সংশপ্তকানাং ব্রাতান্ সমূহান্। বায়ুবর্জ্জনাপ্রসম্ভূতঃ ॥২৩॥
উহ্যেতি। প্রডীনা আকাশং গতাঃ। "ডীঙ্ বিহায়সা গতৌ" ইত্যস্মাৎ ক্তঃ ॥২৪॥

ভাবিয়া সেই সংশপ্তকেরা আনন্দবশতঃ পরস্পর কোলাহল ও বসনান্দোলন করিতে লাগিল ॥১৯॥

এবং মাননীয় রাজা ! সেই বীরেরা সহস্র সহস্র ভেরী, মৃদঙ্গ ও শঙ্খ বাজাইতে লাগিলেন, আর ভয়ঙ্কর সিংহনাদ করিতে থাকিলেন ॥২০॥

তাহার পর কৃষ্ণ ঘর্ম্মাক্তকলেবর ও উদ্বেগে অবসন্ন হইয়া অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন ! তুমি কোথায় আছ ? তোমাকে ত দেখিতে পাই না, শত্রুহন্তা ! তুমি জীবিত আছ ত ?' ॥২১॥

কৃষ্ণের সেই কথা শুনিয়া অর্জ্জুন ত্বরান্বিত হইয়া বায়ব্যাস্ত্রদ্বারা তাহাদের নিক্ষিপ্ত বাণবৃষ্টি নিবারণ করিলেন ॥২২॥

তদনন্তর প্রবল বায়ু উপস্থিত হইয়া হস্তী, অশ্ব, রথ ও অস্ত্রের সহিত সংশপ্তকগণকে শুষ্ক পত্রসমূহের ন্যায় বহন করিতে লাগিল ॥২৩॥

মাননীয় রাজা ! প্রবল ঝড়ের সময়ে বৃক্ষ হইতে উড্ডীন পক্ষিগণের ন্যায় সংশপ্তকেরা বায়ুকর্ত্তৃক নীত হইয়া বিশেষ শোভা পাইতে থাকিল ॥২৪॥

(২১)…ন পশ্যামি কচ্চিৎ…নি। (২২) তস্য তদ্ভাষিতং শ্রুত্বা…বা ব রা নি।

শিরাংসি ভল্লৈরহরদ্বাহূনপি চ সায়ুধান্।
হস্তিহস্তোপমাংশ্চোরূন্ শরৈরুর্ব্যামপাতয়ৎ ॥২৬॥
পৃষ্ঠচ্ছিন্নান্ বিচরণান্ বিমস্তকদৃগঙ্গুলীন্।
নানাঙ্গাবয়বৈর্হীনাংশ্চকারারীন্ ধনঞ্জয়ঃ ॥২৭॥
গন্ধর্বনগরাকারান্ বিধিবৎ কল্পিতান্ রথান্।
শরৈর্বিশকলীকুর্ব্বংশ্চক্রে ব্যশ্বরথদ্বিপান্ ॥২৮॥
মুণ্ডতালবনানীব তত্র তত্র চকাশিরে।
ছিন্না রথধ্বজব্রাতাঃ কেচিত্তত্র ক্বচিৎ ক্বচিৎ ॥২৯॥
সোত্তরায়ুধিনো নাগাঃ সপতাকাঙ্কুশধ্বজাঃ।
পেতুঃ শক্রাশনিহতা দ্রুমবন্ত ইবাচলাঃ ॥৩০॥

তানিতি। ব্যাকুলীকৃত্য বাণব্যাপ্তেণ বিহ্বলান্ কৃত্বা ॥২৫॥

শিরাংসীতি। হস্তিহস্তোপমান্ গজশুণ্ডাতুল্যান্। উর্ব্ব্যাং ভূমৌ ॥২৬॥

পৃষ্ঠেতি। পৃষ্ঠে ছিন্না ইতি পৃষ্ঠচ্ছিন্নাস্তান্। দৃশশ্চক্ষুংষি ॥২৭॥

গন্ধর্বেতি। কল্পিতান্ সজ্জিতান্। বিশকলীকুর্ব্বন্ খণ্ডখণ্ডীকুর্ব্বন্। সংশপ্তকান্ বিগতা অশ্বা রথা দ্বিপা হস্তিনশ্চ যেষাং তান্ তাদৃশান্ চক্রে ধনঞ্জয় ইত্যন্বয়ঃ ॥২৮॥

মুণ্ডেতি। মুণ্ডানি শিরাংসি তালবনানি তালফলসমূহা ইব তানি, চকাশিরে ইব ॥২৯॥

সোত্তরেতি। উত্তরৈরুপবিষ্টৈরায়ুধিভিরস্ত্রধারিভিঃ সহেতি তে, নাগা হস্তিনঃ ॥৩০॥

তাহাদিগকে সেইরূপ বিহ্বল করিয়া অর্জুন ত্বরান্বিত হইয়া সুধার বাণসমূহদ্বারা শত শত ও সহস্র সহস্র সংশপ্তককে বধ করিতে লাগিলেন ॥২৫॥

অর্জুন ভল্লদ্বারা সংশপ্তকগণের মস্তক ও অস্ত্রযুক্ত বাহু ছেদন করিতে থাকিলেন এবং বাণদ্বারা তাহাদের হস্তিশুণ্ডতুল্য ঊরুগুলিকে ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিতে লাগিলেন ॥২৬॥

ক্রমে অর্জুন শত্রুগণকে পৃষ্ঠচ্ছিন্ন, চরণহীন, মস্তক, নয়ন, চক্ষু ও অঙ্গুলীশূন্য এবং নানা অঙ্গবিহীন করিতে থাকিলেন ॥২৭॥

অর্জুন বাণদ্বারা—যথাবিধানে সজ্জিত গন্ধর্ব্বনগরাকৃতি রথগুলিকে খণ্ড খণ্ড করতঃ সংশপ্তকগণকেও হস্তী, অশ্ব এবং রথবিহীন করিতে লাগিলেন ॥২৮॥

সেই সেই স্থানে তালফলসমূহের ন্যায় মস্তক সকল যেন শোভা পাইতে লাগিল এবং কোন কোন স্থানে কতকগুলি রথের ধ্বজ ছিন্ন দেখা যাইতে থাকিল ॥২৯॥

(২৬)···ভল্লৈরহনৎ···পি। (২৭)···বিচরণান্ বাহুপৃষ্ঠেক্ষণাকুলান্ ··পি।

চামরাপীড়কধরাঃ স্রস্তান্ত্রনয়নাসবঃ।
সারোহাস্তুরগাঃ পেতুঃ পার্থবাণহতাঃ ক্ষিতৌ ॥৩১॥
বিপ্রবিদ্ধাসিনারাচাশ্ছিন্নবর্ম্মর্ষ্টিশক্তয়ঃ।
পত্তয়শ্ছিন্নমর্ম্মাণঃ কৃপণাঃ শেরতে হতাঃ ॥৩২॥
তৈর্হতৈর্হন্যমানৈশ্চ পতদ্ভিঃ পতিতৈরপি।
ভ্রমদ্ভির্নিষ্টনদ্ভিশ্চ ক্রূরমাযোধনং বভৌ ॥৩৩॥
রজশ্চ সুমহজ্জাতং শান্তং রুধিরবৃষ্টিভিঃ।
মহী চাপ্যভবদ্দুর্গা কবন্ধশতসঙ্কুলা ॥৩৪॥
তদ্বভৌ রৌদ্রবীভৎসং বীভৎসোর্যানমাহবে।
আক্রীড়মিব রুদ্রস্য ঘ্নতঃ কালাত্যয়ে পশূন্ ॥৩৫॥

চামরেতি। চামরাপীড়কধরাঃ চামররূপশেখরধারিণঃ, স্রস্তা নির্গতা অন্ত্রাণি নাড়ীবিশেষা নয়নানি চক্ষূংষি অসবঃ প্রাণাশ্চ যেষাং তে। সারোহাঃ আরোহিসহিতাঃ ॥৩১॥

বিপ্রেতি। বিপ্রবিদ্ধা নিপতিতা অসিনারাচা যেষাং তে। কৃপণা দীনাঃ ॥৩২॥

তৈরিতি। নিষ্টনদ্ভিরার্ত্তনাদং কুর্বদ্ভিঃ, ক্রূরং ভীষণম্, আযোধনং যুদ্ধস্থলম্ ॥৩৩॥

রজ ইতি। রজো ধূলিঃ। শান্তং নিবৃত্তম্। দুর্গা দুর্গমা ॥৩৪॥

তদিতি। রৌদ্রং সংহারায় প্রবৃত্তত্বাদুগ্রঞ্চ তৎ বীভৎসং মাংসশোণিতাক্তত্বাদ্ঘৃণিতঞ্চেতি তৎ, বীভৎসোঽর্জ্জুনস্য যানং রথঃ। আক্রীড়ং ক্রীড়াস্থানম্। কালাত্যয়ে প্রলয়ে ॥৩৫॥

অস্ত্রধারী আরোহীদের সহিত এবং পতাকা, অঙ্কুশ ও ধ্বজের সহিত হস্তী সকল বজ্রাহত বৃক্ষসমন্বিত পর্ব্বতসমূহের ন্যায় পতিত হইতে লাগিল ॥৩০॥

অর্জ্জুনের বাণে আহত হওয়ায় অশ্বগণের নাড়ী, নয়ন ও প্রাণ নির্গত হইতে থাকিল; তখন চামররূপ শেখরধারী সেই অশ্বগণ আরোহীদের সহিত ভূতলে পতিত হইতে লাগিল ॥৩১॥

অসি ও নারাচ নিপতিত এবং বর্ম্ম, ঋষ্টি, শক্তি ও মর্ম্ম ছিন্ন হইলে, পদাতিরা অবসন্ন ও নিহত হইয়া শয়ন করিতে থাকিল ॥৩২॥

সংশপ্তকেরা হত, হন্যমান, পতিত, পাত্যমান ও ঘূর্ণিত হইয়া আর্ত্তনাদ করিতে লাগিলে, সমরস্থলটা ভীষণমূর্ত্তিতে প্রকাশ পাইতে লাগিল ॥৩৩॥

পূর্ব্বোৎপন্ন বিশাল ধূলিজাল রক্তবৃষ্টিতে নিবৃত্তি পাইল এবং বহুতর কবন্ধে পরিব্যাপ্ত সমরভূমি দুর্গম হইয়া পড়িল ॥৩৪॥

---

(৩১) চামরাপীড়কবচাঃ...বা ব রা নি, । স্রস্তান্ত্রনয়নাস্তথা...নি। (৩২) বিপ্রবিদ্ধাসিশরাঃ...পি বা ব রা,.. ছিন্নবর্ম্মাণঃ.. পি বা নি।

তে বধ্যমানাঃ পার্থেন ব্যাকুলাশ্বরথদ্বিপাঃ ।
তমেবাভিমুখাঃ ক্ষীণাঃ শক্রস্যাতিথিতাং গতাঃ ॥৩৬॥
সা ভূমির্ভরতশ্রেষ্ঠ ! নিহতৈস্তৈর্মহারথৈঃ ।
আস্তীর্ণা সংবভৌ সর্বা প্রেতীভূতৈঃ সমন্ততঃ ॥৩৭॥
এতস্মিন্নন্তরে চৈব প্রমত্তে সব্যসাচিনি ।
ব্যূঢ়ানীকস্ততো দ্রোণো যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৩৮॥
তং প্রত্যগৃহ্ণংস্ত্বরিতা ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ ।
যুধিষ্ঠিরং পরীপ্সন্তস্তদাসীত্তুমুলং মহৎ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
সংশপ্তকবধে অর্জুনযুদ্ধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ত ইতি। তং পার্থমেব অভি লক্ষীকৃত্য স্থিতানি মুখানি যেষাং তে ॥৩৬॥
সেতি। আস্তীর্ণা ব্যাপ্তা। প্রেতীভূতৈর্মৃতৈঃ ॥৩৭॥ •
এতস্মিন্নিতি। অন্তরে অবসরে, প্রমত্তে প্রকর্ষেণ রণমত্তে ॥৩৮॥
তমিতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ। তুমুলং মহচ্চ যুদ্ধমিতি শেষঃ ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

অর্জুনের সেই ভয়ঙ্কর ও বীভৎসাকৃতি রথখানা, প্রলয়কালে প্রাণিসংহারে প্রবৃত্ত রুদ্রের ক্রীড়াস্থানের ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে লাগিল ॥৩৫॥

অর্জুন বধ করিতে লাগিলে, বিপক্ষের হস্তী, অশ্ব ও রথ সকল বিহ্বল হইয়া পড়িল; তথাপি সংশপ্তকেরা তাঁহার অভিমুখে যাইতে থাকিয়া বিনষ্ট হইয়া ইন্দ্রলোকে যাইতে থাকিল ॥৩৬॥

ভরতশ্রেষ্ঠ! সেই সমগ্র সমরভূমিটাই সকল দিকে নিহত ও মৃত সেই মহারথগণদ্বারা ব্যাপ্ত হইয়া ভীষণমূর্ত্তিতে প্রকাশ পাইতে লাগিল ॥৩৭॥

এই সময়ে অর্জুন যুদ্ধে উন্মত্ত হইলে, ওদিকে দ্রোণ সৈন্য সজ্জিত করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৮॥

তখন পাণ্ডবপক্ষের যোদ্ধারাও যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সজ্জিত সৈন্য লইয়া সত্বর দ্রোণকে গ্রহণ করিলেন। সেই সময়ে তুমুল ও গুরুতর যুদ্ধ হইতে লাগিল' ॥৩৯॥

* '···অষ্টাদশোঽধ্যায়ঃ' ব, '··· একোনবিংশোঽধ্যায়ঃ' বা রা নি ।

অষ্টাদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

পরিণাম্য নিশাং তাং তু ভারদ্বাজো মহারথঃ।
উক্ত্বা সুবহু রাজেন্দ্র! বচনং বৈ সুযোধনম্ ॥১॥
বিধায় যোগং পার্থেন সংশপ্তকগণৈঃ সহ।
নিষ্ক্রান্তে চ তদা পার্থে সংশপ্তকবধং প্রতি ॥২॥
ব্যূঢানীকস্ততো দ্রোণঃ পাণ্ডবানাং মহাচমূম্।
অভ্যয়াদ্ভরতশ্রেষ্ঠ! ধর্ম্মরাজজিঘৃক্ষয়া ॥৩॥ (বিশেষকম্)
ব্যূঢাং দৃষ্ট্বা সুপর্ণেন ভারদ্বাজস্য তাং চমূম্।
ব্যূহেন মণ্ডলার্দ্ধেন প্রত্যব্যূহদ্যুধিষ্ঠিরঃ ॥৪॥
মুখমাসীৎ সুপর্ণস্য ভারদ্বাজো মহারথঃ।
শিরো দুর্য্যোধনো রাজা সোদর্য্যৈঃ সানুগৈর্বৃতঃ ॥৫॥

[illegible]তি। পরিণাম্য অতিবাহ্য। ভারদ্বাজো দ্রোণঃ। বচনং তদ্দিনযুদ্ধবিষয়কম্। [illegible] পার্থস্য। অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ। ধর্ম্মরাজস্য জিঘৃক্ষয়া গ্রহীতুমিচ্ছয়া ॥১—৩॥
[illegible]মিতি। সুপর্ণেন গরুড়েন গরুড়াকারেণ। মণ্ডলার্দ্ধেন অর্দ্ধচন্দ্রাকারেণ ॥৪॥
[illegible]মিতি। সুপর্ণস্য কৌরবপক্ষীয়গরুড়ব্যূহস্য। সানুগৈরনুচরসহিতৈঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ রাজেন্দ্র! এদিকে ভরদ্বাজনন্দন মহারথ দ্রোণ সেই রাত্রি অতিবাহিত করিয়া, যুদ্ধবিষয়ে দুর্য্যোধনকে বহু কথা বলিয়া, সংশপ্তকগণের সহিত অর্জ্জুনের সংযোগ ঘটাইয়া, অর্জুন তখন সংশপ্তকদিগের বধের জন্য শিবির হইতে নির্গত হইয়া গেলে আপন সৈন্যদিগকে ব্যূহরূপে সজ্জিত করিয়া, যুধিষ্ঠিরকে ধরিবার ইচ্ছায় পাণ্ডবগণের বিশাল সৈন্যের দিকে চলিলেন ॥১—৩॥

দ্রোণের সেই সৈন্যকে গরুড়ব্যূহরূপে সন্নিবেশিত দেখিয়া যুধিষ্ঠিরও আপন সৈন্যগণকে অর্দ্ধচন্দ্রাকারে প্রতিব্যূহিত করিলেন ॥৪॥

মহারথ স্বয়ং দ্রোণ সেই গরুড়ব্যূহের মুখ হইলেন এবং রাজা দুর্য্যোধন সহোদরগণ ও অনুচরগণে বেষ্টিত হইয়া তাহার মস্তকস্থানে রহিলেন ॥৫॥

(৩) ..ধর্ম্মরাজজিঘাংসয়া—পি।

চক্ষুষী কৃতবর্ম্মা চ গৌতমশ্চাস্যতাং বরঃ।
ভূতশর্ম্মা ক্ষেমশর্ম্মা করকাক্ষশ্চ বীর্য্যবান্ ॥৬॥
কলিঙ্গাঃ সিংহলাঃ প্রাচ্যাঃ শূরাভীরা দশেরকাঃ।
শকা যবনকাম্বোজাস্তথা হংসপথাশ্চ যে ॥৭॥
গ্রীবায়াং শূরসেনাশ্চ দরদা মদ্রকেকয়াঃ।
গজাশ্বরথপত্ত্যোঘাস্তস্থুঃ পরমদংশিতাঃ ॥ ॥ (বিশেষকম্)
ভূরিশ্রবাস্তথা শল্যঃ সোমদত্তশ্চ বাহ্লিকঃ।
অক্ষৌহিণ্যা বৃতা বীরা দক্ষিণং পার্শ্বমাস্থিতাঃ ॥৯॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বামং পার্শ্বং সমাশ্রিত্য দ্রোণপুত্রাগ্রতঃ স্থিতাঃ ॥১০॥
পৃষ্ঠে কলিঙ্গাঃ সাম্বষ্ঠা মাগধাঃ পৌণ্ড্রমদ্রকাঃ।
গান্ধারাঃ শকুনাঃ প্রাচ্যাঃ পার্বতীয়া বশাতয়ঃ ॥১১॥
পুচ্ছে বৈকর্ত্তনঃ কর্ণঃ সপুত্রজ্ঞাতিবান্ধবঃ।
মহত্যা সেনয়া তস্থৌ নানাজনপদোত্থয়া ॥১২॥

চক্ষুষীতি। গৌতমঃ কৃপঃ, অস্যতাম্ অস্ত্রাণি ক্ষিপতাং মধ্যে বরঃ। শূরা যে আভীরা স্তদ্দেশীয়াস্তে। পরমদংশিতা অতীবসুসন্নদ্ধাঃ ॥৬—৮॥

ভূরীতি। দক্ষিণং পার্শ্বং তস্য গরুড়ব্যূহস্য, আস্থিতা আশ্রিতাঃ ॥৯॥

বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। দ্রোণপুত্রস্য অশ্বত্থাম্নঃ অগ্রতঃ স্থিতাঃ ॥১০॥

পৃষ্ঠ ইতি। কলিঙ্গাদয়ো ভাগশো গ্রীবাপৃষ্ঠয়োঃ স্থিতা ইতি ন পূর্বোক্তিবিরোধঃ ॥১১॥

কৃতবর্ম্মা ও ধনুর্দ্ধরশ্রেষ্ঠ কৃপ সেই ব্যূহের নয়নযুগল হইলেন; আর বলবান্ ভূতশর্ম্মা, ক্ষেমশর্ম্মা, করকাক্ষ এবং কলিঙ্গ, সিংহল, প্রাচ্য, বীর আভীর, দশেরক, শক, যবন, কাম্বোজ, হংসপথ, শূরসেন, দরদ, মদ্র ও কেকয়দেশীয় যোদ্ধারা হস্তী, অশ্ব, রথ ও পদাতির সহিত বিশেষ সুসজ্জিত হইয়া সেই ব্যূহের গ্রীবাদেশে থাকিলেন ॥৬—৮॥

ভূরিশ্রবা, শল্য, সোমদত্ত ও বাহ্লিক এই চারি জন বীর এক অক্ষৌহিণী সৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্যূহের দক্ষিণ পার্শ্বে রহিলেন ॥৯॥

অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং কাম্বোজরাজ সুদক্ষিণ ইহারা ব্যূহের বাম পার্শ্ব আশ্রয় করিয়া অশ্বত্থামার সম্মুখে থাকিলেন ॥১০॥

কলিঙ্গ, অম্বষ্ঠ, মগধ, পৌণ্ড্র, মদ্রক, গান্ধার, শকুন, প্রাচ্য, পার্ব্বতীয় ও বশাতিদেশীয় সৈন্যেরা (যথাসম্ভব বিভক্ত হইয়া) ব্যূহের পৃষ্ঠদেশেও রহিল ॥১১॥

(৬) চক্ষুষী কৃতবর্ম্মাসীৎ…নি।

জয়দ্রথো ভীমরথঃ সম্পাতিঋর্ষভো জয়ঃ।
ভূমিঞ্জয়ো বৃষক্রাথো নৈষধশ্চ মহাবলঃ ॥১৩॥
বৃতা বলেন মহতা ব্রহ্মলোকপুরস্কৃতাঃ।
ব্যূহস্যোরসি তে রাজন্! স্থিতা যুদ্ধবিশারদাঃ ॥১৪॥ (যুগ্মকম্)
দ্রোণেন বিহিতো ব্যূহঃ পদাত্যশ্বরথদ্বিপৈঃ।
বাতোদ্ধূতার্ণবাকারঃ প্রনৃত্ত ইব লক্ষ্যতে ॥১৫॥
তস্য পক্ষপ্রপক্ষেভ্যো নিষ্পতন্তি যুযুৎসবঃ।
সবিদ্যুৎস্তনিতা মেঘা সর্বদিগ্ভ্যঃ ইবোষ্ণগে ॥১৬॥
তস্য প্রাগ্জ্যোতিষো মধ্যে বিধিবৎ কল্পিতং গজম্।
আস্থিতঃ শুশুভে রাজন্নংশুমানুদয়ে যথা ॥১৭॥
মাল্যদামবতা রাজন্! শ্বেতচ্ছত্রেণ ধার্য্যতা।
কৃত্তিকাযোগযুক্তেন পৌর্ণমাস্যামিবেন্দুনা ॥১৮॥ (যুগ্মকম্)

পুচ্ছ ইতি। বৈকর্ত্তনো বিকর্ত্তনস্য সূর্য্যস্য পুত্রঃ। নানাজনপদেষু উগধা উৎপন্নয়া ॥১২॥
জয়দ্রথ ইতি। নৈষধো নিষধরাজঃ। ব্রহ্মলোকঃ পুরস্কৃতো যুদ্ধমৃত্যুনা যৈস্তে ॥১৩—১৪॥
দ্রোণেনেতি। বাতোদ্ধূতার্ণবাকারো বায়ূদ্বেলিতসমুদ্রতুল্যঃ। লক্ষ্যতে দৃশ্যতে স্ম ॥১৫॥
তস্যেতি। বিদ্যুদ্ভিঃ স্তনিতৈর্গর্জনৈশ্চ সহেতি তে। উষ্ণং গ্রীষ্মং গচ্ছতি অতিক্রামতীতি তস্মিন্ বর্ষাকাল ইত্যর্থঃ ॥১৬॥
তস্যেতি। প্রাগ্জ্যোতিষস্তন্নগরাধিপতির্ভগদত্তঃ। কল্পিতং সজ্জিতম্। অংশুমান্ সূর্য্যঃ। মাল্যদামবতা মুক্তামালারূপসূত্রবতা, ধার্য্যতা মস্তকোপরি ধার্য্যমাণেন। পৌর্ণমাস্যাং কৃত্তিকাযোগযুক্তশ্চন্দ্রঃ কার্ত্তিকমাস এব ভবতি। ইদঞ্চ শুশুভে ইত্যস্য করণম্ ॥১৭-১৮॥

পুত্র, জ্ঞাতি ও বান্ধবগণ এবং নানাদেশজাত বিশাল সৈন্যের সহিত সূর্য্যনন্দন কর্ণ ব্যূহের পশ্চাদ্ভাগে রহিলেন ॥১২॥

রাজা! আর জয়দ্রথ, ভীমরথ, সম্পাতি, ঋষভ, জয়, ভূমিঞ্জয়, বৃষক্রাথ ও মহাবল নিষধরাজ এই সকল যুদ্ধবিশারদ বীর বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া ব্রহ্মলোকে যাইবার ইচ্ছা করিয়া ব্যূহের বক্ষস্থলে থাকিলেন ॥১৩—১৪॥

মহারাজ! হস্তী, অশ্ব, রথ ও পদাতিদ্বারা দ্রোণনির্ম্মিত সেই ব্যূহটাকে বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় নৃত্য করিতেই যেন দেখা গেল ॥১৫॥

বর্ষাকালে বিদ্যুৎ ও গর্জনযুক্ত মেঘসমূহ যেমন সকল দিক্ হইতে নির্গত হয়, সেইরূপ যুদ্ধার্থীরা সেই গরুড়ব্যূহের পক্ষ ও প্রপক্ষস্থান হইতে নির্গত হইতে লাগিলেন ॥১৬॥

(১৪)⋯ ব্রহ্মলোকপরিষ্কৃতাঃ⋯নি। (১৫) ⋅ প্রমত্ত ইব পি,⋯ প্রনৃত্যন্নিব ব। (১৬) তস্য পক্ষপ্রপক্ষেভ্যঃ⋯পি।

নীলাঞ্জনচয়প্রখ্যো মদান্ধো দ্বিরদো বভৌ।
অতিবৃষ্টো মহামেঘৈর্যথা স্যাৎ পর্ব্বতো মহান্ ॥১৯॥
নানানৃপতিভির্বীরৈর্বিবিধায়ুধভূষণৈঃ।
সমন্বিতঃ পার্বতীয়ৈঃ শক্রো দেবগণৈরিব ॥২০॥
ততো যুধিষ্ঠিরঃ প্রেক্ষ্য ব্যূহং তমতিমানুষম্।
অজয্যমরিভিঃ সংখ্যে পার্ষতং বাক্যমব্রবীৎ ॥২১॥
ব্রাহ্মণস্য বশং নাহমিয়ামদ্য যথা প্রভো !।
পারাবতসবর্ণাশ্ব ! তথা নীতির্বিধীয়তাম্ ॥২২॥

ধৃষ্টদ্যুম্ন উবাচ।

দ্রোণস্য যতমানস্য বশং নৈষ্যসি সুব্রত !।
অহমাবারয়িষ্যামি দ্রোণমদ্য সহানুগম্ ॥২৩॥

নীলেতি। নীলাঞ্জনচয়প্রখ্যঃ কৃষ্ণকজ্জলরাশিতুল্যঃ, দ্বিরদো ভগদত্তহস্তী ॥১৯॥
পুনর্ভগদত্তং বিশিনষ্টি নানেতি। সমন্বিতো ভগদত্তঃ শুশুভে ইত্যন্বয়ঃ ॥২০॥
তত ইতি। জেতুমশক্য ইত্যজয্যস্তম্, সংখ্যে যুদ্ধে, পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥২১॥
ব্রাহ্মণস্যেতি। ইয়াং গচ্ছেয়ম্। প্রভো ! প্রভাবশালিন্ ! ॥২২॥
দ্রোণস্যেতি। যতমানস্য ত্বাং গ্রহীতুমিতি শেষঃ। হে সুব্রত ! সুচরিতশাস্ত্রনিয়ম ! ॥২৩॥

রাজা ! উদয়পর্বতে আরূঢ় সূর্য্য যেমন শোভা পান, সেইরূপ যথাবিধানে সজ্জিত হস্তীর উপরে আরূঢ় ভগদত্ত সেই ব্যূহমধ্যে শোভা পাইতে থাকিলেন। রাজা ! কার্ত্তিকমাসের পূর্ণিমাতিথিতে কৃত্তিকানক্ষত্রযুক্ত চন্দ্রের ন্যায় ভগদত্তের মস্তকে ধৃত মুক্তামালাযুক্ত শ্বেতচ্ছত্রদ্বারাও তিনি শোভা পাইতে লাগিলেন ॥১৭—১৮॥

বিশাল মেঘ প্রবল বর্ষণ করিতে লাগিলে মহাপর্বত যেমন প্রকাশ পায়, নীলকজ্জলরাশিতুল্য ভগদত্তের হাতীটাও মদজল নির্গত হইতে থাকায় সেইরূপ প্রকাশ পাইতে থাকিল ॥১৯॥

দেবগণের সহিত সম্মিলিত ইন্দ্র যেমন শোভা পান, সেইরূপ নানাবিধ অস্ত্র ও অলঙ্কারযুক্ত এবং বীর পার্বত্য রাজগণের সহিত সম্মিলিত ভগদত্তও শোভা পাইতে লাগিলেন ॥২০॥

তাহার পর যুধিষ্ঠির—যুদ্ধে শত্রুগণের অজেয় ও অলৌকিক সেই ব্যূহ দর্শন করিয়া ধৃষ্টদ্যুম্নকে এই কথা বলিলেন—॥২১॥

'প্রভাবশালী কপোতবর্ণঘোটক ধৃষ্টদ্যুম্ন ! আমি আজ যাহাতে ব্রাহ্মণের (দ্রোণের) বশীভূত না হই, আপনি সেইরূপ নীতি বিধান করুন' ॥২২॥

ময়ি জীবতি কৌরব্য ! নোদ্বেগং কর্তুমর্হসি।
নহি শক্তো রণে দ্রোণো বিজেতুং মাং কথঞ্চন ॥২৪॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা কিরন্ বাণান্ দ্রুপদস্য সুতো বলী।
পারাবতসবর্ণাশ্বঃ স্বয়ং দ্রোণমুপাদ্রবৎ ॥২৫॥
অনিষ্টদর্শনং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নমবস্থিতম্।
ক্ষণেনৈবাভবদ্দ্রোণো নাতিহৃষ্টমনা ইব ॥২৬॥
তং তু সংপ্রেক্ষ্য পুত্রস্তে দুর্ম্মুখঃ শত্রুকর্ষণঃ।
প্রিয়ং চিকীর্ষুর্দ্রোণস্য ধৃষ্টদ্যুম্নমবারয়ৎ ॥২৭॥
স সম্প্রহারস্তুমুলঃ সুঘোরঃ সমপদ্যত।
পার্ষতস্য চ শূরস্য দুর্ম্মুখস্য চ ভারত ! ॥২৮॥

ময়ীতি। অথ ত্বমেব যদি দ্রোণো হন্যাদিত্যাহ নহীতি ॥২৪॥
এবমিতি। কিরন্ ক্ষিপন্। পারাবতসবর্ণা কপোততুল্যনীলবর্ণা অশ্বা যস্য সঃ ॥২৫॥
অনিষ্টেতি। অনিষ্টদর্শনম্ আত্মনো হননায়ৈবোৎপন্নত্বাদিতি ভাবঃ ॥২৬॥
তমিতি। শত্রুকর্ষণঃ শত্রুবিজয়ী। চিকীর্ষুঃ কর্তুমিচ্ছুঃ ॥২৭॥
স ইতি। সম্প্রহারো যুদ্ধম্। সমপদ্যত সমজায়ত। পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য ॥২৮॥

ধৃষ্টদ্যুম্ন বলিলেন—'সুব্রত ! দ্রোণ আপনাকে গ্রহণ করিবার চেষ্টা করিলেও আপনি দ্রোণের বশীভূত হইবেন না। কারণ, আমিই আজ অনুচরবর্গের সহিত দ্রোণকে বারণ করিব ॥২৩॥

অতএব কৌরবনন্দন ! আমি জীবিত থাকিতে আপনি উদ্বেগ করিতে পারেন না। তা'র পর দ্রোণ যুদ্ধে কোন প্রকারেই আমাকে জয় করিতে সমর্থ হইবেন না' ॥২৪॥

সঞ্জয় বলিলেন—'এই কথা বলিয়া কপোততুল্য-নীলবর্ণঘোটক ও বলবান্ ধৃষ্টদ্যুম্ন বাণ ক্ষেপ করিতে করিতে নিজেই দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২৫॥

এদিকে অনিষ্টদর্শন ধৃষ্টদ্যুম্নকে সম্মুখে অবস্থিত দেখিয়া দ্রোণ তৎক্ষণাৎ অনতিহৃষ্টচিত্ত হইলেন ॥২৬॥

কিন্তু আপনার পুত্র শত্রুবিজয়ী দুর্ম্মুখ ধৃষ্টদ্যুম্নকে দেখিয়া দ্রোণের প্রিয় কার্য্য করিবার ইচ্ছা করিয়া ধৃষ্টদ্যুম্নকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২৭॥

ভরতনন্দন ! তখন বীর ধৃষ্টদ্যুম্ন ও দুর্ম্মুখের সেই যুদ্ধ তুমুল ও ভয়ঙ্করভাবে প্রবৃত্ত হইল ॥২৮॥

(২৭) ধৃষ্টদ্যুম্নমথাহ্বয়ং—পি।

পার্ষতঃ শরজালেন ক্ষিপ্রং প্রচ্ছাদ্য দুর্ম্মুখম্ ।
ভারদ্বাজং শরৌঘেণ মহতা সমবারয়ৎ ॥২৯॥
দ্রোণমাবারিতং দৃষ্ট্বা ভৃশায়স্তস্তবাত্মজঃ ।
নানালিঙ্গৈঃ শরব্রাতৈঃ পার্ষতং সমমোহয়ৎ ॥৩০॥
তয়োর্বিষক্তয়োঃ সংখ্যে পাঞ্চাল্যকুরুমুখ্যয়োঃ ।
দ্রোণো যৌধিষ্ঠিরং সৈন্যং বহুধা ব্যধমচ্ছরৈঃ ॥৩১॥
অনিলেন যথাভ্রাণি বিচ্ছিন্নানি সমন্ততঃ ।
তথা পার্থস্য সৈন্যানি বিচ্ছিন্নানি ক্বচিৎ ক্বচিৎ ॥৩২॥
মুহূর্ত্তমিব তদ্‌যুদ্ধমাসীন্মধুরদর্শনম্ ।
তত উন্মত্তবদ্রাজন্ ! নির্ম্মর্য্যাদমবর্ত্তত ॥৩৩॥
নৈব স্বে ন পরে রাজন্নজ্ঞায়ন্ত পরস্পরম্ ।
অনুমানেন সংজ্ঞাভির্যুদ্ধং তৎ সমবর্ত্তত ॥৩৪॥

পার্ষত ইতি। প্রচ্ছাদ্য আবৃত্য। ভারদ্বাজং দ্রোণম্ ॥২৯॥
দ্রোণমিতি। ভৃশায়স্তঃ অতীবসযত্নঃ। নানালিঙ্গৈর্বহুপ্রকারৈঃ ॥৩০॥
তয়োরিতি। বিষক্তয়োঃ সম্মিলিতয়োঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৩১॥
অনিলেনেতি। অভ্রাণি মেঘাঃ। পার্থস্য যুধিষ্ঠিরস্য, বিচ্ছিন্নানি দ্রোণেন ॥৩২॥
মুহূর্ত্তমিতি। উন্মত্তবৎ উন্মত্তানামিব, নির্ময্যাদং বিশৃঙ্খলম্ ॥৩৩॥
নেতি। স্বে স্বপক্ষীয়াঃ। সংজ্ঞাভিঃ পক্ষনামভিঃ ॥৩৪॥

ধৃষ্টদ্যুম্ন সত্বরই শরজালদ্বারা দুর্ম্মুখকে আবৃত করিয়া বিশাল শরসমূহদ্বারা দ্রোণকে বারণ করিতে লাগিলেন ॥২৯॥

ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে নিবারণ করিলেন দেখিয়া আপনার পুত্র দুর্ম্মুখ অত্যন্ত যত্নসহকারে নানাবিধ বাণসমূহদ্বারা ধৃষ্টদ্যুম্নকে মোহিত করিয়া ফেলিলেন ॥৩০॥

সেই ধৃষ্টদ্যুম্ন ও দুর্ম্মুখ যুদ্ধে সম্মিলিত হইলে, সেই অবসরে দ্রোণ বাণসমূহদ্বারা বহুপ্রকারে যুধিষ্ঠিরের সৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৩১॥

বায়ু যেমন মেঘসমূহকে সকল দিকে বিচ্ছিন্ন করে, সেইরূপ দ্রোণ কোন কোন অংশে যুধিষ্ঠিরের সৈন্যকে বিচ্ছিন্ন করিয়া ফেলিলেন ॥৩২॥

রাজা ! তখন সেই যুদ্ধ মুহূর্ত্তকালই যেন মধুরদর্শন ছিল ; তাহার পর উন্মত্তের ন্যায় বিশৃঙ্খলভাবে চলিতে লাগিল ॥৩৩॥

রাজা ! তৎকালে স্বপক্ষ বা পরপক্ষকে পরস্পর জানা গেল না ; কেবল অনুমান ও পক্ষের নামদ্বারা সেই যুদ্ধ চলিতে থাকিল ॥৩৪॥

চূড়ামণিষু নিষ্কেষু ভূষণেষ্বপি বর্ম্মসু।
তেষামাদিত্যবর্ণাভা রশ্ময়ঃ প্রচকাশিরে ॥৩৫॥
তৎ প্রকীর্ণপতাকানাং রথবারণবাজিনাম্।
বলাকাশবলাভ্রাভং দদৃশে রূপমাহবে ॥৩৬॥
নরানেব নরা জঘ্নুরুদগ্রাশ্চ হয়া হয়ান্।
রথাংশ্চ রথিনো জঘ্নুর্বারণান্ বরবারণাঃ ॥৩৭॥
সমুচ্ছ্রিতপতাকানাং গজানাং পরমদ্বিপৈঃ।
ক্ষণেন তুমুলো ঘোরঃ সংগ্রামঃ সমপদ্যত ॥৩৮॥
তেষাং সংসক্তগাত্রাণাং কর্ষতামিতরেতরম্।
দন্তসংঘাতসংঘর্ষাৎ সধূমোঽগ্নিরজায়ত ॥৩৯॥
বিপ্রকীর্ণপতাকাস্তে বিষাণজনিতাগ্নয়ঃ।
বভূবুঃ খং সমাসাদ্য সবিদ্যুত ইবাম্বুদাঃ ॥৪০॥

চূড়েতি। নিষ্কেষু বক্ষোভূষণেষু, প্রাধান্যাৎ পৃথগুক্তিঃ। রশ্ময়ঃ কিরণাঃ ॥৩৫॥
তদিতি। বলাকাভির্বকশ্রেণিভিঃ শবলানি বিচিত্রাণি যানি অভ্রাণি মেঘাস্তদাভম্ ॥৩৬॥
নরানিতি। উদগ্রা উন্নতা বলবন্ত ইত্যর্থঃ। বরবারণাঃ শ্রেষ্ঠহস্তিনঃ ॥৩৭॥
সমিতি। সমুচ্ছ্রিতাঃ সমুত্তোলিতাঃ পতাকা যেষু তেষাম্ ॥৩৮॥
তেষামিতি। সংসক্তগাত্রাণাং সংলগ্নদেহানাম্, কর্ষতাং শুণ্ডাভিঃ ॥৩৯॥

উভয়পক্ষীয় বীরগণের সূর্য্যতুল্য দেহের কিরণগুলি, তাঁহাদের চূড়ার মণি, বক্ষের অলঙ্কার, অন্যান্য অলঙ্কার ও বর্ম্মে প্রতিবিম্বিত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৩৫॥

পতাকা সকল ইতস্ততঃ চলিতে লাগিলে, উভয়পক্ষেরই হস্তী, অশ্ব ও রথগুলির আকৃতিকে বকশ্রেণিবিচিত্র মেঘের আকৃতির ন্যায় দেখা যাইতে থাকিল ॥৩৬॥

পদাতিরা পদাতিদিগকে, বলবান্ অশ্বগণ সাধারণ অশ্বগণকে, রথীরা রথীদিগকে এবং বিশাল হস্তীরা সাধারণ হস্তিগণকে বধ করিতে লাগিল ॥৩৭॥

ক্ষণকালমধ্যে বিশাল হস্তিগণের সঙ্গে উত্তোলিতপতাকাযুক্ত হস্তিগণের তুমুল ও ভীষণ যুদ্ধ উপস্থিত হইল ॥৩৮॥

সেগুলির গাত্র পরস্পর সংলগ্ন হইল, তাহারা শুণ্ডদ্বারা পরস্পর আকর্ষণ করিতে লাগিল এবং সেগুলির পরস্পর দন্তসংঘর্ষে ধূমের সহিত অগ্নি জন্মিতে থাকিল ॥৩৯॥

(৩৬) উৎপ্রকীর্ণপতাকানাম্…পি। (৩৭)…বারণা বরবারণান্—নি।

বিক্ষিপদ্ভির্নদদ্ভিশ্চ নিপতদ্ভিশ্চ বারণৈঃ।
সংবভূব মহী কীর্ণা মেঘৈর্দ্যৌরিব বার্ষিকী ॥৪১॥
তেষামাহন্যমানানাং বাণতোমরঋষ্টিভিঃ।
বারণানাং রবো জজ্ঞে মেঘানামিব সংপ্লবে ॥৪২॥
তোমরাভিহতাঃ কেচিদ্বাণৈশ্চ পরমদ্বিপাঃ।
বিত্রেসুঃ সর্ব্বনাগানাং শব্দমেবাপরেঽব্রজন্ ॥৪৩॥
বিষাণাভিহতাশ্চাপি কেচিত্তত্র গজা গজৈঃ।
চক্রুরার্ত্তস্বরং ঘোরমুৎপাতজলদা ইব ॥৪৪॥
প্রতীপাঃ ক্রিয়মাণাশ্চ বারণা বরবারণৈঃ।
উন্মথ্য পুনরাজগ্মুঃ প্রেরিতাঃ পরমাঙ্কুশৈঃ ॥৪৫॥

বিপ্রেতি। বিষাণৈর্দন্তাঘাতৈর্জনিতঃ অগ্নির্যৈস্তে। খমাকাশম্ ॥৪০॥
বীতি। কীর্ণা ব্যাপ্তা, দ্যৌরাকাশম্, বার্ষিকী বর্ষাকালীনা। ॥৪১॥
তেষামিতি। রব আর্ত্তনাদঃ। সংপ্লবে পরস্পরসংঘর্ষে ॥৪২॥
তোমরেতি। বিত্রেসুর্ভয়ং প্রাপুঃ। শব্দং লক্ষ্যীকৃত্য, অব্রজন্ তান প্রতি ॥৪৩॥
বিষাণেতি। বিষাণাভিহতা দন্তাহতাঃ। উৎপাতজলদা অনিষ্টসূচকমেঘাঃ ॥৪৪॥
প্রতীপা ইতি। প্রতীপাঃ প্রতিকূলা বিমুখা ইত্যর্থঃ। উন্মথ্য সম্মুখস্থান্ রথাদীন [illegible]

মেঘ যেমন আকাশে বিদ্যুৎ আবিষ্কার করে, সেইরূপ বিশাল হস্তী সকল ইতস্ততঃ পতাকা নিক্ষেপ করিয়া পরস্পর দন্তাঘাতদ্বারা অগ্নি আবিষ্কার করিতে লাগিল ॥৪০॥

বর্ষাকালে মেঘ যেমন আকাশ ব্যাপ্ত করে, সেইরূপ হস্তী সকল পরস্পর নিক্ষেপ ও গর্জন করতঃ নিপতিত হইতে থাকিয়া সমরভূমি ব্যাপ্ত করিল ॥৪১॥

পরস্পর সংঘর্ষ হইলে মেঘের যেমন গর্জন হয়, সেইরূপ বাণ, তোমর ও ঋষ্টিদ্বারা আঘাত করিতে থাকিলে হস্তিগণেরও গর্জন হইতে লাগিল ॥৪২॥

কতকগুলি বিশাল হস্তী তোমর ও বাণদ্বারা আহত হইয়া ভীত হইল এবং অন্য হস্তীরা সমস্ত হস্তীর শব্দ লক্ষ্য করিয়া ধাবিত হইতে থাকিল ॥৪৩॥

কতকগুলি হস্তী অপর হস্তিগণের দন্তদ্বারা আহত হইয়া ঔৎপাতিক মেঘের ন্যায় আর্ত্তনাদ করিতে লাগিল ॥৪৪॥

বিশাল হস্তীরা বিমুখ করিয়া দিলেও, গুরুতর অঙ্কুশাঘাতে সঞ্চালিত হইয়া

(৪১)···মেঘৈর্দ্যৌরিব শারদী—পি বা ব। (৪৩)···শব্দমেবাপরেঽস্রজন্—নি। (৪৪)···
চক্রুরার্ত্তস্বনম্···নি।

মহামাত্রৈর্মহামাত্রাস্তাড়িতাঃ শরতোমরৈঃ।
গজেভ্যঃ পৃথিবীং জগ্মুর্মুক্তপ্রহরণাঙ্কুশাঃ ॥৪৬॥
নির্মনুষ্যাশ্চ মাতঙ্গা বিনদন্তস্ততস্ততঃ।
ছিন্নাভ্রাণীব সংপেতুঃ সংপ্রবিশ্য পরস্পরম্ ॥৪৭॥
হতান্ পরিবহন্তশ্চ পতিতান্ পতিতায়ুধান্।
দিশো জগ্মুর্মহানাগাঃ কেচিদেকচরা ইব ॥৪৮॥
তাড়িতাস্তাড্যমানাশ্চ তোমরর্ষ্টিপরশ্বধৈঃ।
পেতুরার্ত্তস্বরং কৃত্বা তদা বিশসনে গজাঃ ॥৪৯॥
তেষাং শৈলোপমৈঃ কায়ৈর্নিপতদ্ভিঃ সমন্ততঃ।
আহতা সহসা ভূমিশ্চকম্পে চ ননাদ চ ॥৫০॥
সাদিতৈঃ সগজারোহৈঃ সপতাকৈঃ সমন্ততঃ।
মাতঙ্গৈঃ শুশুভে ভূমির্বিকীর্ণৈরিব পর্ব্বতৈঃ ॥৫১॥

মহেতি। মহামাত্রৈর্হস্তিপকৈঃ। মুক্তপ্রহরণাঙ্কুশাঃ ত্যক্তাস্ত্রাঙ্কুশাঃ ॥৪৬॥
নিরিতি। ছিন্নাভ্রাণি বিশ্লিষ্টমেঘাঃ। সংপ্রবিশ্য বিপক্ষমধ্যে ॥৪৭॥
হতানিতি। পতিতান পৃষ্ঠোপরি। একে চরন্তীত্যেকচরা একাকিনঃ ॥৪৮॥
তাড়িতা ইতি। বিশস্যতে হিংস্যতে অস্মিন্নিতি বিশসনং যুদ্ধস্থলম্ ॥৪৯॥
তেষামিতি। শৈলোপমৈঃ পর্বতপ্রমাণৈঃ, কায়ৈঃ শরীরৈঃ ॥৫০॥

সাধারণ হস্তিগণ সম্মুখবর্ত্তী রথপ্রভৃতিকে মর্দ্দন করিয়া আবার আসিতে থাকিল ॥৪৫॥

গজারোহীরা বাণ ও তোমরদ্বারা আঘাত করিলে, বিপক্ষ গজারোহীরা অস্ত্র ও অঙ্কুশ ত্যাগ করিয়া গজপৃষ্ঠ হইতে ভূতলে পড়িতে লাগিল ॥৪৬॥

আরোহিশূন্য হস্তিগণ গর্জন করিতে করিতে ইতস্ততঃ যাইয়া এবং পরস্পর বিপক্ষমধ্যে প্রবেশ করিয়া বিচ্ছিন্ন মেঘের ন্যায় পতিত হইতে থাকিল ॥৪৭॥

কতকগুলি মহাহস্তী আহত, পৃষ্ঠোপরি পতিত ও পতিতাস্ত্র আরোহীদিগকে বহন করতঃ একাকীর ন্যায় নানাদিকে দৌড়াইতে লাগিল ॥৪৮॥

তখন তোমর, ঋষ্টি ও পরশুদ্বারা তাড়িত ও তাড্যমান হইয়া কতকগুলি হস্তী আর্ত্তনাদ করিয়া সমরাঙ্গনে পতিত হইতে থাকিল ॥৪৯॥

সেই হস্তিগণের পর্ব্বতপ্রমাণ শরীর সকল নানাদিকে পতিত হইতে থাকিয়া আঘাত করায় তৎক্ষণাৎ সমরভূমি কাঁপিতে লাগিল ও শব্দ করিতে থাকিল ॥৫০॥

গজস্থাশ্চ মহামাত্রা নির্ভিন্নহৃদয়া রণে।
রথিভিঃ পাতিতা ভল্লৈর্বিকীর্ণাঙ্কুশতোমরাঃ ॥৫২॥
ক্রৌঞ্চবদ্বিনদন্তোঽন্যে নারাচাভিহতা গজাঃ।
পরান্ স্বাংশ্চাপি মৃদ্নন্তঃ পরিপেতুর্দিশো দশ ॥৫৩॥
গজাশ্বরথযোধানাং শরীরৌঘসমাবৃতা।
বভূব পৃথিবী রাজন্! মাংসশোণিতকর্দ্দমা ॥৫৪॥
প্রমথ্য চ বিষাণাগ্রৈঃ সমুৎক্ষিপ্তাশ্চ বারণৈঃ।
সচক্রাশ্চ বিচক্রাশ্চ রথৈরেব মহারথাঃ ॥৫৫॥
রথাশ্চ রথিভির্হীনা নির্মনুষ্যাশ্চ বাজিনঃ।
হতারোহাশ্চ মাতঙ্গা দিশো জগ্মুর্ভয়াতুরাঃ ॥৫৬॥
জঘানাত্র পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং তথা।
ইত্যাসীত্তুমুলং যুদ্ধং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৫৭॥

সাদিভৈরিতি। সাদিভৈরাহত্য নিপাতিতৈঃ। বিকীর্ণৈর্ভুবি বিক্ষিপ্তৈঃ ॥৫১॥
গজস্থা ইতি। মহামাত্রা গজারোহিণঃ। পাতিতা ভূতলে ॥৫২॥
ক্রৌঞ্চেতি। ক্রৌঞ্চবৎ ক্রৌঞ্চপক্ষিবৎ। মৃদ্নন্তো মর্দ্দয়ন্তঃ, পরিপেতুর্জগ্মুঃ ॥৫৩॥
গজেতি। মাংসৈঃ শোণিতৈশ্চ কর্দ্দমো যস্যাং সা ॥৫৪॥
প্রেতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ, সমুৎক্ষিপ্তাঃ শুণ্ডাভিরুত্তোলিতাঃ। রথৈঃ সহ ॥৫৫॥
রথা ইতি। হতারোহা নিহতারোহিণঃ ॥৫৬॥
জঘানেতি। ন প্রাজ্ঞায়ত রজোভিরাবরণাৎ কোলাহলাতিরেকাচ্চ ॥৫৭॥

বিক্ষিপ্ত পর্ব্বতসমূহের ন্যায় আরোহী ও পতাকাযুক্ত এবং সকল দিকে নিপতিত হস্তিগণদ্বারা সেই সমরভূমি শোভা পাইতে লাগিল ॥৫১॥

রথীরা ভল্লদ্বারা হৃদয় বিদীর্ণ করিলে, গজস্থিত যোদ্ধারা অঙ্কুশ ও তোমর ত্যাগ করিয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥৫২॥

নারাচদ্বারা আহত অন্য হস্তী সকল ক্রৌঞ্চপক্ষীর ন্যায় শব্দ করিতে থাকিয়া স্বপক্ষ ও বিপক্ষদিগকে মর্দ্দন করতঃ দশ দিকে দৌড়াইতে লাগিল ॥৫৩॥

রাজা! ক্রমে সমরভূমিটা-হস্তী, অশ্ব ও রথযোধীদিগের শরীরসমূহে আবৃত এবং রক্ত ও মাংসের কর্দ্দমযুক্ত হইয়া উঠিল ॥৫৪॥

হস্তী সকল দন্তদ্বারা আঘাত করিয়া শুণ্ডদ্বারা—চক্রযুক্ত ও চক্রবিহীন রথের সহিতই মহারথগণকে উত্তোলন করিতে থাকিল ॥৫৫॥

রথিবিহীন রথ, মনুষ্যশূন্য অশ্ব ও আরোহিরহিত হস্তী সকল ভয়ার্ত্ত হইয়া নানাদিকে দৌড়াইতে লাগিল ॥৫৬॥

আগুল্‌ফেভ্যোঽবসীদন্তে নরা লোহিতকর্দ্দমৈঃ।
দীপ্যমানৈঃ পরিক্ষিপ্তা দাবৈরিব মহাদ্রুমাঃ ॥৫৮॥
শোণিতৈঃ সিচ্যমানানি বস্ত্রাণি কবচানি চ।
ছত্রাণি চ পতাকাশ্চ সর্ব্বং রক্তমদৃশ্যত ॥৫৯॥
হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ নরৌঘাশ্চ নিপাতিতাঃ।
সংকৃত্তাঃ পুনরাবৃত্য বহুধা রথনেমিভিঃ ॥৬০॥
স গজৌঘমহাবেগঃ পরাসুনরশৈবলঃ।
রথৌঘতুমুলাবর্ত্তঃ প্রবভৌ সৈন্যসাগরঃ ॥৬১॥
তং বাহনমহানৌভির্যোধা জয়ধনৈষিণঃ।
অবগাহ্যাথ মজ্জন্তো নৈব মোহং প্রচক্রিরে ॥৬২॥

আগুল্‌ফেভ্য ইতি। অবসীদন্তে গমনক্লিষ্টা ভবন্তি স্ম। লোহিতকর্দ্দমৈ রক্তপঙ্কৈঃ। দীপ্যমানৈরুজ্জ্বলৈঃ, পরিক্ষিপ্তাঃ পরিবেষ্টিতাঃ, দাবৈর্বনবহ্নিভিঃ ॥৫৮॥

শোণিতৈরিতি। রক্তং রক্তবর্ণং রক্তসিক্তত্বাদেবেতি ভাবঃ ॥৫৯॥

হয়ৌঘা ইতি। সংকৃত্তাঃ সম্যক্ ছিন্নাঃ, আবৃত্য আগত্য ॥৬০॥

স ইতি। গজৌঘ এব মহান্ বেগো যস্য সঃ, পরাসবো মৃতা নরা এব শৈবলা যস্য সঃ, রথৌঘ এব তুমুলো মহান্ আবর্ত্তো জলভ্রমির্যস্য স চ, স সৈন্যসাগরঃ প্রবভৌ ॥৬১॥

এই যুদ্ধে পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে বধ করিতে থাকিল। এইভাবে তুমুল যুদ্ধ চলিতে লাগিল; কিন্তু কিছুই জানা গেল না ॥৫৭॥

বনমধ্যে মহাবৃক্ষ সকল যেমন বনাগ্নিতে পরিবেষ্টিত হয়, সেইরূপ মানুষেরা উজ্জ্বল রক্তকর্দ্দমে পরিবেষ্টিত ও গুল্‌ফপর্য্যন্ত রক্তে মগ্ন হওয়ায় চলিতে পারিল না ॥৫৮॥

বস্ত্র, কবচ, ছত্র ও পতাকা রক্তে সিক্ত হইয়া যাওয়ায় সে সমস্তই রক্তবর্ণ দেখা যাইতে লাগিল ॥৫৯॥

অশ্ব, রথ ও মনুষ্যসমূহ ভূতলে নিপাতিত হইয়া ছিল। সুতরাং রথচক্র-গুলি সেগুলির উপরে বার বার আসিয়া আসিয়া সেগুলিকে বহুভাবে ছিন্ন করিতে থাকিল ॥৬০॥

তৎকালে সেই উভয়পক্ষের সৈন্যই সমুদ্ররূপে প্রকাশ পাইতে লাগিল। কেন না, হস্তিসমূহ ছিল তাহার মহাবেগ, মৃত মানুষ ছিল শেওলা এবং রথসমূহ ছিল আবর্ত্ত (ঘোলা) ॥৬১॥

৬০। সংক্ষুণ্ণাঃ পুনরাবৃত্য…নি।

শরবর্ষাভিবৃষ্টেষু যোধেষঙ্কিতলক্ষমসু ।
ন তেষ্বচিহ্নতাং লেভে কশ্চিদাহতলক্ষণঃ ॥৬৩॥
বর্ত্তমানে তথা যুদ্ধে ঘোররূপে ভয়ঙ্করে ।
মোহয়িত্বা পরান্ দ্রোণো যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে সঙ্কুলযুদ্ধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ঊনবিংশোঽধ্যায়ঃ ।

———○:::○———

সঞ্জয় উবাচ ।

ততো যুধিষ্ঠিরো দ্রোণং দৃষ্ট্বান্তিকমুপাগতম্ ।
মহতা শরবর্ষেণ প্রত্যগৃহ্ণাদভীতবৎ ॥১॥

তমিতি। গজাদীনি বাহনান্যেব মহানাবস্তাভিঃ। জয়ধনৈষিণ ইত্যনেন যোধা বণিগ্রূপত্বং ব্যজ্যতে। মোহং নৈব প্রচক্রিরে প্রাপুঃ, জয়ধন এবৌৎসুক্যাতিরেকাৎ ॥৬২॥

শরেতি। অঙ্কিতানি জ্ঞাতানি লক্ষ্মাণি চিহ্নানি যেষাং তেষু। অচিহ্নতাং মোহং। আহতং নাশিতং লক্ষণং স্বচিহ্নং যস্য সঃ। অঙ্কিতলক্ষ্মত্বাদেব ভ্রমাভাব ইতি ভাবঃ ॥৬৩॥

বর্ত্তমান ইতি। ঘোররূপে মহতি। উপাদ্রবৎ গ্রহীতুমভ্যধাবৎ ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তত ইতি। অভীতবদিত্যনেনান্তর্ভয়ং সূচিতম্ ॥১॥

জয়রূপ-ধনাভিলাষী যোধরূপ বণিক্‌সমূহ বাহনরূপ মহানৌকাদ্বারা সেই সৈন্যরূপ সাগর অবগাহনপূর্ব্বক মগ্ন হইয়াও মোহ প্রাপ্ত হয় নাই ॥৬২॥

যোদ্ধারা বাণবর্ষণে আবৃত হইলেও তাহাদের চিহ্ন সকল লক্ষ্য হইতেছিল। সুতরাং নিজের চিহ্ন নষ্ট হইলেও কোন যোদ্ধাই তাহাদের উপরে ভ্রান্ত হয় নাই ॥৬৩॥

সেই মহাভয়ঙ্কর যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, দ্রোণ বিপক্ষগণকে মোহিত করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৬৪॥

* '…ঊনবিংশোঽধ্যায়ঃ' ব, '…বিংশোঽধ্যায়ঃ' বা রা নি। (১) ততো যুধিষ্ঠিরং দ্রোণঃ…পি।

ততো হলহলাশব্দ আসীদ্‌যৌধিষ্ঠিরে বলে।
জিঘৃক্ষতি মহাসিংহে গজানামিব যূথপম্ ॥২॥
দৃষ্ট্বা দ্রোণং ততঃ শূরঃ সত্যজিৎ সত্যবিক্রমঃ।
যুধিষ্ঠিরমভিপ্রেপ্সুরাচার্য্যং সমুপাদ্রবৎ ॥৩॥
তত আচার্য্যপাঞ্চাল্যৌ যুযুধাতে মহাবলৌ।
বিক্ষোভয়ন্তৌ তৎ সৈন্যমিন্দ্রবৈরোচনাবিব ॥৪॥
ততো দ্রোণং মহেষ্বাসঃ সত্যজিৎ সত্যবিক্রমঃ।
অবিধ্যন্নিশিতাগ্রেণ পরমাস্ত্রং নিদর্শয়ন্ ॥৫॥
অথাস্য সারথেঃ পঞ্চ শরান্ সর্পবিষোপমান্।
অমুঞ্চদন্তকপ্রখ্যান্ সংমুমোহাস্য সারথিঃ ॥৬॥

তত ইতি। হলহলেত্যাশঙ্কাসূচকমব্যয়ম্। জিঘৃক্ষতি গ্রহীতুমিচ্ছতি ॥২॥
দৃষ্ট্বেতি। অভিপ্রেপ্সুঃ রক্ষিতুমিচ্ছুঃ, সমুপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩॥
তত ইতি। পাঞ্চাল্যঃ সত্যজিৎ। বৈরোচনো বিরোচনপুত্রো বলিঃ ॥৪॥
তত ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। নিশিতাগ্রেণ শরেণ ॥৫॥
অথেতি। অস্য দ্রোণস্য। অন্তকপ্রখ্যান্ যমতুল্যান্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর দ্রোণ নিকটে আসিয়াছেন দেখিয়া যুধিষ্ঠির নির্ভয়ের ন্যায় বিশাল শরবর্ষণদ্বারা তাঁহাকে গ্রহণ করিলেন ॥১॥

তৎপরে মহাসিংহ হস্তিযূথপতিকে ধরিবার ইচ্ছা করিলে হস্তিগণের মধ্যে যেমন আশঙ্কাসূচক শব্দ হইতে থাকে, সেইরূপ দ্রোণ যুধিষ্ঠিরকে ধরিবার ইচ্ছা করিলে যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে আশঙ্কাসূচক কোলাহল হইতে লাগিল ॥২॥

তদনন্তর বীর ও যথার্থবিক্রমশালী সত্যজিৎ দ্রোণকে দেখিয়া যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৩॥

তাহার পর ইন্দ্র ও বলির ন্যায় মহাবল দ্রোণ ও সত্যজিৎ সেই সৈন্যগণকে বিক্ষুব্ধ করতঃ যুদ্ধ করিতে লাগিলেন ॥৪॥

ক্রমে মহাধনুর্দ্ধর ও যথার্থবিক্রমশালী সত্যজিৎ উত্তমাস্ত্রনিক্ষেপের যোগ্যতা দেখাইতে থাকিয়া একটা সুধার বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন ॥৫॥

পরে তিনি সর্পবিষের ন্যায় দুঃসহ এবং যমের ন্যায় ভীষণ পাঁচটা বাণ দ্রোণের সারথির উপরে নিক্ষেপ করিলেন; তাহাতে দ্রোণের সারথি মূর্চ্ছিত হইয়া পড়িল ॥৬॥

---

(৬) তথাস্য সারথেঃ··· পি।

অথাস্য সহসাবিধ্যদ্ধয়ান্ দশভিরাশুগৈঃ।
দশভির্দশভিঃ ক্রুদ্ধ উভৌ চ পার্ষ্ণিসারথী ॥৭॥
মণ্ডলন্তু সমাবৃত্য বিচরন্ পৃতনামুখে।
ধ্বজং চিচ্ছেদ চ ক্রুদ্ধো দ্রোণস্যামিত্রকর্ষণঃ ॥৮॥
দ্রোণস্তু তৎ সমালোক্য চরিতং তস্য সংযুগে।
মনসা চিন্তয়ামাস প্রাপ্তকালমরিন্দমঃ ॥৯॥
ততঃ সত্যজিতং তীক্ষ্ণৈর্দশভির্মর্মভেদিভিঃ।
অবিধ্যচ্ছীঘ্রমাচার্য্যশ্ছিত্ত্বাস্য সশরং ধনুঃ ॥১০॥
স শীঘ্রতরমাদায় ধনুরন্যৎ প্রতাপবান্।
দ্রোণমভ্যহনদ্রাজংস্ত্রিংশতা কঙ্কপত্রিভিঃ ॥১১॥
দৃষ্ট্বা সত্যজিতা দ্রোণং গ্রস্যমানমিবাহবে।
বৃকঃ শরশতৈস্তীক্ষ্ণৈঃ পাঞ্চাল্যো দ্রোণমার্দ্দয়ৎ ॥১২॥

অথেতি। হয়ান্ অশ্বান্, আশুগৈর্বাণৈঃ। পার্ষ্ণিসারথী পশ্চাদ্বর্ত্তিনৌ সূতৌ ॥৭॥
মণ্ডলমিতি। মণ্ডলং গোলাকারেণ ভ্রমণং যথা স্যাত্তথা। পৃতনায়াঃ সেনায়া মুখে ॥৮॥
দ্রোণ ইতি। প্রাপ্তকালং কালোচিতং প্রাক্ সত্যজিতো জয়মেবেত্যর্থঃ ॥৯॥
তত ইতি। তীক্ষ্ণৈঃ শরৈরিতি শেষঃ। অস্য সত্যজিতঃ ॥১০॥
স ইতি। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। কঙ্কপত্রিভির্বাণৈঃ ॥১১॥
দৃষ্ট্বেতি। বৃকো নাম কশ্চিদ্বীরঃ, পাঞ্চাল্যঃ পাঞ্চালদেশীয়ঃ ॥১২॥

তৎপরে আবার ক্রুদ্ধ সত্যজিৎ তৎক্ষণাৎ দশটা বাণদ্বারা দ্রোণের অশ্বগুলিকে এবং দশ দশটা বাণদ্বারা দ্রোণের পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে বিদ্ধ করিলেন ॥৭॥

শত্রুহন্তা সত্যজিৎ ক্রুদ্ধ হইয়া মণ্ডলাকারে ফিরিয়া সৈন্যসম্মুখে বিচরণ করিতে থাকিয়া দ্রোণের ধ্বজ ছেদন করিলেন ॥৮॥

কিন্তু শত্রুবিজয়ী দ্রোণ যুদ্ধে সত্যজিতের সেই কার্য্য দেখিয়া মনে মনে তৎকালোচিত কর্ত্তব্য বিষয়ের চিন্তা করিলেন ॥৯॥

তাহার পর দ্রোণ সত্বর সত্যজিতের ধনু ও বাণ ছেদন করিয়া দশটা মর্ম্মভেদী তীক্ষ্ণ বাণদ্বারা সত্যজিৎকে বিদ্ধ করিলেন ॥১০॥

রাজা! তখন প্রতাপশালী সত্যজিৎ অতিসত্বর অন্য ধনু লইয়া ত্রিশটা কঙ্কপক্ষযুক্ত বাণদ্বারা দ্রোণকে আঘাত করিলেন ॥১১॥

(৯) দ্রোণস্তু তৎ সমালক্ষ্য···পি।

সংছাদ্যমানং সমরে দ্রোণং দৃষ্ট্বা মহারথম্।
চুক্রুশুঃ পাণ্ডবা রাজন্! বস্ত্রাণি দুধুবুশ্চ হ ॥১৩॥
বৃকস্তু পরমক্রুদ্ধো দ্রোণং ষষ্ট্যা স্তনান্তরে।
বিব্যাধ বলবান্ রাজন্! তদদ্ভুতমিবাভবৎ ॥১৪॥
দ্রোণস্তু শরবর্ষেণ চ্ছাদ্যমানো মহারথঃ।
বেগং চক্রে মহাবেগঃ ক্রোধাদুদ্ধৃত্য চক্ষুষী ॥১৫॥
ততঃ সত্যজিতশ্চাপং ছিত্ত্বা দ্রোণো বৃকস্য চ।
ষড়্ভিঃ সসূতং সহয়ং শরৈর্দ্রোণোঽবধীদ্বৃকম্ ॥১৬॥
অথান্যদ্ধনুরাদায় সত্যজিদ্বেগবত্তরম্।
সাশ্বং সসূতং বিশিখৈর্দ্রোণং বিব্যাধ সধ্বজম্ ॥১৭॥
স তন্ন মমৃষে দ্রোণঃ পাঞ্চাল্যেনার্দ্দিতো মৃধে।
ততস্তস্য বিনাশায় সত্বরং ব্যসৃজচ্ছরান্ ॥১৮॥

সংছাদ্যেতি। চুক্রুশুঃ আনন্দকোলাহলং চক্রুঃ। দুধুবুঃ কম্পযামাসুঃ ॥১৩॥
বৃক ইতি। ষষ্ট্যা বাণৈঃ, স্তনয়োরন্তরে বক্ষসি ॥১৪॥
দ্রোণ ইতি। বেগং ত্বরাম্। উদ্ধৃত্য উত্তোল্য ॥১৫॥
তত ইতি। ষণ্ণাং শরাণামেকৈকেনৈকৈকমবধীৎ। দ্রোণপদস্য পুনরুক্তির্দোষ এব ॥১৬॥
অথেতি। বেগবত্তরং সুদৃঢ়মিত্যর্থঃ। বিশিখৈর্ব্বাণৈঃ ॥১৭॥
স ইতি। মমৃষে সেহে, পাঞ্চাল্যেন সত্যজিতা ॥১৮॥

সত্যজিৎ যুদ্ধে দ্রোণকে যেন গ্রাস করিয়াছেন দেখিয়া পাঞ্চালদেশীয় বৃক বহুসংখ্যক তীক্ষ্ণ বাণদ্বারা দ্রোণকে পীড়ন করিলেন ॥১২॥

রাজা! যুদ্ধে মহারথ দ্রোণকে বাণে আবৃত দেখিয়া পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা আনন্দকোলাহল করিয়া উঠিল এবং বস্ত্র সঞ্চালন করিতে লাগিল ॥১৩॥

রাজা! তৎপরে বলবান্ বৃক অত্যন্তক্রুদ্ধ হইয়া ষাটটা বাণদ্বারা দ্রোণের বক্ষস্থল বিদ্ধ করিলেন। সেটা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১৪॥

মহারথ ও মহাবেগশালী দ্রোণ বাণবর্ষণে আবৃত হইয়া ক্রোধে নয়নযুগল উত্তোলন করিয়া ত্বরাপরায়ণ হইলেন ॥১৫॥

তাহার পর দ্রোণ সত্যজিৎ ও বৃকের ধনু ছেদন করিয়া ছয়টা বাণদ্বারা সারথি ও চারিটা অশ্বের সহিত বৃককে বধ করিলেন ॥১৬॥

তৎপরে সত্যজিৎ অন্য একখানা সুদৃঢ় ধনু লইয়া বাণদ্বারা অশ্ব, সারথি ও ধ্বজের সহিত দ্রোণকে বিদ্ধ করিলেন ॥১৭॥

হয়ান্ ধ্বজং ধনুর্মুষ্টিমুভৌ চ পার্ষ্ণিসারথী।
অবাকিরত্ততো দ্রোণঃ শরবর্ষৈঃ সহস্রশঃ ॥১৯॥
তথা সংছিদ্যমানেষু কার্ম্মুকেষু পুনঃ পুনঃ।
পাঞ্চাল্যঃ পরমাস্ত্রজ্ঞঃ শোণাশ্বং সমযোধয়ৎ ॥২০॥
স সত্যজিতমালোক্য তথোদীর্ণং মহাহবে।
অর্দ্ধচন্দ্রেণ চিচ্ছেদ শিরস্তস্য মহাত্মনঃ ॥২১॥
তস্মিন্ হতে মহামাত্রে পাঞ্চালানাং মহারথে।
অপায়াজ্জবনৈরশ্বৈর্দ্রোণাত্ত্রস্তো যুধিষ্ঠিরঃ ॥২২॥
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাশ্চেদিকারূষকোশলাঃ।
যুধিষ্ঠিরমভীপ্সন্তো দৃষ্ট্বা দ্রোণমুপাদ্রবন্ ॥২৩॥

হয়ানিতি। অবাকিরৎ অবকিরন্নচ্ছিনদিত্যর্থঃ ॥১৯॥
তথেতি। শোণা রক্তবর্ণা অশ্বা যস্য তং দ্রোণম্, সমযোধয়ৎ সম্প্রাহরৎ ॥২০॥
স ইতি। উদীর্ণং বিক্রমিণম্। অর্দ্ধচন্দ্রেণ তদাখ্যেন বাণেন ॥২১॥
তস্মিন্নিতি। মহামাত্রে প্রধানে। অপায়াৎ সমরাদপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥২২॥
পাঞ্চালা ইতি। এতে দেশবাচিনঃ শব্দাস্তত্তদ্দেশীয়যোদ্ধৃষু লক্ষ্যন্তে ॥২৩॥

সত্যজিৎ যুদ্ধে সেইরূপ পীড়ন করিলে, দ্রোণ তাহা সহ্য করিলেন না। সুতরাং তিনি সত্যজিৎকে বিনাশ করিবার জন্য সত্বর বাণক্ষেপ করিতে লাগিলেন ॥১৮॥

তদনন্তর দ্রোণ সহস্র সহস্র বাণ বর্ষণ করিয়া সত্যজিতের অশ্ব, ধ্বজ, ধনুর মুষ্টিদেশ এবং পৃষ্ঠবর্ত্তী সারথি দুই জনকে সংহার করিলেন ॥১৯॥

দ্রোণ সেইভাবে বার বার ধনু ছেদন করিলে, উত্তমাস্ত্রজ্ঞ সত্যজিৎ দ্রোণকে গুরুতর প্রহার করিতে থাকিলেন ॥২০॥

তখন দ্রোণ সত্যজিৎকে মহাযুদ্ধে সেইরূপ বিক্রম প্রকাশ করিতে দেখিয়া একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সেই মহাত্মার মস্তক ছেদন করিলেন ॥২১॥

পাঞ্চালদেশীয় সেই প্রধান মহারথ সত্যজিৎ নিহত হইলে, যুধিষ্ঠির দ্রোণ হইতে ভীত হইয়া বেগবান্ অশ্বগণের গুণে সমরাঙ্গন হইতে সত্বর অপসৃত হইলেন ॥২২॥

পাঞ্চাল, কেকয়, মৎস্য, চেদি, কারূষ ও কোশলদেশীয় যোদ্ধারা দ্রোণকে দেখিয়া যুধিষ্ঠিরকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দ্রোণের দিকে ধাবিত হইল ॥২৩॥

ততো যুধিষ্ঠিরং প্রেপ্সুরাচার্য্যঃ শত্রুপূগহা।
ব্যধমত্তান্যনীকানি তূলরাশিমিবানলঃ ॥২৪॥
মৎস্যান্ জিত্বাঽজয়চ্চেদীন্ করূষান্ কেকয়ানপি।
পাঞ্চালান্ সৃঞ্জয়ান্ পাণ্ডূন্ ভারদ্বাজঃ পুনঃ পুনঃ ॥২৫॥
তং দহন্তমনীকানি ক্রুদ্ধমগ্নিং যথা বনম্।
দৃষ্ট্বা রুক্মরথং বীরং সমকম্পন্ত সৃঞ্জয়াঃ ॥২৬॥
উত্তমং হ্যাদদানস্য ধনুরস্যাশুকারিণঃ।
জ্যাঘোষো নিঘ্নতোঽমিত্রান্ দিক্ষু সর্বাসু শুশ্রুবে ॥২৭॥
নাগানশ্বান্ পদাতীংশ্চ রথিনো গজসাদিনঃ।
রৌদ্রা হস্তবতা মুক্তাঃ প্রমথ্নন্তি স্ম সায়কাঃ ॥২৮॥

তত ইতি। প্রেপ্সুর্গ্রহীতুমিচ্ছুঃ, শত্রুপূগহা শত্রুসমূহহন্তা। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২৪॥
মৎস্যানিতি। পাণ্ডূন্ পাণ্ডবসৈন্যান্, ভারদ্বাজো দ্রোণঃ ॥২৫॥
তমিতি। অনীকানি পাণ্ডবসৈন্যানি। রুক্মরথং স্বর্ণময়রথং দ্রোণম্ ॥২৬॥
উত্তমমিতি। আদদানস্য গৃহ্ণতঃ, আশুকারিণঃ শীঘ্রাস্ত্রক্ষেপিণঃ ॥২৭॥
নাগানিতি। নাগান্ গজান্। হস্তবতা প্রশস্তহস্তশালিনা দ্রোণেন ॥২৮॥

তাহার পর অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ যুধিষ্ঠিরকে ধরিবার জন্য যত্নবান্ ও শত্রুসমূহহন্তা দ্রোণ সেই সৈন্যগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥২৪॥

দ্রোণ মৎস্যদেশীয় যোদ্ধাদিগকে জয় করিয়া চেদি, করূষ, কেকয়, পাঞ্চাল, সৃঞ্জয় এবং পাণ্ডবপক্ষের অপর সৈন্যগণকেও বার বার জয় করিলেন ॥২৫॥

অগ্নি যেমন বন দগ্ধ করে, সেইরূপ স্বর্ণময়রথারোহী ও মহাবীর দ্রোণ ক্রুদ্ধ হইয়া পাণ্ডবসৈন্য দগ্ধ করিতেছেন দেখিয়া সৃঞ্জয়েরা কাঁপিতে লাগিল ॥২৬॥

উত্তম ধনু আকর্ষণ, সত্বর অস্ত্রক্ষেপ ও শত্রুসংহার করিবার সময়ে সকল দিকেই দ্রোণের ধনুষ্টঙ্কার শুনা যাইতে থাকিল ॥২৭॥

(২৪)…তৃণরাশিমিবানলঃ—পি। ইতঃ পরং বিরাটাত্মজশতানীকবধবোধকাশ্চত্বারঃ শ্লোকাঃ কেষুচিৎ পুস্তকেষু বিন্যস্তাঃ। তচ্চান্যায্যম্, ভীষ্মপর্ব্বণি ১১৩ অধ্যায়ে ভীষ্মেণৈব তদ্বধস্য কীর্ত্তনাভিধানাৎ ভীষ্মস্য প্রতিজ্ঞানুসারেণ তথৈব সম্ভবাচ্চ। তে চ শ্লোকা যথা—
নির্দহন্তমনীকানি তানি তানি পুনঃ পুনঃ। দ্রোণং মৎস্যাদবরজঃ শতানীকোঽভ্যবর্ত্তত ॥
সূর্য্যরশ্মিপ্রতীকাশৈঃ কর্ম্মারপরিমার্জ্জিতৈঃ। ষড়্ভিঃ সসূতং সহয়ং দ্রোণং বিদ্ধানদদ্ভৃশম্ ॥
ক্রূরায় কর্ম্মণে যুক্তশ্চিকীর্ষুঃ কর্ম্ম দুষ্করম্। অবাকিরচ্ছরশতৈর্ভারদ্বাজং মহারথম্ ॥
তস্য নানদতো দ্রোণঃ শিরঃ কায়াৎ সকুণ্ডলম্। ক্ষুরেণাপাহরৎ তূর্ণং ততো মৎস্যাঃ প্রদুদ্রুবুঃ ॥
(২৭) উভাভ্যাং সন্দধানস্য…নি।

নানদ্যমানঃ পর্জ্জন্যো মিশ্রবাতো হিমাত্যয়ে।
অশ্মবর্ষমিবাবর্ষৎ পরেষাং ভয়মাদধৎ ॥২৯॥
সর্বা দিশঃ সমচরৎ সৈন্যং বিক্ষোভয়ন্নিব।
বলী শূরো মহেষ্বাসো মিত্রাণামভয়ঙ্করঃ ॥৩০॥
তস্য বিদ্যুদিবাভ্রেষু চাপং হেমপরিষ্কৃতম্।
দিক্ষু সর্বাসু পশ্যামো দ্রোণস্যামিততেজসঃ ॥৩১॥
শোভমানাং ধ্বজে চাস্য বেদীমদ্রাক্ষ্ম ভারত!।
হিমবচ্ছিখরাকারাং চরতঃ সংযুগে ভৃশম্ ॥৩২॥
দ্রোণস্তু পাণ্ডবানীকে চকার কদনং মহৎ।
যথা দৈত্যগণে বিষ্ণুঃ সুরাসুরনমস্কৃতঃ ॥৩৩॥

নানদ্যেতি। হিমাত্যয়ে শীতকালাবসানে বসন্তকালে, নানদ্যমানঃ পুনঃ পুনর্নদন্ গর্জ্জন, মিশ্রো মিলিতো বাতো যত্র সঃ, পর্জ্জন্যো মেঘঃ, অশ্মবর্ষং শিলাবৃষ্টিমিব, দ্রোণঃ পরেষাং ভয়ম্, আদধৎ জনয়ন্, বাণবর্ষম্ অবর্ষৎ অকরোৎ ॥২৯॥

সর্বা ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো দ্রোণঃ ॥৩০॥

তস্যেতি। অভ্রেষু মেঘেষু, হেমপরিষ্কৃতং স্বর্ণখচিততয়া শোভিতম্ ॥৩১॥

শোভেতি। বেদীং ব্রাহ্মণত্বাদ্‌যজ্ঞবেদীচিহ্নম্। হিমবচ্ছিখরাকারাং হিমাদ্রিশৃঙ্গতুল্যাম্ ॥৩২॥

দ্রোণ ইতি। কদনমুৎপীড়নম্ ॥৩৩॥

লঘুহস্ত-দ্রোণ-নিক্ষিপ্ত ভয়ঙ্কর বাণ সকল যাইয়া হস্তী, অশ্ব, পদাতি, রথী ও গজারোহীদিগকে আলোড়ন করিতে লাগিল ॥২৮॥

বসন্তকালে বায়ুসম্মিলিত এবং অনবরতগর্জনকারী মেঘ যেমন শিলাবৃষ্টি করে, সেইরূপ দ্রোণ শত্রুপক্ষের ভয় জন্মাইতে থাকিয়া বাণবৃষ্টি করিতে লাগিলেন ॥২৯॥

বলবান্, বীর, মহাধনুর্দ্ধর ও মিত্রগণের অভয়দাতা দ্রোণ বিপক্ষসৈন্যকে আলোড়ন করতই যেন সকল দিকে বিচরণ করিতে থাকিলেন ॥৩০॥

মেঘের উপরে বিদ্যুতের ন্যায় অমিততেজা দ্রোণের হস্তে তাঁহার স্বর্ণখচিত ধনুখানাকে আমরা সকল দিকে দেখিতে লাগিলাম ॥৩১॥

ভরতনন্দন! দ্রোণ যখন অনবরত সমরাঙ্গনে বিচরণ করিতেছিলেন, তখন আমরা তাঁহার ধ্বজে হিমালয়ের শৃঙ্গতুল্য সুন্দর বেদী দেখিতেছিলাম ॥৩২॥

পূর্বকালে সুরাসুরনমস্কৃত বিষ্ণু যেমন দৈত্যসৈন্যগণের গুরুতর উৎপীড়ন করিয়াছিলেন, দ্রোণও তেমন পাণ্ডবসৈন্যগণের গুরুতর উৎপীড়ন করিতে লাগিলেন ॥৩৩॥

স শূরঃ সত্যবাক্ প্রাজ্ঞো বলবান্ সত্যবিক্রমঃ।
মহানুভাবঃ কল্পান্তে রৌদ্রাং ভীরুবিভীষণাম্ ॥৩৪॥
কবচোর্ম্মিধ্বজাবর্ত্তাং মর্ত্ত্যকূলাপহারিণীম্।
গজবাজিমহাগ্রাহামসিমীনাং দুরাসদাম্ ॥৩৫॥
বীরাস্থিশর্করাং রৌদ্রাং ভেরীমুরজকচ্ছপাম্।
চর্ম্মবর্ম্মপ্লবাং ঘোরাং কেশশৈবলশাদ্বলাম্ ॥৩৬॥
শরৌঘিণীং ধনুঃস্রোতাং বাহুপন্নগসঙ্কুলাম্।
রণভূমিবহাং তীব্রাং কুরুসৃঞ্জয়বাহিনীম্ ॥৩৭॥
মনুষ্যশীর্ষপাষাণাং শক্তিমীনাং গদোড়ুপাম্।
উষ্ণীষফেনবসনাং বিকীর্ণান্ত্রসরীসৃপাম্ ॥৩ ॥
বীরাপহারিণীমুগ্রাং মাংসশোণিতকর্দ্দমাম্।
হস্তিগ্রাহাং কেতুবৃক্ষাং ক্ষত্রিয়াণাং নিমজ্জনীম্ ॥৩৯॥

অথাষ্টভিঃ শ্লোকৈঃ কুলকেন রক্তনদীং বর্ণয়ন্নাহ স ইতি। ঈদৃশো দ্রোণো নদীং প্রাবর্ত্তয়-নিতি পরেণান্বয়ঃ। মহানুভাবঃ প্রভাবো যস্য সঃ, কল্পান্তে প্রলয়কাল ইব। কবচান্যেব ঊর্ম্ময়স্তরঙ্গা যস্যাঃ সা চাসৌ ধ্বজা এব আবর্ত্তা জলভ্রমণো যস্যাঃ সা চেতি তাম্, মর্ত্ত্যা মৃতদেহা এব কূলানি তীরাণি তানি ভঙ্‌ক্ত্বা অপহরতীতি তাম্। গজবাজিন এব মহাগ্রাহা বৃহজ্জল-জন্তবো যস্যাং তাম্, অসয়ঃ কৃপাণা এব মীনা যস্যাস্তাম্, দুরাসদাং দুর্গমাম্। বীরাণামস্থীন্যেব শর্করাঃ ক্ষুদ্রপাষাণা যস্যাং তাম্, ভেরীমুরজা বাদ্যযন্ত্রাণ্যেব কচ্ছপা যস্যাং তাম্। চর্ম্মাণি বর্ম্মাণি চ প্লবাঃ ক্ষুদ্রনৌকা যস্যাং তাম্, কেশা এব শৈবলানি তৈঃ শাদ্বলাং স্থানবিশেষে হরিদ্বর্ণাম্। শরা এব ওঘা বেগা অস্যাঃ সন্তীতি তাম্, ধনুংষ্যেব স্রোতাংসি যস্যাস্তাম্। স্রোতঃশব্দস্য সলোপ আর্ষঃ। বাহব এব পন্নগাঃ সর্পাস্তৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্। রণভূমৌ বহতীতি তাম্, কুরূন্ সৃঞ্জয়াংশ্চ বহতি নয়তীতি তাম্। মনুষ্যাণাং শীর্ষাণি মস্তকান্যেব পাষাণা যস্যাস্তাম্, শক্তয় অস্ত্রবিশেষা এব মীনা যস্যাস্তাম্, গদা এব উড়ুপানি ক্ষুদ্রনৌকা যস্যাস্তাম্। উষ্ণীষ-বসনান্যেব ফেনা যস্যাস্তাম্। ফেনপদস্য মধ্যবর্ত্তিত্বমার্ষম্। বিকীর্ণানি অন্ত্রাণি নাড়ীবিশেষা

বীর, সত্যবাদী, প্রাজ্ঞ, বলবান্, যথার্থবিক্রমশালী ও মহাপ্রভাবসম্পন্ন দ্রোণ প্রলয়কালের ন্যায় একটা ভয়ঙ্কর রক্তের নদী প্রবর্ত্তিত করিয়া ফেলিলেন। কবচ ছিল সেই নদীটার তরঙ্গ, ধ্বজ ছিল আবর্ত্ত (ঘোলা), হস্তী ও অশ্ব ছিল বৃহৎ জলজন্তু, তরবারি ছিল মৎস্য, বীরগণের অস্থি ছিল কাঁকর, ভেরী ও মৃদঙ্গ ছিল কচ্ছপ, চর্ম্ম ও বর্ম্ম ছিল ক্ষুদ্র নৌকা, বাণ ছিল বেগ, ধনু ছিল স্রোত, মনুষ্যগণের মস্তক ছিল পাষাণ, শক্তি ছিল মৎস্য, গদা ছিল ক্ষুদ্র নৌকা, উষ্ণীষ ও বস্ত্র ছিল ফেন, বিক্ষিপ্ত নাড়ী ছিল সর্প, রক্ত ও মাংস ছিল কর্দ্দম, হস্তী ছিল

ক্রূরাং শরীরসংঘট্টাং সাদিনক্রাং দুরত্যয়াম্ ।
দ্রোণঃ প্রাবর্ত্তয়ত্তত্র নদীমন্তকগামিনীম্ ॥৪০॥
ক্রব্যাদগণসংজুষ্টাং শ্বশৃগালগণায়ুতাম্ ।
নিষেবিতাং মহারৌদ্রৈঃ পিশিতাশৈঃ সমন্ততঃ ॥৪১॥ (কুলকম্)
তং দহন্তমনীকানি রথোদারং কৃতান্তবৎ ।
সর্বতোঽভ্যদ্রবন্ দ্রোণং কুন্তীপুত্রপুরোগমাঃ ॥৪২॥
তে দ্রোণং সহিতাঃ শূরাঃ সর্বতঃ প্রত্যবারয়ন্ ।
গভস্তিভিরিবাদিত্যং তপন্তং ভুবনং যথা ॥৪৩॥
তং তু শূরং মহেষ্বাসং তাবকা হ্যুদ্যতায়ুধাঃ ।
রাজানো রাজপুত্রাশ্চ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৪৪॥

এব সরীসৃপাঃ সর্পা যত্র তাম্ । বীরানপহরতীতি তাম্, মাংসশোণিতান্যেব কর্দ্দমা যস্যাং তাম্, হস্তিন এব গ্রাহা জলজন্তবো যত্র তাম্, কেতবো ধ্বজা এব বৃক্ষা যত্র তাম্, ক্ষত্রিয়াণ নিমজ্জনীং নিমজ্জনকারিণীম্ । শরীরাণ্যেব সংঘট্টা সোপানানি যস্যাং তাম্, সাদিনো হস্ত্যশ্বারোহিণ এব নক্রাঃ কুম্ভীরা যস্যাং তাম্ । অন্তকগামিনীং যমলোকপ্রাপিণীম্ । ক্রব্যাদগণৈর্বৃকাদিমাংসভোজিসমূহৈঃ সংজুষ্টাং সম্যক্ সেবিতাম্, শুনাং কুকুরাণাং শৃগালানাঞ্চ গণেন আয়ুতাং সম্বদ্ধাম্ । সমন্ততো মহারৌদ্রৈঃ পিশিতাশৈর্মাংসভোজিভিঃ পক্ষিভির্নিষেবিতাঞ্চ । অত্র পুনরুক্ত্যাদয়ো দোষা আর্যত্বাৎ সোঢ়ব্যাঃ ॥৩৪—৪১॥

তমিতি । রথোদারং মহারথম্ । কুন্তীপুত্রপুরোগমা যুধিষ্ঠিরাদয়ঃ ॥৪২॥

ত ইতি । গভস্তিভিঃ কিরণৈঃ । প্রথমার্থে তৃতীয়েয়ম্ । ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৪৩॥

তমিতি । পর্য্যবারয়ন্ সাহায্যবিধানায় ॥৪৪॥

জলজন্তু, ধ্বজ ছিল বৃক্ষ, শরীর ছিল ঘাট এবং গজারোহী ও অশ্বারোহীরা ছিল কুম্ভীর। আর সেই নদীটা ভীরু লোকের ভয় জন্মাইতেছিল এবং দুর্গমা, কেশরূপ শৈবলে (সেওলাতে) হরিদ্বর্ণা, রণস্থলবাহিনী, কুরু ও সৃঞ্জয়গণাকর্ষিণী, বীরাপহরণকারিণী, ক্ষত্রিয়গণের নিমগ্নতাবিধায়িনী, যমলোকপ্রেরিণী, বিশেষতঃ মাংসভোজী বৃক, কুকুর, শৃগাল ও মহাভীষণ পক্ষিগণে সকল দিকে ব্যাপ্ত ছিল ॥৩৪—৪১॥

মহারথ দ্রোণ যমের ন্যায় সৈন্য সংহার করিতে লাগিলে, যুধিষ্ঠিরপ্রভৃতি যোদ্ধারা সকল দিক্ হইতে তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৪২॥

কিরণসমূহ যেমন জগৎসন্তাপকারী সূর্য্যকে পরিবেষ্টন করে, সেইরূপ সেই বীরেরা সম্মিলিত হইয়া সকল দিকে দ্রোণকে বেষ্টন করিলেন ॥৪৩॥

(৪৩)···সর্ব্বতঃ পর্য্যবারয়ন্··পি । (৪৪)···তাবকাভ্যুদ্যতায়ুধাঃ···বা ব রা নি ।

শিখণ্ডী তু ততো দ্রোণং পঞ্চভির্নতপর্বভিঃ।
ক্ষত্রবর্ম্মা চ বিংশত্যা বসুদানশ্চ পঞ্চভিঃ ॥৪৫॥
উত্তমৌজাস্ত্রিভির্বাণৈঃ ক্ষত্রদেবশ্চ সপ্তভিঃ।
সাত্যকিশ্চ শতেনাজৌ যুধামন্যুস্তথাষ্টভিঃ ॥৪৬॥
যুধিষ্ঠিরো দ্বাদশভির্দ্রোণং বিব্যাধ সায়কৈঃ।
ধৃষ্টদ্যুম্নশ্চ দশভিশ্চেকিতানস্ত্রিভিঃ শরৈঃ ॥৪৭॥ (বিশেষকম্)
ততো দ্রোণঃ সত্যসন্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ।
অভ্যতীত্য রথানীকং দৃঢ়সেনমপাতয়ৎ ॥৪৮॥
ততো রাজানমাসাদ্য প্রহরন্তমভীতবৎ।
অবিধ্যন্নবভিঃ ক্ষেমং স হতঃ প্রাপতদ্রথাৎ ॥৪৯॥
স মধ্যং প্রাপ্য সৈন্যানাং সর্ব্বাঃ প্রবিচরন্ দিশঃ।
ত্রাতা হ্যভবদন্যেষাং ন ত্রাতব্যঃ কথঞ্চন ॥৫০॥

শিখণ্ডীতি। নতানি কিঞ্চিদ্বক্রাণি পর্বাণি উপান্ত্যদেশা যেষাং তৈর্বাণৈঃ। শতেন বাণানাম। বিব্যাধ তাড়য়ামাস, সায়কৈর্বাণৈঃ ॥৪৫—৪৭॥

তত ইতি। সত্যসন্ধো যথার্থপ্রতিজ্ঞঃ, প্রভিন্নো মদস্রাবী। দৃঢ়সেনং নাম ॥৪৮॥

তত ইতি। ক্ষেমং নাম রাজানমিতি সম্বন্ধঃ। নবভির্ব্বাণৈঃ ॥৪৯॥

স ইতি। স দ্রোণঃ। ত্রাতা রক্ষকঃ। ত্রাতব্যো রক্ষিতব্যঃ, আত্মনৈব সুরক্ষিতত্বাৎ ॥৫০॥

আবার আপনার পক্ষের রাজারা এবং রাজপুত্রেরাও অস্ত্র উত্তোলন করিয়া সেই মহাবীর ও মহাধনুর্দ্ধর দ্রোণকে সকল দিকে বেষ্টন করিলেন ॥৪৪॥

তাহার পর শিখণ্ডী নতপর্ব পাঁচটা, ক্ষত্রবর্ম্মা কুড়িটা, বসুদান পাঁচটা, উত্তমৌজা তিনটা, ক্ষত্রদেব সাতটা, সাত্যকি শতটা, যুধামন্যু আটটা, যুধিষ্ঠির বারটা, ধৃষ্টদ্যুম্ন দশটা এবং চেকিতান তিনটা বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন ॥৪৫—৪৭॥

তদনন্তর সত্যপ্রতিজ্ঞ দ্রোণ মদস্রাবী হস্তীর ন্যায় বিপক্ষ রথী সৈন্যকে অতিক্রম করিয়া যাইয়া দৃঢ়সেনকে নিপাতিত করিলেন ॥৪৮॥

তৎপরে, ক্ষেমরাজা নির্ভয়ের ন্যায় প্রহার করিতেছিলেন, সেই সময়ে দ্রোণ তাঁহার সম্মুখে যাইয়া তাঁহাকে নয়টা বাণদ্বারা বিদ্ধ করিলেন; তখন তিনি নিহত হইয়া রথ হইতে পতিত হইলেন ॥৪৯॥

ক্রমে দ্রোণ বিপক্ষসৈন্যের মধ্যে উপস্থিত হইয়া সকল দিকে বিচরণ করিতে থাকিয়া অন্যের রক্ষক হইতে লাগিলেন বটে, কিন্তু নিজে কোন প্রকারেই অন্যের রক্ষণীয় হইতে থাকিলেন না ॥৫০॥

শিখণ্ডিনং দ্বাদশভির্বিংশত্যা চোত্তমৌজসম্ ।
বসুদানঞ্চ ভল্লেন প্রৈষয়দ্‌যমসাদনম্ ॥৫১॥
অশীত্যা ক্ষত্রবর্ম্মাণং ষড়্‌বিংশত্যা সুদক্ষিণম্ ।
ক্ষত্রদেবন্তু ভল্লেন রথনীড়াদপাতয়ৎ ॥৫২॥
যুধামন্যুং চতুঃষষ্ট্যা ত্রিংশতা চৈব সাত্যকিম্ ।
বিদ্ধা রুক্মরথস্তূর্ণং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৫৩॥
ততো যুধিষ্ঠিরঃ ক্ষিপ্রং গুরুতো রাজসত্তমঃ ।
অপায়াজ্জবনৈরশ্বৈঃ পাঞ্চাল্যো দ্রোণমভ্যয়াৎ ॥৫৪॥
তং দ্রোণঃ সধনুষ্কন্তু সাশ্বযন্তারমাক্ষিণোৎ ।
স হতঃ প্রাপতদ্‌ভূমৌ রথাজ্জ্যোতিরিবাম্বরাৎ ॥৫৫॥
তস্মিন্ হতে রাজপুত্রে পাঞ্চালানাং যশস্করে ।
হত দ্রোণং হত দ্রোণমিত্যাসীন্নিস্বনো মহান্ ॥৫৬॥

শিখণ্ডিনমিতি। দ্বাদশভির্বিংশত্যা চ বাণৈর্বিদ্ধেতি শেষঃ ॥৫১॥

অশীত্যেতি। পূর্ব্ববদেব বিদ্ধেতি শেষঃ। রথনীডাদিত্যনেন ক্ষত্রদেবস্য পক্ষিতুল্যত্বং সূচিতম্ ॥৫২॥

যুধেতি। রুক্মরথঃ স্বর্ণময়রথো দ্রোণঃ। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৫৩॥

তত ইতি। গুরুতো গুরোর্দ্রোণাৎ। অপায়াৎ অপাসরৎ, জবনৈর্বেগবদ্ভিঃ ॥৫৪॥

তমিতি। অশ্বৈর্যন্ত্রা সারথিনা চ সহেতি তম্, আক্ষিণোদ্বাণৈর্বাদারয়ৎ ॥৫৫॥

পরে তিনি বারটা বাণদ্বারা শিখণ্ডীকে এবং কুড়িটাদ্বারা উত্তমৌজাকে বিদ্ধ করিয়া একটা ভল্লদ্বারা বসুদানকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৫১॥

আবার আশীটা বাণদ্বারা ক্ষত্রবর্ম্মাকে এবং ছাব্বিশটাদ্বারা সুদক্ষিণকে তাড়ন করিয়া একটা ভল্লদ্বারা ক্ষত্রদেবকে রথনীড় হইতে নিপাতিত করিলেন ॥৫২॥

তৎপরে দ্রোণ চৌষট্টিটা বাণদ্বারা যুধামন্যুকে এবং ত্রিশটাদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া সত্বর যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৫৩॥

তদনন্তর রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির সত্বর বেগযুক্ত ঘোটক চালিত রথে দ্রোণের নিকট হইতে অপসৃত হইলেন; আর পাঞ্চালরাজপুত্র দ্রোণের দিকে চলিলেন ॥৫৪॥

তখন দ্রোণ বাণদ্বারা ধনু, অশ্ব ও সারথির সহিত পাঞ্চালরাজপুত্রকে বিদীর্ণ করিলেন; তাহাতে সেই রাজপুত্র নিহত হইয়া আকাশ হইতে জ্যোতিষ্ক পদার্থের ন্যায় রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥৫৫॥

তাংস্তথা ভৃশসংরব্ধান্ পাঞ্চালান্ মৎস্যকেকয়ান্।
সৃঞ্জয়ান্ পাণ্ডবাংশ্চৈব দ্রোণো ব্যক্ষোভয়দ্বলী ॥৫৭॥
সাত্যকিং চেকিতানঞ্চ ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
বার্দ্ধক্ষেমিং চৈত্রসেনিং সেনাবিন্দুং সুবর্চ্চসম্ ॥৫৮॥
এতাংশ্চান্যাংশ্চ সুবহূন্ নানাজনপদেশ্বরান্।
সর্ব্বান্ দ্রোণোঽজয়দ্যুদ্ধে কুরুভিঃ পরিবারিতঃ ॥৫৯॥ (যুগ্মকম্)
তাবকাশ্চ মহারাজ! জয়ং লব্ধ্বা মহাহবে।
পাণ্ডবেয়ান্ রণে জঘ্নুর্দ্রবমাণান্ সমন্ততঃ ॥৬০॥
তে দানবা ইবেন্দ্রেণ বধ্যমানা মহাত্মনা।
পাঞ্চালাঃ কেকয়া মৎস্যাঃ সমকম্পন্ত ভারত! ॥৬১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি সংশপ্তকবধে দ্রোণবিক্রমে উনবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

তস্মিন্নিতি। হত সংহরত যূয়ম্। নিস্বনঃ কোলাহলঃ ॥৫৬॥
তানিতি। ভৃশসংরব্ধান্ অতীবক্রুদ্ধান্। ব্যক্ষোভয়ৎ আলোড়য়ৎ ॥৫৭॥
সাত্যকিমিতি। সুবর্চ্চসং নাম। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৫৮—৫৯॥
তাবকা ইতি। তাবকাস্ত্বৎপক্ষীযযোদ্ধারঃ। দ্রবমাণান্ পলায়মানান্ ॥৬০॥
তে ইতি। মহাত্মনা দ্রোণেন। সমকম্পন্ত প্রাণভয়েন ॥৬১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি সংশপ্তকবধে উনবিংশোঽধ্যায়ঃ ॥০॥

...লগণের যশস্কর সেই রাজপুত্র নিহত হইলে, 'দ্রোণকে বধ কর, দ্রোণকে বধ কর' এইরূপ বিশাল কোলাহল হইতে লাগিল ॥৫৬॥

বলবান্ দ্রোণ—অত্যন্তক্রুদ্ধ সেই পাঞ্চাল, মৎস্য, কেকয়, সৃঞ্জয় ও অন্যান্য পাণ্ডবযোদ্ধৃগণকে আলোড়ন করিতে লাগিলেন ॥৫৭॥

ক্রমে দ্রোণাচার্য্য কৌরবসৈন্যগণে পরিবেষ্টিত হইয়া সাত্যকি, চেকিতান, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, বার্দ্ধক্ষেমি, চৈত্রসেনি, সেনাবিন্দু ও সুবর্চ্চা ইহাদিগকে এবং অন্যান্য বহুতর নানাদেশীয় রাজাকে যুদ্ধে জয় করিলেন ॥৫৮—৫৯॥

মহারাজ! আপনার পক্ষের যোদ্ধারা মহাযুদ্ধে জয় লাভ করিয়া সকল দিকে পলায়মান পাণ্ডবসৈন্যগণকে বধ করিতে লাগিলেন ॥৬০॥

(৬১) মাৎস্যাঃ নি। * '...বিংশোঽধ্যায়ঃ' ব, '...একবিংশোঽধ্যায়ঃ' বা রা নি।

বিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ভারদ্বাজেন ভগ্নেষু পাণ্ডবেষু মহামৃধে।
পাঞ্চালেষু চ সর্ব্বেষু কশ্চিদন্যোঽভ্যবর্ত্তত ॥১॥
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা ক্ষত্রিয়াণাং যশস্করীম্।
অসেবিতাং কাপুরুষৈঃ সেবিতাং পুরুষর্ষভৈঃ ॥২॥ (যুগ্মকম্)
স হি বীরোন্নতঃ শূরো যো ভগ্নেষু নিবর্ত্ততে।
অহো নাসীৎ পুমান্ কশ্চিদ্দৃষ্ট্বা দ্রোণং ব্যবস্থিতম্ ॥৩॥
জৃম্ভমাণমিব ব্যাঘ্রং প্রভিন্নমিব কুঞ্জরম্।
ত্যজন্তমাহবে প্রাণান্ সন্নদ্ধং চিত্রযোধিনম্ ॥৪॥
মহেষ্বাসং নরব্যাঘ্রং দ্বিষতাং ভয়বর্দ্ধনম্।
কৃতজ্ঞং সত্যনিরতং দুর্য্যোধনহিতৈষিণম্ ॥৫॥

ভারেতি। অভ্যবর্ত্তত অভিমুখোঽভবৎ কিমিতি কাকুঃ। আর্য্যাং সাধ্বীম্ ॥১—২॥

স ইতি। সৈন্যেষু ভগ্নেষু সৎসু, যো নিবর্ত্ততে নিবৃত্যাভিমুখীভবতি, স হি, বীরেষু উন্নত শ্রেষ্ঠঃ শূরো বীরঃ। তথা চ দ্রোণং যুদ্ধায় ব্যবস্থিতং দৃষ্ট্বা তাদৃশঃ কশ্চিৎ পুমান্, পাণ্ডববলে তদানীং নাসীদহো কিমিতি কাকুঃ ॥৩॥

ভরতনন্দন! ইন্দ্র যেমন দানবগণকে বধ করিতেন, সেইরূপ মহাত্মা দ্রোণ বধ করিতে থাকিলে, পাঞ্চাল, কেকয় ও মৎস্যদেশীয় সৈন্যেরা কাঁপিতে লাগিল' ॥৬১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! দ্রোণাচার্য্য সমস্ত পাণ্ডবগণকে এবং সমগ্র পাঞ্চালদিগকে পরাভূত করিলে, ক্ষত্রিয়গণের যশের হেতু, পুরুষশ্রেষ্ঠগণের অবলম্বিত এবং কাপুরুষদিগের অনাশ্রিত যুদ্ধবিষয়ে উত্তম বুদ্ধি করিয়া পাণ্ডব-পক্ষের অন্য কোন লোক দ্রোণের অভিমুখবর্ত্তী হইয়াছিল কি? ॥১—২॥

সৈন্য ভগ্ন হইলে যিনি ফিরিয়া দাঁড়ান, তিনিই বীরগণের মধ্যে শ্রেষ্ঠ বীর। সুতরাং দ্রোণকে যুদ্ধের জন্য অবস্থিত দেখিয়া তাদৃশ কোন পুরুষ তখন পাণ্ডব-পক্ষে ছিল না কি? ॥৩॥

(১)···কৈকেয়েষু মহামৃধে···পি। (৫)···দ্বিষতামঘবর্দ্ধনম্···পি,···দ্বিষতাং শোকবর্দ্ধনম্···ব।

ভারদ্বাজং তথানীকে দৃষ্ট্বা শূরমবস্থিতম্।
কে শূরাঃ সন্ন্যবর্ত্তন্ত তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৬॥ (বিশেষকম্)

সঞ্জয় উবাচ।

তান্ দৃষ্ট্বা চলিতান্ সংখ্যে প্রণুন্নান্ দ্রোণসায়কৈঃ।
পাঞ্চালান্ পাণ্ডবান্ মৎস্যান্ সৃঞ্জয়াংশ্চেদিকেকয়ান্ ॥৭॥
দ্রোণচাপবিমুক্তেন শরৌঘেণাশুহারিণা।
সিন্ধোরিব মহৌঘেন হ্রিয়মাণান্ যথা প্লবান্ ॥৮॥
কৌরবাঃ সিংহনাদেন নানাবাদ্যস্বনেন চ।
রথদ্বিপনরাংশ্চৈব সর্ব্বতঃ সমবারয়ন্ ॥৯॥ (বিশেষকম্)
তান্ পশ্যন্ সৈন্যমধ্যস্থো রাজা স্বজনসংবৃতঃ।
দুর্য্যোধনোঽব্রবীৎ কর্ণং প্রহৃষ্টঃ প্রহসন্নিব ॥১০॥

জৃম্ভেতি। জৃম্ভমাণং গাত্রমায়চ্ছমানম্, প্রভিন্নং মদস্রাবিণম্। ত্যজন্তং ত্যাগায়োদ্যচ্ছন্তম্, সন্নদ্ধং যুদ্ধায় সজ্জিতম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। অনীকে সৈন্যে ॥৪—৬॥

তানিতি। পরত্র হ্রিয়মাণানিত্যুক্তেঃ চলিতান্ বিচলিতান্ কম্পিতানিত্যর্থঃ। প্রণুন্নান্ বিদীর্ণান। আশুহারিণা দ্রুতং হরণকারিণা। হ্রিয়মাণান্ অন্যত্র নীয়মানান্, প্লবান্ ক্ষুদ্রনৌকাঃ। রথদ্বিপনরান্ পাণ্ডবপক্ষীয়ান্ রথিহস্তিপদাতীন্ ॥৭—৯॥

পৃথুঞ্চ বৈণ্যং রাজানং মৃতং সৃঞ্জয়! শুশ্রুম।
যমভ্যষিঞ্চন্ সাম্রাজ্যে রাজসূয়ে মহর্ষয়ঃ ॥১॥
যত্নতঃ প্রথিতেত্যূচুঃ সর্ব্বানভিভবন্ পৃথুঃ।
ক্ষতান্নস্ত্রাস্যতে সর্ব্বানিত্যেবং ক্ষত্রিয়োঽভবৎ ॥২॥
পৃথুং বৈণ্যং প্রজা দৃষ্ট্বা রক্তাঃ স্মেতি যদব্রুবন্।
ততো রাজেতি নামাস্য অনুরাগাদজায়ত ॥৩॥
অকৃষ্টপচ্যা পৃথিবী আসীদ্বৈণ্যস্য কামধুক্।
সর্ব্বাঃ কুম্ভদুহো গাবঃ পুটকে পুটকে মধু ॥৪॥

ভারতকৌমুদী

পৃথুমিতি। বৈণ্যং বেণরাজপুত্রম্। রাজসূয়ে যজ্ঞে কৃতে সতি ॥১॥

যত্নত ইতি। স যত্নতঃ সর্ব্বান্ বীরানভিভবন্ প্রথিতো মহাবীরত্বেন খ্যাতোঽভবদিতি হেতোঃ সর্ব্বে তং পৃথুরিত্যূচুঃ। প্রথিতেতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। কিঞ্চ অয়ং সর্বান্ নঃ অস্মান্ ক্ষতাৎ পরেষামবদারণাৎ, ত্রাস্যতে রক্ষিষ্যতি, ইত্যেবং হেতোঃ স ক্ষত্রিয়োঽভবৎ। অতএব "ক্ষতাৎ কিল ত্রায়ত ইত্যুদগ্রঃ ক্ষত্রস্য শব্দো ভুবনেষু রূঢ়ঃ" ইতি রঘৌ কালিদাসঃ, "স ক্ষত্রিয়স্ত্রাণসহঃ সতাং যঃ" ইতি কিরাতে ভারবিশ্চ ॥২॥

পৃথুমিতি। রক্তাঃ ত্বয্যনুরক্তাঃ। অতএব রঘৌ "রাজা প্রকৃতিরঞ্জনাৎ" ইত্যুক্তম্ ॥৩॥

নারদ বলিলেন—'মহারাজ সৃঞ্জয়! বেণরাজার পুত্র পৃথুরাজাও মরিয়া গিয়াছেন শুনিয়াছি। রাজসূয়যজ্ঞ সম্পন্ন হইলে, মহর্ষিরা যাঁহাকে সাম্রাজ্যে অভিষিক্ত করিয়াছিলেন ॥১॥

তিনি যত্নপূর্ব্বক সমস্ত বীরকে পরাভূত করিয়া মহাবীর বলিয়া প্রথিত হইয়াছিলেন। তাই সকলে তাঁহাকে 'পৃথু' বলিত। আর 'ইনি আমাদের সকলকে আঘাত হইতে রক্ষা করিবেন' এইরূপ সম্ভাবনাকারী লোকদিগের মধ্যে 'ক্ষত্রিয়' বলিয়াও বিখ্যাত হইয়াছিলেন ॥২॥

প্রজারা বেণনন্দন পৃথুকে দেখিয়া যে হেতু বলিত—'আমরা আপনার প্রতি অনুরক্ত আছি' তাহাদের সেই অনুরাগহেতু তাঁহার 'রাজা-'নামও হইয়াছিল ॥৩॥

আসন্ হিরণ্ময়া দর্ভাঃ সুখস্পর্শাঃ সুখাবহাঃ।
তেষাং চীরাণি সংবীতাঃ প্রজাস্তেষ্বেব শেরতে ॥৫॥
ফলান্যমৃতকল্পানি স্বাদূনি চ মৃদূনি চ।
তাসামাসীত্তদাহারো নিরাহারাশ্চ নাভবন্ ॥৬॥
অরোগাঃ সর্ব্বসিদ্ধার্থা মনুষ্যা হ্যকুতোভয়াঃ।
ন্যবসন্ত যথাকামং বৃক্ষেষু চ গুহাসু চ ॥৭॥
প্রবিভাগো ন রাষ্ট্রাণাং পুরাণাঞ্চাভবত্তদা।
যথাসুখং যথাকামং তথৈব মুদিতাঃ প্রজাঃ ॥৮॥

ভারতকৌমুদী

অকৃষ্টেতি। কৃষ্টে পচ্যতে শস্যং পরিণম্যত ইতি কৃষ্টপচ্যা, "কৃষ্টপচ্যকুপ্যে সংজ্ঞায়াম্" ইতি নিপাতঃ। ন কৃষ্টপচ্যা অকৃষ্টপচ্যা কর্ষণাদ্যভাবেঽপি শস্যোৎপাদিনীত্যর্থঃ। কামান্ ইষ্টান্ পদার্থান্ দোগ্ধি আবিষ্কৃত্য দদাতীতি কামধুক। কুম্ভেষু দুহন্তীতি কুম্ভদুহঃ দুগ্ধেন কুম্ভপরিপূরণকারিণ্য আসন্। তথা পুটকে পুটকে প্রতিচক্রে মধু চাসীৎ। পৃথুভাগ্যাদিতি সর্বত্র ভাবঃ ॥৪॥

আসন্নিতি। হিরণ্ময়াঃ স্বর্ণময়াঃ, দর্ভা কুশাঃ। চীরাণি কৌপীনানি বসনানি বা, সংবীতাঃ কর্ত্তরি ক্তঃ, পরিদধানা ইত্যর্থঃ। তেষ্বেব দর্ভেষু শেরতে স্ম, সুখস্পর্শত্বাৎ ॥৫॥

ফলানীতি। ফলানি তরূণাম্। তাসাং প্রজানাম্ ॥৬॥

অরোগা ইতি। বৃক্ষেষু তন্মূলেষু গুহাসু চ ন্যবসন্ত, তদানীমপি গৃহনির্ম্মাণব্যবহারা-ভাবাৎ ॥৭॥

প্রেতি। রাষ্ট্রাণাং প্রবিভাগো নাভবৎ, রাজান্তরাভাবাৎ। পুরাণামপি তথৈব ॥৮॥

পৃথুর সময়ে কর্ষণ না করিলেও ভূমিতে শস্য জন্মিত, ভূমি সকলের অভীষ্ট বস্তু দান করিত, গো সকল কুম্ভ পূরণ করিয়া দুধ দিত এবং প্রত্যেক চাকে মধু হইত ॥৪॥

কুশ সকল স্বর্ণময়, সুখস্পর্শ ও সুখজনক ছিল; প্রজারা তাহারই বস্ত্র পরিধান ও তাহাতেই শয়ন করিত ॥৫॥

বৃক্ষে অমৃততুল্য সুস্বাদু ও কোমল ফল জন্মিত, প্রজারা তাহাই ভক্ষণ করিত; কিন্তু কেহই অনাহারে থাকিত না ॥৬॥

তৎকালের মনুষ্যেরা নীরোগ, সিদ্ধকাম ও অকুতোভয় হইয়া ইচ্ছানুসারে বৃক্ষমূলে ও গুহাতে বাস করিত ॥৭॥

তখন রাজ্য বা নগরের বিভাগ ছিল না এবং প্রজারাও অনায়াসে ও যথেচ্ছভাবে আমোদ লাভ করিত ॥৮॥

তস্য সংস্তম্ভিতা হ্যাপঃ সমুদ্রমভিযাস্যতঃ।
পর্ব্বতাশ্চ দদুর্মার্গং ধ্বজভঙ্গশ্চ নাভবৎ ॥৯॥
তং বনস্পতয়ঃ শৈলা দেবাসুরনরোরগাঃ।
সপ্তর্ষয়ঃ পুণ্যজনা গন্ধর্ব্বাপ্সরসোঽপি চ ॥১০॥
পিতরশ্চ সুখাসীনমভিগম্যেদমব্রুবন্।
সম্রাড়সি ক্ষত্রিয়োঽসি রাজা গোপ্তা পিতাসি নঃ ॥১১॥ (যুগ্মকম্)
দেহ্যস্মভ্যং মহারাজ! প্রভুঃ সন্নীপ্সিতান্ বরান্।
যৈর্ব্বয়ং শাশ্বতীস্তৃপ্তীর্বর্ত্তয়িষ্যামহে সুখম্ ॥১২॥
তথেত্যুক্ত্বা পৃথুর্বৈণ্যো গৃহীত্বাজগবং ধনুঃ।
শরাংশ্চাপ্রতিমান্ ঘোরান্ চিন্তয়িত্বাব্রবীন্মহীম্ ॥১৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। আপঃ সমুদ্রস্যৈব জলানি। ধ্বজভঙ্গো বৃক্ষশাখাদিনা রথধ্বজভঙ্গঃ ॥৯॥
তমিতি। পুণ্যজনা রাক্ষসা। গোপ্তা রক্ষিতা। অতএব চ পিতাসি ॥১০-১১॥
দেহীতি। শাশ্বতীশ্চিরন্তনীঃ, বর্ত্তয়িষ্যামহে প্রাপ্স্যামঃ ॥১২॥
তথেতি। 'আজগবং' শিবধনুঃ তত্তুল্যমিত্যর্থঃ। পৃথিব্যা ভয়প্রদর্শনায়েতি ভাবঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

পৃথুমিতি ॥১॥ প্রথিতা পৃথ্বী অনেনেতি পৃথুরিত্যর্থঃ ॥২—৪॥ তেষাং দর্ভাণামেব চীরাণি বল্কলানি, যৈঃ প্রজাঃ সংবীতাস্তেব পরিধানীয়ানি শয়নানি চেত্যর্থঃ ॥৫—৮॥ ধ্বজভঙ্গস্তোরণা-

পৃথু যখন সমুদ্রের দিকে যাইতেন, তখন তাহার জল স্তম্ভিত হইয়া থাকিত, পর্ব্বতেরা তাঁহার যাইবার পথ দিত এবং বৃক্ষশাখাপ্রভৃতিতে লগ্ন হইয়াও তাঁহার রথধ্বজ ভগ্ন হইত না ॥৯॥

একদা পৃথু সুখে উপবিষ্ট ছিলেন, সেই সময়ে বৃক্ষ, পর্ব্বত, দেবতা, অসুর, মানুষ, সর্প, সপ্তর্ষি, রাক্ষস, গন্ধর্ব্ব, অপ্সরা ও পিতৃলোকেরা তাঁহার নিকট যাইয়া এই কথা বলিলেন—'আপনি সম্রাট্, ক্ষত্রিয়, রাজা ও রক্ষক। সুতরাং আপনি আমাদের পিতৃস্বরূপ ॥১০—১১॥

আর মহারাজ! আপনি প্রভাবশালীও বটেন। অতএব আপনি আমাদিগকে অভীষ্ট বর দান করুন, যাহাতে আমরা অনায়াসে চিরস্থায়ী তৃপ্তি লাভ করিতে পারি' ॥১২॥

'তাহাই হইবে' এই কথা বলিয়া বেণনন্দন পৃথু শিবের ধনুর তুল্য একখানা

(১০)…দেবাসুরমহোরগাঃ…বর্দ্ধ।

এহ্যেহি বসুধে ! ক্ষিপ্রং ক্ষরৈভ্যঃ কাঙ্ক্ষিতং পয়ঃ ।
ততো দাস্যামি ভদ্রং তে অন্নং যস্য যথেপ্সিতম্ ॥১৪॥

বসুধোবাচ ।

দুহিতৃত্বেন মাং বীর ! সঙ্কল্পয়িতুমর্হসি ।
তথেত্যুক্ত্বা পৃথুঃ সর্ব্বং বিধানমকরোদ্বশী ।
ততো ভূতনিকায়াস্তে বসুধাং দুদুহুস্তদা ॥১৫॥
তাং বনস্পতয়ঃ পূর্ব্বং সমুত্তস্থুর্দুধুক্ষবঃ ।
সাতিষ্ঠৎ বৎসলা বৎসং দোগ্ধৃন্ পাত্রাণি চেচ্ছতী ॥১৬॥
বৎসোঽভূৎ পুষ্পিতঃ শালঃ প্লক্ষো দোগ্ধাভবত্তদা ।
ছিন্নপ্ররোহণং দুগ্ধং পাত্রমৌডুম্বরং শুভম্ ॥১৭॥

ভারতকৌমুদী

এহীতি । ক্ষর আত্মনো নিঃসারয় । তথাত্বে চ তে তবাপি ভদ্রং ভবেদিতি শেষঃ ॥১৪॥
দুহিতৃত্বেনেতি । বশী স্বাধীনঃ । ভূতনিকায়া ভূতসমূহাঃ । বসুধাং গোরূপামিত্যর্থঃ । দোহনমন্ত্রাদিসর্গে সমালোচনাপূর্ব্বকং সর্বেষামভীষ্টবস্তূৎপাদনম্ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
তামিতি । বনস্পতয়ো বৃক্ষাঃ । দুধুক্ষবো দোগ্ধুমিচ্ছবঃ । বৎসলা প্রজাসু সস্নেহা ॥১৬॥

ভারতভাবদীপঃ

দিনা ॥৯—১৫॥ দোগ্ধেতিবৎ বৎসোঽপি দেব এব প্রিয়ং দুগ্ধং পাত্রমপ্যর্পাদাত্মন এবেতি কল্যং গ্রন্থান্তরাদ্বা বৎসপাত্রে জ্ঞেয়ে । এবমন্যত্রাপি ॥১৬—৩২॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১॥

ধনু এবং অতুলনীয় ভয়ঙ্কর কতকগুলি বাণ ধারণপূর্ব্বক একটু চিন্তা করিয়া পৃথিবীকে বলিলেন—॥১৩॥

'পৃথিবি ! সত্বর আগমন কর সত্বর আগমন কর ; তুমি ইহাদের জন্য নিজের অঙ্গ হইতে অভীষ্ট দুগ্ধ (বস্তু) নিঃসারণ কর। তৎপরে যাহার যাহা অভীষ্ট বস্তু, তাহা তাহাকে আমি দান করিব ; তাহাতে তোমারও মঙ্গল হইবে' ॥১৪॥

পৃথিবী বলিলেন—'বীর ! আপনি আমাকে কন্যা বলিয়া কল্পনা করিতে পারেন'। 'তাহাই হউক' এই কথা বলিয়া স্বাধীন পৃথুরাজা সমস্ত ব্যবস্থা করিলেন। তৎপরে তখনই ভূতসমূহ পৃথিবীকে দোহন করিবার সঙ্কল্প করিল ॥১৫॥

প্রথমে বৃক্ষেরা পৃথিবীকে দোহন করিবার জন্য উঠিল ; তখন প্রজাবৎসলা পৃথিবীও বৎস, দোহনকর্ত্তা ও পাত্রের অপেক্ষায় রহিলেন ॥১৬॥

উদয়ঃ পর্ব্বতো বৎসো মেরুর্দোগ্ধা মহাগিরিঃ।
রত্নান্যোষধয়ো দুগ্ধং পাত্রমশ্মময়ং তথা ॥১৮॥
দেবানামভবদ্বৎসঃ পাত্রমিন্দ্রো হিরণ্ময়ম্।
দোগ্ধা চ সবিতা দেবো দুগ্ধমূর্জস্করং প্রিয়ম্ ॥১৯॥
অসুরা দুদুহুর্মায়ামামপাত্রে তু বৈ তদা।
দোগ্ধা দ্বিমূর্দ্ধা তত্রাসীদ্বৎসশ্চাসীদ্বিরোচনঃ ॥২০॥
কৃষিঞ্চ শস্যঞ্চ নরা দুদুহুঃ পৃথিবীতলে।
স্বায়ম্ভুবো মনুর্বৎসস্তেষাং দোগ্ধাঽভবৎ পৃথুঃ ॥২১॥

ভারতকৌমুদী

বৎস ইতি। ছিন্নস্য স্বগাত্রস্য প্ররোহণং পুনরুৎপত্তিঃ ॥১৭॥

উদয় ইতি। অশ্মময়ং পাষাণময়ম্। "বৎসশ্চ হিমবানাসীদ্দোগ্ধা মেরুর্মহাগিরিঃ" ইতি মল্লিনাথধৃতপুরাণান্তরপ্রামাণ্যাত্ত্ব, কালিদাসেন কুমারসম্ভবে "যং সর্ব্বশৈলাঃ পরিকল্প্য বৎসম্" ইত্যাদিনা হিমাদ্রের্বৎসকরণমভিহিতম্। অয়ং বিরোধশ্চ কল্পভেদে ব্যবস্থাভেদাঙ্গীকারাৎ পরিহার্য্যঃ ॥১৮॥

দেবানামিতি। ইন্দ্রো বৎসঃ পাত্রঞ্চ হিরণ্ময়ং স্বর্ণময়মভবদিতি সম্বন্ধঃ। সবিতা সূর্য্যঃ। ঊর্জস্করং তেজোজনকং প্রিয়ঞ্চ ঘৃতসোমরসাদিকম্ ॥১৯॥

অসুরা ইতি। মায়াং কূটকৌশলম্, আমপাত্রে অপক্বমৃদ্ভাণ্ডে ॥২০॥

তৎকালে বৃক্ষগণের মধ্যে পুষ্পবান্ শালবৃক্ষ হইল—বৎস, পাকুড়-(লতা-পাকুড়) বৃক্ষ হইল—দোহনকর্ত্তা, ছিন্নগাত্রের পুনরায় উৎপত্তি হইল—দুগ্ধ এবং মঙ্গলময় উড়ুম্বরবৃক্ষ (যজ্ঞডুমুরগাছ) হইল—দোহনের পাত্র ॥১৭॥

পর্ব্বতগণের মধ্যে উদয়পর্ব্বত হইল—বৎস, মহাপর্ব্বত সুমেরু হইল—দোগ্ধা, রত্ন ও ঔষধি (লতা) সকল হইল—দুগ্ধ এবং পাত্র হইল—পাষাণময় ॥১৮॥

দেবগণের মধ্যে ইন্দ্র হইলেন—বৎস, সূর্য্যদেব হইলেন—দোগ্ধা, তেজস্কর ও প্রিয় বস্তু সকল (ঘৃত ও সোমরসপ্রভৃতি) হইল—দুগ্ধ এবং পাত্র হইল—স্বর্ণময় ॥১৯॥

অসুরগণের মধ্যে বিরোচন হইলেন—বৎস, দ্বিমূর্দ্ধা হইলেন—দোগ্ধা, মায়া হইল—দুগ্ধ এবং অপক্ক মৃত্তিকাভাণ্ড হইল—পাত্র ॥২০॥

---

(১৯) পূর্ব্বার্দ্ধং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি। 'দেবানাং বৎস ইন্দ্রোঽভূৎ পাত্রং দারুময়ং তথা' নি।
(২০) অসুরা দুদুহুর্মত্তময়ঃপাত্রে তু তে তদা... বা, অসুরা দুদুহুর্মায়ামময়ঃপাত্রে তু তাং তদা...নি।

অলাবুপাত্রে চ তথা বিষং দুগ্ধা বসুন্ধরা।
ধৃতরাষ্ট্রোঽভবদ্দোগ্ধা তেষাং বৎসস্তু তক্ষকঃ ॥২২॥
সপ্তর্ষিভির্ব্রহ্ম দুগ্ধা ততশ্চাক্লিষ্টকর্ম্মভিঃ।
দোগ্ধা বৃহস্পতিঃ পাত্রং ছন্দো বৎসস্তু সোমরাট্ ॥২৩॥
অন্তর্দ্ধানঞ্চামপাত্রে দুগ্ধা পুণ্যজনৈর্বিরাট্।
দোগ্ধা বৈশ্রবণস্তেষাং বৎস আসীদ্‌বৃষধ্বজঃ ॥২৪॥
পুণ্যং গন্ধং পদ্মপাত্রে গন্ধর্ব্বাপ্সরসোঽদুহন্।
বৎসশ্চিত্ররথস্তেষাং দোগ্ধা বিশ্বরুচিঃ প্রভুঃ ॥২৫॥
স্বধাং রজতপাত্রেষু দুদুহুঃ পিতরশ্চ তাম্।
বৎসো বৈবস্বতস্তেষাং যমো দোগ্ধান্তকস্তথা ॥২৬॥

ভারতকৌমুদী

কৃষিমিতি। কৃষিং কার্পাসাদিম্, শস্যং ধান্যাদিকম্ ॥২১॥

অলাব্বিতি। "কর্ম্মণ্যপ্রধানে দুহাদিভ্যঃ" ইত্যপ্রধানকর্ম্মণো বসুন্ধরায়া উক্ততা ॥২২॥

সপ্তর্ষিভিরিতি। ব্রহ্ম বেদম্, দুগ্ধা বসুন্ধরেত্যনুবৃত্তিঃ। ছন্দো গায়ত্র্যাদি ॥২৩॥

অন্তরিতি। পুণ্যজনৈ রাক্ষসৈঃ, বিরাট্ যক্ষরাট্, বৈশ্রবণঃ কুবেরঃ ॥২৪॥

পুণ্যমিতি। অদুহন্ পৃথিবীমেব। প্রভুর্গন্ধর্বাধিপতিঃ ॥২৫॥

স্বধামিতি। স্বধামন্নম্, "স্বধা বৈ পিতৃণামন্নম্" ইতি শ্রুতেঃ। চতুর্দ্দশানাং যমানাং মধ্যে বৈবস্বতো নাম যমো বৎসঃ, অন্তকো নাম যমশ্চ দোগ্ধাভবদিত্যর্থঃ ॥২৬॥

মনুষ্যগণের মধ্যে স্বায়ম্ভুবমনু হইলেন—বৎস, পৃথুরাজা হইলেন—দোগ্ধা, কৃষি ও শস্য হইল—দুগ্ধ এবং ভূতল হইল—পাত্র ॥২১॥

সর্পগণের মধ্যে তক্ষক হইলেন—বৎস, ধৃতরাষ্ট্র হইলেন—দোগ্ধা, বিষ হইল—দুগ্ধ এবং পাত্র হইল—অলাবু (লাউ) ॥২২॥

সপ্তর্ষিগণের মধ্যে সোমরাজ হইলেন—বৎস, বৃহস্পতি হইলেন—দোগ্ধা, বেদ হইল—দুগ্ধ, আর ছন্দ হইল—পাত্র ॥২৩॥

রাক্ষসগণের মধ্যে বৃষধ্বজ হইলেন—বৎস, যক্ষরাজ কুবের হইলেন—দোগ্ধা, অন্তর্দ্ধান হইল—দুগ্ধ এবং অপক্ব মৃত্তিকাভাণ্ড হইল—পাত্র ॥২৪॥

গন্ধর্ব্ব ও অপ্সরাদের মধ্যে চিত্ররথ হইলেন—বৎস, গন্ধর্ব্বরাজ বিশ্বরুচি হইলেন—দোগ্ধা, পবিত্র গন্ধ হইল—দুগ্ধ, পদ্মপত্র হইল—পাত্র ॥২৫॥

(২৫) পুণ্যগন্ধান্ পদ্মপাত্রে···পি বা নি। (২৬) স্বধাং রজতপাত্রেণ ··পি।

এবং নিকায়ৈস্তৈর্দুগ্ধা পয়োঽভীষ্টানি সা বিরাট্।
যৈর্বর্ত্তয়ন্তি তে হ্যদ্য পাত্রৈর্ব্বৎসৈশ্চ নিত্যশঃ ॥২৭॥
স যজ্ঞৈর্বিবিধৈরিষ্ট্বা পৃথুর্বৈণ্যঃ প্রতাপবান্।
সন্তর্পয়িত্বা ভূতানি সর্ব্বৈঃ কামৈর্মনঃপ্রিয়ৈঃ ॥২৮॥
হৈরণ্যানকরোদ্রাজা যে কেচিৎ পার্থিবা ভুবি।
তান্ ব্রাহ্মণেভ্যঃ প্রায়চ্ছদশ্বমেধে মহামখে ॥২৯॥ (যুগ্মকম্)
ষষ্টিং নাগসহস্রাণি ষষ্টিং নাগশতানি চ।
সৌবর্ণানকরোদ্রাজা ব্রাহ্মণেভ্যশ্চ তান্ দদৌ ॥৩০॥
হৈমাঞ্চ পৃথিবীং সর্ব্বাং মণিরত্নবিভূষিতাম্।
সৌবর্ণীমকরোদ্রাজা ব্রাহ্মণেভ্যশ্চ তাং দদৌ ॥৩১॥

ভারতকৌমুদী

এবমিতি। তৈর্নিকায়ৈর্ভূতসমূহৈঃ, বিরাট্ বিশালা, সা পৃথিবী, পয়াংসি দুগ্ধানি তদ্রূপাণীত্যর্থঃ অভীষ্টানি বস্তূনি, দুগ্ধা নিঃসারিতা। অদ্যাপি তে বনস্পত্যাদয়ঃ, যৈর্বস্তুভিঃ, পাত্রৈর্বৎসৈশ্চ সহ, নিত্যশঃ সর্ব্বদা, বর্ত্তয়ন্তি জীবিকাং নির্ব্বাহয়ন্তি ॥২৭॥

স ইতি। ইষ্ট্বা যজনং কৃত্বা। ভূতানি প্রাণিনঃ। হৈরণ্যান্ স্বর্ণময়ান্ ॥২৮—২৯॥

ষষ্টিমিতি। নাগানাং হস্তিনাং সহস্রাণি। সৌবর্ণানিতি তানিতি চ পুংস্ত্বমার্ষম্ ॥৩০॥

হৈমামিতি। সৌবর্ণীং স্বর্ণময়ীম্ ॥৩১॥

পিতৃগণের মধ্যে বৈবস্বতযম হইলেন—বৎস, অন্তকযম হইলেন—দোগ্ধা, স্বধা (শ্রাদ্ধীয় অন্ন) হইল—দুগ্ধ, আর পাত্র হইল—রৌপ্যময় ॥২৬॥

এইভাবে সেই ভূতসমূহ গোরূপা সেই বিশালা পৃথিবীর নিকট হইতে দুগ্ধস্বরূপ আপন আপন অভীষ্ট বস্তু সকল সংগ্রহ করিয়া লইল। অদ্যাপি তাহারা যে বস্তুসমূহদ্বারা সেই সকল পাত্র ও বৎসগণের সহিত জীবিকানির্ব্বাহ করিতেছে ॥২৭॥

প্রতাপশালী বেণনন্দন পৃথুরাজা নানাবিধ যজ্ঞ সম্পাদনপূর্বক মনের প্রীতিজনক সমস্ত অভীষ্ট বস্তুদ্বারা সমস্ত ভূতকে পরিতৃপ্ত করিয়া—পৃথিবীতে যে সকল পার্থিব পদার্থ আছে, সেগুলির স্বর্ণময়ী প্রতিমূর্ত্তি করিলেন; পরে সে সকল অশ্বমেধমহাযজ্ঞে ব্রাহ্মণদিগকে দান করিলেন ॥২৮—২৯॥

ক্রমে পৃথুরাজা স্বর্ণদ্বারা ষষ্টিসহস্র হস্তী নির্ম্মাণ করিলেন এবং সেগুলিও ব্রাহ্মণগণকে দান করিলেন ॥৩০॥

আবার তিনি স্বর্ণদ্বারা এই সমগ্র পৃথিবীটার প্রতিমূর্ত্তি নির্ম্মাণপূর্ব্বক সেটাকে মণি ও রত্নদ্বারা ভূষিত করিয়া ব্রাহ্মণদিগকে দান করিলেন ॥৩১॥

স চেন্মমার সৃঞ্জয় ! চতুর্ভদ্রতরস্ত্বয়া ।
পুত্রাৎ পুণ্যতরস্তুভ্যং মা পুত্রমনুতপ্যথাঃ ।
অযজ্বানমদাক্ষিণ্যমভি শ্বৈত্যেত্যুদাহরৎ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণ্যভিমন্যুবধে ষোড়শরাজিকে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ।

———(ঃ*ঃ)———

নারদ উবাচ ।

রামো মহাতপাঃ শূরো বীরলোকনমস্কৃতঃ ।
জামদগ্ন্যোঽপ্যতিযশা অবিতৃপ্তো মরিষ্যতি ॥১॥

ভারতকৌমুদী

স ইতি । পূর্ব্বকৃতং বিবরণং দ্রষ্টব্যম্ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(ঃঃ)———

অথ বিদ্যমানা অপি তাদৃশা মরিষ্যন্ত্যেবেত্যাহ রাম ইতি । অবিতৃপ্তঃ সাংসারিকসুখৈরপূর্ণাকাঙ্ক্ষ এব মরিষ্যতি, "জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ" ইত্যুক্তেস্তথা দর্শনাচ্চেতি ভাবঃ । নন্ রামস্য ব্রাহ্মণস্য রাজত্বাভাবাৎ কথং ষোড়শরাজিকোপাখ্যানমধ্যে তচ্চরিতাভিধানমিতি চেন্ন রাজত্বস্যাত্র ভূস্বামিমাত্ররূপতয়া বিবক্ষিতত্বাৎ রামস্য চ পৃথিবীজয়েন সর্ব্বাতিশায়িভূস্বামিত্বাৎ জয়স্য চ স্বামিত্বাপাদকত্বাৎ "সপ্ত বিত্তাগমা ধর্ম্ম্যা দায়ো লাভঃ ক্রয়ো জয়ঃ" ইতি মনুনাভিধানাৎ ॥১॥

শ্বিত্যনন্দন মহারাজ সৃঞ্জয় ! আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং আপনার পুত্র অপেক্ষা পুণ্যবান্ সেই পৃথুরাজাও যদি মরিয়া গিয়া থাকেন, তবে অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা পুত্রকে লক্ষ্য করিয়া আপনি অনুতাপ করিতে পারেন না' । যুধিষ্ঠির ! নারদ এই কথা সৃঞ্জয়রাজার নিকট বলিয়াছিলেন' ॥৩২॥

* '…সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি । (১)…শূরো বীরো লোকনমস্কৃতঃ…নি ।

যঃ সায়মনুপর্য্যেতি ভূমিং কুর্ব্বন্নিমাং সুখাম্।
ন চাসীদ্বিক্রিয়া যস্য প্রাপ্য শ্রিয়মনুত্তমাম্ ॥২॥
যঃ ক্ষত্রিয়ৈঃ পরামৃষ্টে বৎসে পিতরি চাব্রুবন্।
ততোঽবধীৎ কার্ত্তবীর্য্যমজিতং সমরে পরৈঃ ॥৩॥
ক্ষত্রিয়াণাং চতুঃষষ্টিমযুতানি সহস্রশঃ।
তদা মৃত্যোঃ সমেতানি একৈকং ধনুষাজয়ৎ ॥৪॥
ব্রহ্মদ্বিষাঞ্চাথ তস্মিন্ সহস্রাণি চতুর্দ্দশ।
পুনরন্যানি জগ্রাহ দন্তকূরং জঘান সঃ ॥৫॥
সহস্রং মুষলেনাহন্ সহস্রমসিনাবধীৎ।
উদ্বন্ধনাৎ সহস্রঞ্চ সহস্রমুদকে ধৃতম্ ॥৬॥

ভারতকৌমুদী

য ইতি। সায়ং কালে, অনুপর্য্যেতি আশ্রমমাগচ্ছতি। বিক্রিয়া গর্ব্বঃ ॥২॥

য ইতি। ক্ষত্রিয়ৈঃ কার্ত্তবীর্য্যানুচরৈঃ, পরামৃষ্টে বলাদ্গৃহীতে, বৎসে গোশাবকে, পিতরি জমদগ্নৌ চ পরামৃষ্টে বলান্নিহতে, অব্রুবন্ কঞ্চিদপ্যপৃচ্ছন্ ॥৩॥

ক্ষত্রিয়াণামিতি। মৃত্যোঃ সমীপং সমেতানি, রামসমীপাগমনাদেবেতি ভাবঃ ॥৪॥

ব্রহ্মেতি। ব্রহ্মদ্বিষাং বেদদ্বেষিণাম্। জগ্রাহ জয়েন বশীচকার, দন্তকূরং তদ্দেশরাজম্ ॥৫॥

সহস্রমিতি। উদ্বন্ধনাৎ উদ্বন্ধনং বিধায়। ল্যব্লোপে পঞ্চমী। ধৃতং ক্ষিপ্তম্ ॥৬॥

নারদ বলিলেন—'মহাতপা, বীর, সর্ববীরনমস্কৃত ও মহাযশা জমদগ্নিনন্দন রামও অপরিতৃপ্ত অবস্থাতেই মৃত্যুমুখে পতিত হইবেন ॥১॥

যিনি এই দেশকে সুখময় করিয়া সন্ধ্যাকালে আশ্রমে আগমন করেন এবং অসাধারণ ঐশ্বর্য্য লাভ করাতেও যাঁহার কোনই বিকার হয় নাই ॥২॥

কার্ত্তবীর্য্যার্জ্জুনের সৈন্যেরা বলপূর্ব্বক গোবৎসটী হরণ করিয়া পিতা জমদগ্নিকে বধ করিলে, যিনি কাহারও নিকট কিছু জিজ্ঞাসা না করিয়াই যুদ্ধে শত্রুগণকর্ত্তৃক অবিজিত কার্ত্তবীর্য্যার্জ্জুনকে বধ করিয়াছিলেন ॥৩॥

তখন ছয় লক্ষ চল্লিশ হাজার ক্ষত্রিয়কে এবং মৃত্যুর নিকট উপস্থিত অন্য সহস্র সহস্র ক্ষত্রিয়ের এক এক জনকে ধনুদ্বারা যিনি জয় করিয়াছিলেন ॥৪॥

তাহার পর আবার তিনি—বেদবিদ্বেষী চতুর্দ্দশ সহস্র যোদ্ধাকে বশীভূত এবং দন্তকূরদেশের রাজাকে বধ করিয়াছিলেন ॥৫॥

(৫)…পুনরন্যান্ নিজগ্রাহ…বা নি। (৬) সহস্রং মুষলেনাঘ্নন্…সহস্রঞ্চ হৈহয়াঃ সমরে হতাঃ—পি বঙ্গ বর্দ্ধ,…সহস্রমুদকে কৃতম্—নি।

সরথাশ্বগজা বীরা নিহতাস্তত্র শেরতে।
পিতুর্ব্বধামর্ষিতেন জামদগ্ন্যেন ধীমতা ॥৭॥
নিজঘ্নে দশ সাহস্রান্ রামঃ পরশুনা তদা।
নহ্যমৃষ্যত তা বাচো যাস্তৈর্ভৃশমুদীরিতাঃ ॥৮॥
ভৃগো! রামাভিধাবেতি যদাক্রন্দন্ দ্বিজোত্তমাঃ।
ততঃ কাশ্মীরদরদান্ কুন্তিক্ষুদ্রকমালবান্ ॥৯॥
অঙ্গবঙ্গকলিঙ্গাংশ্চ বিদেহাংস্তাম্রলিপ্তকান্।
রক্ষোবাহান্ বীতিহোত্রান্ ত্রিগর্ত্তান্ মার্ত্তিকাবতান্ ॥১০॥
শিবীনন্যাংশ্চ রাজন্যান্ দেশাদ্দেশাৎ সহস্রশঃ।
নিজঘান শিতৈর্ব্বাণৈর্জামদগ্ন্যঃ প্রতাপবান্ ॥১১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সেতি। পিতুর্জমদগ্নেঃ, বধেন অমর্ষিতঃ ক্রুদ্ধস্তেন ॥৭॥

নিজঘ্ন ইতি। অমৃষ্যত অসহত, বাচঃ সগর্বাঃ ॥৮॥

ভৃগো ইতি। হে ভৃগো! ভৃগুবংশীয়!। আক্রন্দন্ কাতরভাবেনাহ্বয়ন্। ততস্তদা। কাশ্মীরাদিদেশবাসিন ইত্যর্থঃ। মার্ত্তিকাবতান্ শাল্বাপরপর্য্যায়ান্। শিতৈঃ সুধারৈঃ ॥৯—১১॥

ক্রমে তিনি মুষলদ্বারা সহস্র বীরকে এবং তরবারিদ্বারা সহস্র যোদ্ধাকে সংহার করিলেন; আর উদ্বন্ধন করিয়া সহস্রকে এবং জলে নিক্ষেপ করিয়া সহস্রকে বধ করিলেন ॥৬॥

পিতৃবধনিবন্ধন ক্রুদ্ধ বুদ্ধিমান্ পরশুরাম হস্তী, অশ্ব ও রথের সহিত বহু বীরকে নিহত করিলে, তাঁহারা সমরভূমিতে শয়ন করিলেন ॥৭॥

তখন রাম পরশুদ্বারা দশ সহস্র বীরকে সংহার করিলেন। কারণ, তাঁহারা অত্যন্ত গর্ব্ববশতঃ যে সকল কথা বলিয়াছিলেন, তাহা তিনি সহ্য করিতে পারেন নাই ॥৮॥

'ভৃগুনন্দন! রাম! এই দিকে ধাবিত হউন' এইরূপ কাতরভাবে যখন সেই সেই দেশের ব্রাহ্মণেরা ডাকিয়াছিলেন, তখন প্রতাপশালী রাম সুধার বাণসমূহদ্বারা কাশ্মীর, দরদ, কুন্তি, ক্ষুদ্রক, মালব, অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, বিদেহ, তাম্রলিপ্ত, রক্ষোবাহ, বীতিহোত্র, ত্রিগর্ত্ত, মার্ত্তিকাবত ও শিবিদেশবাসী এবং অন্যান্যদেশবাসী সহস্র সহস্র ক্ষত্রিয়কে বধ করিয়াছিলেন ॥৯—১১॥

---

(১০)···তামলিপ্তকান্···পি বর্দ্ধ।

কোটীশতসহস্রাণি ক্ষত্রিয়াণাং সহস্রশঃ।
ইন্দ্রগোপকবর্ণস্য বন্ধুজীবনিভস্য চ ॥১২॥
রুধিরস্য পরীবাহৈঃ পূরয়িত্বা সরাংসি চ।
সর্বানষ্টাদশদ্বীপান্ বশমানীয় ভার্গবঃ ॥১৩॥
ঈজে ক্রতুশতৈঃ পুণ্যৈঃ সমাপ্তবরদক্ষিণৈঃ।
বেদীমষ্টনলোৎসেধাং সৌবর্ণাং বিধিনির্ম্মিতাম্ ॥১৪॥
সর্বরত্নশতৈঃ পূর্ণাং পতাকাশতমালিনীম্।
গ্রাম্যারণ্যৈঃ পশুগণৈঃ সংপূর্ণাঞ্চ মহীমিমাম্ ॥১৫॥
ততঃ শতসহস্রাণি গজেন্দ্রান্ হেমভূষিতান্।
রামস্য জামদগ্ন্যস্য প্রতিজগ্রাহ কশ্যপঃ ॥১৬॥ (কুলকম্)
নির্দস্যুং পৃথিবীং কৃত্বা শিষ্টেষ্টজনসঙ্কুলাম্।
কশ্যপায় দদৌ রামো হয়মেধে মহামখে ॥১৭॥
ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিঃক্ষত্রিয়াং প্রভুঃ।
ইষ্ট্বা ক্রতুশতৈর্বীরো ব্রাহ্মণেভ্যো হ্যমন্যত ॥১৮॥

ভারতকৌমুদী

কোটীতি। ক্ষত্রিয়াণাং কোটীশতসহস্রাণি নিজঘানেত্যন্বয়ঃ। ইন্দ্রগোপকো রক্তবর্ণঃ কীটবিশেষঃ, বন্ধুজীবমপি রক্তবর্ণং পুষ্পম্। পরীবাহৈঃ প্রবাহৈঃ। ভার্গবো রামঃ। ঈজে যজনং চকার। সমাপ্তা শেষং নীতা বরা উত্তমা দক্ষিণা যেষাং তৈঃ। নলো হস্তপঞ্চকরূপঃ পরিমাণবিশেষঃ। অষ্টনলোচ্চামিত্যর্থঃ। গ্রাম্যাঃ পশবো গবাদয়ঃ আরণ্যাশ্চ হরিণাদয়ঃ। শতসহস্রাণি লক্ষসংখ্যকান্। রামস্য সকাশাৎ ॥১২—১৬॥

নিরিতি। শিষ্টৈঃ শাস্ত্রানুসারিভিঃ ইষ্টৈঃ প্রিয়ৈশ্চ জনৈঃ সঙ্কুলাং ব্যাপ্তাম্ ॥১৭॥

পরে পরশুরাম আরও বহুতর ক্ষত্রিয় বিনাশ করিয়াছিলেন। তদনন্তর তিনি—ইন্দ্রগোপকীট ও বন্ধুজীবপুষ্পের ন্যায় রক্তবর্ণ রুধিরপ্রবাহদ্বারা অনেক সরোবর পূর্ণ করিয়া সমস্ত অষ্টাদশ দ্বীপ বশে আনয়নপূর্বক উত্তম দক্ষিণাযুক্ত বহুতর পুণ্যজনক যজ্ঞ করেন। সেই যজ্ঞে যথাবিধানে নির্ম্মিত, সমস্ত রত্নে পরিপূর্ণ, বহুপতাকাযুক্ত এবং অষ্টনল উচ্চ সুবর্ণময় বেদী, গ্রাম্য ও বন্য পশুগণে পরিপূর্ণ এই পৃথিবী এবং স্বর্ণভূষণে ভূষিত লক্ষসংখ্যক হস্তী পরশুরামের নিকট হইতে কশ্যপ গ্রহণ করেন ॥১২—১৬॥

পরশুরাম পৃথিবীটাকে দস্যুবিহীন করিয়া অশ্বমেধমহাযজ্ঞে শিষ্ট ও ইষ্টলোকে পরিপূর্ণ সেই পৃথিবীটা কশ্যপকে দান করেন ॥১৭॥

(১৩) রুধিরস্য পরীবাহান্…পি বঙ্গ বর্দ্ধ।

সপ্তদ্বীপাং বসুমতীং মারীচোঽগৃহ্লত দ্বিজঃ।
রামং প্রোবাচ নির্গচ্ছ বসুধাতো মমাজ্ঞয়া ॥১৯॥
স কশ্যপস্য বচনাৎ প্রোৎসার্য্য সরিতাং পতিম্।
ইষুপাতে যুধাং শ্রেষ্ঠঃ কুর্ব্বন্ ব্রাহ্মণশাসনম্।
অধ্যাবসদ্‌গিরিশ্রেষ্ঠং মহেন্দ্রং পর্বতোত্তমম্ ॥২০॥
এবং গুণশতৈর্যুক্তো ভৃগূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ।
জামদগ্ন্যোঽপ্যতিযশা মরিষ্যতি মহাদ্যুতিঃ ॥২১॥
ত্বয়া চতুর্ভদ্রতরঃ পুত্রাৎ পুণ্যতরস্তব।
অযজ্বানমদাক্ষিণ্যং মা পুত্রমনুতপ্যথাঃ ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত্রিরিতি। ত্রিঃসপ্তকৃত্ব একবিংশতিবারান্। "বারস্য সংখ্যায়াঃ কৃত্বস্" ইতি কৃত্বস্ ॥১৮॥

সপ্তেতি। মারীচো মরীচিপুত্রঃ কশ্যপঃ। নির্গচ্ছ নিবৃত্তিমার্গাবলম্বনায়েতি ভাবঃ ॥১৯॥

স ইতি। যুধাং শ্রেষ্ঠঃ, চিরং ব্রাহ্মণশাসনং কুর্বংশ্চ স রামঃ, কশ্যপস্য বচনাৎ, ইষুপাতে বাণক্ষেপপর্য্যন্তে দেশে, সরিতাং পতিং সমুদ্রম্, প্রোৎসার্য্য তপোবলেনাপসার্য্য, তথাত্বে চ সুগমমিতি ভাবঃ, গিরিশ্রেষ্ঠং তপঃস্থানতয়া পূজ্যশ্রেষ্ঠম্, "পূজ্যেঽপি গিরিরস্ত্রবৎ" ইতি বিশ্বঃ, এবঞ্চ ন পুনরুক্তিদোষঃ, পর্ব্বতোত্তমং মহেন্দ্রম্, অধ্যাবসৎ তপশ্চরণার্থমধ্যতিষ্ঠৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

এবমিতি। মরিষ্যতি, চিরজীবিত্বেঽপি "জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ" ইত্যুক্তেস্তথা দর্শনাচ্চেত্যাশয়ঃ। ত্বয়া ত্বদপেক্ষয়া, চতুর্ষু যাগবেদপাঠদানতপঃসু ভদ্রতরঃ প্রধানতরঃ। অন্যৎ পূর্বং ব্যাখ্যাতম্ ॥২১—২২॥

প্রভাবশালী মহাবীর পরশুরাম পৃথিবীটাকে একুশ বার নিঃক্ষত্রিয় করিয়া এবং বহু যজ্ঞের অনুষ্ঠান করিয়া সেই পৃথিবীকে ব্রাহ্মণদের বলিয়া স্বীকার করেন ॥১৮॥

মরীচিনন্দন কশ্যপ রামের নিকট হইতে সপ্তদ্বীপা পৃথিবী গ্রহণ করিলেন এবং রামকে বলিলেন—'তুমি আমার আদেশে আমার এই পৃথিবী হইতে চলিয়া যাও' ॥১৯॥

চিরকাল ব্রাহ্মণের আদেশরক্ষক ও যোদ্ধৃশ্রেষ্ঠ পরশুরাম তখন কশ্যপের বাক্য অনুসারে যোগবলে সমুদ্রকে বাণক্ষেপপর্য্যন্ত দেশে সরাইয়া দিয়া প্রধান তপস্যার স্থান ও পর্ব্বতোত্তম মহেন্দ্রপর্ব্বতে যাইয়া বাস করিতে লাগিলেন ॥২০॥

মহারাজ সৃঞ্জয়! এইরূপ বহুগুণসম্পন্ন, ভৃগুবংশের কীর্ত্তিবর্দ্ধক, মহাযশা, মহাতেজা, আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং

এতে চতুর্ভদ্রতরাস্ত্বয়া ভদ্রশতাধিকাঃ।
মৃতা নরবরশ্রেষ্ঠা মরিষ্যন্তি চ সৃঞ্জয়! ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণ্যভি-মন্যুবধে ষোড়শরাজিকে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।

———(:*:)———

ব্যাস উবাচ।

পুণ্যমাখ্যানমায়ুষ্যং শ্রুত্বা ষোড়শরাজিকম্।
অব্যাহরন্ নরপতিস্তূষ্ণীমাসীৎ স সৃঞ্জয়ঃ ॥১॥

ভারতকৌমুদী

এত ইতি। অন্যৈর্ভদ্রশতৈশ্চাধিকাঃ। মরিষ্যন্তি চাপর ইতি শেষঃ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি অভিমন্যুবধে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

এবং নারদোক্তং ষোড়শরাজিকমুপাখ্যানং সমাপ্য যুধিষ্ঠিরং প্রতি ব্যাস উবাচ পুণ্যমিতি। আয়ুষ্যমায়ুর্জনকম্। মরুত্তপ্রভৃতিভিঃ ষোড়শভিঃ রাজভিঃ সংস্পৃষ্টমিতি ষোড়শরাজিকম্। অব্যাহরন্ কিমপি ন ব্রুবন্, তূষ্ণীং নীরবঃ, শোকাপগমে বিষয়ান্তরানবতারাদিত্যাশয়ঃ ॥১॥

ভারতভাবদীপঃ †

পুণ্যমাখ্যানমিতি ॥১—২৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৩॥

আপনার পুত্র অপেক্ষা পুণ্যবান্ সেই পরশুরামও মৃত্যুমুখে পতিত হইবেন। সুতরাং অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা পুত্রকে লক্ষ্য করিয়া আপনি অনুতাপ করিবেন না ॥২১—২২॥

সৃঞ্জয়! আপনা অপেক্ষা যাগ, বেদপাঠ, দান ও তপস্যায় প্রধান এবং অন্যান্য শতগুণেও অধিক এই নরশ্রেষ্ঠেরা মরিয়া গিয়াছেন; আবার অন্যান্য নরশ্রেষ্ঠেরাও মরিবেন' ॥২৩॥

* '…অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…সপ্ততিতমোঽধ্যায়ঃ' বা বা নি। (১)… ষোড়শরাজকম্…নি।

† ইতঃ পরং নীলকণ্ঠকৃতটীকা ইত্থমেব নোপলভ্যতে, তত্র ঈদৃশমপি ন লেখ্যম্।

তমব্রবীত্তথাসীনং নারদো ভগবানৃষিঃ।
শ্রুতং কীর্ত্তয়তো মহ্যং গৃহীতং তে মহাদ্যুতে! ॥২॥
আহোস্বিদন্ততো নষ্টং শ্রাদ্ধং শূদ্রাপতাবিব।
স এবমুক্তঃ প্রত্যাহ সৃঞ্জয়ঃ প্রাঞ্জলিস্তদা ॥৩॥
পুত্রশোকাপহং শ্রুত্বা ধন্যমাখ্যানমুত্তমম্।
রাজর্ষীণাং পুরাণানাং যজ্বনাং দক্ষিণাবতাম্ ॥৪॥
বিস্ময়েন হৃতে শোকে তমসীবার্কতেজসা।
বিপাপ্মাস্ম্যব্যথোপেতো ব্রূহি কিং করবাণ্যহম্ ॥৫॥ (যুগ্মকম্)

নারদ উবাচ।

দিষ্ট্যাপহৃতশোকস্ত্বং বৃণীষ্বেহ যদিচ্ছসি।
তত্তৎ প্রপৎস্যসে সর্ব্বং ন মৃষাবাদিনো বয়ম্ ॥৬॥

ভারতকৌমুদী

তমিতি। মহ্যং মম, তে ত্বয়া। শ্রুতং গৃহীতমিতি কাকা প্রশ্নো ব্যজ্যতে ॥২॥
আহোস্বিদিতি। অন্তত একান্ততঃ, নষ্টং নিষ্ফলং জাতম্, শূদ্রাপতৌ ব্রাহ্মণে কৃতম্ ॥৩॥
পুত্রেতি। যজনাং বিধিনা কৃতযজ্ঞানাম্। তমসি অন্ধকারে। বিপাপ্মা নিষ্পাপঃ ॥৪—৫॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, অপহৃতশোকঃ তত্তদুপাখ্যানশ্রবণেনৈব ॥৬॥

বেদব্যাস বলিলেন—'যুধিষ্ঠির! সৃঞ্জয়রাজা নারদের নিকট পুণ্যজনক ও আয়ুষ্কর ষোড়শ রাজার উপাখ্যান শুনিয়া কিছু না বলিয়া নীরবই রহিলেন ॥১॥

তখন ভগবান্ দেবর্ষি নারদ সেইভাবে উপবিষ্ট সৃঞ্জয়রাজাকে বলিলেন—'মহাতেজা রাজা! আমি ত বলিলাম, আপনি শুনিলেন এবং গ্রহণ করিলেন কি? ॥২॥

না—শূদ্রাপতি ব্রাহ্মণের হস্তে কৃতশ্রাদ্ধ যেমন নিষ্ফল হইয়া যায়, সেইরূপ আমার কথাগুলি একেবারে নিষ্ফল হইয়া গিয়াছে?' নারদ এইরূপ বলিলে, তখন সৃঞ্জয়রাজা কৃতাঞ্জলি হইয়া বলিলেন—॥৩॥

'দেবর্ষি! যথাবিধানে যজ্ঞকারী ও দক্ষিণাদাতা প্রাচীন রাজগণের এই পবিত্র ও পুত্রশোকনাশক উত্তম উপাখ্যান শুনিবার পরে—সূর্য্যের তেজে যেমন অন্ধকার নষ্ট হয়, সেইরূপ বিস্ময়ে আমার শোক নষ্ট হইয়া গিয়াছে; আমি নিষ্পাপ হইয়াছি এবং আমার সমস্ত বেদনাও গিয়াছে। এখন আমি কি করিব—বলুন' ॥৪—৫॥

নারদ বলিলেন—'রাজা! ভাগ্যবশতঃ আপনার শোক গিয়াছে। এখন

---

(৪) এতচ্ছ্রুত্বা মহাবাহো! ধন্যম্…পি বঙ্গ বর্দ্ধ।

সৃঞ্জয় উবাচ।

এতেনৈব প্রতীতোঽহং প্রসন্নো যদ্ভবান্ মম।
প্রসন্নো যস্য ভগবান্ ন তস্যাস্তীহ দুর্লভম্ ॥৭॥

নারদ উবাচ।

পুনর্দদামি তে পুত্রং দস্যুভির্নিহতং বৃথা।
উদ্ধৃত্য নরকাৎ কষ্টাৎ পশুমপ্রোক্ষিতং যথা ॥৮॥

ব্যাস উবাচ।

প্রাদুরাসীত্ততঃ পুত্রঃ সৃঞ্জয়স্যাদ্ভুতপ্রভঃ।
প্রসন্নেনর্ষিণা দত্তঃ কুবেরতনয়োপমঃ ॥৯॥

ততঃ সঙ্গম্য পুত্রেণ প্রীতিমানভবন্নৃপঃ।
ঈজে চ ক্রতুভিঃ পুণ্যৈঃ সমাপ্তবরদক্ষিণৈঃ ॥১০॥

ভারতকৌমুদী

এতেনেতি। প্রতীতো হৃষ্টঃ, "খ্যাতে হৃষ্টে প্রতীতঃ" ইত্যমরঃ ॥৭॥

পুনরিতি। বৃথা নিহতম্, পুনর্জীবনাদিত্যাশয়ঃ ॥৮॥

প্রাদুরিতি। পুত্রঃ স সুবর্ণষ্ঠীবী নাম। ঋষিণা নারদেন ॥৯॥

তত ইতি। সঙ্গম্য মিলিত্বা। নৃপঃ সৃঞ্জয়ঃ। ঈজে যজনং চকার ॥১০॥

আপনি যাহা ইচ্ছা করেন, সেই বর গ্রহণ করুন, আপনি সে সমস্তই পাইবেন; আমরা মিথ্যাবাদী নহি' ॥৬॥

সৃঞ্জয় বলিলেন—'ভগবন্! আপনি যে আমার প্রতি প্রসন্ন হইয়াছেন, ইহাতেই আমি আনন্দিত হইয়াছি। কারণ, আপনি যাহার প্রতি প্রসন্ন হন, এই জগতে তাহার কিছুই দুর্লভ হয় না' ॥৭॥

নারদ বলিলেন—'রাজা! অপ্রোক্ষিত অবস্থায় নিহত পশুর ন্যায়, দস্যুগণকর্ত্তৃক বৃথা নিহত আপনার পুত্রকে কষ্টজনক নরক হইতে উদ্ধার করিয়া পুনরায় দান করিতেছি' ॥৮॥

বেদব্যাস বলিলেন—'যুধিষ্ঠির! তাহার পর দেবর্ষি নারদ প্রসন্ন হইয়া দান করায় কুবেরের পুত্রের ন্যায় অদ্ভুতকান্তিসম্পন্ন সৃঞ্জয়রাজার সেই পুত্র (সুবর্ণষ্ঠীবী) আবির্ভূত হইল ॥৯॥

তাহার পর সৃঞ্জয়রাজা পুত্রের সহিত মিলিত হইয়া অত্যন্ত আনন্দিত

(৭) পাবিতোঽহমনেনৈব প্রসন্নঃ ··নি।

অকৃতার্থশ্চ ভীতশ্চ ন চ সান্নাহিকো হতঃ।
অযজ্বা ত্বনপত্যশ্চ ততোঽসৌ জীবিতঃ পুনঃ॥১১॥
শূরো বীরঃ কৃতার্থশ্চ প্রতাপ্যারীন্ সহস্রশঃ।
অভিমন্যুর্গতঃ স্বর্গং সংগ্রামেঽভিমুখাহতঃ॥১২॥
ব্রহ্মচর্য্যেণ যাল্লোঁকান্ প্রজ্ঞয়া চ শ্রুতেন চ।
স্বিষ্টৈশ্চ ক্রতুভির্যান্তি তাংস্তে পুত্রোঽক্ষয়ান্ গতঃ॥১৩॥
বিদ্বাংসঃ কর্ম্মভিঃ পুণ্যৈঃ স্বর্গমীহন্তি নিত্যশঃ।
ন তু স্বর্গাদয়ং লোকঃ কাম্যতে স্বর্গবাসিভিঃ॥১৪॥

ভারতকৌমুদী

নমু নারদেন স্বর্ণষ্ঠীবী যথা পুনর্জীবিতস্তথা ভবতাপ্যভিমন্যুঃ কথং ন পুনর্জীব্যত ইত্যাকাঙ্ক্ষায়াং দ্বয়োর্ভেদমাহ দ্বাভ্যাম্। অকৃতার্থ ইতি। অকৃতার্থো বালত্বাৎ, ভীতো দস্যুভ্যঃ, সান্নাহিকঃ কৃতযুদ্ধসজ্জঃ। অযজ্বা বিধিনা অকৃতযজ্ঞঃ। অসৌ সৃঞ্জয়পুত্রঃ স্বর্ণষ্ঠীবী॥১১॥

শূর ইতি। শূরো দৈহিকবলবান্, বীরো মানসিকবলবান্, কৃতার্থঃ ভার্য্যাগর্ভজননাৎ॥১২॥

ব্রহ্মেতি। প্রজ্ঞয়া জ্ঞানেন। স্বিষ্টৈঃ সর্বথাভীষ্টৈঃ। পুত্রোঽভিমন্যুঃ॥১৩॥

বিদ্বাংস ইতি। ঈহন্তি গন্তুং চেষ্টন্তে। অয়ং মর্ত্ত্যঃ, ন কাম্যতে, নিকৃষ্টত্বাদিতি ভাবঃ॥১৪॥

হইয়াছিলেন এবং কালক্রমে উত্তমদক্ষিণাযুক্ত বহুতর পুণ্যজনক যজ্ঞ করিয়াছিলেন॥১০॥

সৃঞ্জয়রাজার পুত্র—বালক বলিয়া অকৃতার্থ, দস্যুদের ভয়ে ভীত, যুদ্ধসজ্জায় অসজ্জিত, অকৃতযজ্ঞ ও নিঃসন্তান অবস্থায় নিহত হইয়াছিল; তাহাতেই সে পুনরায় জীবিত হইয়াছিল॥১১॥

আর দৈহিক বল ও মানসিক বলশালী এবং ভার্য্যার গর্ভ উৎপাদন করায় কৃতার্থ অভিমন্যু সহস্র সহস্র শত্রুকে সন্তপ্ত করিয়া যুদ্ধে অভিমুখ অবস্থায় নিহত হইয়া স্বর্গে গমন করিয়াছেন॥১২॥

ধার্ম্মিকেরা ব্রহ্মচর্য্য, তত্ত্বজ্ঞান, শাস্ত্রজ্ঞান ও অভীষ্ট যজ্ঞদ্বারা যে সকল লোকে গমন করিয়া থাকেন, তোমাদের পুত্র (অভিমন্যু) সেই সকল অক্ষয় লোকে গমন করিয়াছেন॥১৩॥

বিদ্বান্ লোকেরা পুণ্যকর্ম্মদ্বারা সর্ব্বদা স্বর্গলাভ করিবারই ইচ্ছা করেন; কিন্তু স্বর্গবাসীরা স্বর্গ হইতে এই মর্ত্ত্যলোকে আসিতে ইচ্ছা করেন না॥১৪॥

(১২) শূরো বীরঃ কৃতাস্ত্রশ্চ···অভিমন্যুর্গতো বীরঃ পৃতনাভিমুখো হতঃ—পি বা বঙ্গ বৰ্দ্ধ। (১৩)···যান্ কাংশ্চিৎ···পি বঙ্গ বৰ্দ্ধ,······প্রজয়া চ শ্রুতেন চ·· নি।

তস্মাৎ স্বর্গগতং পুত্রমর্জ্জুনস্য হতং রণে।
নেহ চানয়িতুং শক্যং কিঞ্চিদপ্রাপ্যমীহিতম্ ॥১৫॥
যাং যোগিনো ধ্যানবিবিক্তদর্শনাঃ প্রযান্তি যাশ্চোত্তমযাগযাজিনঃ।
তপোভিরিদ্ধৈরনুযান্তি যাং তথা তামক্ষয়াং তে তনয়ো গতো গতিম্ ॥১৬॥
অন্তাৎ পুনর্ভাবগতো বিরাজতে রাজেব বীরো হ্যমৃতাত্মরশ্মিভিঃ।
তামৈন্দবীমাত্মতনুং দ্বিজোচিতাং গতোঽভিমন্যুর্ন স শোকমর্হতি ॥১৭॥
এবং জ্ঞাত্বা স্থিরো ভূত্বা জহ্যরীন্ ধৈর্য্যমাপ্নুহি।
জীবন্ হি পুরুষঃ শোচ্যো ন তু স্বর্গগতোঽনঘ ! ॥১৮॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। আনয়িতুম্ আনেতুম্। শক্যমিতি ভাবে যপ্রত্যয়ঃ। ততশ্চ "কাং দিশং গন্তব্যম্" ইত্যাদিবৎ কর্ম্মণঃ পুত্রমিত্যস্য নোক্ততা। অতএব ঈহিতং যুষ্মাভিরিষ্টম্ অভিমন্যোর্দর্শনং তস্মাদ্যুদ্ধাদিকং কিঞ্চিদ্বা, অপ্রাপ্যং ন লভ্যম্। অতঃ স্থিরতামাপ্নুহীত্যাশয়ঃ ॥১৫॥

যামিতি। ধ্যানেন বিবিক্তং পূতং দর্শনং জ্ঞানং যেষাং তে। ইদ্ধৈরুজ্জ্বলৈঃ ॥১৬॥

অন্তাদিতি। বীরোঽভিমন্যুঃ, অন্তাৎ যুদ্ধে মরণাৎ পরম্, পুনঃ, ভাবং স্বর্গীয়ং জন্ম গতঃ প্রাপ্তঃ। ততশ্চ দ্বিজোচিতাং ক্ষত্রিয়যোগ্যাম্, তাম্, ইন্দোরিয়মিত্যৈন্দবী চন্দ্রজনিতা তাম্, আত্মতনুং চন্দ্রপুত্রশরীরম্, গতঃ প্রাপ্তঃ সন্, রাজা চন্দ্র ইব, অমৃতাঃ সুধাময়া যে আত্মনো রশ্ময়ঃ কিরণাস্তৈর্বিরাজতে। অতএব স শোকং শোচ্যতাং নার্হতি। "রাজা প্রভৌ নৃপে চন্দ্রে যক্ষে ক্ষত্রিয়শক্রয়োঃ" ইতি বিশ্বঃ। "ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ" ইতি স্মৃতিঃ ॥১৭॥

অতএব যুদ্ধে নিহত স্বর্গগত অভিমন্যুকে এই মর্ত্ত্যলোকে পুনরায় আনয়ন করিতে পারা যাইবে না। সুতরাং যুধিষ্ঠির! তোমাদের অভীষ্ট অভিমন্যুর দর্শন, কিংবা তাঁহা দ্বারা অন্য কোন কার্য্যসম্পাদন সম্ভবপর হইবে না ॥১৫॥

ধ্যানদ্বারা লব্ধপবিত্রজ্ঞান যোগীরা, উত্তমযজ্ঞকারীরা এবং উৎকৃষ্টতপস্যাপরায়ণ লোকেরা যে গতি লাভ করিয়া থাকেন, অভিমন্যু সেই অক্ষয় গতি লাভ করিয়াছেন ॥১৬॥

বীর অভিমন্যু যুদ্ধে মৃত্যুর পরেই স্বর্গীয় জন্ম লাভ করিয়াছেন; তিনি ক্ষত্রিয়ের প্রাপ্তিযোগ্য সেই স্বকীয় চন্দ্রপুত্রশরীর লাভ করিয়া এখন অমৃতময় আপন কিরণদ্বারা চন্দ্রের তুল্যই শোভা পাইতেছেন। সুতরাং তাঁহার জন্য শোক করা উচিত নহে ॥১৭॥

(১৫)…কিঞ্চিদপ্রাপ্যমীশিতুম্—পি বঙ্গ বর্দ্ধ। (১৮)…মা শুচো ধৈর্য্যমাপ্নুহি…বা নি,… জীবন্ত এব নঃ শোচ্যা ন তু স্বর্গগতানঘ!—পি বা বঙ্গ বর্দ্ধ।

শোচতো হি মহারাজ! অঘমেবাভিবর্দ্ধতে।
তস্মাচ্ছোকং পরিত্যজ্য শ্রেয়সে প্রযতেদ্‌বুধঃ ॥১৯॥
প্রহর্ষং প্রীতিমানন্দং প্রিয়মুৎসিক্তচিত্ততাম্।
এতদাহুর্বুধাঃ শৌচমশৌচং শোক উচ্যতে ॥২০॥
এবং বিদ্বন্ সমুত্তিষ্ঠ প্রয়তো ভব মা শুচঃ।
শ্রুতস্তে সম্ভবো মৃত্যোস্তপাংস্যনুপমানি চ ॥২১॥
সর্বভূতসমত্বঞ্চ চঞ্চলাশ্চ বিভূতয়ঃ।
সৃঞ্জয়স্য শ্রুতঃ পুত্রো মৃতঃ সঞ্জীবিতঃ পুনঃ ॥২২॥

ভারতকৌমুদী

এবমিতি। অরীন্ জহি নাশয়। জীবন্ পুরুষঃ শোচ্যঃ, রোগদৌর্গত্যাদিনা ॥১৮॥

শোচত ইতি। অঘং পাপং পাপজনিতং দুঃখম্। শ্রেয়সে মঙ্গলায় ॥১৯॥

শৌচার্থমপি শোকস্ত্যাজ্য ইত্যাহ প্রেতি। একস্যাপি চিত্তবিস্ফারস্য কারণভেদাদ্ভেদঃ। তথা চ ক্রীড়াদিজন্যশ্চিত্তবিস্ফারঃ প্রহর্ষঃ, পুত্রদর্শনাদিজন্যঃ স প্রীতিঃ, সুরতাদিজন্য আনন্দঃ, সখিদর্শনাদিজন্যঃ প্রিয়ো ভাবঃ, প্রতিবীবাদিপ্রাপ্তিজন্যশ্চিত্তবিস্ফার উৎসিক্তচিত্ততা গর্বিতচিত্ততা। এতৎ সর্বং বুধাঃ শৌচং শুচিভাবমাহুঃ। শোকস্ত অশৌচমুচ্যতে তৈরেব, অশ্রুপ্রভৃতিমলসম্পাদকত্বাদিত্যাশয়ঃ ॥২০॥

এবমিতি। বিদ্বন্ জানন্, প্রযতঃ সংযতচিত্তঃ। তে ত্বয়া, সম্ভব উৎপত্তিঃ ॥২১॥

সর্বেতি। সর্বেষামেব ভূতানাং সমত্বং মৃত্যোগ্রাহ্যত্বে তুল্যত্বম্ ॥২২॥

নিষ্পাপ যুধিষ্ঠির! এইরূপ জানিয়া স্থির হইয়া শত্রুসংহার কর এবং ধৈর্য্যলাভ কর। কারণ, রোগ বা দুর্গতি দেখিয়া জীবিত লোকের জন্যই শোক করা উচিত; কিন্তু স্বর্গগত লোকের জন্য শোক করা উচিত নহে ॥১৮॥

মহারাজ! শোক করিতে থাকিলে, দুঃখই বৃদ্ধি পাইতে থাকে। অতএব বুদ্ধিমান্ লোক শোক পরিত্যাগ করিয়া মঙ্গললাভের জন্যই চেষ্টা করিবেন ॥১৯॥

প্রহর্ষ, প্রীতি, আনন্দ, প্রিয় ও গর্বিতচিত্ততা এইগুলিকে পণ্ডিতেরা শৌচ বলেন; আর তাঁহারাই শোকটাকে অশৌচ বলিয়া থাকেন ॥২০॥

যুধিষ্ঠির! তুমি এইরূপ জানিয়া গাত্রোত্থান কর, সংযতচিত্ত হও এবং শোক করিও না। তুমি মৃত্যুর উৎপত্তি ও তাঁহার অতুলনীয় তপস্যার বিষয় শুনিলে ॥২১॥

এবং মৃত্যুর নিকটে সর্ব্বভূতই সমান ও ঐশ্বর্য্যও চঞ্চল ইহাও শুনিলে; আর সৃঞ্জয়রাজার পুত্র মরিয়া আবার জীবিত হইয়াছিল ইহাও শুনিলে ॥২২॥

(২০) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদ উন্নেয়ঃ।

এবং বিদ্বন্ মহারাজ! মা শুচস্ত্বং ব্রজাম্যহম্।
এতাবদুক্ত্বা ভগবাংস্তত্রৈবান্তরধীয়ত ॥২৩॥
বাগীশানে ভগবতি ব্যাসে ব্যভ্রনভঃপ্রভে।
গতে মতিমতাং শ্রেষ্ঠে সমাশ্বাস্য যুধিষ্ঠিরম্ ॥২৪॥
পূর্ব্বেষাং পার্থিবেন্দ্রাণাং মহেন্দ্রপ্রতিমৌজসাম্।
ন্যায়াধিগতবিত্তানাং তাং শ্রুত্বা যজ্ঞসম্পদম্ ॥২৫॥
সম্পূজ্য মনসা বিদ্বান্ বিশোকোঽভূদ্যুধিষ্ঠিরঃ।
পুনশ্চাচিন্তয়দ্দীনঃ কিংস্বিদ্বক্ষ্যে ধনঞ্জয়ম্ ॥২৬॥ (বিশেষকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণ্যভিমন্যুবধে যুধিষ্ঠিরশোকাপনয়নে ত্রিসষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। বিদ্বন্ জানন্, মা শুচঃ শোকং ন কুরু। ভগবান্ ব্যাসঃ ॥২৩॥

বাগিতি। বাগীশানে বাক্পতৌ। বিগতম্ অভ্রং মেঘো যস্মাত্তত্তাদৃশং যন্নভ আকাশং তস্য প্রভা ইব প্রভা যস্য তস্মিন্ উজ্জ্বলনীলবর্ণে ইত্যর্থঃ। ন্যায়েন অধিগতানি প্রাপ্তানি বিত্তানি ধনানি যৈস্তেষাম্। সম্পূজ্য তানেব পার্থিবান্ তেষাং যজ্ঞসম্পদঞ্চ প্রশস্য ॥২৪—২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি অভিমন্যুবধে ত্রিসষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ! এইরূপ জানিয়া তুমি শোক করিও না, আমি চলিলাম।' এই পর্য্যন্ত বলিয়া ভগবান্ বেদব্যাস সেইখানেই অন্তর্হিত হইলেন ॥২৩॥

বাক্পতি, মেঘশূন্য আকাশের ন্যায় নীলবর্ণ ও জ্ঞানিশ্রেষ্ঠ ভগবান্ বেদব্যাস যুধিষ্ঠিরকে আশ্বস্ত করিয়া চলিয়া গেলে, বুদ্ধিমান্ যুধিষ্ঠির—ইন্দ্রের তুল্য তেজস্বী ও ন্যায়ানুসারে ধনার্জনকারী সেই প্রাচীন রাজগণের সেই সকল যজ্ঞের বিষয় শুনিয়া এবং মনে মনে তাহার প্রশংসা করিয়া শোকবিহীন হইলেন, আবার কাতর হইয়া চিন্তা করিলেন যে, 'অর্জ্জুন আসিলে তাঁহাকে কি বলিব' ॥২৪—২৬॥

---

(২৩)…মা শুচঃ সাধু যাম্যহম্…পি,…মা শুচঃ সাধয়াম্যহম্—বঙ্গ বর্দ্ধ নি। * '…একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…একসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

(৪। প্রতিজ্ঞাপর্ব্ব।)

চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

তস্মিন্নহনি নির্ব্বৃত্তে ঘোরে প্রাণভৃতাং ক্ষয়ে।
আদিত্যেঽস্তং গতে শ্রীমান্ সন্ধ্যাকাল উপস্থিতে ॥১॥
ব্যপযাতেষু সৈন্যেষু সায়াহ্নে ভরতর্ষভ!।
হত্বা সংশপ্তকব্রাতান্ দিব্যৈরস্ত্রৈঃ কপিধ্বজঃ ॥২॥
প্রায়াৎ স্বশিবিরং জিষ্ণুর্জৈত্রমাস্থায় তং রথম্।
গচ্ছন্নেব চ গোবিন্দং সাশ্রুকণ্ঠোঽভ্যভাষত ॥৩॥ (বিশেষকম্)
কিন্নু মে হৃদয়ং ত্রস্তং বাক্ চ সজ্জতি কেশব!।
দৃশ্যন্তে চাপ্যনিষ্টানি গাত্রং সীদতি চাচ্যুত! ॥৪॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নির্ব্বৃত্তে নিষ্পন্নে, ক্ষয়ে বিনাশে। শ্রীমান্ বীরশোভাবান্ জিষ্ণুরিতি পরেণ সম্বধ্যতে। সংশপ্তকানাং ব্রাতান্ সমূহান্। জিষ্ণুরর্জ্জুনঃ, জৈত্রং জয়শীলম্ ॥১—৩॥

কিমিতি। সজ্জতি মুখমধ্য এব লগতি ন স্ফুরতীত্যর্থঃ। সীদতি অবসন্নং ভবতি ॥৪॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! সেই দিনে ভয়ঙ্কর প্রাণিক্ষয় হইয়া গেলে, সূর্য্য অস্তাচলে গমন করিলে এবং সন্ধ্যাকাল উপস্থিত হইলে, সেই সায়াহ্নকালে উভয়পক্ষের সৈন্যেরাই আপন আপন শিবিরে চলিয়া গেলে, বীরশোভাসম্পন্ন কপিধ্বজ অর্জ্জুন দিব্য অস্ত্রদ্বারা সংশপ্তকগণকে সংহার করিয়া সেই বিজয়ী রথে আরোহণপূর্ব্বক আপন শিবিরের দিকে প্রস্থান করিলেন এবং গমন করিতে করিতে সাশ্রুকণ্ঠে কৃষ্ণকে বলিলেন—॥১—৩॥

'কৃষ্ণ! অচ্যুত! আমার হৃদয় আশঙ্কিত হইতেছে কেন, বাক্য যেন মুখের ভিতরেই লাগিয়া রহিতেছে, বহুতর অনিষ্টলক্ষণও দেখিতেছি এবং শরীরও যেন অবসন্ন হইতেছে। ॥৪॥

(২) ব্যপযাতেষু বাসায় সর্ব্বেষু ভরতর্ষভ!···পি বা নি। (৪)···বাক্ চ মজ্জতি···বর্দ্ধ, ···স্পন্দন্তি চাপ্যনিষ্টানি···পি,· স্পন্দন্তে চাপ্যনিষ্টানি···বর্দ্ধ,···স্কন্দনে নাবতিষ্ঠামি গাত্রৈঃ সীদামি চাচ্যুত!—নি।

অনিষ্টঞ্চৈব মে শ্লিষ্টং হৃদয়ান্নাপসর্পতি।
ভূ-বিয়দ্দিক্ষু চাপ্যুগ্রা উৎপাতাস্ত্রাসয়ন্তি মাম্ ॥৫॥
বহুপ্রকারা দৃশ্যন্তে সর্ব্ব এবাঘশংসিনঃ।
অপি স্বস্তি ভবেদ্রাজ্ঞঃ সামাত্যস্য গুরোর্মম ॥৬॥

বাসুদেব উবাচ।

ব্যক্তং শিবং তব ভ্রাতুঃ সামাত্যস্য ভবিষ্যতি।
মা শুচঃ কিঞ্চিদেবান্যত্তত্রানিষ্টং ভবিষ্যতি ॥৭॥

সঞ্জয় উবাচ।

ততঃ সন্ধ্যামুপাস্যৈব বীরৌ বীরাবসাদনে।
কথয়ন্তৌ রণে বৃত্তং প্রয়াতৌ রথমাস্থিতৌ ॥৮॥
ততঃ স্বশিবিরং প্রাপ্তৌ হতানন্দং হতত্বিষম্।
বাসুদেবোঽর্জ্জুনৌ চৈব কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥৯॥

ভারতকৌমুদী

অনিষ্টমিতি। অনিষ্টমনিষ্টাশঙ্কা, শ্লিষ্টং দৃঢ়সম্বদ্ধম্। উৎপাতা ভূকম্পাদয়ঃ ॥৫॥

দ্রোণপ্রতিজ্ঞাস্মরণাৎ সম্ভাব্যমানং যুধিষ্ঠিরস্যানিষ্টং সূচয়ন্নাহ বহ্বিতি। বহুপ্রকারা উৎপাতা ইত্যনুবৃত্তিঃ। অঘশংসিনঃ অমঙ্গলসূচকাঃ। স্বস্তি মঙ্গলম্, "স্বস্ত্যাশীঃক্ষেমপুণ্যাদৌ" ইত্যমরঃ, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, গুরোর্জ্যেষ্ঠভ্রাতুঃ ॥৬॥

ব্যক্তমিতি। ব্যক্তং ধ্রুবম, শিবং মঙ্গলম্, ভ্রাতুর্যুধিষ্ঠিরস্য ॥৭॥

তত ইতি। বীরৌ কৃষ্ণার্জ্জুনৌ, বীরা অবসাদ্যন্তে বিনাশ্যন্তে অস্মিন্নিতি তস্মিন্ ॥৮॥

দৃঢ়সংলগ্ন অনিষ্টাশঙ্কা আমার হৃদয় হইতে যাইতেছে না এবং ভূমি, আকাশ ও সকল দিকে ভয়ঙ্কর উৎপাত সকল আমাকে বিত্রস্ত করিয়া তুলিতেছে! ॥৫॥

বহুপ্রকার উৎপাত দেখিতেছি, সে সকলগুলিই আবার অমঙ্গলসূচনা করিতেছে!। অতএব অমাত্যবর্গের সহিত আমার জ্যেষ্ঠভ্রাতা রাজা যুধিষ্ঠিরের মঙ্গল হইবে ত? ॥৬॥

কৃষ্ণ বলিলেন—'অর্জ্জুন! নিশ্চয়ই অমাত্যবর্গের সহিত তোমার ভ্রাতার মঙ্গল হইবে। সুতরাং তুমি উদ্বিগ্ন হইও না; হয় ত সেখানে সামান্য কোন অনিষ্ট হইয়া থাকিবে ॥৭॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর কৃষ্ণ ও অর্জ্জুন সন্ধ্যোপাসনা করিয়াই রথে আরোহণপূর্বক বীরবিনাশক যুদ্ধের আলোচনা করিতে করিতে গমন করিতে লাগিলেন ॥৮॥

(৯)···হতামিত্রৌ হতদ্বিষৌ···নি।

ধ্বস্তাকারং সমালক্ষ্য শিবিরং পরবীরহা।
বীভৎসুরব্রবীৎ কৃষ্ণমস্বস্থহৃদয়স্ততঃ ॥১০॥
নদন্তি নাদ্য তূর্য্যাণি মঙ্গল্যানি জনার্দ্দন!।
মিশ্রা দুন্দুভিনির্ঘোষৈঃ শঙ্খাশ্চাড়ম্বরৈঃ সহ।
বীণা বা নাদ্য বাদ্যন্তে শম্যাতালস্বনৈঃ সহ ॥১১॥
মঙ্গল্যানি চ গীতানি গায়ন্তি ন পঠন্তি চ।
স্তুতিযুক্তানি রম্যাণি সর্বানীকেষু বন্দিনঃ ॥১২॥
যোধাশ্চাপি চ মাং দৃষ্ট্বা নিবর্ত্তন্তে হ্যধোমুখাঃ।
কর্ম্মাণি চ যথাপূর্ব্বং কৃত্বা নাভিবদন্তি মাম্ ॥১৩॥
অপি স্বস্তি ভবেদদ্য ভ্রাতৃভ্যো মম মাধব!।
নহি শুধ্যতি মে ভাবো দৃষ্ট্বা স্বজনমাকুলম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। হতা নিবৃত্তা দ্বিযা প্রদীপদীপ্তির্যত্র তৎ। স্থিযেতি ক্ষুধেতিবৎ টাবন্তঃ ॥৯॥

ধ্বস্তেতি। বীভৎসুরর্জ্জুনঃ। অস্বস্থহৃদয় উদ্বিগ্নচিত্তঃ ॥১০॥

নদন্তীতি। শঙ্খাঃ শঙ্খরবাঃ, আড়ম্বরৈস্তূর্য্যরবৈঃ। শম্যা ঢক্কা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

মঙ্গল্যানীতি। স্তুতিযুক্তানি বাক্যানীতি শেষঃ, সর্বানীকেষু সর্ব্ববিধসৈন্যেষু ॥১২॥

যোধা ইতি। নিবর্ত্তন্তে অপসরন্তি। কর্ম্মাণি অভিবাদনাদীনি ॥১৩॥

তদনন্তর কৃষ্ণ ও অর্জ্জুন যুদ্ধে অতিদুষ্কর কার্য্য করিয়া নিরানন্দ ও আলোক-শূন্য আপন শিবিরে যাইয়া উপস্থিত হইলেন ॥৯॥

তৎপরে বিপক্ষবীরহন্তা অর্জ্জুন শিবিরটাকে বিকৃতরূপ দেখিয়া উদ্বিগ্নচিত্ত হইয়া কৃষ্ণকে বলিলেন—॥১০॥

'জনার্দ্দন! আজ মাঙ্গলিক তূর্য্য বাজিতেছে না, দুন্দুভিধ্বনি ও তূর্য্যধ্বনির সহিত শঙ্খধ্বনিও হইতেছে না, কিংবা ঢাক ও করতালশব্দের সহিত বীণাও বাজাইতেছে না! ॥১১॥

স্তুতিপাঠকেরা সর্ব্বসৈন্যমধ্যে মাঙ্গলিক গান গাহিতেছে না এবং স্তুতিযুক্ত মনোহর শ্লোক সকলও পাঠ করিতেছে না! ॥১২॥

যোদ্ধারাও আমাকে দেখিয়া অধোমুখ হইয়া সরিয়া যাইতেছে; কিন্তু পূর্ব্বের ন্যায় অভিবাদন করিয়া আমার নিকট যুদ্ধের বৃত্তান্ত বলিতেছে না! ॥১৩॥

(১০) ধ্বস্তাকারমিবালেখ্যং সংবীক্ষ্য শিবিরং স্বকম্‌…নি,…অস্বস্থহৃদয়স্ততঃ—পি।

অপি পাঞ্চালরাজস্য বিরাটস্য চ মানদ!।
সর্বেষাঞ্চৈব যোধানাং সামগ্র্যং স্যান্মমাচ্যুত! ॥১৫॥
ন চ মামদ্য সৌভদ্রঃ প্রহৃষ্টো ভ্রাতৃভিঃ সহ।
রণাদায়ান্তমুচিতং প্রত্যুদ্‌যাতি হসন্নিব ॥১৬॥
এবং সংকথয়ন্তৌ তৌ প্রবিষ্টৌ শিবিরং স্বকম্।
দদৃশাতে ভৃশাস্বস্থান্ পাণ্ডবান্ নষ্টচেতসঃ ॥১৭॥
দৃষ্ট্বা ভ্রাতৄংশ্চ পুত্রাংশ্চ বিমনা বানরধ্বজঃ।
অপশ্যংশ্চৈব সৌভদ্রমিদং বচনমব্রবীৎ ॥১৮॥
মুখবর্ণোঽপ্রসন্নো বঃ সর্ব্বেষামেব লক্ষ্যতে।
অভিমন্যুং ন পশ্যামি ন চ মাং প্রতিনন্দথ ॥১৯॥

ভারতকৌমুদী

অপীতি। স্বস্তি মঙ্গলম্। ভ্রাতৃভ্য ইতি "নমঃ স্বস্তি" ইত্যাদিনা চতুর্থী। ভাবো মনঃ ॥১৪॥
অপীতি। হে মানদ! মান্যানাং সম্মানকারক!। সামগ্র্যং সাকল্যেন জীবনম্ ॥১৫॥
নেতি। সৌভদ্রোঽভিমন্যুঃ, ভ্রাতৃভিঃ প্রতিবিন্ধ্যাদিভিঃ। উচিতং ন্যায্যম্ ॥১৬॥
এবমিতি। ভৃশাস্বস্থান্ অতীবাকুলান্, নষ্টচেতসো বিগতচেতনানিব ॥১৭॥
দৃষ্ট্বেতি। বিমনা বিষণ্ণচিত্তঃ, বানরধ্বজঃ অর্জ্জুনঃ ॥১৮॥
মুখেতি। অপ্রসন্নো মলিনঃ, বো যুষ্মাকম্। প্রতিনন্দথ আদ্রিয়ধ্বে যূয়ম্ ॥১৯॥

কৃষ্ণ! আজ আমার ভ্রাতাদের মঙ্গল হইবে ত? আত্মীয়গণকে আকুল দেখিয়া আমার মন যে প্রসন্ন হইতেছে না ॥১৪॥

মাননীয়গণের সম্মানকারী কৃষ্ণ! দ্রুপদ, বিরাট ও অন্যান্য যোদ্ধারা সকলে বাঁচিয়া আছেন ত? ॥১৫॥

আজ আমি যুদ্ধ হইতে আসিতে লাগিলে, অভিমন্যু অপর ভ্রাতাদের সহিত মিলিত হইয়া অন্যান্য দিনের ন্যায় প্রহৃষ্ট চিত্তে হাসিতে হাসিতেই যেন কর্ত্তব্য প্রত্যুদ্‌গমন করিতেছে না' ॥১৬॥

কৃষ্ণ ও অর্জ্জুন এইরূপ আলোচনা করিতে করিতে আপন শিবিরে প্রবেশ করিয়া দেখিলেন—অত্যন্ত অসুস্থ পাণ্ডবেরা যেন অচৈতন্য হইয়া রহিয়াছেন ॥১৭॥

তখন অর্জ্জুন—ভ্রাতৃগণ ও অপর পুত্রগণকে দেখিয়া এবং অভিমন্যুকে না দেখিয়া বিষণ্ণচিত্ত হইয়া এই কথা বলিলেন—॥১৮॥

(১৬) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' বা বঙ্গ বর্দ্ধ নি। (১৭)…ভৃশাসুস্থান্…পি।

ময়া শ্রুতশ্চ দ্রোণেন চক্রব্যূহো বিনির্ম্মিতঃ।
ন চ বস্তস্য ভেত্তাস্তি বিনা সৌভদ্রমর্ভকম্ ॥২০॥
ন চোপদিষ্টস্তস্যাসীন্ময়ানীকাদ্বিনির্গমঃ।
কচ্চিন্ন বালো যুষ্মাভিঃ পরানীকং প্রবেশিতঃ ॥২১॥
ভিত্ত্বানীকং মহেষ্বাসঃ পরেষাং বহুশো যুধি।
কচ্চিন্ন নিহতঃ শেতে সৌভদ্রঃ পরবীরহা ॥২২॥
লোহিতাক্ষং মহাবাহুং জাতং সিংহমিবাদ্রিষু।
উপেন্দ্রসদৃশং ব্রূত কথমায়োধনে হতঃ ॥২৩॥
সুকুমারং মহেষ্বাসং বাসবস্যাত্মজাত্মজম্।
সদা মম প্রিয়ং ব্রূত কথমায়োধনে হতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অভিমন্যোরদর্শনাৎ কারণান্তরব্যূহসত্ত্বাচ্চ তদ্বিনাশমেবাশঙ্কতে ত্রিভিঃ। ময়েতি। বো যুষ্মাকং মধ্যে কশ্চিদপি। সৌভদ্রমভিমন্যুম্, অর্ভকং বালকম্ ॥২০॥

নেতি। অনীকাদ্বিপক্ষসৈন্যাৎ। বিনির্গম ইত্যনেন প্রবেশ উপদিষ্ট ইতি সূচিতম্ ॥২১॥

ভিত্ত্বেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। পরবীরান্ হন্তীতি পরবীরহা ॥২২॥

অভিমন্যুবিনাশমেব নিশ্চিত্যাহ লোহিতেতি। উপেন্দ্রসদৃশং কৃষ্ণতুল্যম্, আয়োধনে যুদ্ধে ॥২৩॥

সুকুমারমিতি। বাসবস্য ইন্দ্রস্য আত্মজোঽর্জ্জুন এব তস্যাত্মজম্ ॥২৪॥

'আপনাদের সকলেরই মুখবর্ণ মলিন দেখিতেছি, অভিমন্যুকে দেখিতেছি না, আপনারাও আমার অভিনন্দন করিতেছেন না! ॥১৯॥

ওদিকে আমি শুনিয়াছি—দ্রোণ চক্রব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন; অথচ বালক অভিমন্যু ব্যতীত আপনাদের মধ্যে অপর কেহই তাহা ভেদ করিতে সমর্থ ছিলেন না ॥২০॥

আমি অভিমন্যুকে বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশের প্রণালী শিক্ষা দিয়াছিলাম বটে, কিন্তু তাহা হইতে নির্গমের প্রণালী শিক্ষা দি নাই। সে যাহা হউক, আপনারা সেই বালককে শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করাইয়া দেন নাই ত? ॥২১॥

মহাধনুর্দ্ধর ও বিপক্ষবীরহন্তা অভিমন্যু যুদ্ধে বিপক্ষের বহুসৈন্য ভেদ করিয়া যাইয়া নিহত হইয়া শয়ন করে নাই ত? ॥২২॥

পর্ব্বতজাত সিংহের ন্যায় রক্তনয়ন, মহাবাহু ও কৃষ্ণের তুল্য বিক্রমশালী অভিমন্যুর বিষয় আপনারা বলুন—সে কি করিয়া যুদ্ধে নিহত হইল? ॥২৩॥

(২২) ··পরেষাং বহুভির্যুধি···নিহতঃ সংখ্যে···নি।

সুভদ্রায়াঃ প্রিয়ং পুত্রং দ্রৌপদ্যাঃ কেশবস্য চ।
অম্বায়াশ্চ প্রিয়ং নিত্যং কোঽবধীৎ কালচোদিতঃ ॥২৫॥
সদৃশো বৃষ্ণিসিংহস্য কেশবস্য মহাত্মনঃ।
বিক্রমশ্রুতিমাহাত্ম্যৈঃ কথমায়োধনে হতঃ ॥২৬॥
বাষ্ণেয়ীদয়িতং শূরং ময়া সততলালিতম্।
যদি পুত্রং ন পশ্যামি যাস্যামি যমসাদনম্ ॥২৭॥
মৃদুকুঞ্চিতকেশান্তং বালং বালমৃগেক্ষণম্।
মত্তদ্বিরদবিক্রান্তং শালপোতমিবোদ্গতম্ ॥২৮॥
স্মিতাভিভাষিণং শান্তং গুরুবাক্যকরং সদা।
বাল্যেঽপ্যবালকর্ম্মাণং প্রিয়বাক্যমমৎসরম্ ॥২৯॥

ভারতকৌমুদী

সুভদ্রায়া ইতি। অম্বায়াঃ কুন্ত্যাঃ। কালচোদিত ইত্যনেনাত্মনা তদ্বধঃ সূচিতঃ ॥২৫॥
সদৃশ ইতি। বিক্রমঃ অতিশক্তিতা শ্রুতিঃ শাস্ত্রজ্ঞানং মাহাত্ম্যমৌদার্য্যঞ্চ তৈঃ, সদৃশঃ ॥২৬॥
বাষ্ণেয়ীতি। বাষ্ণেয়ী বৃষ্ণিবংশীয়া সুভদ্রা তস্যা দয়িতং প্রিয়ম্। যাস্যামি শোকাৎ ॥২৭॥
অথ পঞ্চভিঃ কুলকেনাভিমন্যোর্গুণান্ বর্ণয়ন্ শোচতি মৃদ্বিতি। বালমৃগস্যেব ঈক্ষণে চক্ষুষী যস্য তম্। শালপোতং নবীনশালবৃক্ষমিব উদ্গতমুন্নতম্। স্মিতেন মন্দহাস্যেন

সুকুমার, মহাধনুর্দ্ধর, ইন্দ্রের পুত্রের পুত্র এবং সর্ব্বদা আমার প্রিয় অভিমন্যুর সংবাদ আপনারা বলুন—সে কি প্রকারে যুদ্ধে নিহত হইল? ॥২৪॥

সুভদ্রার প্রিয়পুত্র এবং দ্রৌপদী, কৃষ্ণ ও মাতৃদেবীর (কুন্তীর) সর্ব্বদা প্রিয় অভিমন্যুকে কোন্ ব্যক্তি কালপ্রেরিত হইয়া বধ করিল? ॥২৫॥

বিক্রম, শাস্ত্রজ্ঞান ও ঔদার্য্যগুণে বৃষ্ণিবংশশ্রেষ্ঠ মহাত্মা কৃষ্ণের তুল্য অভিমন্যু কি প্রকারে যুদ্ধে নিহত হইল? ॥২৬॥

হায়! যে, সুভদ্রার প্রিয় ও বীর ছিল এবং আমি যাহাকে সর্বদা লালন করিতাম, সেই পুত্রকে যদি দেখিতে না পাই, তবে আমিও যমভবনে যাইব ॥২৭॥

যাহার কেশকলাপের প্রান্তভাগ কোমল ও কুঞ্চিত, নয়নযুগল হরিণশাবকের নয়নের ন্যায় চঞ্চল, মত্তহস্তীর তুল্য বিক্রম এবং দেহ নবীন শালবৃক্ষের সমান উন্নত ছিল; যে বালক মৃদু হাস্য করিয়া কথা বলিত, সর্ব্বদা গুরুজনের বাক্য

(২৫)...কালমোহিতঃ—বা নি। (২৬)...বৃষ্ণিবীরস্য ..বিক্রমশ্রুতমাহাত্ম্যৈঃ...বা নি।
(২৮)...মহাদ্বিরদবিক্রান্তম্...পি। (২৯) স্মিতাবলোকনকরম্...পি।

মহোৎসাহং মহাবাহুং দীর্ঘরাজীবলোচনম্ ।
ভক্তানুকম্পিনং দান্তং ন চ নীচানুসারিণম্ ॥৩০॥
কৃতজ্ঞং জ্ঞানসম্পন্নং কৃতাস্ত্রমনিবর্ত্তিনম্ ।
যুদ্ধাভিনন্দিনং নিত্যং দ্বিষতাং শোকবর্দ্ধনম্ ॥৩১॥
স্বেষাং প্রিয়হিতে যুক্তং পিতৃণাং জয়গৃদ্ধিনম্ ।
ন চ পূর্ব্বপ্রহর্ত্তারং সংগ্রামে নষ্টসংভ্রমম্ ।
যদি পুত্রং ন পশ্যামি যাস্যামি যমসাদনম্ ॥৩২॥ (কুলকম্)
রথেষু গণ্যমানেষু গণিতং তং মহারথম্ ।
মমাধ্যর্দ্ধগুণং সংখ্যে তরুণং বাহুশালিনম্ ॥৩৩॥
প্রদ্যুম্নস্য প্রিয়ং শিষ্যং কেশবস্য মমৈব চ ।
যদি পুত্রং ন পশ্যামি যাস্যামি যমসাদনম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অভিভাষত ইতি তম্ । অবালকর্ম্মাণং পূর্ণবয়স্কবৎ কার্য্যকারিণম্, অমৎসরং পরদ্বেষরহিতম্ । দীর্ঘে রাজীবে পদ্মে ইব চ লোচনে যস্য তম্ । দান্তমিন্দ্রিয়দমনশালিনম্ । কৃতাস্ত্রং শিক্ষিতসর্বাস্ত্রম্, অনিবর্ত্তিনং যুদ্ধাৎ । স্বেষামাত্মীয়ানাম্ । জয়গৃদ্ধিনং জয়েচ্ছুম্ । নষ্টসম্ভ্রমমব্যস্তম্ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮—৩২॥

রথেষ্বিতি । গণ্যমানেষু ভীষ্মেণ । অধি অধিকঃ অর্দ্ধগুণো যস্মিন্ তং যুদ্ধে মদপেক্ষয়া অর্দ্ধগুণাধিকমিত্যর্থঃ । তরুণং যৌবনবয়সি কৃতস্পর্শম্ । প্রদ্যুম্নস্য কৃষ্ণপুত্রস্য ॥৩৩—৩৪॥

পালন করিত, বাল্যবয়সেও পূর্ণবয়স্কের ন্যায় কার্য্য করিয়া যাইত, সকলেরই প্রিয়বাক্য বলিত এবং কাহারও প্রতি বিদ্বেষ করিত না ; যাহার উৎসাহ প্রবল, বাহুযুগল সবল এবং নয়নযুগল দীর্ঘ ও পদ্মের তুল্য সুন্দর ছিল ; যে—ভক্তের প্রতি দয়া করিত, ইন্দ্রিয়গুলিকে দমনে রাখিত, নীচলোকের অনুসরণ করিত না, কৃতজ্ঞ ও বুদ্ধিমান্ ছিল, সমস্ত অস্ত্র শিক্ষা করিয়াছিল, যুদ্ধে পলায়ন করিত না, যুদ্ধ দেখিয়া আনন্দিত হইত, সর্ব্বদা শত্রুপক্ষের শোকবৃদ্ধি করিত, আত্মীয়গণের প্রিয় ও হিতকার্য্যে নিরত থাকিত এবং পিতৃগণের জয় কামনা করিত ; আর যে বালক যুদ্ধে প্রথমে প্রহার করিত না এবং ব্যস্তও হইত না, সেই শান্তস্বভাব পুত্র অভিমন্যুকে যদি দেখিতে না পাই, তবে আমি তাহার শোকে যমভবনে গমন করিব ॥২৮—৩২॥

ভীষ্ম রথিপ্রভৃতি গণনা করিবার সময়ে যাহাকে মহারথ বলিয়া গণনা

(৩১)···দ্বিষতামঘবর্দ্ধনম্—পি, দ্বিষতাং ভয়বর্দ্ধনম্—বা নি। (৩২) ন চ পূর্বং প্রহর্ত্তারম্···পি বা নি।

স্থনসং স্থললাটান্তং স্বক্ষিভ্রূদশনচ্ছদম্।
অপশ্যতস্তদ্বদনং কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৫॥
তন্ত্রীস্বনস্থখং রম্যং পুংস্কোকিলসমধ্বনিম্।
অশৃণ্বতঃ স্বরং তস্য কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৬॥
রূপঞ্চাপ্রতিমং তস্য ত্রিদশেষ্বপি দুর্লভম্।
অপশ্যতোঽস্য বীরস্য কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৭॥
অভিবাদনদক্ষং তং পিতৃণাং বচনে রতম্।
নাদ্যাহং যদি পশ্যামি কা শান্তির্হৃদয়স্য মে ॥৩৮॥
স্থকুমারঃ সদা বীরো মহার্হশয়নোচিতঃ।
ভূমাবনাথবচ্ছেতে নূনং নাথবতাং বরঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

স্থনসমিতি। শোভনা নাসা যত্র তৎ, শোভনেন ললাটেন অন্তং রম্যম্, তথা শোভনা অক্ষিণী ভ্রুবৌ দশনচ্ছদৌ ওষ্ঠৌ চ তে যত্র তৎ। তস্যাভিমন্যোর্বদনম্ ॥৩৫॥

তন্ত্রীতি। তন্ত্রীস্বনবৎ স্থখং স্থখকরম্, পুমাংশ্চাসৌ কোকিলশ্চেতি তস্য সমো ধ্বনির্যত্র তম্ ॥৩৬॥

রূপমিতি। ত্রিদশেষু দেবেষ্বপি দুর্লভম্, অতএব অপ্রতিমং নিরুপমম্ ॥৩৭॥

অভীতি। পিতৃণামিতি গুরুজনমাত্রপরম্। বচনে আদেশপালনে ॥৩৮॥

করিয়াছিলেন, যে—যুদ্ধে আমা অপেক্ষা অর্দ্ধগুণ অধিক ছিল এবং প্রদ্যুম্ন, কৃষ্ণ ও আমার প্রিয়শিষ্য ছিল, সেই তরুণ ও বাহুশালী পুত্রকে যদি দেখিতে না পাই, তবে আমি তাহার শোকে যমভবনে গমন করিব ॥৩৩—৩৪॥

সুন্দর নাসিকা, সুন্দর ললাট, সুন্দর নয়ন, সুন্দর ভ্রূ ও সুন্দর ওষ্ঠযুক্ত অভিমন্যুর মুখখানি না দেখিতে পাইলে, আমার মনের কি শান্তি হইবে ॥৩৫॥

তন্ত্রীর শব্দের ন্যায় সুখজনক এবং পুরুষজাতীয় কোকিলের স্বরের ন্যায় মনোহর অভিমন্যুর কণ্ঠস্বর শুনিতে না পাইলে, আমার মনের কি শান্তি হইবে ॥৩৬॥

দেবগণের মধ্যেও দুর্লভ সেই বীরের অতুলনীয় রূপ দেখিতে না পাইলে, এখন আমার মনের কি শান্তি হইবে ॥৩৭॥

গুরুজনকে নমস্কার করিতে নিপুণ এবং তাঁহাদের আদেশপালনে নিরত সেই অভিমন্যুকে আজ আমি যদি দেখিতে না পাই, তবে আমার মনের কি শান্তি হইবে ॥৩৮॥

(৩৬)…অশৃণ্বতঃ স্বনং তস্য…বা নি। (৩৭)…ত্রিদশৈশ্চাপি দুর্লভম্…বা নি।

শয়ানং সমুপাসন্তি যং পুরা পরমস্ত্রিয়ঃ।
তমদ্য বিপ্রবিদ্ধাঙ্গমুপাসন্ত্যশিবাঃ শিবাঃ ॥৪০॥
যঃ পুরা বোধ্যতে সুপ্তঃ সূতমাগধবন্দিভিঃ।
বোধয়ন্ত্যদ্য তং নূনং শ্বাপদা বিকৃতৈঃ স্বরৈঃ ॥৪১॥
ছত্রচ্ছায়াসমুচিতং তস্য তদ্বদনং শুভম্।
নূনমদ্য রজোধ্বস্তং রণরেণুঃ করিষ্যতি ॥৪২॥
হা পুত্রকাবিতৃপ্তস্য সততং পুত্রদর্শনে।
ভাগ্যহীনস্য কালেন যথা ত্বং নীয়সে বলাৎ ॥৪৩॥
সাদ্য সংযমনী নূনং সদা সুকৃতিনাং গতিঃ।
স্বভাভির্ভাসিতা রম্যা ত্বয়াত্যর্থং বিরাজতে ॥৪৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সুকুমার ইতি। মহার্হশয়নোচিতঃ মহামূল্যশয্যায়াং শয়নযোগ্যঃ। নাথঃ সহায়ঃ ॥৩৯॥

শয়ানমিতি। সমুপাসন্তি সমুপাসতে। বিপ্রবিদ্ধাঙ্গং শরস্যূতগাত্রম্, অশিবা অমঙ্গলসূচিকাঃ, শিবাঃ শৃগালাঃ, উপাসন্তি মাংসভোজনায় সেবন্তে ॥৪০॥

য ইতি। বোধ্যতে জাগর্য্যতে। বোধয়ন্তীব মৃতত্বাৎ। শ্বাপদা হিংস্রজন্তবঃ ॥৪১॥

ছত্রেতি। রজসা পরাগেণেব ধ্বস্তং নষ্টকান্তি, রণরেণুঃ সমরভূমিধূলিঃ ॥৪২॥

হেতি। কালেন যমেন, যথা যেন হেতুনা। যথেত্যুক্তত্বাৎ তথেতি পূরণীয়ম্। তথা তেন হেতুনা, সা প্রসিদ্ধা, সংযমনী নাম যমপুরী। গম্যত ইতি গতিঃ। স্বভাভির্নিজদ্যুতিভিঃ ॥৪৩—৪৪॥

হায়! সুকুমারদেহ অথ চ মহাবীর, মহামূল্যশয্যায় শয়ন করিবার যোগ্য এবং সহায়শালী লোকদিগের মধ্যে প্রধান অভিমন্যু আজ নিঃসহায়ের ন্যায় ভূমিতে শয়ন করিয়া রহিয়াছে ॥৩৯॥

পূর্ব্বে শয়িত অবস্থায় উত্তম রমণীরা যাইয়া যাহার সেবা করিত, আজ সে শরবিদ্ধ দেহে শয়ন করিয়া রহিয়াছে এবং অমাঙ্গলিক শৃগালেরা তাহার সেবা করিতেছে ॥৪০॥

পূর্বে নিদ্রিত হইলে, সূত, মাগধ ও বন্দীরা যাহাকে জাগাইত, আজ নিশ্চয়ই হিংস্র জন্তুরা বিকট শব্দে তাহাকে যেন জাগাইতেছে ॥৪১॥

ছত্রদ্বারা ছায়া করিবার যোগ্য অভিমন্যুর সুন্দর মুখখানিকে আজ নিশ্চয়ই সমরাঙ্গনের ধূলিজাল আবৃত করিবে ॥৪২॥

হা পুত্র! আমি ভাগ্যহীন, তাই সর্ব্বদা তোমাকে দেখিয়াও তৃপ্তিলাভ করিতে পারি নাই। এই অবস্থায় আমার নিকট হইতে যম যখন বলপূর্ব্বক

নূনং বৈবস্বতশ্চ ত্বাং বরুণশ্চ প্রিয়াতিথিম্।
শতক্রতুর্ধনেশশ্চ প্রাপ্তমর্চ্চন্ত্যভীরুকম্ ॥৪৫॥
এবং বিলপ্য বহুধা ভিন্নপোতো বণিগ্‌যথা।
দুঃখেন মহতাবিষ্টো যুধিষ্ঠিরমপৃচ্ছত ॥৪৬॥
কচ্চিৎ স কদনং কৃত্বা পরেষাং কুরুনন্দন !।
স্বর্গতোঽভিমুখঃ সংখ্যে যুধ্যমানো নরর্ষভৈঃ ॥৪৭॥
স নূনং বহুভির্যত্তৈর্যুধ্যমানো নরর্ষভঃ।
অসহায়ঃ সহায়ার্থী মামনুধ্যাতবান্ ধ্রুবম্ ॥৪৮॥
পীড্যমানঃ শরৈস্তীক্ষ্ণৈঃ কর্ণদ্রোণকৃপাদিভিঃ।
নানালিঙ্গৈঃ সুধৌতাগ্রৈর্মম পুত্রোঽল্পচেতনঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

নূনমিতি। বৈবস্বতো যমঃ। শতক্রতুরিন্দ্রঃ, ধনেশঃ কুবেরঃ, প্রাপ্তমাগতম্ ॥৪৫॥
এবমিতি। ভিন্নঃ পাষাণাদিনা বিদীর্ণঃ পোতো জলযানং যস্য সঃ ॥৪৬॥
কচ্চিদিতি। কদনং নিপীড়নম্। সংখ্যে যুদ্ধে ॥৪৭॥
স ইতি। যত্তৈর্জয়ায় যত্নবদ্ভিঃ। অনুধ্যাতবান্ স্মৃতবান্ ॥৪৮॥

তোমাকে নিয়াছেন, তখন নিশ্চয়ই পুণ্যবান্‌দিগের গম্যস্থান, আপন কান্তিদ্বারা উদ্ভাসিত ও মনোহর সেই সংযমনীপুরী (যমের পুরী) আজ তোমাদ্বারা অত্যন্ত শোভা পাইতেছে ॥৪৩—৪৪॥

বৎস! তুমি নির্ভয়চিত্তে যাইয়া উপস্থিত হইয়াছ; অমনি যম, বরুণ, ইন্দ্র ও কুবের তোমাকে প্রিয় অতিথিরূপে পাইয়া তোমার বিশেষ আদর করিতেছেন' ॥৪৫॥

পোত (বৃহৎ জলযান) বিদীর্ণ হইয়া গেলে বণিকের ন্যায় মহাদুঃখিত অর্জ্জুন এইরূপ বহুপ্রকারে বিলাপ করিয়া যুধিষ্ঠিরের নিকট জিজ্ঞাসা করিলেন—॥৪৬॥

'কুরুনন্দন! অভিমন্যু বিপক্ষদিগকে গুরুতর নিপীড়িত করিয়া সমরাঙ্গনে নরশ্রেষ্ঠগণের সহিত যুদ্ধ করিতে থাকিয়া অভিমুখ অবস্থায় স্বর্গে গমন করিয়াছে ত? ॥৪৭॥

হায়! নিশ্চয়ই সেই নরশ্রেষ্ঠ (অভিমন্যু) নিঃসহায় অবস্থায় যত্নবান্ বহু যোদ্ধার সহিত যুদ্ধ করিতে থাকিয়া সহায়ার্থী হইয়া নিশ্চয়ই আমাকে স্মরণ করিয়াছিল ॥৪৮॥

(৪৫)···প্রাপ্তমর্চ্চন্ত্যভীতকম্···বঙ্গ। ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (৪৮)···যুধ্যমানো নরর্ষভৈঃ···বা নি।

ইহ মে স্যাৎ পরিত্রাণং পিতেতি স পুনঃ পুনঃ।
ইতি বিপ্রলপন্ মন্যে নৃশংসৈর্ভুবি পাতিতঃ ॥৫০॥ (যুগ্মকম্)
অথবা মৎপ্রসূতঃ স স্বস্রীয়ো মাধবস্য চ।
সুভদ্রায়াঞ্চ সম্ভূতো নৈবং বক্তুমিহার্হতি ॥৫১॥
সমাযুক্ত ইতি। কৌন্তেয়ঃ পার্থঃ। সামরান্ অমরৈঃ সহ। নিহন্যাং নিহন্তুং শক্নুয়াৎ ॥২৩॥

স ইতি। অনুজ্ঞাতং স্বগৃহগমনায়। পুত্রেণাশ্বত্থাম্না সহেতি সহপুত্রস্তেন ॥২৪॥

স ইতি। রাজ্ঞা দুর্য্যোধনেন। আক্রন্দিত আহূতঃ। সংবিধানং জয়দ্রথরক্ষোপায়ঃ ॥২৫॥

কৃষ্ণসহায় অর্জ্জুন গাণ্ডীবধনু সঞ্চালন করিতে থাকিলে, কোন্ ব্যক্তি তাঁহার সম্মুখে থাকিতে পারে? সাক্ষাৎ ইন্দ্রও পারেন না ॥২০॥

শুনিতে পাই—পূর্ব্বে হিমালয়পর্ব্বতে অর্জ্জুন পাদচারে মহাতেজা কিরাতরূপী প্রভু মহাদেবের সহিতও যুদ্ধ করিয়াছেন ॥২১॥

অর্জ্জুন দেবরাজপ্রেরিত হইয়া এক রথেই দেবরাজের অবধ্য হিরণ্যপুরবাসী বহুসহস্র দানবকে বধ করিয়াছিলেন ॥২২॥

সুতরাং আমার ধারণা—বুদ্ধিমান্ কৃষ্ণের সহিত মিলিত অর্জ্জুন দেবগণের সহিত ত্রিভুবনও সংহার করিতে পারেন ॥২৩॥

অতএব রাজা! আপনি যদি মনে করেন, তাহা হইলে আমি ইচ্ছা করি—আমাকে স্বগৃহগমনে অনুমতি করা হউক, অথবা অশ্বত্থামার সহিত মহাত্মা ও মহাবীর দ্রোণ আমাকে রক্ষা করুন' ॥২৪॥

অর্জ্জুন! তৎপরে স্বয়ং দুর্য্যোধনই উচ্চস্বরে দ্রোণাচার্য্যকে ডাকিলেন, জয়দ্রথকে রক্ষা করিবার উপায় করিলেন এবং রথীদিগকে সজ্জিত হইবার আদেশ দিলেন ॥২৫॥

কর্ণো ভূরিশ্রবা দ্রৌণির্বৃষসেনশ্চ দুর্জয়ঃ।
কৃপশ্চ মদ্ররাজশ্চ ষড়েতেঽস্য পুরোগমাঃ ॥২৬॥
শকটঃ পদ্মকশ্চার্দ্ধে ব্যূহো দ্রোণেন কল্পিতঃ।
পদ্মকর্ণিকমধ্যস্থঃ সূচীপার্শ্বে জয়দ্রথঃ ॥২৭॥
স্থাস্যতে রক্ষিতো বীরৈঃ সিন্ধুরাড়্যুদ্ধদুর্ম্মদঃ।
ধনুষ্যস্ত্রে চ বীর্য্যে চ বলে চৈব তথৌরসে ॥২৮॥
অবিষহ্যতমা হ্যেতে নিশ্চিতাঃ পার্থ! ষড়্‌রথাঃ।
এতানজিত্বা সগণান্ নৈব প্রাপ্যো জয়দ্রথঃ ॥২৯॥ (বিশেষকম্)
তেষামেকৈকশো বীর্য্যং ষণ্ণাং ত্বমনুচিন্তয়।
সহিতা হি নরব্যাঘ্র! ন শক্যা জেতুমঞ্জসা ॥৩০॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। অস্য জয়দ্রথস্য, পুরোগমা অগ্রবর্ত্তিনঃ কর্ত্তুং সঙ্কল্পিতাঃ ॥২৬॥

শকট ইতি। অর্দ্ধে সম্মুখে শকটঃ শকটাকারঃ, অর্দ্ধে অপরার্দ্ধে চ পদ্মকঃ পদ্মাকারঃ। পদ্মকর্ণিকস্য মধ্যস্থঃ সূচীপার্শ্বে জয়দ্রথঃ, পদ্মস্য মধ্যে কর্ণিকা, তন্মধ্যে সূচী, তৎপার্শ্বে চ জয়দ্রথঃ স্থাস্যত ইত্যর্থঃ। বীর্য্যে মানসিকবলে, ঔরসে কায়িকে বলে চ অবিষহ্যতমা অন্যৈরতীবাসহ্যাঃ, এতে কর্ণাদয়ঃ। সগণান্ অনুচরসহিতান্ ॥২৭—২৯॥

তেষামিতি। অঞ্জসা ঝটিতি, "দ্রাগ্‌ঝটিত্যঞ্জসাহ্নায় দ্রাঙ্‌মঙ্‌ক্ষু সপদি দ্রুতে।" ইত্যমরঃ ॥৩০॥

কর্ণ, ভূরিশ্রবা, অশ্বত্থামা, দুর্জয় বৃষসেন, কৃপ ও শল্য এই ছয় জন রথী জয়দ্রথের সম্মুখে থাকিবেন বলিয়া স্থির হইল ॥২৬॥

আর সম্মুখভাগ শকটাকার এবং পশ্চাদ্ভাগ পদ্মাকৃতি একটা ব্যূহ দ্রোণ রচনা করিবেন, সেই পদ্মের কর্ণিকার মধ্যে আবার একটা সূচীব্যূহ হইবে, তাহার একপার্শ্বে যুদ্ধদুর্দ্ধর্ষ সিন্ধুরাজ জয়দ্রথ থাকিবেন এবং তাঁহাকে অন্যান্য বীরেরা রক্ষা করিবেন। অতএব অর্জ্জুন! এই ছয় জন রথী ধনু, অস্ত্র, মানসিক বল ও দৈহিক বলে অন্যের বিশেষ অসহ্য ইহা নিশ্চিত। সুতরাং অনুচরগণের সহিত ইঁহাদিগকে জয় না করিয়া জয়দ্রথকে পাওয়া যাইবে না ॥২৭—২৯॥

কারণ, নরশ্রেষ্ঠ! সেই ছয় জনের মধ্যে এক এক জনের শক্তির বিষয়ই তুমি চিন্তা কর; তাহাতে সম্মিলিত ছয় জনকে সত্বর জয় করা যাইবে না ॥৩০॥

(২৭) শকটঃ পদ্মপশ্চার্দ্ধঃ···কর্ণিকায়াঃ স মধ্যস্থঃ ··পি বঙ্গ বর্দ্ধ,···পদ্মকশ্চার্দ্ধো ব্যূহো দ্রোণেন নির্ম্মিতঃ···নি। (৩০) এষামেকৈকশঃ···পি।

ভূয়স্তু মন্ত্রয়িষ্যামি নীতিমাত্মহিতায় বৈ।
মন্ত্রজ্ঞৈঃ সচিবৈঃ সার্দ্ধং সুহৃদ্ভিঃ কার্য্যসিদ্ধয়ে ॥৩১॥

অর্জ্জুন উবাচ।

ষড় রথান্ ধার্ত্তরাষ্ট্রস্য মন্যসে যান্ বলাধিকান্।
তেষাং বীর্য্যং মমার্দ্ধেন ন তুল্যমিতি লক্ষয়ে ॥৩২॥
অস্ত্রমস্ত্রেণ সর্ব্বেষামেতেষাং মধুসূদন!।
ময়া দ্রক্ষ্যসি নির্ভিন্নং জয়দ্রথবধৈষিণা ॥৩৩॥
দ্রোণস্য মিষতঃ শ্বোঽহং সগণস্য বিলপ্যতঃ।
মূর্দ্ধানং সিন্ধুরাজস্য পাতয়িষ্যামি ভূতলে ॥৩৪॥
যদি বিশ্বে চ সাধ্যাশ্চ বসবশ্চ সহাশ্বিনঃ।
মরুতশ্চ মহেন্দ্রেণ রুদ্রা দেবাস্তথাসুরাঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

ভূয় ইতি। ভূয়ঃ পুনঃ। কার্য্যসিদ্ধয়ে জয়দ্রথবধনিষ্পত্তয়ে ॥৩১॥
ষড়িতি। তেষাং মিলিতানামপীতি ভাবঃ। লক্ষয়ে আলোচয়ামি ॥৩২॥
অস্ত্রমিতি। নির্ভিন্নং প্রতিহতম্ ॥৩৩॥
দ্রোণস্যেতি। মিষতঃ পশ্যতঃ, শ্বঃ পরদিনে, সগণস্য কর্ণাদিসহিতস্য ॥৩৪॥
যদীতি। বিশ্বে বিশ্বেদেবাঃ। অশ্বিভ্যাং সহেতি সহাশ্বিনঃ। মরুতো বায়বঃ। সুপর্ণা

সুতরাং আমি স্বপক্ষের হিত ও কার্য্যসিদ্ধির জন্য মন্ত্রণাভিজ্ঞ ও হিতৈষী মন্ত্রীদের সহিত পুনরায় এই নীতির বিষয় আলোচনা করিব' ॥৩১॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! তুমি দুর্য্যোধনের পক্ষের যে ছয় জন রথীকে অধিক বলবান্ বলিয়া মনে করিতেছ, আমি তাঁহাদের সম্মিলিত ছয় জনের শক্তিকেও আমার শক্তির অর্দ্ধের তুল্য বলিয়া ধারণা করি না ॥৩২॥

মধুসূদন! তুমি দেখিবে—আমি জয়দ্রথবধার্থী হইয়া আপন অস্ত্রদ্বারা ইহাদের সকলের অস্ত্রই নিবারণ করিব ॥৩৩॥

এবং আগামী কল্য কর্ণপ্রভৃতির সহিত দ্রোণের সমক্ষেই বিলাপকারী জয়দ্রথের মস্তক ভূতলে নিপাতিত করিব ॥৩৪॥

কৃষ্ণ! আমি সত্য শপথ ও অস্ত্রস্পর্শ করিয়া বলিতেছি—যদি বিশ্বেদেবগণ,

(৩১) ভূয়শ্চ চিন্তয়িষ্যামঃ ..বর্দ্ধ। ইতঃ পরম্ 'ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '.. পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি। (৩৪) দ্রোণস্য নিষতশ্চাহম্...পি, দ্রোণস্য মিষতশ্চাহং সগণস্য বিপশ্চিতঃ...নি।

পিতরশ্চ সগন্ধর্ব্বাঃ সুপর্ণাঃ সাগরাদ্রয়ঃ।
দ্যৌর্বিয়ৎ পৃথিবী চেয়ং দিশশ্চ সদিগীশ্বরাঃ ॥৩৬॥
গ্রাম্যারণ্যানি ভূতানি স্থাবরাণি চরাণি চ।
ত্রাতারঃ সিন্ধুরাজস্য ভবন্তি মধুসূদন! ॥৩৭॥
তথাপি বাণৈর্নিহতং শ্বো দ্রষ্টাসি রণে ময়া।
সত্যেন চ শপে কৃষ্ণ! তথৈবায়ুধমালভে ॥৩৮॥ (কলাপকম্)
যস্য গোপ্তা মহেম্বাসস্তস্য পাপস্য দুর্ম্মতেঃ।
তমেব প্রথমং দ্রোণমভিযাস্যামি কেশব! ॥৩৯॥
তস্মিন্ যুদ্ধমিদং বদ্ধং মন্যতে স সুযোধনঃ।
তস্মাত্তস্যৈব সেনাগ্রং ভিত্ত্বা যাস্যামি সৈন্ধবম্ ॥৪০॥
দ্রষ্টাসি শ্বো মহেম্বাসান্ নারাচৈস্তিগ্মতেজনৈঃ।
শৃঙ্গাণীব গিরের্ব্বজ্রৈর্দার্য্যমাণান্ ময়া যুধি ॥৪১॥

ভারতকৌমুদী

গরুড়াঃ। ইদন্তু পক্ষিমাত্রোপলক্ষণম্। সাগরাদ্রয়ঃ সমুদ্রপর্ব্বতাঃ। দ্যৌঃ স্বর্গঃ, বিয়ৎ আকাশম্। গ্রাম্যভূতানি মনুষ্যাদীনি, আরণ্যভূতানি চ মৃগাদীনি, চরাণি জঙ্গমানি। শ্বঃ পরদিনে। শপে শপথং করোমি। আলভে স্পৃশামি ॥৩৫—৩৮॥

য ইতি। গোপ্তা রক্ষিতা, মহেম্বাসো মহাধনুর্দ্ধরঃ, তস্য জয়দ্রথস্য ॥৩৯॥

তস্মিন্নিতি। তস্মিন্ দ্রোণে। বদ্ধং জয়ে সম্বদ্ধম্। সৈন্ধবং জয়দ্রথম্ ॥৪০॥

দ্রষ্টাসীতি। শ্বঃ পরদিনে, মহেম্বাসান্ কর্ণাদীন্, তিগ্মতেজনৈস্তীব্রতেজোভিঃ ॥৪১॥

সাধ্যগণ, বসুগণ, অশ্বিনীকুমারদ্বয়, বায়ুগণ, রুদ্রগণ, ইন্দ্রের সহিত দেবগণ, অসুরগণ, পিতৃগণ, গন্ধর্ব্বগণ, পক্ষিগণ, সমুদ্রগণ, পর্ব্বতগণ, স্বর্গ, আকাশ, এই পৃথিবী, দিক্ সকল, দিক্পালগণ, গ্রাম্য প্রাণিগণ, বন্য প্রাণিগণ, স্থাবরগণ এবং জঙ্গমগণও জয়দ্রথের রক্ষক হন, তথাপি আগামী কল্য দেখিতে পাইবে যে, আমি যুদ্ধে বাণদ্বারা জয়দ্রথকে নিহত করিয়াছি ॥৩৫—৩৮॥

কেশব! যে মহাধনুর্দ্ধর সেই পাপাত্মা ও দুর্ম্মতির রক্ষক হইবেন, আমি প্রথমেই সেই দ্রোণের অভিমুখে যাইব ॥৩৯॥

সেই দুর্য্যোধন মনে করে—দ্রোণের উপরেই এই যুদ্ধ আবদ্ধ রহিয়াছে। সুতরাং আমি তাঁহার সৈন্যের সম্মুখই ভেদ করিয়া জয়দ্রথের নিকট যাইব ॥৪০॥

(৪০) যস্মিন্ দ্যূতমিদং রব্ধম্⋯পি, যস্মিন্ দ্যূতমিদং বদ্ধম্⋯বঙ্গ বৰ্দ্ধ।

নরনাগাশ্বদেহেভ্যো বিস্রবিষ্যতি শোণিতম্।
পতদ্ভ্যঃ পতিতেভ্যশ্চ বিভিন্নেভ্যঃ শিতৈঃ শরৈঃ ॥৪২॥
গাণ্ডীবপ্রেষিতা বাণা মনোঽনিলসমা জবে।
নৃনাগাশ্বান্ বিদেহাসূন্ কর্ত্তারশ্চ সহস্রশঃ ॥৪৩॥
যমাৎ কুবেরাদ্বরুণাদ্রুদ্রাদিন্দ্রাচ্চ যন্ময়া।
উপাত্তমস্ত্রং ঘোরং বৈ তদ্‌দ্রষ্টারো নরা যুধি ॥৪৪॥
ব্রাহ্মেণাস্ত্রেণ চাস্ত্রাণি হন্যমানানি সংযুগে।
ময়া দ্রষ্টাসি সর্ব্বেষাং সৈন্ধবস্যাভিরক্ষিণাম্ ॥৪৫॥
শরবেগসমুৎকৃত্তৈ রাজ্ঞাং কেশব! মূর্দ্ধভিঃ।
আস্তীর্য্যমাণাং পৃথিবীং দ্রষ্টাসি শ্বো ময়া যুধি ॥৪৬॥

ভারতকৌমুদী

নরেতি। বিস্রবিষ্যতি নিঃসবিষ্যতি। বিভিন্নেভ্যো বিদীর্ণেভ্যঃ, শিতৈঃ ধারালৈঃ ॥৪২॥

গাণ্ডীবেতি। জবে বেগে। বিগতা দেহা অসবঃ প্রাণাশ্চ যেষাং তান্, কর্ত্তারঃ করিষ্যন্তি ॥৪৩॥

যমাদিতি। উপাত্তং প্রাপ্তম্। দ্রষ্টারো দ্রক্ষ্যন্তি ॥৪৪॥

ব্রাহ্মেণেতি। দ্রষ্টাসি দ্রক্ষ্যসি, সৈন্ধবস্য জাদ্রথস্য ॥৪৫॥

কৃষ্ণ! তুমি আগামী কল্য দেখিবে—ইন্দ্র যেমন বজ্রদ্বারা পর্বতশৃঙ্গ সকল বিদীর্ণ করিয়াছিলেন, আমিও সেইরূপ তীব্রবেগশালী নারাচসমূহদ্বারা মহাধনুর্দ্ধরগণকে বিদীর্ণ করিতেছি ॥৪১॥

আমার সুধার বাণসমূহদ্বারা বিদীর্ণ হইয়া পতনশীল ও পতিত মানুষ, হস্তী ও অশ্বগণের দেহ হইতে রক্ত নির্গত হইবে ॥৪২॥

মন ও বায়ুর তুল্য বেগবান্ আমার গাণ্ডীবনিক্ষিপ্ত বাণ সকল যাইয়া বিপক্ষের সহস্র সহস্র হস্তী, অশ্ব ও মানুষকে দেহবিহীন ও প্রাণশূন্য করিবে ॥৪৩॥

যম, কুবের, বরুণ, রুদ্র ও ইন্দ্রের নিকট আমি যে সকল ভয়ঙ্কর অস্ত্র লাভ করিয়াছি, তাহা আগামী কল্য যুদ্ধে সকল লোক দেখিতে পাইবে ॥৪৪॥

কৃষ্ণ! তুমি দেখিবে—জয়দ্রথের রক্ষক সমস্ত যোদ্ধার অস্ত্রই আমি যুদ্ধে এক ব্রহ্মাস্ত্রদ্বারা প্রতিহত করিব ॥৪৫॥

কেশব! তুমি আগামী কল্য দেখিতে পাইবে—রাজাদের মস্তকগুলি আমার বাণবেগে ছিন্ন হইয়া সমরভূমি আবৃত করিবে ॥৪৬॥

ক্রব্যাদাংস্তর্পয়িষ্যামি দ্রাবয়িষ্যামি শাত্রবান্ ।
সুহৃদো নন্দয়িষ্যামি পাতয়িষ্যামি সৈন্ধবম্ ॥৪৭॥
বহ্বাগস্কৃৎ কুসম্বন্ধী পাপদেশসমুদ্ভবঃ ।
ময়া সৈন্ধবকো রাজা হতঃ স্বান্ শোচয়িষ্যতি ॥৪৮॥
সর্ব্বক্ষীরান্নভোক্তারং পাপাচারং রণাজিরে ।
ময়া সরাজকা বাণৈর্ভিন্নং দ্রক্ষ্যন্তি সৈন্ধবম্ ॥৪৯॥
তথা প্রভাতে কর্ত্তাস্মি যথা কৃষ্ণ ! সুযোধনঃ ।
নান্যং ধনুর্দ্ধরং লোকে মংস্যতে মৎসমং যুধি ॥৫০॥
গাণ্ডীবঞ্চ ধনুর্দিব্যং যোদ্ধা চাহং নরর্ষভ ! ।
ত্বঞ্চ যন্তা হৃষীকেশ ! কিং নু স্যাদজিতং ময়া ॥৫১॥

ভারতকৌমুদী

শরেতি। শরবেগেন সমুৎকৃত্তৈঃ সম্যক্‌ছিন্নৈঃ। শ্বঃ পরদিনে ॥৪৬॥

ক্রব্যাদানিতি। ক্রব্যাদান্ মাংসভোজিনো জন্তূন্, দ্রাবয়িষ্যামি পীড়য়িষ্যামি ॥৪৭॥

বহ্বিতি। বহ্বাগস্কৃৎ দ্রৌপদীহরণাদিনা প্রচুরাপরাধকারী, কুসম্বন্ধী দুর্জনসংসর্গী ॥৪৮॥

সর্বেতি। সর্বক্ষীরান্নভোক্তারমিত্যনেন চিরসুখিনমিত্যুচ্যতে। সরাজকা লোকাঃ ॥৪৯॥

তথেতি। প্রভাতে প্রভাতকালাবধিপরদিবসে, কর্ত্তাস্মি যুদ্ধং করিষ্যামি ॥৫০॥

গাণ্ডীবমিতি। গাণ্ডীবাদিকং সর্বমসাধারণ্যসূচকম্। দিব্যং স্বর্গীয়ম্। যন্তা সারথিঃ ॥৫১॥

আমি আগামী কল্য মাংসভোজী জন্তুগণকে পরিতৃপ্ত করিব, শত্রুগণকে পীড়িত করিব, বন্ধুজনের আনন্দ জন্মাইব এবং জয়দ্রথকে নিপাতিত করিব ॥৪৭॥

বহু অপরাধকারী, দুর্জনসংসর্গী ও পাপদেশে সমুৎপন্ন জয়দ্রথরাজা আমার হাতে নিহত হইয়া তাহার বন্ধুবর্গকে শোকার্ত্ত করিবে ॥৪৮॥

আগামী কল্য রাজাদের সহিত সমস্ত লোক দেখিবে—সর্ব্বদা ক্ষীরান্নভোজী ও পাপাচারী জয়দ্রথ আমার বাণে বিদীর্ণ হইয়া সমরাঙ্গনে শয়ন করিবে ॥৪৯॥

কৃষ্ণ ! আমি আগামী কল্য তেমন যুদ্ধ করিব, যাহাতে দুর্য্যোধন জগতে অপর কোন ধনুর্দ্ধরকে যুদ্ধে আমার তুল্য মনে না করে ॥৫০॥

নরশ্রেষ্ঠ হৃষীকেশ ! স্বর্গীয় গাণ্ডীবধনু, আমি যোদ্ধা এবং তুমি সারথি। ইহাতে আমার অবিজিত কি থাকিতে পারে ? ॥৫১॥

(৪৭)···প্রমথিষ্যামি সৈন্ধবম্—পি। (৫১)···যোদ্ধা চাহং নরর্ষভঃ···পি।

তব প্রসাদাদ্ভগবন্! কিমিহাস্তি রণে মম।
অবিষহ্যং হৃষীকেশ! কিং জানন্ মাং বিগর্হসি ॥৫২॥
যথা লক্ষ্ম স্থিরং চন্দ্রে সমুদ্রে চ যথা জলম্।
এবমেতাং প্রতিজ্ঞাং বৈ সত্যাং বিদ্ধি জনার্দ্দন! ॥৫৩॥
মাবমংস্থা মমাস্ত্রাণি মাবমংস্থা ধনুর্দৃঢ়ম্।
মাবমংস্থা বলং বাহ্বোর্মাবমংস্থা ধনঞ্জয়ম্ ॥৫৪॥
যথাভিযায় সংগ্রামে ন জীয়েঽহং জয়ামি চ।
তেন সত্যেন সমরে হতং বিদ্ধি জয়দ্রথম্ ॥৫৫॥
ধ্রুবং বৈ ব্রাহ্মণে সত্যং ধ্রুবা সাধুসমুন্নতিঃ।
শ্রীর্ধ্রুবা চাপি দক্ষেষু ধ্রুবো নারায়ণে জয়ঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

তবেতি। অবিষহ্যমশক্যম্। বিগর্হসি "তৎসাহসমিদং কৃতম্" ইত্যাদিনা নিন্দসি ॥৫২॥
যথেতি। লক্ষ্ম শশচিহ্নম্। এতাং জয়দ্রথবধবিষয়াম্ ॥৫৩॥
মেতি। মা অবমংস্থা নাবজানীহি। সর্ব্বত্র দৃষ্টশক্তিকত্বাদিতি ভাবঃ ॥৫৪॥
যথেতি। ন জীয়ে কেনাপি জিতো ন ভবামি। বিদ্ধি জানীহি ॥৫৫॥
ধ্রুবমিতি। মৎপক্ষনারায়ণজয়স্য ধ্রুবত্বান্মম জয়োঽপি ধ্রুব এবেত্যাশয়ঃ ॥৫৬॥

ভগবন্! তোমার অনুগ্রহে এই জগতে যুদ্ধে আমার অশক্য কি আছে? অতএব হৃষীকেশ! তুমি ইহা জানিয়াও আমাকে কেন নিন্দা করিতেছ? ॥৫২॥

জনার্দ্দন! চন্দ্রের চিহ্ন ও সমুদ্রের জল যেমন সত্য, তেমন আমার এই প্রতিজ্ঞাও সত্য বলিয়াই জানিও ॥৫৩॥

কৃষ্ণ! তুমি আমার অস্ত্রগুলিকে অবজ্ঞা করিও না, আমার দৃঢ় ধনুকে অবহেলা করিও না, আমার বাহুবলকে হেয় ধারণা করিও না এবং অর্জ্জুনকেও তুচ্ছ মনে করিও না ॥৫৪॥

আমি যুদ্ধে গেলে কেহ আমাকে জয় করিতে পারে না, আমিই সকলকে জয় করি। সেই সত্য ঘটনা স্মরণ করিয়া যুদ্ধে জয়দ্রথকে নিহত বলিয়াই জানিয়া রাখ ॥৫৫॥

ব্রাহ্মণে সত্য—ধ্রুব, সাধুজনে উন্নতি—ধ্রুব, কার্য্যদক্ষলোকে সম্পৎ—ধ্রুব এবং নারায়ণে জয়—ধ্রুব ॥৫৬॥

---

(৫২)...কিং নাবাপ্তুং রণে মম...বিগর্হসে—বঙ্গ বর্দ্ধ। (৫৫) যথা হি যোদ্ধা সংগ্রামে ন জীয়েয়...বঙ্গ বর্দ্ধ। (৫৬)...ধ্রুবা সাধুষু সন্নতিঃ। শ্রীর্ধ্রুবা চাতিদক্ষেষু.. বর্দ্ধ।

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা হৃষীকেশং স্বয়মাত্মানমাত্মনা।
সন্দিদেশার্জ্জুনো নর্দ্দন্ বাসবিঃ কেশবং প্রভুম্ ॥৫৭॥
যথা প্রভাতাং রজনীং কল্পিতঃ স্যাদ্রথো মম।
তথা কার্য্যং ত্বয়া কৃষ্ণ! কার্য্যং হি মহদুদ্যতম্ ॥৫৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং কৃষ্ণার্জ্জুনসংবাদে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০*০——

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

তাং নিশাং শোকদুঃখার্ত্তৌ শ্বসন্তাবিব পন্নগৌ।
নিদ্রাং নৈবোপলেভাতে বাসুদেবধনঞ্জয়ৌ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিঃ অর্জ্জুনঃ, নর্দ্দন্ শৌর্য্যেণ গর্জন্, এবমুক্ত্বা, আত্মনা যত্নেন, স্বয়ং স্বরাট্স্বরূপম্, আত্মানং পরমাত্মভূতঞ্চ, হৃষীকেশং মায়ানিয়ন্তারম্, অতএব প্রভুং সর্ব্বাতিশায়িপ্রভাবম্, কেশবং কৃষ্ণম্, সন্দিদেশ আদিদেশ। ঈদৃশং কৃষ্ণং প্রত্যপি অর্জ্জুনস্যাদেশেন ভক্তাধীনো ভগবানিতি সূচিতম্ ॥৫৭॥

যথেতি। রজনীমিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া। কল্পিতঃ সজ্জিতঃ। কার্য্যং কর্ত্তব্যম্। হি যস্মাৎ, জয়দ্রথবধরূপং মহৎ কার্য্যম্, উদ্যতং কর্ত্তুমারব্ধম্ ॥৫৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি প্রতিজ্ঞায়াং সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

সঞ্জয় বলিলেন—'ইন্দ্রনন্দন অর্জ্জুন বীরত্ববশতঃ গর্জন করতঃ এইরূপ বলিয়া যত্ন সহকারে স্বরাট্স্বরূপ, পরমাত্মরূপী, মায়ানিয়ন্তা ও সর্ব্বাধিকপ্রভাবশালী কৃষ্ণকে আদেশ করিলেন—॥৫৭॥

'কৃষ্ণ! রাত্রি প্রভাত হইবামাত্র আমার রথ যাহাতে সজ্জিত হয়, তুমি তাহা করিবে। কারণ, গুরুতর কার্য্য আরম্ভ করা হইয়াছে' ॥৫৮॥

* '…চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি। (১)… নিশ্বসন্তাবিবোরগৌ…পি বা নি।

নরনারায়ণৌ ক্রুদ্ধৌ জ্ঞাত্বা দেবাঃ সবাসবাঃ।
ব্যথিতাশ্চিন্তয়ামাসুঃ কিং স্বিদেতদ্ভবিষ্যতি ॥২॥
ববুশ্চ দারুণা বাতা রূক্ষা ঘোরাভিশংসিনঃ।
সকবন্ধস্তথাদিত্যে পরিঘঃ সমদৃশ্যত ॥৩॥
শুষ্কাশন্যশ্চ সংপেতুঃ সনির্ঘাতাঃ সবিদ্যুতঃ।
চচাল চাপি পৃথিবী সশৈলবনকাননা ॥৪॥
চুক্ষুভুশ্চ মহারাজ! সাগরা মকরালয়াঃ।
প্রতিস্রোতঃ প্রবৃত্তাশ্চ তথা গন্তুং সমুদ্রগাঃ ॥৫॥
রথাশ্বনরনাগানাং প্রবৃত্তমধরোত্তরম্।
ক্রব্যাদানাং প্রমোদার্থং যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥৬॥

ভারতকৌমুদী

তামিতি। পন্নগৌ সর্পাবিব, শ্বসন্তৌ নিশ্বাসং ত্যজন্তৌ ॥১॥

নরেতি। নরনারায়ণৌ তদবতারৌ অর্জ্জুনকৃষ্ণৌ। সবাসবা ইন্দ্রসহিতাঃ ॥২॥

ববুরিতি। ঘোরাভিশংসিনো ভয়সূচকাঃ। পরিঘঃ পরিঘচিহ্নম্, সমদৃশ্যত দেবৈরেব। অন্যেষান্তু তাদৃশপ্রভাবাভাবেন রাত্রৌ সূর্য্যমণ্ডলদর্শনাসম্ভব ইত্যবধেয়ম্ ॥৩॥

শুষ্কেতি। শুষ্কাশন্যো নির্জলবজ্রাঃ। শৈলৈঃ পর্বতৈঃ বনৈরুদ্যানৈঃ কাননৈররণ্যৈশ্চ সহেতি সা ॥৪॥

চুক্ষুভুরিতি। প্রতিস্রোতো গন্তুং প্রবৃত্তাঃ প্রতিকূলস্রোতোভির্বহন্তি স্ম, সমুদ্রগা নদ্যঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'শোকদুঃখপীড়িত কৃষ্ণ ও অর্জ্জুন দুইটা সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া সেই রাত্রিতে আর নিদ্রা যাইতে পারিলেন না ॥১॥

ওদিকে নরনারায়ণাবতার অর্জ্জুন ও কৃষ্ণ ক্রুদ্ধ হইয়াছেন জানিয়া ইন্দ্রপ্রভৃতি দেবতারা উদ্বিগ্ন হইয়া চিন্তা করিতে লাগিলেন যে, 'এটা কিরূপ ব্যাপার হইবে' ॥২॥

রূক্ষ ও ভয়সূচক দারুণ বায়ু বহিতে লাগিল এবং দেবতারা সূর্য্যমণ্ডলে কবন্ধযুক্ত পরিঘচিহ্ন দেখিতে থাকিলেন ॥৩॥

নির্ঘাত ও বিদ্যুতের সহিত জলশূন্য বজ্র পতিত হইতে থাকিল এবং পর্ব্বত, উদ্যান ও বনের সহিত পৃথিবী কাঁপিতে লাগিল ॥৪॥

মহারাজ! মকরাবাস সমুদ্র সকল উদ্বেলিত হইল এবং নদীগুলি প্রতিকূল স্রোতে চলিতে থাকিল ॥৫॥

(৬) ···যমরাষ্ট্রবিবৃদ্ধয়ে—পি বা নি।

বাহনানি শকৃন্মূত্রে মুমুচু রুরুদুশ্চ হ।
তান্ দৃষ্ট্বা দারুণান্ সর্বানুৎপাতান্ লোমহর্ষণান্ ॥৭॥
সর্বে তে ব্যথিতাঃ সৈন্যাস্ত্বদীয়া ভরতর্ষভ!।
শ্রুত্বা মহাবলস্যোগ্রাং প্রতিজ্ঞাং সব্যসাচিনঃ ॥৮॥ (যুগ্মকম্)
অথ কৃষ্ণং মহাবাহুরব্রবীৎ পাকশাসনিঃ।
আশ্বাসয় সুভদ্রাং ত্বং ভগিনীং স্নুষয়া সহ ॥৯॥
স্নুষাপ্রেষ্যাবয়স্যাশ্চ বিশোকাঃ কুরু মাধব!।
সাম্না সত্যেন যুক্তেন বচসাশ্বাসয় প্রভো! ॥১০॥
ততোঽর্জ্জুনগৃহং গত্বা বাসুদেবঃ সুদুর্মনাঃ।
ভগিনীং পুত্রশোকার্ত্তামাশ্বাসয়ত দুঃখিতাম্ ॥১১॥

ভারতকৌমুদী

রথেতি। অধরোত্তরং বিপরীতভাবঃ স্বপক্ষেষ্বপি হিংসাপ্রবৃত্তিঃ। ক্রব্যাদানাং মাংস-ভোজিনাম্ ॥৬॥

বাহনানীতি। শকৃন্মূত্রে বিষ্ঠামূত্রে। ব্যথিতা ভয়েন ॥৭—৮॥

অথেতি। পাকশাসনস্য ইন্দ্রস্যাপত্যমিতি পাকশাসনিরর্জ্জুনঃ। স্নুষয়া বধ্বা উত্তরয়া ॥৯॥

স্নুষেতি। স্নুষায়া উত্তরায়াঃ প্রেষ্যা দাসীঃ বয়স্যাঃ সখীশ্চ। সাম্না সান্ত্বনাকরেণ ॥১০॥

তত ইতি। ভগিনীং সুভদ্রাম্ ॥১১॥

মাংসভোজী জন্তুগণের আমোদের জন্য হস্তী, অশ্ব, রথী ও পদাতিদিগের বিপরীত হিংসাপ্রবৃত্তি জন্মিতে থাকিল; তাহাতে যমরাজ্যবৃদ্ধির সম্ভাবনা হইল ॥৬॥

হস্তী ও অশ্বপ্রভৃতি বাহনগুলি বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে লাগিল এবং রোদন করিতে থাকিল। ভরতশ্রেষ্ঠ! আপনার সৈন্যেরা সকলেই সেই সমস্ত ভয়ঙ্কর ও লোমহর্ষণ উৎপাত দেখিয়া এবং মহাবল অর্জ্জুনের সেই দারুণ প্রতিজ্ঞা শুনিয়া ভয়ে ব্যথিত হইয়া পড়িল ॥৭—৮॥

তদনন্তর মহাবাহু অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! তুমি যাইয়া আমার পুত্রবধূ উত্তরার সহিত তোমার ভগিনী সুভদ্রাকে আশ্বস্ত কর ॥৯॥

প্রভু মাধব! উত্তরার দাসী ও সখীদিগকে শোকবিহীন কর এবং সত্য ও সান্ত্বনাযুক্ত বাক্যদ্বারা আশ্বস্ত কর' ॥১০॥

---

(১০) স্নুষাং স্বসারমেবাশু বিশোকে কুরু মাধব!... পি, স্নুষাং চাস্যা বয়স্যাশ্চ বিশোকাঃ কুরু মাধব!...বা নি।

বাসুদেব উবাচ।

মা শোকং কুরু বাষ্ণেঁয়ি! কুমারং প্রতি সস্নুষা।
সর্বেষাং প্রাণিনাং ভীরু! নিষ্ঠৈষা কালনির্ম্মিতা ॥১২॥
কুলে জাতস্য বীরস্য ক্ষত্রিয়স্য বিশেষতঃ।
সদৃশং মরণং হ্যেতত্তব পুত্রস্য মা শুচঃ ॥১৩॥
দিষ্ট্যা মহারথো বীরঃ পিতুস্তুল্যপরাক্রমঃ।
ক্ষাত্রেণ বিধিনা প্রাপ্তো বীরাভিলষিতাং গতিম্ ॥১৪॥
জিত্বা সুবহুশঃ শত্রূন্ প্রেষয়িত্বা চ মৃত্যবে।
গতঃ পুণ্যকৃতাং লোকান্ সর্ব্বকামদুহোঽক্ষয়ান্ ॥১৫॥
তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রুতেন প্রজ্ঞয়াপি চ।
সন্তো যাং গতিমিচ্ছন্তি তাং প্রাপ্তস্তব পুত্রকঃ ॥১৬॥

ভারতকৌমুদী

মেতি। স্নুষয়া উত্তরয়া সহেতি সস্নুষা। নিষ্ঠা নাশঃ ॥১২॥
কুল ইতি। সদৃশং যোগ্যম্। মা শুচঃ শোকং মা কার্ষীঃ ॥১৩॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। বীরোঽভিমন্যুঃ, পিতুরর্জ্জুনস্য ॥১৪॥
জিত্বেতি। সর্ব্বান্ কামান্ অভীষ্টান্ পদার্থান্ দুহন্তি দদতীতি তান্ ॥১৫॥
তপসেতি। শ্রুতেন বেদপাঠেন, প্রজ্ঞয়া তত্ত্বজ্ঞানেন চ ॥১৬॥

তাহার পর অতিদুঃখিতচিত্ত কৃষ্ণ অর্জ্জুনের গৃহে গমন করিয়া পুত্রশোকার্ত্তা ও দুঃখিতা সুভদ্রাকে আশ্বস্ত করিতে লাগিলেন ॥১১॥

কৃষ্ণ বলিলেন—'বৃষ্ণিবংশনন্দিনি! উত্তরার সহিত তুমি কুমারের জন্য শোক করিও না; ভীরু! সমস্ত প্রাণীরই কালকৃত এইরূপ বিনাশ হইয়া থাকে ॥১২॥

বিশেষতঃ সদ্বংশজাত বীর ক্ষত্রিয়ের এইরূপ মরণই উপযুক্ত। সুতরাং তোমার পুত্রসম্বন্ধে শোক করিও না ॥১৩॥

মহারথ ও পিতার তুল্য পরাক্রমশালী বীর অভিমন্যু ক্ষত্রিয়নিয়ম অনুসারে বীরাভিলষিত গতিই লাভ করিয়াছে ॥১৪॥

অভিমন্যু বহুতর শত্রু জয় করিয়া এবং তাহাদিগকে যমলোকে পাঠাইয়া পুণ্যবান্ লোকদিগের প্রাপ্য সর্বাভীষ্টপূরক অক্ষয় লোকে গমন করিয়াছে ॥১৫॥

সাধুলোকেরা তপস্যা, ব্রহ্মচর্য্য, বেদাধ্যয়ন ও তত্ত্বজ্ঞানদ্বারা যে স্থান লাভ করিবার ইচ্ছা করেন, তোমার পুত্র সেই স্থান লাভ করিয়াছে ॥১৬॥

বীরসূর্বীরপত্নী ত্বং বীরজা বীরবান্ধবা।
মা শুচস্তনয়ং ভদ্রে! গতঃ স পরমাং গতিম্ ॥১৭॥
প্রাপ্স্যতে চাপ্যসৌ পাপঃ সৈন্ধবো বালঘাতকঃ।
অস্যাবলেপস্য ফলং সসুহৃদ্গণবান্ধবঃ ॥১৮॥
ব্যুষ্টায়ান্তু বরারোহে! রজন্যাং পাপকর্ম্মকৃৎ।
নহি মোক্ষ্যতি পার্থাৎ স প্রবিষ্টোঽপ্যমরাবতীম্ ॥১৯॥
শ্বঃ শিরঃ শ্রোষ্যতে তস্য সৈন্ধবস্য রণে হৃতম্।
সমন্তপঞ্চকাদ্বাহ্যং বিশোকা ভব মা রুদঃ ॥২০॥
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য গতঃ শূরঃ সতাং গতিম্।
যাং বয়ং প্রাপ্নুয়ামেহ যে চান্যে শস্ত্রজীবিনঃ ॥২১॥

ভারতকৌমুদী

বীরেতি। বীরং সূত ইতি বীরসূঃ, বীরাজ্জায়ত ইতি সা, বীরা বান্ধবা ভ্রাতরো যস্যাঃ সা ॥১৭॥

ননু তথাপি শত্রৌ জীবতি কঃ খল্বাশ্বাস ইত্যাহ প্রাপ্সত ইতি। অবলেপস্য গর্ব্বস্য ॥১৮॥

অথ কদাসৌ ফলং প্রাপ্স্যত ইত্যাহ ব্যুষ্টায়ামিতি। ব্যুষ্টায়াং প্রভাতায়াম্ ॥১৯॥

শ্ব ইতি। শ্বঃ পরদিন এব। সমন্তপঞ্চকাৎ তদাখ্যাৎ কুরুক্ষেত্রস্যাংশবিশেষাৎ ॥২০॥

ক্ষত্রেতি। শূরোঽভিমন্যুঃ, গতিং গম্যং লোকম্ ॥২১॥

ভদ্রে! তুমি বীরপ্রসূ, বীরপত্নী, বীরতনয়া এবং বীরবান্ধবা। অতএব পুত্রের জন্য শোক করিও না; সে উত্তম স্থান লাভ করিয়াছে ॥১৭॥

বালঘাতক ও পাপাত্মা ঐ জয়দ্রথও সুহৃৎ এবং বন্ধুগণের সহিত এই গর্ব্বের ফল পাইবে ॥১৮॥

বরারোহে! রাত্রি প্রভাত হইলে সেই পাপকর্ম্মকারী জয়দ্রথ অমরাবতী নগরীতে প্রবেশ করিয়াও অর্জ্জুনের হস্ত হইতে মুক্তিলাভ করিবে না ॥১৯॥

সুভদ্রা! তুমি কল্যই শুনিতে পাইবে যে, যুদ্ধে সেই জয়দ্রথের মস্তক অপহৃত হইয়াছে এবং সেটা যাইয়া সমন্তপঞ্চকের বাহিরে পড়িয়াছে। সুতরাং তুমি শোকবিহীন হও, রোদন করিও না ॥২০॥

আমরা যে গতি লাভ করিব এবং অন্য যে সকল অস্ত্রজীবী আছেন, তাঁহারাও যে গতি লাভ করিবেন, বীর অভিমন্যু ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে সেই সজ্জনের গতি লাভ করিয়াছে ॥২১॥

(১৮)…চাপ্যসৌ ক্ষুদ্রঃ…বর্দ্ধ। (২০) শ্বঃ শিরঃ শ্রোষ্যসে…বর্দ্ধ।

ব্যূঢোরস্কো মহাবাহুরনিবর্ত্তী রথপ্রণুৎ।
গতস্তব বরারোহে! পুত্রঃ স্বর্গং জ্বরং জহি ॥২২॥
অনুযাতশ্চ পিতরং মাতৃপক্ষঞ্চ বীর্য্যবান্।
সহস্রশো রিপূন্ হত্বা হতঃ শূরো মহারথঃ ॥২৩॥
আশ্বাসয় স্নুষাং রাজ্ঞি! মা শুচঃ ক্ষত্রিয়ে! ভৃশম্।
শ্বঃ প্রিয়ং সুমহচ্ছ্রুত্বা বিশোকা ভব নন্দিনি! ॥২৪॥
যৎ পার্থেন প্রতিজ্ঞাতং তত্তথা ন তদন্যথা।
চিকীর্ষিতং হি তে ভর্ত্তুর্ন ভবেজ্জাতু তন্মৃষা ॥২৫॥
যদি চ মনুজপন্নগাঃ পিশাচা রজনিচরাঃ পতগাঃ সুরাসুরাশ্চ।
রণগতমভিপান্তি সিন্ধুরাজং ন স ভবিতা সহ তৈরপি প্রভাতে ॥২৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
প্রতিজ্ঞায়াং সুভদ্রাশ্বাসনে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ব্যূঢেতি। হে বরারোহে! উত্তমাঙ্গনে! ব্যূঢ়ং দৃঢ়বিশালম্ উরো বক্ষো যস্য সঃ, মহাবাহুঃ, অনিবর্ত্তী রণাদপলায়ী, রথান্ প্রণুদতি প্রহারেণাপসারয়তীতি স তাদৃশশ্চ তব পুত্রঃ অভিমন্যুঃ, স্বর্গং গতঃ। অতএব জ্বরং শোকসন্তাপম্, জহি নাশয় ত্যজ ॥২২॥

অন্বিতি। অনুযাতঃ অনুসৃতঃ শৌর্য্যে অনুকৃতবানিত্যর্থঃ ॥২৩॥

আশ্বাসয়েতি। স্নুষাং পুত্রবধূমুত্তরাম্। শ্বঃ পরদিনে, প্রিয়ং জয়দ্রথহননম্ ॥২৪॥

ননু তন্নিশ্চয়ে কো হেতুরিত্যাহ যদিতি। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্। জাতু কদাচিৎ ॥২৫॥

বরারোহে! দৃঢ়-বিশাল-বক্ষা, মহাবাহু, অপলায়নকারী ও বিপক্ষরথবিজয়ী তোমার পুত্র স্বর্গে গমন করিয়াছে। অতএব শোকসন্তাপ পরিত্যাগ কর ॥২২॥

বলবান্, বীর ও মহারথ অভিমন্যু পিতৃপক্ষ ও মাতৃপক্ষের অনুকরণ করিতে থাকিয়া সহস্র সহস্র শত্রু সংহার করিয়া নিহত হইয়াছে ॥২৩॥

রাজ্ঞি! তুমি তোমার পুত্রবধূ উত্তরাকে আশ্বস্ত কর, ক্ষত্রিয়ে! তুমি গুরুতর শোক করিও না, নন্দিনি! তুমি কল্য বিশেষ প্রিয় সংবাদ শুনিবে বলিয়া শোকবিহীন হও ॥২৪॥

অর্জ্জুন যাহা প্রতিজ্ঞা করিয়াছেন, তাহা হইবে, তাহার অন্যথা হইবে না। কারণ, তোমার স্বামী যাহা করিবার ইচ্ছা করেন, তাহা কখনও মিথ্যা হয় না ॥২৫॥

(২৫)…ন ভবেজ্জাতু নিষ্ফলম্—পি বা নি। '…পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

এতচ্ছ্রুত্বা বচস্তস্য কেশবস্য মহাত্মনঃ।
সুভদ্রা পুত্রশোকার্ত্তা বিললাপ সুদুঃখিতা ॥১॥
হা পুত্র! মম মন্দায়াঃ কথমেত্যাসি সংযুগে।
নিধনং প্রাপ্তবাংস্তাত! পিতুস্তুল্যপরাক্রমঃ ॥২॥
কথমিন্দীবরশ্যামং সুদংষ্ট্রং চারুলোচনম্।
মুখং তে দৃশ্যতে বৎস! গুণ্ঠিতং রণরেণুনা ॥৩॥

ভারতকৌমুদী

যদীতি। পতগাঃ পক্ষিণঃ। অভিপান্তি সর্ব্বতো রক্ষিষ্যন্তি। ভবিতা স্থাতা জীবিষ্য-তীত্যর্থঃ, তৈর্মনুজাদিভিঃ সহ স্থিতোঽপীতি শেষঃ। পুষ্পিতাগ্রা নাম চ্ছন্দঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

এতদিতি। সুদুঃখিতা বিপক্ষাণামন্যায্যাচরণশ্রবণাদপি নিতান্তদুঃখিতা ॥১॥
হেতি। মন্দায়া মন্দভাগ্যায়াঃ, এত্য উদরং প্রাপ্য, সংযুগে যুদ্ধে ॥২॥
কথমিতি। শোভনা দংষ্ট্রা দন্তা যস্য তৎ। রণরেণুনা রণাঙ্গনধূলিজালেন ॥৩॥

যদি দেব, দানব, পক্ষী, রাক্ষস, পিশাচ, নাগ ও মনুষ্যেরা সমরস্থিত জয়দ্রথকে সর্বতোভাবে রক্ষা করেন, তথাপি সে, প্রভাতকালে তাঁহাদের সহিত থাকিয়াও বাঁচিবে না' ॥২৬॥

———ঃ০ঃ———

সঞ্জয় বলিলেন—'মহাত্মা কৃষ্ণের এই সকল কথা শুনিয়া সুভদ্রা পুত্র-শোকার্ত্তা ও অত্যন্তদুঃখিতা হইয়া বিলাপ করিতে লাগিলেন—॥১॥

'হা পুত্র! হা বৎস অভিমন্যু! তুমি মন্দভাগ্যা আমার উদরে আসিয়া ক্রমে পিতার তুল্য পরাক্রমশালী হইয়া কেন যুদ্ধে নিধন প্রাপ্ত হইলে ॥২॥

---

(১)···সুভদ্রা শোকদুঃখার্ত্তা···বর্দ্ধ। (২)···কথমেত্যাসি সংযুগম্·বা নি,···কথং সংযুগ-মেত্য হি···পিতুস্তুল্যপরাক্রম!—বর্দ্ধ।

নূনং শূরং নিপতিতং ত্বাং পশ্যন্ত্যনিবর্ত্তিনম্।
সুশিরোগ্রীববাহ্বংসং ব্যূঢ়োরস্কং নতোদরম্ ॥৪॥
চার্বুপচিতসর্ব্বাঙ্গং স্বক্ষং শস্ত্রক্ষতাচিতম্।
ভূতানি ত্বাভিবীক্ষন্তে নবচন্দ্রমিবোদিতম্ ॥৫॥
শয়নীয়ং পুরাধ্যাস্য স্পর্দ্ধ্যাস্তরণসংবৃতম্।
ভূমাবদ্য কথং শেতে বিপ্রবিদ্ধঃ সুখোচিতঃ ॥৬॥
যোঽন্বাস্যত পুরা বীরো বরস্ত্রীভির্মহাভুজঃ।
কথমন্বাস্যতে সোঽদ্য শিবাভিঃ পতিতো মৃধে ॥৭॥

ভারতকৌমুদী

নূনমিতি। শোভনাঃ শিরঃ গ্রীবা বাহূ অংসৌ স্কন্ধৌ চ তে যস্য তম্, ব্যূঢ়ং দৃঢ়বিশালম্ উরো বক্ষো যস্য তম্, নতোদরং কৃশমধ্যম্ ॥৪॥

চার্বিতি। চারূণি উপচিতানি বৃদ্ধিং প্রাপ্তানি চ সর্ব্বাণি অঙ্গানি যস্য তম্, শোভনানি অক্ষাণি ইন্দ্রিয়াণি যস্য তম্, শস্ত্রৈঃ ক্ষত আচিতো ব্যাপ্তশ্চ তম্। ভূতানি প্রাণিনঃ, ত্বা ত্বাম্ ॥৫॥

শয়েতি। পুরা স্পর্দ্ধিনা দুগ্ধফেনতুল্যেন আস্তরণেন সংবৃতম্, শয়নীয়ং শয্যাম্, অধ্যাস্য অধিষ্ঠায়, অদ্য সুখোচিতঃ সুখভোগে অভ্যস্তোঽপি, অস্ত্রৈর্বিপ্রবিদ্ধঃ, কথং ভূমৌ শেতে ॥৬॥

য ইতি। অন্বাস্যত সেবার্থমাশ্রিতঃ। অন্বাস্যতে ভক্ষণার্থমাশ্রীয়তে, শিবাভিঃ শৃগালৈঃ ॥৭॥

বৎস! নীলোৎপলের ন্যায় শ্যামবর্ণ, সুন্দরদন্তযুক্ত, মনোহরনয়নসমন্বিত এবং রণভূমির ধূলিজালে আবৃত তোমার মুখখানি কি করিয়া সকলে দেখিতেছে ॥৩॥

বৎস! তুমি বীর ছিলে; যুদ্ধ হইতে পলায়ন করিতে না; তোমার মস্তক, গ্রীবা, বাহুযুগল ও স্কন্ধদ্বয় সুন্দর, বক্ষস্থল দৃঢ় ও বিশাল এবং উদরদেশ কৃশ, এই অবস্থায় তুমি পতিত রহিয়াছ, আর সকলে তোমাকে দেখিতেছে ॥৪॥

আর সমস্ত অঙ্গ মনোহর ও পুষ্ট এবং ইন্দ্রিয়গুলি মনোরম ছিল; এ হেন তুমি অস্ত্রে ক্ষত ও ব্যাপ্তদেহ হইয়া রহিয়াছ; সেই অবস্থায় প্রাণীরা তোমাকে উদিত নূতন চন্দ্রের ন্যায় দর্শন করিতেছে ॥৫॥

বাবা! তুই সুখভোগে অভ্যস্ত ছিলি; তাই পূর্ব্বে দুগ্ধফেনতুল্য আস্তরণে আবৃত শয্যায় শয়ন করিয়া আজ কি প্রকারে বাণবিদ্ধদেহে ভূতলে শয়ন করিয়া রহিয়াছিস্ ॥৬॥

হায়! পূর্ব্বে উত্তম নারীগণ যে মহাবাহু বীরের সেবা করিত, আজ কেন শৃগালেরা যুদ্ধে নিপতিত সেই বীরের সেবা করিতেছে ॥৭॥

যোঽস্তূয়ত পুরা হৃষ্টৈঃ সূতমাগধবন্দিভিঃ।
সোঽস্য ক্রব্যাদ্‌গণৈর্ঘোরৈর্বিনদদ্ভিরুপাস্যতে ॥৮॥
পাণ্ডবেষু চ নাথেষু বৃষ্ণিবীরেষু বা বিভো!।
পাঞ্চালেষু চ বীরেষু হতঃ কেনাস্যনাথবৎ ॥৯॥
অতৃপ্তদর্শনা পুত্র! দর্শনস্য তবানঘ!।
মন্দভাগ্যা গমিষ্যামি ব্যক্তমদ্য যমক্ষয়ম্ ॥১০॥
বিশালাক্ষং সুকেশান্তং চারুবাক্যং সুগন্ধি চ।
তব পুত্র! কদা ভূয়ো মুখং দ্রক্ষ্যামি নির্ব্রণম্ ॥১১॥
ধিগ্‌বলং ভীমসেনস্য ধিক্ পার্থস্য ধনুষ্মতাম্।
ধিগ্‌বীর্য্যং বৃষ্ণিবীরাণাং পাঞ্চালানাঞ্চ ধিগ্‌বলম্ ॥১২॥
ধিক্ কেকয়াংস্তথা চেদীন্ মৎস্যাংশ্চৈবাথ সৃঞ্জয়ান্।
যে ত্বাং রণগতং বীরং ন শেকুরভিবীক্ষিতুম্ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। "সূতাঃ পৌরাণিকাঃ প্রোক্তা মাগধা বংশশংসকাঃ। বন্দিনস্ত্বমলপ্রজ্ঞাঃ প্রস্তাবসদৃশোক্তয়ঃ॥" ইতি প্রাঞ্চঃ। ক্রব্যাদ্‌গণৈর্মাংসভোজিজন্তুসমূহৈঃ। উপাস্যতে ভক্ষণার্থং সেব্যতে ॥৮॥

পাণ্ডবেষ্বিতি। নাথেষু রক্ষকেষু। হে বিভো! শৌর্য্যপ্রভাবশালিন্! ॥৯॥

অতৃপ্তেতি। অতৃপ্তদর্শনা অপূর্ণদর্শনাকাঙ্ক্ষা, দর্শনস্যেতি তৃপ্ত্যর্থযোগাৎ করণে ষষ্ঠী ॥১০॥

বিশালেতি। শোভনাঃ কেশান্তা যস্য তৎ। নির্ব্রণম্ অশস্ত্রক্ষতম্ ॥১১॥

ধিগিতি। পার্থস্য অর্জ্জুনস্য, ধনুষ্মতামন্যেষাম্। অভিবীক্ষিতুং দ্রষ্টুমপি ॥১২—১৩॥

পূর্ব্বে সূত, মাগধ ও বন্দিগণ আনন্দিত হইয়া যাহার স্তব করিত, আজ ভয়ঙ্কর মাংসভোজিজন্তুগণ রব করতঃ তাহার সেবা করিতেছে ॥৮॥

প্রভাবশালী অভিমন্যু! বীর পাণ্ডবগণ, বৃষ্ণিগণ ও পাঞ্চালগণ নাথ (রক্ষক) থাকিতে কেন তুমি অনাথের ন্যায় নিহত হইলে ॥৯॥

নিষ্পাপ পুত্র! তোমার দর্শনে আমার পুত্রদর্শনাকাঙ্ক্ষা তৃপ্ত হয় নাই। সুতরাং মন্দভাগ্যা আমি নিশ্চয়ই আজ যমালয়ে যাইব ॥১০॥

পুত্র! বিশালনয়ন, সুন্দরকেশপ্রান্ত, মনোহরবাক্য ও সৌরভযুক্ত তোমার অক্ষত মুখখানি কবে আবার দেখিব ॥১১॥

ভীম, অর্জ্জুন, অন্যান্য ধনুর্দ্ধরগণ, বৃষ্ণিবীরগণ ও পাঞ্চালবীরগণের বলকে

(৯)…কেনাত্মানাথবদ্ধতঃ—বঙ্গ বর্দ্ধ। (১১)…সুগন্ধি বৈ…বর্দ্ধ।

অদ্য পশ্যামি পৃথিবীং শূন্যামিব হতশ্রিয়ম্।
অভিমন্যুমপশ্যন্তী শোকব্যাকুলচেতনা ॥১৪॥
স্বস্রীয়ং বাসুদেবস্য পুত্রং গাণ্ডীবধন্বনঃ।
কথং ত্বাতিরথং বীরং দ্রক্ষ্যাম্যদ্য নিপাতিতম্ ॥১৫॥
হা বীর! দৃষ্টো নষ্টশ্চ ধনং স্বপ্ন ইবাসি মে।
অহো হ্যনিত্যং মানুষ্যং জলবুদ্বুদচঞ্চলম্ ॥১৬॥
ইমাং তে তরুণীং ভার্য্যাং ত্বদাধিভিরভিপ্লুতাম্।
কথং সন্ধারয়িষ্যামি বিবৎসামিব ধেনুকাম্ ॥১৭॥
অহো হ্যকালে প্রস্থানং কৃতবানসি পুত্রক!।
বিহায় ফলকালে মাং সুগৃদ্ধাং পুত্রদর্শনে ॥১৮॥

ভারতকৌমুদী

অদ্যেতি। হতশ্রিয়ং তিরোহিতসৌন্দর্য্যাম্ ॥১৪॥
স্বস্রীযমিতি। স্বস্রীয়ং ভাগিনেয়ম্। ত্বা ত্বাম্। দ্রক্ষ্যামি দর্শনসম্ভবেঽপি ॥১৫॥
হেতি। নষ্টস্তিরোহিতঃ। মানুষ্যং মনুষ্যত্বম্ ॥১৬॥
ইমামিতি। ত্বদাধিভিস্ত্বৎসম্বন্ধিনীভির্মনোব্যথাভিঃ। সন্ধারয়িষ্যামি জীবয়িষ্যামি ॥১৭॥
অহো ইতি। ফলকালে সেবাদিফলপ্রদর্শনসময়ে, সুগৃদ্ধাম্ অতীবাভিলাষিণীম্ ॥১৮॥

ধিক্ এবং কেকয়, চেদি, মৎস্য ও সৃঞ্জয়গণকে ধিক্, যাঁহারা যুদ্ধমধ্যে তোমার প্রতি দৃষ্টিপাত করিতেও পারিলেন না ॥১২—১৩॥

আজ আমি অভিমন্যুকে দেখিতে না পাইয়া শোকাকুলচিত্ত হইয়া সমগ্র পৃথিবীটাকেই যেন শূন্য এবং বিশ্রী দেখিতেছি ॥১৪॥

বৎস! কৃষ্ণের ভাগিনেয়, অর্জ্জুনের পুত্র, অতিরথ ও বীর তোমাকে আমি আজ কি করিয়া নিপাতিত অবস্থায় দেখিব ॥১৫॥

হা বীর! তুমি স্বপ্নে ধনের ন্যায় আমার দৃষ্টিগোচর হইয়াই তিরোহিত হইয়া গেলে!। হায়! মনুষ্যত্ব অনিত্য, এমন কি জলবুদ্বুদের ন্যায় চঞ্চল ॥১৬॥

বাবা অভিমন্যু! তোর এই যুবতি ভার্য্যাটী তোর শোকে আকুল হইয়া পড়িয়াছে; এ অবস্থায় বৎসহীন ধেনুর ন্যায় কি করিয়া ইহাকে বাঁচাইব ॥১৭॥

হা পুত্র! তুমি পুত্রদর্শনাভিলাষিণী সুভদ্রাকে ফল দেখাইবার সময়ে পরিত্যাগ করিয়া অকালে প্রস্থান করিলে! ॥১৮॥

(১৪)··· হতত্বিষম্···পি বা নি।

নূনং গতিঃ কৃতান্তস্য প্রাজ্ঞৈরপি সুদুর্বিদা।
যত্র ত্বং কেশবে নাথে সংগ্রামেঽনাথবদ্ধতঃ ॥১৯॥
যজ্বনাং দানশীলানাং ব্রাহ্মণানাং কৃতাত্মনাম্।
চরিতব্রহ্মচর্য্যাণাং পুণ্যতীর্থাবগাহিনাম্ ॥২০॥
কৃতজ্ঞানাং বদান্যানাং গুরুশুশ্রূষিণামপি।
সহস্রদক্ষিণানাঞ্চ যা গতিস্তামবাপ্নুহি ॥২১॥ (যুগ্মকম্)
যা গতির্যুধ্যমানানাং শূরাণামনিবর্ত্তিনাম্।
হত্বারীন্ নিহতানাঞ্চ সংগ্রামে তাং গতিং ব্রজ ॥২২॥
গোসহস্রপ্রদাতৃণাং ক্রতুদানাঞ্চ যা গতিঃ।
নৈবেশিকঞ্চাভিমতং দদতাং যা গতিঃ শুভা ॥২৩॥
ব্রাহ্মণেভ্যঃ শরণ্যেভ্যো নিধিং নিদধতাঞ্চ যা।
যা চাপি ন্যস্তদণ্ডানাং তাং গতিং ব্রজ পুত্রক! ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নূনমিতি। কৃতান্তস্য দৈবস্য, সুদুর্বিদা অতীবদুর্জ্ঞেয়া। খলি গুণাভাব আর্ষঃ ॥১৯॥

যজ্বনামিতি। যজ্বনাং কৃতযজ্ঞানাম্। বদান্যানামুদারাণাম্ ॥২০—২১॥

যেতি। অনিবর্ত্তিনাম্ অপরাঙ্মুখানাম্ ॥২২॥

গবিতি। ক্রতুদানাং যজ্ঞকারিণাম্। নিবেশো গৃহং তন্নির্ম্মাণোপকরণং নৈবেশিকম্। নিদধতাং তদ্গৃহে স্থাপয়তাম্। ন্যস্তদণ্ডানাং ত্যক্তাভিমানানাম্, "অভিমানে গ্রহে দণ্ডঃ" ইতি হেমচন্দ্রঃ ॥২৩—২৪॥

নিশ্চয়ই দৈবের গতি জ্ঞানিগণেরও অতিদুর্জ্ঞেয়। যে হেতু স্বয়ং কৃষ্ণ নাথ (রক্ষক) থাকিতে, তুমি যুদ্ধে অনাথের ন্যায় নিহত হইয়াছ ॥১৯॥

(সে যাহা হউক,) যজ্ঞকারী, দানশীল, পবিত্রচিত্ত, ব্রহ্মচারী, পুণ্যতীর্থস্নায়ী, কৃতজ্ঞ, উদারচেতা, গুরুপরিচর্য্যানিরত ও সহস্রদক্ষিণাদাতা ব্রাহ্মণগণের যে গতি হয়, তুমি সেই গতি লাভ কর ॥২০—২১॥

বীরেরা যুদ্ধে শত্রুসংহার করিয়া অপরাঙ্মুখভাবে যুদ্ধ করিতে করিতে নিহত হইলে, তাঁহাদের যে গতি হয়, তুমি সেই গতি লাভ কর ॥২২॥

যাঁহারা সহস্র গো দান করেন, কিংবা যজ্ঞানুষ্ঠান করেন, তাঁহাদের যে গতি হয়, অথবা যাঁহারা অভিমত গৃহনির্ম্মাণোপযোগী দ্রব্য দান করেন, তাঁহাদের যেরূপ গতি হইয়া থাকে, কিংবা যাঁহারা শরণার্থী ব্রাহ্মণগণের জন্য নিধি স্থাপন

(১৯)···পুত্র! ত্বং কেশবে নাথে···পি। (২২)···হত্বারিনিহতানাঞ্চ···পি।

ব্রহ্মচর্য্যেণ যাং যান্তি মুনয়ঃ সংশিতব্রতাঃ।
একপত্ন্যশ্চ যাং যান্তি তাং গতিং ব্রজ পুত্রক ! ॥২৫॥
রাজ্ঞাং সুচরিতৈর্যা চ গতির্ভবতি শাশ্বতী।
চতুরাশ্রমিণাং পুণ্যৈঃ পাবিতানাং সুরক্ষিতৈঃ ॥২৬॥
দীনানুকম্পিনাং যা চ সততং সংবিভাগিনাম্।
পৈশুন্যাচ্চ নিবৃত্তানাং তাং গতিং ব্রজ পুত্রক ! ॥২৭॥ (যুগ্মকম্)
ব্রতিনাং ধর্ম্মশীলানাং গুরুশুশ্রূষিণামপি।
অমোঘাতিথিনাং যা চ তাং গতিং ব্রজ পুত্রক ! ॥২৮॥
কৃচ্ছ্রেষু যা ধারয়তামাত্মানং ব্যসনেষু চ।
গতিঃ শোকাগ্নিদগ্ধানাং তাং গতিং ব্রজ পুত্রক ! ॥২৯॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। সংশিতব্রতা দৃঢ়নিয়মাঃ। একৈব পত্নী যেষাং তে একপত্ন্যঃ পুরুষাঃ ॥২৫॥

রাজ্ঞামিতি। সুচরিতৈঃ সদাচরণৈঃ। পাবিতানাং স্বধর্ম্মানুষ্ঠানেন পবিত্রীকৃতানাম্। সংবিভাগিনাং মধুরং বস্তু পরিজনেভ্যঃ সংবিভজ্য দদতাম্। পৈশুন্যাৎ খলভাবাৎ ॥২৬—২৭॥

ব্রতিনামিতি। অমোঘা অব্যর্থাঃ সফলাশা অতিথয়ো যেষাং তেষাম্। দীর্ঘাভাব আর্ষঃ ॥২৮॥

কৃচ্ছ্রেষ্বিতি। ধারয়তাং ধৈর্য্যান্বিতং কুর্বতাম্, ব্যসনেষু বিপৎসু ॥২৯॥

করেন, অথবা যাঁহারা অভিমান ত্যাগ করেন, তাঁহাদের যাদৃশ গতি হয়, পুত্র ! তুমি তাদৃশ গতি লাভ কর ॥২৩—২৪॥

দৃঢ়ব্রতপরায়ণ মুনিরা ব্রহ্মচর্য্যদ্বারা যে গতি লাভ করেন, কিংবা একমাত্র পত্নীশালী পুরুষেরা যে গতি পাইয়া থাকেন, পুত্র ! তুমি সেই গতি লাভ কর ॥২৫॥

সদাচার এবং পবিত্র চতুরাশ্রমীদিগের পুণ্য সুরক্ষিত করায় রাজাদের যে সনাতনী গতি হইয়া থাকে, কিংবা দীনজনের প্রতি দয়াকারীদের, উৎকৃষ্ট দ্রব্য বণ্টনপূর্ব্বক পরিজনদিগকে দানকারিগণের এবং খলতাশূন্য লোকদিগের যেরূপ গতি হয়, পুত্র ! তুমি সেইরূপ গতি লাভ কর ॥২৬—২৭॥

ব্রতপরায়ণ, ধর্ম্মশীল, গুরুশুশ্রূষানিরত এবং অতিথিসৎকারকারী লোকদিগের যেরূপ গতি হইয়া থাকে, পুত্র ! তুমি সেইরূপ গতি লাভ কর ॥২৮॥

কষ্ট, বিপদ্ ও শোকাগ্নিদগ্ধ অবস্থায় ধৈর্য্যশালী লোকদিগের যাদৃশ গতি হইয়া থাকে, পুত্র ! তুমি তাদৃশ গতি লাভ কর ॥২৯॥

পিতুর্মাতুশ্চ শুশ্রূষাং কল্পয়ন্তীহ যে সদা।
স্বদারনিরতানাঞ্চ যা গতিস্তামবাপ্নুহি ॥৩০॥
ঋতুকালে স্বকাং পত্নীং গচ্ছতাং যা মনস্বিনাম্।
পরস্ত্রীভ্যো নিবৃত্তানাং তাং গতিং ব্রজ পুত্রক ! ॥৩১॥
সাম্না যে সর্বভূতানি পশ্যন্তি গতমৎসরাঃ।
নারুন্তুদানাং ক্ষমিণাং যা গতিস্তামবাপ্নুহি ॥৩২॥
মধুমাংসনিবৃত্তানাং মদাদ্দম্ভাত্তথানৃতাৎ।
পরোপতাপত্যক্তানাং তাং গতিং ব্রজ পুত্রক ! ॥৩৩॥
হ্রীমন্তঃ সর্ব্বশাস্ত্রজ্ঞা জ্ঞানতৃপ্তা জিতেন্দ্রিয়াঃ।
যাং গতিং সাধবো যান্তি তাং গতিং ব্রজ পুত্রক ! ॥৩৪॥
এবং বিলপতীং দীনাং সুভদ্রাং শোককর্ষিতাম্।
অভ্যপদ্যত পাঞ্চালী বৈরাটীসহিতাং তদা ॥৩৫॥

ভারতকৌমুদী

পিতুরিতি। কল্পয়ন্তি কুর্বন্তি। স্বদারনিরতানাং পরদারবিমুখানামিত্যাশয়ঃ ॥৩০॥
ঋত্বিতি। স্বকাং স্বিকাং স্বকীয়াম্। "ঋতুকালাভিগামী স্যাৎ" ইতি স্মৃতেঃ ॥৩১॥
সাম্নেতি। সাম্না প্রিয়ভাবেনেত্যর্থঃ। গতমৎসরা দ্বেষশূন্যাঃ। নারুন্তুদানামমর্ম্মপীড়কানাম্ ॥৩২॥
মধ্বিতি। মধু মদ্যম্। মদাদ্দম্ভাত্তথানৃতান্মিথ্যাতঃ নিবৃত্তানামিত্যনুসঙ্গঃ ॥৩৩॥
হ্রীতি। হ্রীমন্তঃ অকার্য্যকরণে লজ্জাবন্তঃ ॥৩৪॥

যাঁহারা সর্বদা পিতা ও মাতার শুশ্রূষা করেন এবং যাঁহারা স্বদারমাত্রে নিরত থাকেন, তাঁহাদের যে গতি হয়, পুত্র ! তুমি সেই গতি লাভ কর ॥৩০॥

পরস্ত্রীপরাঙ্মুখ এবং ঋতুকালে নিজপত্নীগামী মনস্বীদিগের যে গতি হইয়া থাকে, পুত্র ! তুমি সেই গতি লাভ কর ॥৩১॥

বৎস ! যাঁহারা পরবিদ্বেষবিহীন হইয়া প্রিয়ভাবে সমস্ত প্রাণীকে দেখেন, সেই অমর্ম্মপীড়ক ক্ষমাশীল লোকদিগের গতি তুমি প্রাপ্ত হও ॥৩২॥

মদ্য, মাংস, মত্ততা, অহঙ্কার, মিথ্যা ও পরসন্তাপকতাশূন্য মহাত্মাদের যেরূপ গতি হয়, পুত্র ! তুমি সেইরূপ গতি লাভ কর ॥৩৩॥

লজ্জাশীল, সর্ব্বশাস্ত্রজ্ঞ, জ্ঞানতৃপ্ত ও জিতেন্দ্রিয় সাধুরা যাদৃশ গতি লাভ করেন, পুত্র ! তুমি তাদৃশ গতি লাভ কর ॥৩৪॥

(৩০) মাতাপিত্রোশ্চ শুশ্রূষাম্···পি বা নি।

তাঃ প্রকামং রুদিত্বা চ বিলপ্য চ সুদুঃখিতাঃ।
উন্মত্তবত্তদা রাজন্! নিঃসংজ্ঞা ন্যপতন্ ক্ষিতৌ ॥৩৬॥
সোপচারস্তু তাঃ কৃষ্ণো দুঃখিতা ভৃশদুঃখিতঃ।
সিক্ত্বাম্ভসা সমাশ্বাস্য তত্তদুক্ত্বা হিতং বচঃ ॥৩৭॥
বিসংজ্ঞকল্পাং রুদতীং মর্ম্মবিদ্ধাং প্রবেপতীম্।
ভগিনীং পুণ্ডরীকাক্ষ ইদং বচনমব্রবীৎ ॥৩৮॥ (যুগ্মকম্)
সুভদ্রে! মা শুচঃ পুত্রং পাঞ্চাল্যাশ্বাসয়োত্তরাম্।
গতোঽভিমন্যুঃ প্রথিতাং গতিং ক্ষত্রিয়পুঙ্গবঃ ॥৩৯॥
যে চান্যেঽপি কুলে সন্তি পুরুষা নো বরাননে!।
অভিমন্যোর্গতিং যান্তু সর্ব্বে তে বৈ মনস্বিনঃ ॥৪০॥

ভারতকৌমুদী

এবমিতি। পাঞ্চালী দ্রৌপদী, বৈরাটীসহিতাম্ উত্তরয়া যুক্তাম্ ॥৩৫॥
তা ইতি। তা দ্রৌপদীসুভদ্রোত্তরাঃ, প্রকামং পর্য্যাপ্তম্, যথা স্যাত্তথা ॥৩৬॥
সেতি। উপচারেণ ব্যজনবাতেন সহেতি সঃ। প্রবেপতীং কম্পমানাম্ ॥৩৭—৩৮॥
সুভদ্র ইতি। হে পাঞ্চালি! দ্রৌপদি! উত্তরামভিমন্যুপত্নীম্, আশ্বাসয় ॥৩৯॥
বচোভঙ্গ্যা অভিমন্যুগতেঃ প্রাশস্ত্যং দ্যোতয়তি য ইতি। নঃ অস্মাকম্ ॥৪০॥

শোকার্ত্তা ও অবসন্না সুভদ্রা উত্তরার সহিত এইরূপ বিলাপ করিতেছিলেন, এমন সময়ে দ্রৌপদী সেখানে আগমন করিলেন ॥৩৫॥

রাজা! তখন তাঁহারা উন্মত্তের ন্যায় যথেষ্ট রোদন ও বিলাপ করিয়া অচৈতন্য হইয়া ভূতলে নিপতিত হইলেন ॥৩৬॥

তখন পদ্মনয়ন কৃষ্ণ অত্যন্ত দুঃখিত হইয়া অন্যান্য পরিচর্য্যার সহিত জলসেকে অতিদুঃখিতা দ্রৌপদী, সুভদ্রা ও উত্তরাকে আশ্বস্ত করিয়া সেই সেই হিতবাক্য বলিয়া অচেতনপ্রায়া, রোদনপরায়ণা, মর্ম্মপীড়িতা ও কম্পমানা ভগিনী সুভদ্রাকে এই কথা বলিলেন—॥৩৭—৩৮॥

সুভদ্রা! তুমি শোক করিও না, দ্রৌপদি! তুমি উত্তরাকে আশ্বস্ত কর। ক্ষত্রিয়শ্রেষ্ঠ অভিমন্যু প্রসিদ্ধ গতি লাভ করিয়াছে ॥৩৯॥

বরাননে! আমাদের বংশে অন্য যে সকল পুরুষ আছেন, সেই মনস্বীরা সকলেও যেন অভিমন্যুর গতি লাভ করেন ॥৪০॥

---

(৩৬) তাঃ প্রকাশং রুদিত্বা চ···পি।

কুর্য্যাম তদ্বয়ং কর্ম্ম ক্রিয়াস্থ সুহৃদশ্চ নঃ।
কৃতবান্ যাদৃশং হ্যেকস্তব পুত্রো মহাবলঃ ॥৪১॥
এবমাশ্বাস্য ভগিনীং দ্রৌপদীমপি চোত্তরাম্।
পার্থস্যৈব মহাবাহুঃ পার্শ্বমাগাদরিন্দমঃ ॥৪২॥
ততোঽভ্যনুজ্ঞায় নৃপান্ কৃষ্ণো বন্ধূংস্তথার্জ্জুনম্।
বিবেশান্তঃপুরং রাজন্! তে চ জগ্মুর্যথালয়ম্ ॥৪৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি প্রতিজ্ঞায়াং সুভদ্রাবিলাপে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অভিমন্যুকার্য্যং স্পৃহয়তি কুর্য্যামেতি। তৎ তাদৃশম্। ক্রিয়াস্থ ইত্যাশীর্যুস্ বিসর্গলোপস্ত্বার্যঃ ॥৪১॥
এবমিতি। ভগিনীং সুভদ্রাম্। মহাবাহুঃ কৃষ্ণঃ ॥৪২॥
তত ইতি। অভ্যনুজ্ঞায় বিশ্রামায়। তে চ নৃপাদয়ঃ ॥৪৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি প্রতিজ্ঞায়াম্ ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

সুভদ্রা! তোমার পুত্র মহাবল এক অভিমন্যু যেরূপ কার্য্য করিয়া গিয়াছে, আমরাও যেন সেইরূপ কার্য্য করিতে পারি এবং আমাদের সুহৃদ্‌গণও যেন সেইরূপ কার্য্য করিতে সমর্থ হন' ॥৪১॥

মহাবাহু ও শত্রুদমনকারী কৃষ্ণ এইরূপে সুভদ্রা, দ্রৌপদী ও উত্তরাকে আশ্বস্ত করিয়া অর্জ্জুনের নিকটেই চলিয়া আসিলেন ॥৪২॥

রাজা! তাহার পর কৃষ্ণ রাজগণ, বন্ধুগণ ও অর্জ্জুনকে বিশ্রাম করিতে যাইবার অনুমতি করিয়া নিজেও অন্তঃপুরে প্রবেশ করিলেন, তাঁহারাও যথাস্থানে চলিয়া গেলেন' ॥৪৩॥

———:*:———

(৪১)···কৃতবান্ যাদৃগস্থ্যৈকস্তব পুত্রো মহারথঃ—পি বা নি। * '···ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

সপ্ততিতমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

ততোঽর্জ্জুনস্য ভবনং প্রবিশ্যাপ্রতিমং বিভুঃ।
স্পৃষ্ট্বাম্ভঃ পুণ্ডরীকাক্ষঃ স্থণ্ডিলে শুভলক্ষণে।
সন্তস্তার শুভাং শয্যাং দর্ভৈর্বৈদূর্য্যসন্নিভৈঃ ॥১॥
ততো মাল্যৈশ্চ বিধিবদ্‌গন্ধৈর্লাজৈঃ সুমঙ্গলৈঃ।
অলঞ্চকার তাং শয্যাং পরিবার্য্যায়ুধোত্তমৈঃ ॥২॥
ততঃ স্পৃষ্টোদকে পার্থে বিনীতাঃ পরিচারকাঃ।
দর্শয়ন্তোঽন্তিকে চক্রুর্নৈশং ত্রৈয়ম্বকং বলিম্ ॥৩॥
ততঃ প্রীতমনাঃ পার্থো গন্ধৈর্মাল্যৈশ্চ মাধবম্।
অলঙ্কৃত্যোপহারং তং নৈশং তস্মৈ ন্যবেদয়ৎ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। অম্ভঃ স্পৃষ্ট্বা আচম্য। বৈদূর্য্যসন্নিভৈর্নীলবর্ণৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
তত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য, আয়ুধোত্তমৈঃ অস্ত্রশ্রেষ্ঠৈঃ ॥২॥
তত ইতি। স্পৃষ্টোদকে কৃতাচমনে। ত্রৈয়ম্বকং শিবসম্বন্ধিনম্, বলিং পূজোপহারম্ ॥৩॥
তত ইতি। তং পরিচারকসংগৃহীতম্, তস্মৈ ত্র্যম্বকায়। এতত্তু পাশুপতাস্ত্রস্মরণায় ॥৪॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর প্রভাবশালী কৃষ্ণ অর্জ্জুনের অতুলনীয় গৃহে প্রবেশ করিয়া জলস্পর্শপূর্ব্বক শুভলক্ষণসম্পন্ন স্থণ্ডিলে বৈদূর্য্যমণির ন্যায় নীলবর্ণ কুশদ্বারা একটী মাঙ্গলিক শয্যা বিস্তৃত করিলেন ॥১॥

তৎপরে তিনি উত্তম অস্ত্রসমূহদ্বারা পরিবেষ্টন করিয়া যথাবিধানে মাঙ্গলিক মাল্য, গন্ধ ও লাজ-(খই) দ্বারা সেই শয্যাটীকে অলঙ্কৃত করিলেন ॥২॥

তদনন্তর অর্জ্জুন আচমন করিলে, শিক্ষিত পরিচারকেরা দেখাইয়া দেখাইয়া সেই শয্যার নিকটে রাত্রির শিবপূজার দ্রব্য সংগ্রহ করিল ॥৩॥

পরে অর্জ্জুন প্রফুল্লচিত্তে গন্ধ ও মাল্যদ্বারা কৃষ্ণকে অলঙ্কৃত করিয়া রাত্রির সেই উপহারগুলি শিবকে নিবেদন করিলেন ॥৪॥

(১)···স্থণ্ডিলে কৃতলক্ষণে···বর্দ্ধ।

স্ময়মানস্তু গোবিন্দঃ ফাল্গুনং প্রত্যভাষত।
সুপ্যতাং পার্থ! ভদ্রং তে কল্যাণায় ব্রজাম্যহম্ ॥৫॥
স্থাপয়িত্বা ততো দ্বাস্থান্ গোপ্তৃংশ্চাত্তায়ুধান্ নরান্।
দারুকানুগতঃ শ্রীমান্ বিবেশ শিবিরং স্বকম্।
শিশ্যেঽথ শয়নে শুভ্রে বহু কৃত্যং বিচিন্তয়ন্ ॥৬॥
পার্থায় সর্বং ভগবান্ শোকদুঃখাপহং বিধিম্।
ব্যদধাৎ পুণ্ডরীকাক্ষস্তেজোদ্যুতিবিবর্দ্ধনম্ ॥৭॥
যোগমাস্থায় যুক্তাত্মা সর্ব্বেষামীশ্বরেশ্বরঃ।
শ্রেয়স্কামঃ পৃথুযশা বিষ্ণুর্জিষ্ণোঃ প্রিয়ঙ্করঃ ॥৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স্ময়েতি। স্ময়মান ঈষদ্ধসন্, ফাল্গুনমর্জ্জুনম্। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥৫॥

স্থাপয়িত্বেতি। দ্বারি তিষ্ঠন্তীতি দ্বাস্থা দৌবারিকাস্তান্। "শির্য্যঘোষে বিসর্জনীয়স্য" ইতি বিসর্গলোপঃ। গোপ্তৄন্ রক্ষকান্, আত্তায়ুধান্ গৃহীতাস্ত্রান্। দারুকঃ কৃষ্ণসারথিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

পার্থায়েতি। ভগবান্ সর্বাতিশায়িমাহাত্ম্যবান্, পুণ্ডরীকাক্ষঃ পদ্মনয়নঃ, পৃথুযশা বিশাল-কীর্ত্তিঃ, সর্বেষাং জগতাং যে ঈশ্বরা ইন্দ্রাদয়স্তেষামপীশ্বরঃ, যুক্তাত্মা অর্জ্জুনেন সহ মিলিতাত্মা "পাণ্ডবানাং ধনঞ্জয়ঃ" ইত্যুক্তেঃ, অতএব জিষ্ণোরর্জ্জুনস্য শ্রেয়স্কামঃ প্রিয়ঙ্করশ্চ, বিষ্ণুঃ কৃষ্ণঃ, যোগং ধ্যানম্, আস্থায় অবলম্ব্য, তেজোদ্যুতিবিবর্দ্ধনং শক্তিবীরশ্রীবৃদ্ধিকরম, শোকদুঃখাপহঞ্চ, সর্ব্বং বিধিং শিবোপাসনাপরিপাটীম্, পার্থায় অর্জ্জুনায়, ব্যদধাৎ উপাদিশৎ উপদিশ্য স্বশিবিরম-বিশদিত্যর্থঃ ॥৭—৮॥

তখন কৃষ্ণ ঈষৎ হাস্য করিয়া অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! তুমি শয়ন কর, তোমার মঙ্গল হউক, আমি তোমার মঙ্গলের জন্য চলিলাম' ॥৫॥

তাহার পর মনোহরকান্তিসম্পন্ন কৃষ্ণ দৌবারিকগণ ও অস্ত্রধারী মনুষ্যগণকে যথাস্থানে স্থাপন করিয়া দারুকের সহিত যাইয়া আপন শিবিরে প্রবেশ করি-লেন এবং বহুতর কর্ত্তব্য বিষয় চিন্তা করতঃ শুভ্র শয্যায় শয়ন করিলেন ॥৬॥

সর্ব্বাতিরিক্তমাহাত্ম্যশালী, পদ্মনয়ন বিশালকীর্ত্তি, সমগ্র জগতের ঈশ্বর-গণেরও ঈশ্বর এবং অর্জ্জুনের অভিন্নাত্মা কৃষ্ণ অর্জ্জুনের মঙ্গলকামী ও প্রিয়কারী হইয়া ধ্যান করিয়া শোক ও দুঃখনাশক এবং তেজ ও বীরশ্রীবর্দ্ধক সমস্ত শিবোপাসনার প্রণালী অর্জ্জুনকে বলিয়া দিয়া আপন শিবিরে গিয়া-ছিলেন ॥৭—৮॥

---

(৬)…দ্বাঃস্থান্…বঙ্গ বর্দ্ধ।

ন পাণ্ডবানাং শিবিরে কশ্চিৎ সুষ্বাপ তাং নিশাম্।
প্রজাগরঃ সর্ব্বজনং হ্যাবিবেশ বিশাংপতে! ॥৯॥
পুত্রশোকাভিভূতেন প্রতিজ্ঞাতো মহাত্মনা।
সহসা সিন্ধুরাজস্য বধো গাণ্ডীবধন্বনা ॥১০॥
তৎ কথং নু মহাবাহুর্ব্বাসবিঃ পরবীরহা।
প্রতিজ্ঞাং সফলাং কুর্য্যাদিতি তে সমচিন্তয়ন্ ॥১১॥
কষ্টং হীদং ব্যবসিতং পাণ্ডবেন মহাত্মনা।
স চ রাজা মহাবীর্য্যঃ পারয়ত্বর্জ্জুনঃ স্ম তাম্।
পুত্রশোকাভিতপ্তেন প্রতিজ্ঞা মহতী কৃতা ॥১২॥
ভ্রাতরশ্চাপি বিক্রান্তা বহুলানি বলানি চ।
ধৃতরাষ্ট্রস্য পুত্রেণ সর্ব্বং তস্মৈ নিবেদিতম্ ॥১৩॥

ভারতকৌমুদী

নেতি। নিশামিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া। প্রজাগর উদ্বেগেন জাগরণম্ ॥৯॥

পুত্রেতি। সহসা স্বপরশক্ত্যাদিকমবিচিন্ত্য ॥১০॥

তদিতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিঃ ॥১১॥

কষ্টমিতি। কষ্টং কষ্টসাধ্যম্, ইদং সিন্ধুরাজহননম্, ব্যবসিতং সাধয়িতুমারব্ধম্। যেন হি স রাজা জয়দ্রথঃ, মহাবীর্য্যঃ। তথাপি অর্জ্জুনস্তাং প্রতিজ্ঞাম্, পারয়তু উত্তরতু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

ভ্রাতর ইতি। ধৃতরাষ্ট্রস্য পুত্রেণ দুর্য্যোধনেন, তস্মৈ জয়দ্রথায় ॥১৩॥

নরনাথ! ওদিকে পাণ্ডবপক্ষের কোন লোকই সে রাত্রিতে নিদ্রা যায় নাই; সকল লোকই উদ্বেগে জাগরিত ছিল ॥৯॥

'মহাত্মা অর্জ্জুন পুত্রশোকে অভিভূত হইয়া হঠাৎ জয়দ্রথবধের প্রতিজ্ঞা করিয়া ফেলিয়াছেন ॥১০॥

অতএব মহাবাহু ও বিপক্ষবীরহন্তা অর্জ্জুন কি করিয়া সেই প্রতিজ্ঞা সফল করিবেন' এইরূপ তাহারা চিন্তা করিতেছিল ॥১১॥

'মহাত্মা অর্জ্জুন পুত্রশোকে অভিভূত হইয়া এই কষ্টসাধ্য ব্যাপারে প্রবৃত্ত হইয়াছেন এবং গুরুতর প্রতিজ্ঞা করিয়া ফেলিয়াছেন। কারণ, জয়দ্রথও মহাবীর। তথাপি অর্জ্জুন সে প্রতিজ্ঞা উত্তীর্ণ হউন ॥১২॥

ওদিকে দুর্য্যোধন—বিক্রমশালী ভ্রাতৃগণ এবং বহুতর সৈন্য ইত্যাদি সমস্তই জয়দ্রথকে নিবেদন করিয়াছেন (তাঁহার সাহায্যার্থে নিযুক্ত করিয়াছেন) ॥১৩॥

স হত্বা সৈন্ধবং সংখ্যে পুনরেতু ধনঞ্জয়ঃ।
জিত্বা রিপুগণাংশ্চৈব পারয়ত্বর্জ্জুনো ব্রতম্ ॥১৪॥
অহত্বা সিন্ধুরাজং হি ধূমকেতুং প্রবেক্ষ্যতি।
ন হ্যসাবনৃতং কর্ত্তুমলং পার্থো ধনঞ্জয়ঃ ॥১৫॥
ধর্ম্মপুত্রঃ কথং রাজা ভবিষ্যতি মৃতেঽর্জ্জুনে।
তস্মিন্ হি বিজয়ঃ কৃৎস্নঃ পাণ্ডবেন সমাহিতঃ ॥১৬॥
যদি নঃ সুকৃতং কিঞ্চিদ্‌যদি দত্তং হুতং যদি।
ফলেন তেন সর্ব্বেণ সব্যসাচী জয়ত্বরীন্ ॥১৭॥
এবং কথয়তাং তেষাং জয়মাশংসতাং প্রভো!।
কৃচ্ছ্রেণ মহতা রাজন্! রজনী ব্যত্যবর্ত্তত ॥১৮॥

ভারতকৌমুদী

স ইতি। সৈন্ধবং সিন্ধুরাজম্। পারয়তু উত্তরতু, ব্রতং ব্রতমিব প্রতিজ্ঞাম্ ॥১৪॥
অহত্বেতি। ধূমকেতুমগ্নিম্, প্রবেক্ষ্যতি, তথৈব প্রতিজ্ঞানাৎ। অলং সমর্থঃ ॥১৫॥
ধর্ম্মেতি। পাণ্ডবেন ধর্ম্মপুত্রেণ, সমাহিতঃ স্থাপিতঃ ॥১৬॥
যদীতি। সুকৃতং পুণ্যমস্তি। তদা তেন তদীয়েন ॥১৭॥
এবমিতি। আশংসতাম্ আশীবিষয়ং কুর্ব্বতাম্। ব্যত্যবর্ত্তত অতীতা ॥১৮॥

তথাপি অর্জ্জুন যুদ্ধে জয়দ্রথকে বধ করিয়া পুনরায় আগমন করুন এবং অর্জ্জুন শত্রুগণকে জয় করিয়া ব্রতের ন্যায় প্রতিজ্ঞা উত্তীর্ণ হউন ॥১৪॥

যদি অর্জ্জুন জয়দ্রথকে বধ করিতে না পারেন, তবে তিনি নিশ্চয়ই অগ্নিতে প্রবেশ করিবেন। কেন না, পৃথানন্দন অর্জ্জুন নিজের কথা মিথ্যা করিতে পারিবেন না ॥১৫॥

অর্জ্জুন মরিয়া গেলে, যুধিষ্ঠির কি প্রকারে রাজা হইবেন? কেন না, যুধিষ্ঠির সমগ্র জয়ই অর্জ্জুনের উপরে স্থাপন করিয়াছেন ॥১৬॥

অতএব আমাদের যদি কিছু পুণ্য থাকে, আমরা যদি দান করিয়া থাকি, কিংবা যদি হোম করিয়া থাকি, তবে সেই সমস্তের ফলে অর্জ্জুন শত্রু জয় করুন' ॥১৭॥

প্রভু রাজা! পাণ্ডবপক্ষের সেই লোকেরা এইরূপ কথোপকথন করিতেছিল এবং জয়ের আশীর্ব্বাদ করিতেছিল, এই অবস্থায় অতিকষ্টে সেই রাত্রি অতীত হইল ॥১৮॥

(১৫)···অর্হঃ পার্থো ধনঞ্জয়ঃ—বঙ্গ বর্দ্ধ। (১৮) ··রজনিরভ্যবর্ত্তত—পি।

তস্যা রজন্যা মধ্যে তু প্রতিবুদ্ধো জনার্দ্দনঃ।
স্মৃত্বা প্রতিজ্ঞাং পার্থস্য দারুকং প্রত্যভাষত ॥১৯॥
অর্জ্জুনেন প্রতিজ্ঞাতমার্ত্তেন হতবন্ধুনা।
জয়দ্রথং হনিষ্যামি শ্বোভূত ইতি দারুক ! ॥২০॥
তাস্তু দুর্য্যোধনঃ শ্রুত্বা মন্ত্রিভির্মন্ত্রয়িষ্যতি।
যথা জয়দ্রথং পার্থো ন হন্যাদিতি সংযুগে ॥২১॥
অক্ষৌহিণ্যো হি তাঃ সর্ব্বা রক্ষিষ্যন্তি জয়দ্রথম্।
দ্রোণশ্চ সহ পুত্রেণ সর্ব্বাস্ত্রবিধিপারগঃ ॥২২॥
একো বীরঃ সহস্রাক্ষো দৈত্যদানবমর্দ্দিতা।
সোঽপি তং নোৎসহেতাজৌ হন্তুং দ্রোণেন রক্ষিতম্ ॥২৩॥

ভারতকৌমুদী

তস্যা ইতি। প্রতিবুদ্ধো জাগরিতঃ। দারুকং তদাখ্যং স্বসারথিম্ ॥১৯॥
অর্জ্জুনেনেতি। হতবন্ধুনা হতপুত্রেণ। শ্বোভূতে পরদিনে জাতে ॥২০॥
তামিতি। তথা মন্ত্রয়িষ্যতি মন্ত্রয়েদিতি সম্ভাবনা ॥২১॥
অক্ষৌহিণ্য ইতি। দ্রোণশ্চ রক্ষিষ্যতীতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥২২॥
এক ইতি। সহস্রাক্ষ ইন্দ্রঃ। নোৎসহেত ন শক্নুয়াৎ, আজৌ যুদ্ধে ॥২৩॥

কিন্তু সেই রাত্রির মধ্যসময়ে কৃষ্ণ জাগরিত হইলেন এবং অর্জ্জুনের প্রতিজ্ঞা স্মরণ করিয়া দারুককে বলিলেন—॥১৯॥

'দারুক ! অভিমন্যু নিহত হইলে, পুত্রশোকার্ত্ত অর্জ্জুন প্রতিজ্ঞা করিয়াছেন যে, আগামী কল্য জয়দ্রথকে বধ করিব ॥২০॥

দুর্য্যোধন সেই প্রতিজ্ঞা শুনিয়া মন্ত্রীদের সহিত সেইরূপ মন্ত্রণা করিবে, যাহাতে অর্জ্জুন যুদ্ধে জয়দ্রথকে বধ করিতে না পারেন ॥২১॥

সেই সমস্ত এগার অক্ষৌহিণী সৈন্য জয়দ্রথকে রক্ষা করিবে এবং সকল অস্ত্রপ্রয়োগে পারগামী দ্রোণও পুত্র অশ্বত্থামার সহিত মিলিত হইয়া তাহাকে রক্ষা করিবেন ॥২২॥

দৈত্য ও দানবগণের মর্দ্দনকারী একমাত্র বীর ইন্দ্র আছেন, তিনিও যুদ্ধে দ্রোণরক্ষিত জয়দ্রথকে বধ করিতে সমর্থ হইবেন না ॥২৩॥

(২০)···জয়দ্রথং বধিষ্যামি···পি। (২১) তত্ত্ব দুর্য্যোধনঃ শ্রুত্বা বা নি। (২৩)··· দৈত্যদানবদর্পহা··· বা নি।

সোঽহং শ্বস্তৎ করিষ্যামি যথা কুন্তীসুতোঽর্জ্জুনঃ।
অপ্রাপ্তেঽস্তং দিনকরে হনিষ্যতি জয়দ্রথম্ ॥২৪॥
নহি দারা ন মিত্রাণি জ্ঞাতয়ো ন চ বান্ধবাঃ।
কশ্চিদন্যঃ প্রিয়তমঃ কুন্তীপুত্রান্মমার্জ্জুনাৎ ॥২৫॥
অনর্জ্জুনমিমং লোকং মুহূর্ত্তমপি দারুক!।
উদীক্ষিতুং ন শক্তোঽহং ভবিতা ন চ তত্তথা ॥২৬॥
অহং বিজিত্য তান্ সর্ব্বান্ সহসা সহয়দ্বিপান্।
অর্জ্জুনার্থে হনিষ্যামি সকর্ণান্ সসুযোধনান্ ॥২৭॥
শ্বো নিরীক্ষন্তু মে বীর্য্যং ত্রয়ো লোকা মহাহবে।
ধনঞ্জয়ার্থে সমরে পরাক্রান্তস্য দারুক! ॥২৮॥
শ্বো নরেন্দ্রসহস্রাণি রাজপুত্রশতানি চ।
সাশ্বদ্বিপরথান্যাজৌ বিদ্রবিষ্যন্তি দারুক! ॥২৯॥

ভারতকৌমুদী

তর্হি তদ্বধে ক উপায় ইত্যাহ স ইতি। শ্বঃ পরদিনে ॥২৪॥
নন্বর্জ্জুনার্থে ত্বং কথং স্বপ্রতিজ্ঞাভঙ্গং করিষ্যসীত্যাহ নহীতি। দারাঃ কলত্রাণি ॥২৫॥
অনেতি। উদীক্ষিতুমবলোকয়িতুম্। তদ্ভুবনম্, তথা অনর্জ্জুনঞ্চ ন ভবিতা ॥২৬॥
অহমিতি। তান্ বিপক্ষান্ হয়ৈরশ্বৈঃ দ্বিপৈর্হস্তিভিশ্চ সহেতি তান্ ॥২৭॥
শ্ব ইতি। শ্বঃ পরদিনে, নিরীক্ষন্ত নিরীক্ষন্তাম্। সমরে মৃত্যুযুক্তে ॥২৮॥
শ্ব ইতি। অশ্বৈর্দ্বিপৈর্হস্তিভিঃ রথৈশ্চ সহেতি তানি, বিদ্রবিষ্যন্তি পলায়িষ্যন্তে ॥২৯॥

অতএব আমি আগামী কল্য তাহা করিব, যাহাতে কুন্তীনন্দন অর্জ্জুন সূর্য্য অস্ত যাইবার পূর্বে জয়দ্রথকে বধ করিতে পারেন ॥২৪॥

ভার্য্যা, মিত্র, জ্ঞাতি, কিংবা বন্ধু এমন কি কুন্তীনন্দন অর্জ্জুনভিন্ন অন্য কোন ব্যক্তিই আমার সেরূপ প্রিয়তম নহে ॥২৫॥

দারুক! এমন কি, আমি মুহূর্ত্তকালও অর্জ্জুনশূন্য এই জগৎ দেখিতে সমর্থ নহি। তবে সে জগৎ সেরূপ হইবেও না ॥২৬॥

আমি জয় করিয়া অর্জ্জুনের জন্য শীঘ্রই কর্ণ, দুর্য্যোধন এবং তাহাদের হস্তী ও অশ্বপ্রভৃতির সহিত সমস্ত কৌরবপক্ষকে সংহার করিব ॥২৭॥

দারুক! আগামী কল্য আমি অর্জ্জুনের জন্য মহাযুদ্ধে পরাক্রম প্রকাশ করিতে থাকিলে, ত্রিভুবনের লোক আমার শক্তি দর্শন করিবে ॥২৮॥

(২৫)···প্রিয়তরঃ···বা নি। (২৯)···বিদ্রবিষ্যামি দারুক!—বা নি।

শ্বস্তাং চক্রপ্রমথিতাং দ্রক্ষ্যসে নৃপবাহিনীম্।
ময়া ক্রুদ্ধেন সমরে পাণ্ডবার্থে নিপাতিতাম্ ॥৩০॥
শ্বঃ সদেবাঃ সগন্ধর্ব্বাঃ পিশাচোরগরাক্ষসাঃ।
জ্ঞাস্যন্তি লোকাঃ সর্ব্বে মাং সুহৃদং সব্যসাচিনঃ ॥৩১॥
যস্তং দ্বেষ্টি স মাং দ্বেষ্টি যস্তঞ্চানু স মামনু।
ইতি সঙ্কল্প্যতাং বুদ্ধ্যা শরীরার্দ্ধং মমার্জ্জুনঃ ॥৩২॥
তথা ত্বং মে প্রভাতায়ামস্যাং নিশি রথোত্তমম্।
কল্পয়িত্বা যথাশাস্ত্রমাদায় ব্রজ সংযতঃ ॥৩৩॥
গদাং কৌমোদকীং দিব্যাং শক্তিং চক্রং ধনুঃ শরান্।
আরোপ্য বৈ রথে সূত! সর্ব্বোপকরণানি চ ॥৩৪॥

ভারতকৌমুদী

শ্ব ইতি। নৃপবাহিনীং দুর্য্যোধনসেনাম্ ॥৩০॥

শ্ব ইতি। সব্যসাচিনঃ সুহৃদং জ্ঞাস্যন্তি সর্ব্বথা তৎসাহায্যকরণাদিতি ভাবঃ ॥৩১॥

য ইতি। অনু ইত্থম্ভূতঃ প্রিয় ইত্যর্থঃ। কর্ম্মপ্রবচনীয়ে দ্বিতীয়া ॥৩২॥

তথেতি। কল্পয়িত্বা সজ্জীকৃত্য। সংযতঃ অশ্বচালনে সাবধানঃ ॥৩৩॥

গদামিতি। কৌমোদকীং নাম, "কৌমোদকী গদা" ইত্যমরঃ। সর্ব্বোপকরণানি অসিচর্ম্মাদীনি। রথস্য উপ উপরি তিষ্ঠতীতি তস্মিন্ বৈনতেয়স্য গরুড়স্য। জাম্বূনদানাং

দারুক! আগামী কল্য হস্তী, অশ্ব ও রথের সহিত সহস্র সহস্র রাজা ও শত শত রাজপুত্র যুদ্ধে পলায়ন করিবেন ॥২৯॥

দারুক! কাল তুমি দেখিবে—আমি ক্রুদ্ধ হইয়া পাণ্ডবগণের জন্য যুদ্ধে চক্রদ্বারা মথিত করিয়া দুর্য্যোধনের সৈন্য নিপাতিত করিব ॥৩০॥

দেব, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ, রাক্ষস ও সমস্ত লোক কাল আমাকে অর্জ্জুনের সুহৃদ্ বলিয়া জানিতে পারিবেন ॥৩১॥

যে অর্জ্জুনের দ্বেষ করে, সে আমারও দ্বেষ করে এবং যে অর্জ্জুনের প্রিয়, সে আমারও প্রিয়; (স্থূল কথা—) অর্জ্জুন আমার অর্দ্ধ শরীর ইহা কাল সকলে বুদ্ধিদ্বারা অবগত হউক ॥৩২॥

দারুক! এই রাত্রি প্রভাত হইলেই তুমি আমার উত্তম রথখানাকে যুদ্ধশাস্ত্র অনুসারে সাজাইয়া লইয়া সাবধানে যাইবে ॥৩৩॥

সারথি দারুক! তুমি আমার কৌমোদকী গদা, দিব্য শক্তি, চক্র, ধনু, বাণ, ছত্র এবং অন্য সমস্ত উপকরণ রথে তুলিয়া লইয়া, ধ্বজের উপরে রথশোভা-

স্থানঞ্চ কল্পয়িত্বাথ রথোপস্থে ধ্বজোত্তমে।
বৈনতেয়স্য বীরস্য সমরে রথশোভিনঃ ॥৩৫॥
ছত্রং জাম্বূনদৈর্জালৈরর্কজ্বলনসন্নিভৈঃ।
বিশ্বকর্ম্মকৃতৈর্দিব্যৈরশ্বানপি বিভূষিতান্ ॥৩৬॥
বলাহকং মেঘপুষ্পং শৈব্যং সুগ্রীবমেব চ।
যুক্ত্বা বাজিবরান্ যত্তঃ কবচী তিষ্ঠ দারুক! ॥৩৭॥ (কলাপকম্)
পাঞ্চজন্যস্য নির্ঘোষমার্ষভেণৈব পূরিতম্।
শ্রুত্বা সুভৈরবং নাদমুপযায়া জবেন মাম্ ॥৩৮॥
একাহ্নাহমমর্ষঞ্চ সর্ব্বদুঃখানি চৈব হ।
ভ্রাতুঃ পৈতৃষ্বস্রেয়স্য ব্যপনেষ্যামি দারুক! ॥৩৯॥
সর্ব্বোপায়ৈর্যতিষ্যামি যথা বীভৎসুরাহবে।
পশ্যতাং ধার্ত্তরাষ্ট্রাণাং হনিষ্যতি জয়দ্রথম্ ॥৪০॥

ভারতকৌমুদী

স্বর্ণানামিমানীতি জাম্বূনদানি তৈঃ, অর্কজ্বলনসন্নিভৈঃ সূর্য্যাগ্নিবদুজ্জ্বলৈঃ। বলাহকাদীনি চত্বারি চতুর্ণামশ্বনাং নামানি। তেষাং ব্যুৎপত্তয়স্ত প্রাগুক্তাঃ। যুক্ত্বা রথে সংযোজ্য, যত্তো রথচালনে যত্নবান্, কবচী বর্ম্মধারী চ সন্ তিষ্ঠ ॥৩৪—৩৭॥

পাঞ্চেতি। আর্ষভেণ ঋষভস্বরেণ, পূরিতং পূরণজনিতম্। নাদং কোলাহলঞ্চ ॥৩৮॥

একেতি। অমর্ষং ক্রোধম্। ভ্রাতুরর্জ্জুনস্য, পৈতৃষ্বস্রেয়স্য পিতৃষ্বসৃপুত্রস্য ॥৩৯॥

সর্বেতি। বীভৎসুরর্জ্জুনঃ। পশ্যতামিত্যনাদরে ষষ্ঠী ॥৪০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭২॥

তদনন্তর কুণ্ডল, তরবারি ও কবচধারী একজন যুবক দ্বারপাল সেই নির্জন কক্ষায় উপস্থিত হইয়া ভূতলে জানুযুগল পাতিয়া মস্তক অবনমনপূর্ব্বক বন্দনীয় রাজা যুধিষ্ঠিরকে বন্দনা ও প্রণাম করিয়া সেই মহাত্মা ধর্ম্মপুত্রকে জানাইল যে, 'কৃষ্ণ আসিয়াছেন' ॥৩১—৩২॥

তখন পুরুষশ্রেষ্ঠ যুধিষ্ঠির বলিলেন—'স্বাগতপ্রশ্নপূর্বক কৃষ্ণকে প্রবেশ করাইয়া উঁহাকে উত্তম অর্ঘ্য ও আসন প্রদান কর' ॥৩৩॥

(৩১) ..অভিপ্রণম্য শিরসা...বা বঙ্গ বর্দ্ধ নি। * '...অশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা প্রতিনন্দ্য জনার্দ্দনম্।
উবাচ পরমপ্রীতঃ কৌন্তেয়ো দেবকীসুতম্ ॥১॥
সুখেন রজনী ব্যুষ্টা কচ্চিত্তে মধুসূদন!।
কচ্চিজ্‌জ্ঞানানি সর্বাণি প্রসন্নানি তবাচ্যুত! ॥২॥
বাসুদেবোঽপি তদ্‌যুক্তং পর্য্যপৃচ্ছদ্‌যুধিষ্ঠিরম্।
ততঃ ক্ষত্তা প্রকৃতয়ো ন্যবেদয়দুপস্থিতাঃ ॥৩॥
অনুজ্ঞাতশ্চ রাজ্ঞা স প্রাবেশয়ত তং জনম্।
বিরাটং ভীমসেনঞ্চ ধৃষ্টদ্যুম্নঞ্চ সাত্যকিম্ ॥৪॥
চেদিপং ধৃষ্টকেতুঞ্চ দ্রুপদঞ্চ মহারথম্।
শিখণ্ডিনং যমৌ চৈব চেকিতানং সকেকয়ম্ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রতিনন্দ্য চিবুকস্পর্শেন প্রত্যাদৃত্য। পরমপ্রীতঃ, তদ্দর্শনাদেব ॥১॥

সুখেনেতি। ব্যুষ্টা প্রভাতা। জ্ঞানানি কর্ত্তব্যবিষয়কাণি, প্রসন্নানি আত্মনি প্রকাশিতানি ॥২॥

বাস্বিতি। তদ্‌যুক্তং তদুচিতম্। ক্ষত্তা দ্বারপালঃ, প্রকৃতয়ঃ অমাত্যাঃ, ইতি ন্যবেদয়ৎ ॥৩॥

তৎপরে সেই দ্বারপাল কৃষ্ণকে প্রবেশ করাইয়া উত্তম আসনে বসাইয়া সরিয়া গেলে, কৃষ্ণ যুধিষ্ঠিরকে প্রণাম করিলেন, যুধিষ্ঠিরও আদর করিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন' ॥৩৪॥

———:o:———

সঞ্জয় বলিলেন—'তাহার পর কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির অত্যন্ত আনন্দিত হইয়া দেবকীনন্দন কৃষ্ণের প্রত্যাদর করিয়া বলিলেন—॥১॥

'কৃষ্ণ! রাত্রিটা তোমার সুখে প্রভাত হইয়াছে ত? অচ্যুত! তোমার সমস্ত কর্ত্তব্য বিষয়ের স্মরণ হইতেছে ত?' ॥২॥

তখন কৃষ্ণও যুধিষ্ঠিরের নিকট উপযুক্ত বিষয় জিজ্ঞাসা করিলেন। তদনন্তর দ্বারপাল আসিয়া জানাইল যে, 'অমাত্যেরা উপস্থিত হইয়াছেন' ॥৩॥

(৩)···ততশ্চ প্রকৃতীঃ ক্ষত্তা ন্যবেদয়দুপস্থিতাঃ—বা নি।

যুযুৎসুঞ্চৈব কৌরব্যং পাঞ্চাল্যঞ্চোত্তমৌজসম্।
যুধামন্যুং সুবাহুঞ্চ দ্রৌপদেয়াংশ্চ সর্ব্বশঃ ॥৬॥ (বিশেষকম্)
এতে চান্যে চ বহবঃ ক্ষত্রিয়াঃ পাণ্ডবর্ষভম্।
উপতস্থুর্মহাত্মানং বিবিশুশ্চাসনে শুভে ॥৭॥
একস্মিন্নাসনে বীরাবুপবিষ্টৌ মহাবলৌ।
কৃষ্ণশ্চ যুযুধানশ্চ মহাত্মানৌ মহাদ্যুতী ॥৮॥
ততো যুধিষ্ঠিরস্তেষাং শৃণ্বতাং মধুসূদনম্।
অব্রবীৎ পুণ্ডরীকাক্ষমাভাষ্য মধুরং বচঃ ॥৯॥
একং ত্বাং বয়মাশ্রিত্য সহস্রাক্ষমিবামরাঃ।
প্রার্থয়ামো জয়ং সংখ্যে শাশ্বতানি সুখানি চ ॥১০॥

ভারতকৌমুদী

অন্বিতি। রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, স ক্ষত্তা। জনং লোকসমূহম্। চেদিপং চেদিরাজম্। যমৌ নকুলসহদেবৌ। যুযুৎসুং তদাখ্যম্, কৌরব্যং ধার্ত্তরাষ্ট্রং যুধিষ্ঠিরাহ্বানেন তৎপক্ষাগতম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥৪—৬॥

এত ইতি। পাণ্ডবর্ষভং যুধিষ্ঠিরম্। বিবিশুঃ উপবিষ্টবন্তঃ ॥৭॥

একস্মিন্নিতি। যুযুধানঃ সাত্যকিঃ, মহাদ্যুতী মহাতেজসৌ ॥৮॥

তত ইতি। পুণ্ডরীকাক্ষং পদ্মনয়নম্, আভাষ্য সম্বোধ্য ॥৯॥

একমিতি। সহস্রাক্ষমিন্দ্রম্। সংখ্যে যুদ্ধে, শাশ্বতানি চিরস্থায়ীনি ॥১০॥

তখন যুধিষ্ঠির অনুমতি করিলে, দ্বারপাল সেই লোকদিগকে প্রবেশ করাইল। বিরাট, ভীমসেন, ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি, চেদিরাজ ধৃষ্টকেতু, মহারথ দ্রুপদ, শিখণ্ডী, নকুল, সহদেব, চেকিতান, কেকয়গণ, ধৃতরাষ্ট্রপুত্র যুযুৎসু, পাঞ্চালবীর উত্তমৌজা, যুধামন্যু, সুবাহু ও দ্রৌপদীর সমস্ত পুত্র ক্রমে উপস্থিত হইলেন ॥৪—৬॥

ইঁহারা এবং অন্যও বহুতর ক্ষত্রিয় মহাত্মা যুধিষ্ঠিরের নিকটে উপস্থিত হইলেন এবং সুন্দর সুন্দর আসনে উপবেশন করিলেন ॥৭॥

তখন বীর, মহাবল, মহাত্মা ও মহাতেজা কৃষ্ণ এবং সাত্যকি এক আসনে বসিলেন ॥৮॥

তদনন্তর যুধিষ্ঠির সেই বীরগণের সমক্ষে পদ্মনয়ন কৃষ্ণকে সম্বোধন করিয়া এই মধুর বাক্য বলিলেন—॥৯॥

(৮)···যুযুধানশ্চ বেদ্যামিব হুতাশনৌ—নি।

ত্বং হি রাজ্যবিনাশঞ্চ দ্বিষদ্ভিশ্চ নিরাক্রিয়াম্ ।
ক্লেশাংশ্চ বিবিধান্ কৃষ্ণ ! সর্বাংস্তানপি বেৎসি নঃ ॥১১॥
ত্বয়ি সর্ব্বেশ ! সর্ব্বেষামস্মাকং ভক্তবৎসল ! ।
সুখমায়ত্তমত্যর্থং যাত্রা চ মধুসূদন ! ॥১২॥
স তথা কুরু বাষ্ণেয় ! যথা মম মনস্ত্বয়ি ।
অর্জ্জুনস্য যথা সত্যা প্রতিজ্ঞা স্যাচ্চিকীর্ষিতা ॥১৩॥
স ভবাংস্তারয়ত্বস্মান্ দুঃখামর্ষমহার্ণবাৎ ।
পারং তিতীর্ষতামদ্য প্লবো নো ভব মাধব ! ॥১৪॥
ন হি তৎ কুরুতে সংখ্যে রথী রিপুবধোদ্যতঃ ।
যথা বৈ কুরুতে কৃষ্ণ ! সারথির্যত্নমাস্থিতঃ ॥১৫॥

ভারতকৌমুদী

নন্বেকস্য মমাশ্রয়ে কো হেতুরিত্যাহ ত্বমিতি। হি যস্মাৎ। নিরাক্রিয়াং দেশান্নির্যাপণম্ ॥১১॥

ত্বয়ীতি। আয়ত্তমধীনম্। যাত্রা বৃত্তিঃ, "যাত্রোৎসবে গতৌ বৃত্তৌ" ইতি হেমচন্দ্রঃ ॥১২॥

স ইতি। চিকীর্ষিতা সফলতয়া কর্ত্তুমিষ্টা ॥১৩॥

স ইতি। অমর্ষঃ ক্রোধঃ। তিতীর্ষতাং তর্ত্তুমিচ্ছতাম্, প্লবো নৌকা, নঃ অস্মাকম্ ॥১৪॥

'কৃষ্ণ ! দেবতারা যেমন এক ইন্দ্রকে অবলম্বন করিয়া যুদ্ধে জয় ও স্থায়ী সুখ প্রার্থনা করেন, আমরাও সেইরূপ একমাত্র তোমাকে অবলম্বন করিয়া যুদ্ধে জয় ও স্থায়ী সুখ প্রার্থনা করি ॥১০॥

কারণ, কৃষ্ণ ! তুমি আমাদের রাজ্যনাশ, শত্রুকর্ত্তৃক দেশ হইতে নির্বাসন ও নানাবিধ কষ্টভোগ, সে সমস্তই জান ॥১১॥

সর্বেশ্বর ! ভক্তবৎসল ! মধুসূদন ! আমাদের সকলের সুখ ও জীবিকা তোমারই একান্ত অধীন ॥১২॥

বৃষ্ণিনন্দন ! যে হেতু আমার মন তোমাতে রহিয়াছে, সেই হেতু তুমি তাহা কর, যাহাতে অর্জ্জুনের চিকীর্ষিত প্রতিজ্ঞা সত্য হয় ॥১৩॥

মাধব ! তুমি আমাদিগকে দুঃখ ও ক্রোধরূপ মহাসমুদ্র হইতে উদ্ধার কর ; আমরা দুঃখসাগরের পারে যাইতে ইচ্ছা করিতেছি, তুমি আজ তাহাতে আমাদের ভেলা হও ॥১৪॥

(১১)···বেদ নঃ—বা,··বেথ নঃ—নি। (১৩)···যথা ত্বয়ি মনো মম···বা নি। (১৪··· তারয়ত্বস্মাৎ···বা নি। (১৫) নহি তৎ কুরুতে যোধঃ কার্ত্তবীর্য্যসমোঽপি যঃ। যুধি যৎ কুরুষে কৃষ্ণ ! সারথ্যং ত্বং সমাশ্রিতঃ ॥—নি।

যথৈব সর্ব্বাস্বাপৎসু পাসি বৃষ্ণীন্ জনার্দ্দন!।
তথৈবাস্মান্ মহাবাহো! বৃজিনাত্রাতুমর্হসি ॥১৬॥
ত্বমগাধেঽপ্লবে মগ্নান্ পাণ্ডবান্ কুরুসাগরে।
তারয়াস্ব প্লবো ভূত্বা শঙ্খচক্রগদাধর! ॥১৭॥
নমস্তে দেবদেবেশ! সনাতন! বিশাতন!।
বিষ্ণো! জিষ্ণো! হরে! কৃষ্ণ! বৈকুণ্ঠ! পুরুষোত্তম! ॥১৮॥
নারদস্ত্বাং সমাচখ্যৌ পুরাণমৃষিসত্তমম্।
বরদং শার্ঙ্গিণং দেবং তৎ সত্যং কুরু মাধব! ॥১৯॥
ইত্যুক্তঃ পুণ্ডরীকাক্ষো ধর্ম্মরাজেন সংসদি।
ওঘমেঘস্বনো বাগ্মী প্রত্যুবাচ যুধিষ্ঠিরম্ ॥২০॥

ভারতকৌমুদী

নন্থ সারথিমাত্রোঽহং কিং কর্ত্তুমর্হামীত্যাহ নেতি। কুরুতে কর্ত্তুং শক্নোতি ॥১৫॥
যথেতি। পাসি রক্ষসি। বৃজিনাৎ পাপাৎ পাপজনিতদুঃখাৎ ॥১৬॥
ত্বমিতি। অগাধে অতলস্পর্শে, অপ্লবে আশ্রয়রহিতে, কুরুসাগরে কৌরবাব্ধৌ ॥১৭॥
নম ইতি। হে বিশাতন! শত্রুনাশক!। হে জিষ্ণো! জয়শীল! ॥১৮॥
নারদ ইতি। পুরাণং প্রাচীনম্, ঋষিসত্তমং নারায়ণম্। তৎ অর্জ্জুনপ্রতিজ্ঞানম্ ॥১৯॥
ইতীতি। ওঘস্য সমূহভাবমাপন্নস্য মেঘস্যেব স্বনো যস্য সঃ ॥২০॥

কৃষ্ণ! যুদ্ধে যত্নবান্ সারথি যেরূপ কার্য্য করিতে পারে, শত্রুবধে উদ্যত রথীও সেরূপ কার্য্য করিতে পারেন না ॥১৫॥

মহাবাহু জনার্দ্দন! তুমি বৃষ্ণিবংশীয়গণকে যেমন সমস্ত বিপদে রক্ষা কর, আমাদিগকেও সেইরূপই দুঃখ হইতে রক্ষা কর ॥১৬॥

হে শঙ্খচক্রগদাধর! পাণ্ডবেরা অতলস্পর্শ ও আশ্রয়শূন্য কৌরবসমুদ্রে মগ্ন হইতে চলিয়াছে, তুমি আজ আশ্রয় হইয়া তাহাদিগকে উদ্ধার কর ॥১৭॥

দেবদেবেশ্বর! সনাতন! শত্রুসংহারক! বিষ্ণু! জিষ্ণু! হরি! কৃষ্ণ! বৈকুণ্ঠনাথ! পুরুষোত্তম! তোমাকে নমস্কার করি ॥১৮॥

মাধব! দেবর্ষি নারদ তোমাকে প্রাচীন ঋষিশ্রেষ্ঠ, বরদাতা, শার্ঙ্গধনুর্দ্ধর ও দেবতা বলিয়াছেন। অতএব তুমি অর্জ্জুনের প্রতিজ্ঞা সত্য কর' ॥১৯॥

যুধিষ্ঠির বীরসভায় এইরূপ বলিলে, বাগ্মী কৃষ্ণ ঘনীভূতমেঘগম্ভীরস্বরে তাঁহার প্রত্যুত্তর করিলেন ॥২০॥

(১৭)···সমুদ্ধর প্লবো ভূত্বা···বা নি। (১৯)···শার্ঙ্গিণং শ্রেষ্ঠম্···বা নি। (২০)··· তোয়মেঘস্বনঃ···বা নি।

বাসুদেব উবাচ।

সামরেম্বপি লোকেষু সর্ব্বেষু ন তথাবিধঃ।
শরাসনধরঃ কশ্চিদ্‌যথা পার্থো ধনঞ্জয়ঃ ॥২১॥
বীর্য্যবানস্ত্রসম্পন্নঃ পরাক্রান্তো মহাবলঃ।
যুদ্ধশৌণ্ডঃ সদামর্ষী তেজসা পরমো নৃণাম্ ॥২২॥
স যুবা বৃষভস্কন্ধো দীর্ঘবাহুর্মহাবলঃ।
সিংহর্ষভগতিঃ শ্রীমান্ দ্বিষতস্তে হনিষ্যতি ॥২৩॥ (যুগ্মকম্)
অহঞ্চ তৎ করিষ্যামি যথা কুন্তীসুতোঽর্জ্জুনঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য সৈন্যানি ধক্ষ্যত্যগ্নিরিবেন্ধনম্ ॥২৪॥
অদ্য তং পাপকর্ম্মাণং ক্ষুদ্রং সৌভদ্রঘাতিনম্।
অপুনর্দর্শনং মার্গমিষুভিঃ ক্ষেপ্স্যতেঽর্জ্জুনঃ ॥২৫॥
তস্যাদ্য গৃধ্রাঃ শ্যেনাশ্চ বৃকা গোমায়বস্তথা।
ভক্ষয়িষ্যন্তি মাংসানি যে চান্যে পুরুষাদকাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

সামরেম্বিতি। সামরেষু দেবসহিতেষু। শরাসনধরো ধনুর্দ্ধরঃ ॥২১॥

বীর্য্যবানিতি। বীর্য্যবান্ মানসিকবলশালী। যুদ্ধে শৌণ্ডো মত্তঃ। বৃষভস্যেব স্কন্ধৌ উন্নতৌ যস্য সঃ। সিংহস্যেব ঋষভস্য বৃষস্যেব চ গতির্যস্য সঃ, শ্রীমান্ বীরশোভাবান্ ॥২২-২৩॥

অহমিতি। ধক্ষ্যতি দগ্ধানি করিষ্যতি, ইন্ধনং কাষ্ঠম্ ॥২৪॥

অদ্যেতি। ন বিদ্যতে পুনর্দর্শনং যস্য তম্। ক্ষেপ্স্যতে নেষ্যতে। নয়ত্যর্থত্বাদ্দ্বিকর্ম্মকতা ॥২৫॥

কৃষ্ণ বলিলেন—'মহারাজ! পৃথানন্দন অর্জ্জুন যেরূপ ধনুর্দ্ধর, সেরূপ ধনুর্দ্ধর দেবলোকপ্রভৃতি সমস্ত লোকে অন্য কেহ নাই ॥২১॥

মানসিকবল ও দৈহিকবলশালী, নানাবিধ অস্ত্রজ্ঞ, পরাক্রমী, যুদ্ধে মত্ত, সর্ব্বদা ক্রোধী, মনুষ্যমধ্যে পরম তেজস্বী, বৃষের ন্যায় উন্নতস্কন্ধ, সিংহ ও বৃষের ন্যায় গমনকারী, বীরশোভায় শোভিত ও যুবা অর্জ্জুন আপনার শত্রুগণকে বিনাশ করিবেন ॥২২—২৩॥

আমিও সেইরূপ কার্য্য করিব, যাহাতে অগ্নি যেমন কাষ্ঠ দগ্ধ করে, সেইরূপ অর্জ্জুন দুর্য্যোধনসৈন্য দগ্ধ করিতে পারেন ॥২৪॥

আজ অর্জ্জুন বাণদ্বারা পাপকারী, ক্ষুদ্রস্বভাব ও অভিমন্যুবধের হেতু জয়দ্রথকে সেই পথে প্রেরণ করিবেন, যে পথের পুনরায় দর্শন হয় না ॥২৫॥

(২৬)···বলা গোমায়বস্তথা···পি।

যদ্যস্য দেবা গোপ্তারঃ সেন্দ্রাঃ সর্ব্বে যুধিষ্ঠির!।
রাজধানীং যমস্যাদ্য হতঃ প্রাপ্স্যতি সংযুগে ॥২৭॥
নিহত্য সৈন্ধবং জিষ্ণুরদ্য ত্বামুপযাস্যতি।
বিশোকো বিজ্বরো রাজন্! ভব শান্তিপুরস্কৃতঃ ॥২৮॥

সঞ্জয় উবাচ।

তথা সংভাষতাং তেষাং প্রাদুরাসীদ্ধনঞ্জয়ঃ।
দিদৃক্ষুর্ভরতশ্রেষ্ঠং রাজানং সসুহৃদ্‌গণম্ ॥২৯॥
তং প্রবিষ্টং শুভাং কক্ষামভিবাদ্যাগ্রতঃ স্থিতম্।
সমুত্থায়ার্জ্জুনং প্রেম্ণা সস্বজে পাণ্ডবর্ষভঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তস্যেতি। বৃকা ব্যাঘ্রবিশেষাঃ, গোমায়বঃ শৃগালাঃ। পুরুষাদকা নরভক্ষকাঃ ॥২৬॥
যদীতি। গোপ্তারো রক্ষিতারো ভবিষ্যন্তি, তথাপীতি শেষঃ ॥২৭॥
নিহত্যেতি। সৈন্ধবং জয়দ্রথম্, জিষ্ণুরর্জ্জুনঃ। বিজ্বরো মনঃসন্তাপশূন্যঃ ॥২৮॥
তথেতি। সংভাষতাং সমালপতাম্। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ ॥২৯॥
তমিতি। শুভাং হিতৈষিপূর্ণত্বাৎ শুভজনিকাম্। সস্বজে আলিলিঙ্গ ॥৩০॥

গৃধ্র, শ্যেন, চিতাবাঘ, শৃগাল ও অন্য যে সকল নরমাংসভোজী জন্তু আছে, তাহারা আজ জয়দ্রথের মাংস ভক্ষণ করিবে ॥২৬॥

মহারাজ! ইন্দ্রের সহিত সমস্ত দেবতাও যদি জয়দ্রথের রক্ষক হন, তথাপি আজ সে যুদ্ধে নিহত হইয়া যমের রাজধানীতে যাইবে ॥২৭॥

রাজা! অর্জ্জুন আজ জয়দ্রথকে বধ করিয়া আপনার নিকট আসিবেন। অতএব আপনি শোকবিহীন, সন্তাপশূন্য ও শান্তিসম্পন্ন হউন' ॥২৮॥

সঞ্জয় বলিলেন—'তাঁহারা সেইরূপ আলাপ করিতেছিলেন, এমন সময়ে বন্ধুবর্গের সহিত সম্মিলিত ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠিরের সহিত সাক্ষাৎ করিবার জন্য অর্জ্জুন উপস্থিত হইলেন ॥২৯॥

অর্জ্জুন মঙ্গলময় কক্ষায় প্রবেশপূর্বক যুধিষ্ঠিরকে অভিবাদন করিয়া সম্মুখে দাঁড়াইলে, যুধিষ্ঠির গাত্রোত্থান করিয়া স্নেহবশতঃ অর্জ্জুনকে আলিঙ্গন করিলেন ॥৩০॥

(২৮)…ভব ভূতিপুরস্কৃতঃ—পি বা বঙ্গ বৰ্দ্ধ। ইতঃ পরম্ 'একাশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি। (২৯) তথা তু বদতাম্…বা নি। (৩০)… অভিবন্দ্যাগ্রতঃ স্থিতম্। তমুত্থায়ার্জ্জুনম্…বা নি।

মূর্দ্ধ্নি চৈনমুপাঘ্রায় পরিষ্বজ্য চ বাহুনা।
আশিষঃ পরমাঃ প্রোচ্য স্ময়মানোঽভ্যভাষত ॥৩১॥
ব্যক্তমর্জ্জুন! সংগ্রামে ধ্রুবস্তে বিজয়ো মহান্।
যাদৃগ্‌রূপা হি তে চ্ছায়া প্রসন্নশ্চ জনার্দ্দনঃ ॥৩২॥
তমব্রবীত্ততো জিষ্ণুর্মহদাশ্চর্য্যমুত্তমম্।
দৃষ্টবানস্মি ভদ্রং তে কেশবস্য প্রসাদজম্ ॥৩৩॥
ততস্তৎ কথয়ামাস যথাদৃষ্টং ধনঞ্জয়ঃ।
আশ্বাসনার্থং সুহৃদাং ত্র্যম্বকেণ সমাগমম্ ॥৩৪॥
ততঃ শিরোভিরবনীং স্পৃষ্ট্বা সর্ব্বে সুবিস্মিতাঃ।
নমস্কৃত্য বৃষাঙ্কায় সাধু সাধ্বিত্যথাব্রুবন্ ॥৩৫॥
অনুজ্ঞাতাস্ততঃ সর্ব্বে সুহৃদো ধর্ম্মসূনুনা।
ত্বরমাণাঃ সুসংরব্ধা হৃষ্টা যুদ্ধায় নির্যযুঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

মূর্দ্ধ্নীতি। এনমর্জ্জুনম্, পরিষ্বজ্য আলিঙ্গ্য। স্ময়মান ঈষদ্ধসন্ ॥৩১॥
ব্যক্তমিতি। ধ্রুবো নিশ্চিতঃ। ছায়া বীরকান্তিঃ ॥৩২॥
তমিতি। জিষ্ণুরর্জ্জুনঃ। দৃষ্টবান্ স্বপ্নম্। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু ॥৩৩॥
তত ইতি। ত্র্যম্বকেণ শিবেন সহ, সমাগমং স্বপ্নে সম্মেলনম্ ॥৩৪॥
তত ইতি। বৃষাঙ্কায় শিবায়। সাধু সাধু, পুণ্যাতিরেকাদিত্যাশয়ঃ ॥৩৫॥

এবং তিনি অর্জ্জুনের মস্তকাঘ্রাণ ও বাহুদ্বারা তাঁহাকে আলিঙ্গন করিয়া উত্তম আশীর্ব্বাদ জানাইয়া সহাস্য মুখে বলিলেন—॥৩১॥

'অর্জ্জুন! তোমার যেরূপ বীরশ্রী দেখা যাইতেছে এবং কৃষ্ণও যেরূপ প্রসন্ন হইয়াছেন, তাহাতে স্পষ্টই বুঝা যাইতেছে যে, যুদ্ধে তোমার বিশিষ্টরূপ জয়লাভ নিশ্চিত' ॥৩২॥

তদনন্তর অর্জ্জুন যুধিষ্ঠিরকে বলিলেন—'মহারাজ! আপনার মঙ্গল হউক। আমি আজ কৃষ্ণের অনুগ্রহে গুরুতর আশ্চর্য্য উত্তম স্বপ্ন দেখিয়াছি' ॥৩৩॥

তাহার পর অর্জ্জুন বন্ধুবর্গকে আশ্বস্ত করিবার জন্য যথাযথভাবে স্বপ্নে সেই শিবের সহিত সম্মেলনের বিষয় বলিলেন ॥৩৪॥

তৎপরে সকলে অত্যন্ত বিস্ময়াপন্ন হইয়া মস্তকদ্বারা ভূতলস্পর্শপূর্বক মহাদেবকে নমস্কার করিয়া 'সাধু সাধু' এইরূপ বলিলেন ॥৩৫॥

(৩২ ··তাদৃগ্‌রূপা···নি। (৩৫)···সর্ব্বে চ বিস্মিতাঃ···বা নি। (৩৬)···ত্বরমাণাঃ সুসন্নদ্ধাঃ···বা নি।

অভিবাদ্য তু রাজানং যুযুধানাচ্যুতার্জ্জুনাঃ।
হৃষ্টা বিনির্যযুস্তে বৈ যুধিষ্ঠিরনিবেশনাৎ ॥৩৭॥
রথেনৈকেন দুর্দ্ধর্ষৌ যুযুধানজনার্দ্দনৌ।
জগ্মতুঃ সহিতো বীরাবর্জ্জুনস্য নিবেশনম্ ॥৩ ॥
তত্র গত্বা হৃষীকেশঃ কল্পয়ামাস সূতবৎ।
রথং রথবরস্যাজৌ বানরর্ষভলক্ষণম্ ॥৩৯॥
স মেঘসমনির্ঘোষস্তপ্তকাঞ্চনসুপ্রভঃ।
বভৌ রথবরঃ কৢপ্তঃ শিশুর্দিবসকৃদ্‌যথা ॥৪০॥

ভারতকৌমুদী

অন্বিতি। ধর্ম্মসূনুনা যুধিষ্ঠিরেণ। সুসংরব্ধা অতীবোৎসাহিনঃ ॥৩৬॥

অভীতি। যুযুধানঃ সাত্যকিঃ। যুধিষ্ঠিরস্য নিবেশনাৎ শিবিরাৎ ॥৩৭॥

রথেনেতি। নিবেশনং কিয়দ্দূরস্থং শিবিরম্। অর্জ্জুনোঽপি তত্র জগামেতি বোধ্যম্ ॥৩৮॥

তত্রেতি। রথবরস্য রথিশ্রেষ্ঠস্যার্জ্জুনস্য, বানরর্ষভলক্ষণং হনূমচ্চিহ্নিতম্ ॥৩৯॥

স ইতি। মেঘস্য মেঘনির্ঘোষস্য সমঃ সমানো নির্ঘোষো যস্য সঃ, তপ্তকাঞ্চনেন তন্ময়ত্বেন শোভনা প্রভা যস্য সঃ। কৢপ্তঃ সজ্জিতঃ, শিশুর্নবোদিতঃ, দিবসকৃৎ সূর্য্যঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৫॥ বৃজিনাৎ ব্যসনাৎ ॥১৬—১৭॥ সনাতনঃ অনাদিনিধনঃ, বিশাতনঃ সংহর্ত্তা, কৃষ্ণঃ পুরুষোত্তমঃ পরমাত্মা ॥১৮—২১॥ যুদ্ধশৌণ্ডঃ যুদ্ধপ্রবীণঃ ॥২২—৪০॥ সজ্জপূরঃ-

তদনন্তর যুধিষ্ঠির অনুমতি করিলে, সমস্ত বন্ধুবর্গ সত্বর, অত্যন্তোৎসাহী ও আনন্দিত হইয়া যুদ্ধের জন্য নির্গত হইলেন ॥৩৬॥

কিন্তু কৃষ্ণ, অর্জ্জুন ও সাত্যকি যুধিষ্ঠিরকে অভিবাদন করিয়া আনন্দিত হইয়া যুধিষ্ঠিরের শিবির হইতে বাহির হইলেন ॥৩৭॥

তৎপরে দুর্দ্ধর্ষ বীর কৃষ্ণ ও সাত্যকি মিলিত হইয়া (অর্জ্জুনকে লইয়া) এক-রথে অর্জ্জুনের শিবিরে গমন করিলেন ॥৩৮॥

সেখানে যাইয়া (অর্জ্জুন আহ্নিক করিতে গেলে,) কৃষ্ণ সারথির ন্যায় রথিশ্রেষ্ঠ অর্জ্জুনের বানরশ্রেষ্ঠচিহ্নিত রথখানাকে সজ্জিত করিলেন ॥৩৯॥

তখন মেঘের ন্যায় গম্ভীরধ্বনিকারী ও তপ্তকাঞ্চনময় বলিয়া বিশেষদীপ্তি-শালী সুসজ্জিত সেই উত্তম রথখানা নবোদিত সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৪০॥

(৩৯)…কল্পয়ামাস শাস্ত্রবিৎ…নি। (৪০)…তপ্তকাঞ্চনসপ্রভঃ…পি বা নি।

ততঃ পুরুষশার্দ্দূলঃ সজ্জং সজ্জপুরঃসরঃ।
কৃতাহ্নিকায় পার্থায় ন্যবেদয়ত তং রথম্ ॥৪১॥
তস্তু লোকবরঃ শ্রীমান্ কিরীটী হেমবর্ম্মভৃৎ।
চাপবাণধরো বাহং প্রদক্ষিণমবর্ত্তত ॥৪২॥
ততো বিদ্যাবয়োবৃদ্ধৈঃ ক্রিয়াবদ্ভির্জিতেন্দ্রিয়ৈঃ।
স্তূয়মানো জয়াশীর্ভিরারুরোহ মহারথম্ ॥৪৩॥
জৈত্রৈঃ সাংগ্রামিকৈর্ম্মন্ত্রৈঃ পূর্ব্বমেব রথোত্তমম্।
অভিমন্ত্রিতমর্চ্চিষ্মানুদয়ং ভাস্করো যথা ॥৪৪॥
স রথে রথিনাং শ্রেষ্ঠঃ কাঞ্চনে কাঞ্চনাবৃতঃ।
বিবভৌ বিমলোঽর্চ্চিষ্মান্ মেরাবিব দিবাকরঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তত ইতি। সজ্জানাং সন্নদ্ধানাং পুরঃসরঃ কৃষ্ণঃ। ন্যবেদয়ত সজ্জিতত্বেন ॥৪১॥
তমিতি। শ্রীমান্ বীরশোভাবান্। বাহং যানং রথম্, অবর্ত্তত অকরোৎ ॥৪২॥
তত ইতি। ক্রিয়াবদ্ভির্বৈধকর্ম্মানুষ্ঠায়িভিঃ। আরুরোহ পার্থ ইত্যনুবৃত্তিঃ ॥৪৩॥
উক্তমেবার্থং প্রকারান্তরেণাহ জৈত্রৈরিতি। জৈত্রৈর্জয়সাধনৈঃ। অর্চ্চিষ্মান্ তেজস্বী ॥৪৪॥
স ইতি। কাঞ্চনে কাঞ্চনময়ে, কাঞ্চনেন স্বর্ণময়েন বর্ম্মণা আবৃতঃ ॥৪৫॥

তাহার পর যুদ্ধসজ্জায় সজ্জিতদিগের অগ্রগণ্য পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ যাইয়া কৃতাহ্নিক অর্জ্জুনকে জানাইলেন যে 'রথ সজ্জিত হইয়াছে' ॥৪১॥

তখন লোকশ্রেষ্ঠ, বীরশোভাসম্পন্ন, কিরীটশালী, স্বর্ণবর্ম্মসন্নদ্ধ এবং ধনুর্বাণ-ধারী অর্জ্জুন আসিয়া সেই রথখানাকে প্রদক্ষিণ করিলেন ॥৪২॥

তদনন্তর বিদ্যায় ও বয়সে বৃদ্ধ, সৎকর্ম্মান্বিত এবং জিতেন্দ্রিয় লোকেরা জয়াশীর্ব্বাদ করিয়া স্তব করিতে লাগিলে, অর্জ্জুন সেই মহারথে আরোহণ করিলেন ॥৪৩॥

পূর্ব্বেই যুদ্ধজয়সাধক মন্ত্রদ্বারা সেই উত্তম রথখানাকে অভিমন্ত্রিত করা হইয়াছিল; পরে—সূর্য্য যেমন উদয়পর্ব্বতে আরোহণ করেন, সেইরূপ তেজস্বী অর্জ্জুন সেই রথে আরোহণ করিলেন ॥৪৪॥

ক্রমে নির্ম্মল ও তেজস্বী সূর্য্য যেমন সুমেরুপর্বতে প্রকাশ পান, সেইরূপ স্বর্ণময়বর্ম্মাবৃতদেহ ও রথিশ্রেষ্ঠ অর্জ্জুন সেই স্বর্ণময় রথে প্রকাশ পাইতে লাগিলেন ॥৪৫॥

(৪২) তস্তু লোকে বরঃ পুংসাম্···পি তস্তু লোকববঃ পুংসাম্ ···বা, স তু লোকবরঃ পুংসাম্···নি। (৪৫)···বিবভৌ বিমলেঽর্চ্চিষ্মান্···বঙ্গ বর্দ্ধ।

অন্বারুরুহতুঃ পার্থং যুযুধানজনার্দ্দনৌ।
শর্যাতের্যজ্ঞমায়ান্তং যথেন্দ্রং দেবমশ্বিনৌ ॥৪৬॥
অথ জগ্রাহ গোবিন্দো রশ্মীন্ রশ্মিবতাং বরঃ।
মাতলির্ব্বাসবস্যেব বৃত্রং হন্তুং প্রযাস্যতঃ ॥৪৭॥
স তাভ্যাং সহিতঃ পার্থো রথপ্রবরমাস্থিতঃ।
সহিতো বুধশুক্রাভ্যাং তমো নিঘ্নন্ যথা শশী ॥৪৮॥
সৈন্ধবস্য বধং প্রেপ্সুঃ প্রয়াতঃ শত্রুপূগহা।
সহাম্বুপতিমিত্রাভ্যাং যথেন্দ্রস্তারকাময়ে ॥৪৯॥
ততো বাদিত্রঘোষৈশ্চ মঙ্গল্যৈশ্চ স্তবৈঃ শুভৈঃ।
প্রয়ান্তমর্জ্জুনং সূতা মাগধাশ্চৈব তুষ্টুবুঃ ॥৫০॥

ভারতকৌমুদী

অন্বিতি। অনু সহ। পার্থমিতি কর্ম্মপ্রবচনীয়যোগে দ্বিতীয়া। শর্যাতে রাজ্ঞঃ ॥৪৬॥

অথেতি। রশ্মীন্ প্রগ্রহান্, রশ্মিবতাং কিরণবতাম্। মোপধত্বাদ্বন্তঃ ॥৪৭॥

স ইতি। আস্থিত আরূঢ়ঃ। তমঃ তামসিকং শত্রুবর্গমন্ধকারঞ্চ ॥৪৮॥

সৈন্ধবস্যেতি। শত্রুপূগহা শত্রুসমূহহন্তা পার্থঃ, সৈন্ধবস্য জয়দ্রথস্য বধং প্রেপ্সুঃ চিকীর্ষুঃ সন্, তারকেণ তদাখ্যেনাসুরেণ আময়ঃ পীড়নং যত্র তাদৃশে যুদ্ধে, অম্বুপতির্বরুণঃ মিত্রশ্চ দেবতাবিশেষঃ তাভ্যাং সহ ইন্দ্রো যথা, তথা প্রয়াতঃ প্রস্থিতঃ ॥৪৯॥

তত ইতি। বাদিত্রঘোষৈর্বাদ্যধ্বনিভিঃ, মঙ্গল্যৈর্মঙ্গলজনকৈঃ ॥৫০॥

শর্যাতিরাজার যজ্ঞে আসিবার কালে অশ্বিনীকুমারদ্বয় যেমন ইন্দ্রের সহিত এক বিমানে আরোহণ করিয়াছিলেন, সেইরূপ কৃষ্ণ ও সাত্যকি অর্জ্জুনের সহিত সেই একরথে আরোহণ করিলেন ॥৪৬॥

তাহার পর বৃত্রাসুরকে বধ করিবার জন্য প্রস্থানকারী ইন্দ্রের অশ্বরশ্মি যেমন মাতলি গ্রহণ করিয়াছিলেন, তেমন তেজস্বিশ্রেষ্ঠ কৃষ্ণ অর্জ্জুনের অশ্বরশ্মি (ঘোড়ার লাগাম) গ্রহণ করিলেন ॥৪৭॥

তখন অন্ধকারনাশক চন্দ্র যেমন বুধ ও শুক্রের সহিত একরাশিতে অবস্থান করেন, তেমন অর্জ্জুন কৃষ্ণ ও সাত্যকির সহিত সেই উত্তম রথে অবস্থান করিতে লাগিলেন ॥৪৮॥

পরে ইন্দ্র যেমন বরুণ ও মিত্রের সহিত তারকাসুরের যুদ্ধে প্রস্থান করিয়াছিলেন, তেমন শত্রুসমূহহন্তা অর্জ্জুন জয়দ্রথবধার্থী হইয়া কৃষ্ণ ও সাত্যকির সহিত প্রস্থান করিলেন ॥৪৯॥

---

(৪৭)·· রশ্মিবিদাং বরঃ···বা নি,···রশ্মিভৃতাং বরঃ বঙ্গ বর্দ্ধ।

সজয়াশীঃ সপুণ্যাহঃ সূতমাগধনিস্বনঃ।
যুক্তো বাদিত্রঘোষেণ তেষাং রতিকরোঽভবৎ ॥৫১॥
তমনুপ্রবণো বায়ুঃ পুণ্যগন্ধবহঃ শিবঃ।
ববৌ সংহর্ষয়ন্ পার্থং দ্বিষতশ্চাস্য শোষয়ন্ ॥৫২॥
ততস্তস্মিন্ ক্ষণে রাজন্! বিবিধানি শুভানি চ।
প্রাদুরাসন্ নিমিত্তানি বিজয়ায় বহূনি চ।
পাণ্ডবানাং ত্বদীয়ানাং বিপরীতানি মারিষ! ॥৫৩॥
দৃষ্ট্বার্জ্জুনো নিমিত্তানি বিজয়স্য প্রদক্ষিণম্।
যুযুধানং মহেষ্বাসমিদং বচনমব্রবীৎ ॥৫৪॥
যুযুধানাদ্য যুদ্ধে মে দৃশ্যতে বিজয়ো ধ্রুবঃ।
তথাহীমানি লিঙ্গানি দৃশ্যন্তে শিনিপুঙ্গব! ॥৫৫॥

ভারতকৌমুদী

সেতি। জয়াশিষা সহেতি সঃ। রতিকরঃ সমরানুরাগজনকঃ ॥৫১॥
তমিতি। অনুপ্রবণঃ অনুকূলঃ। শিবঃ শুভসূচকঃ। শোষয়ন্নিব ॥৫২॥
তত ইতি। নিমিত্তানি লক্ষণানি। হে মারিষ! আর্য্য!। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥
দৃষ্ট্বেতি। প্রদক্ষিণং দক্ষিণদিগ্বর্ত্তিনম্। যুযুধানং সাত্যকিম্ ॥৫৪॥
যুযুধানেতি। দৃশ্যতে সম্ভাব্যতে। লিঙ্গানি চিহ্নানি ॥৫৫॥

তদনন্তর বাদ্যকারেরা মঙ্গলজনক বাদ্যধ্বনিদ্বারা এবং সূত ও মাগধগণ শুভসূচক স্তবদ্বারা প্রস্থানকালে অর্জ্জুনকে সন্তুষ্ট করিতে লাগিল ॥৫০॥

জয়াশীর্ব্বাদ, পুণ্যাহশব্দ ও বাদ্যধ্বনির সহিত সূত-মাগধগণের সেই কণ্ঠ-ধ্বনি কৃষ্ণ, অর্জ্জুন ও সাত্যকির যুদ্ধানুরাগ জন্মাইতে লাগিল ॥৫১॥

ক্রমে পবিত্রগন্ধবাহী ও শুভসূচক অনুকূল বায়ু অর্জ্জুনের আনন্দ এবং তাঁহার শত্রুপক্ষের শোষণ করিতে থাকিয়াই যেন বহিত হইতে থাকিল ॥৫২॥

মাননীয় রাজা! তৎপরে সেই সময়ে পাণ্ডবপক্ষের জয় ও আপনার পক্ষের পরাজয় সূচনা করিবার জন্য নানাপ্রকার বহুতর শুভলক্ষণ ও দুর্লক্ষণ প্রাদুর্ভূত হইতে লাগিল ॥৫৩॥

তখন অর্জ্জুন জয়সূচক লক্ষণ সকল দেখিয়া দক্ষিণদিগ্বর্ত্তী মহাধনুর্দ্ধর সাত্যকিকে এই কথা বলিলেন—॥৫৪॥

---

(৫২) তমনুপ্রয়তো বায়ুঃ…পি বা বঙ্গ বৰ্দ্ধ,…দ্বিষতশ্চাপি শোষয়ন্—বা নি। (৫৪)… বিজয়ায় প্রদক্ষিণম্… বা নি।

সোঽহং তত্র গমিষ্যামি যত্র সৈন্ধবকো নৃপঃ।
যিযাসুর্যমলোকায় মম বীর্য্যং প্রতীক্ষতে ॥৫৬॥
যথা পরমকং কৃত্যং সৈন্ধবস্য বধো মম।
তথৈব সুমহৎ কৃত্যং ধর্ম্মরাজস্য রক্ষণম্ ॥৫৭॥
স ত্বমদ্য মহাবাহো! রাজানং পরিপালয়!।
যথৈব হি ময়া গুপ্তস্ত্বয়া গুপ্তো ভবেত্তথা ॥৫৮॥
নহি পশ্যামি তং লোকে যস্ত্বাং যুধি পরাজয়েৎ।
বাসুদেবসমং সংখ্যে স্বয়মপ্যমরেশ্বরঃ ॥৫৯॥
ত্বয়ি বাহং পরাশ্বস্তঃ প্রদ্যুম্নে বা মহারথে।
শক্নুয়াং সৈন্ধবং হন্তুমনপেক্ষো নরর্ষভ! ॥৬০॥

ভারতকৌমুদী

স ইতি। কুৎসিতঃ সৈন্ধব ইতি সৈন্ধবকো জয়দ্রথঃ। যিযাসুর্যাতুমিচ্ছুঃ ॥৫৬॥
যথেতি। কৃত্যং কার্য্যম্। উভয়মপ্যবশ্যকর্ত্তব্যমিত্যাশয়ঃ ॥৫৭॥
স ইতি। রাজানং যুধিষ্ঠিরম্। গুপ্তো রক্ষিতঃ ॥৫৮॥
নহীতি। স্বয়মমরেশ্বর ইন্দ্রোঽপি ন পরাজয়েতেত্যর্থঃ ॥৫৯॥

'শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি! আজ যুদ্ধে আমারই নিশ্চিত জয় হইবে বলিয়া মনে হইতেছে। যে হেতু এই সকল শুভলক্ষণ দেখা যাইতেছে ॥৫৫॥

অতএব দুরাত্মা সিন্ধুরাজ জয়দ্রথ যমলোকে যাইবার ইচ্ছা করিয়া যেখানে থাকিয়া আমার শক্তির প্রতীক্ষা করিতেছে, আমি সেইখানে যাইব ॥৫৬॥

জয়দ্রথকে বধ করা যেমন আমার কর্ত্তব্য, তেমন ধর্ম্মরাজকে রক্ষা করাও আমার অতিপ্রধান কর্ত্তব্য ॥৫৭॥

অতএব মহাবাহু! আজ তুমি ধর্ম্মরাজকে রক্ষা কর। কেন না, তাঁহাকে আমার রক্ষা করা যেমন, তোমার রক্ষা করাও তেমনই হইবে ॥৫৮॥

আমি জগতে তেমন লোক দেখি না, যে তোমাকে যুদ্ধে পরাজয় করিতে পারে। কেন না, তুমি যুদ্ধে কৃষ্ণের তুল্য। সুতরাং স্বয়ং ইন্দ্রও তোমাকে পরাজয় করিতে পারেন না ॥৫৯॥

নরশ্রেষ্ঠ! তোমার উপরে কিংবা মহারথ প্রদ্যুম্নের উপরে ভার অর্পণ করিয়া আমি বিশেষ আশ্বস্ত হইয়া, রাজাকে রক্ষা করিবার অপেক্ষা না রাখিয়া জয়দ্রথকে বধ করিতে পারিব ॥৬০॥

---

(৬০) ত্বয়ি বাহং পরাশ্বস্ত...পি বর্দ্ধ।

মষ্যপেক্ষা ন কর্ত্তব্যা কথঞ্চিদপি সাত্বত ! ।
রাজন্যেব পরা গুপ্তিঃ কার্য্যা সর্ব্বাত্মনা ত্বয়া ॥৬১॥
নহি যত্র মহাবাহুর্ব্বাসুদেবো ব্যবস্থিতঃ ।
কিঞ্চিদ্ব্যাপদ্যতে তত্র যত্রাহমপি চ ধ্রুবম্ ॥৬২॥
এবমুক্তস্তু পার্থেন সাত্যকিঃ পরবীরহা ।
তথেত্যুক্ত্বাগমত্তত্র যত্র রাজা যুধিষ্ঠিরঃ ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়ামর্জ্জুনবাক্যে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

ত্বয়ীতি। পরাশ্বস্তো ভারার্পণেনাতীবাশ্বস্তঃ। অনপেক্ষো রাজরক্ষাপেক্ষারহিতঃ ॥৬০॥
ময়ীতি। অপেক্ষা সাহায্যাকাঙ্ক্ষা। গুপ্তিঃ রক্ষা, সর্ব্বাত্মনা সর্বপ্রযত্নেন ॥৬১॥
নহীতি। তত্র ব্যাপদ্যতে বিপদাশঙ্কা স্যাৎ। যত্রাহমপি চ নহি ব্যবস্থিতঃ ॥৬২॥
এবমিতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি প্রতিজ্ঞায়াং ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

সরঃ সামগ্রীসমগ্রঃ। ॥৪১॥ ততো মৃদুচ্ছন্দানুবর্ত্তিতং প্রদক্ষিণম্ ॥৪২—৬০॥ অপেক্ষা অনুরোধঃ ॥৬১—৬৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৩॥

———০*০———

সাত্বতবংশীয়! তুমি আমার কোন অপেক্ষা করিও না, তুমি সর্ব্বপ্রযত্নে কেবল রাজাকে রক্ষা করিবে ॥৬১॥

কারণ, যেখানে মহাবাহু কৃষ্ণ থাকিবেন না, কিংবা আমিও থাকিব না, সেখানে অবশ্যই কোন বিপদ্ হইবার সম্ভাবনা আছে' ॥৬২॥

অর্জ্জুন এইরূপ বলিলে, বিপক্ষবীরহন্তা সাত্যকি 'তাহাই হইবে' এই কথা বলিয়া—যেখানে রাজা যুধিষ্ঠির ছিলেন, সেইখানে চলিয়া গেলেন' ॥৬৩॥

———:০:———

* '...দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '...চতুরশীতিতমোঽধ্যায়ঃ' বা রা নি।

চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

শ্বো ভূতে কিমকুর্ব্বংস্তে দুঃখশোকসমন্বিতাঃ।
অভিমন্যৌ হতে তত্র কে বাযুধ্যন্ত মামকাঃ ॥১॥
জানন্তস্তস্য কর্ম্মাণি কুরবঃ সব্যসাচিনঃ।
কথং তৎ কিল্বিষং কৃত্বা নির্ভয়া ব্রূহি মামকাঃ ॥২॥
পুত্রশোকাভিসন্তপ্তং ক্রুদ্ধং মৃত্যুমিবান্তকম্।
আয়ান্তং পুরুষব্যাঘ্রং কথং দদৃশুরাহবে ॥৩॥
কপিরাজধ্বজং সংখ্যে বিধুন্বানং মহদ্ধনুঃ।
দৃষ্ট্বা পুত্রপরিদ্যূনং কিমকুর্ব্বত মামকাঃ ॥৪॥

ভারতকৌমুদী

ব্রুবত্যপি সঞ্জয়ে ব্যগ্রতয়া পৃচ্ছতি শ্ব ইতি। শ্বঃ পরদিনে। তে পাণ্ডবাঃ ॥১॥
জানন্ত ইতি। কিল্বিষম্ অন্যায়েনাভিমন্যুবধরূপং পাপম্, নির্ভয়াঃ স্থিতাঃ ॥২॥
পুত্রেতি। মৃত্যুং মৃত্যুজনকম্, অন্তকং যমম্। দদৃশুর্মামকা ইত্যন্বয়বৃত্তিঃ ॥৩॥
কপীতি। বিধুন্বানং সঞ্চালয়ন্তম্। পুত্রেণ পুত্রশোকেন পরিদ্যূনং সর্ব্বথা সন্তপ্তম্ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! রাত্রিপ্রভাত হইলে দুঃখশোকযুক্ত পাণ্ডবেরা কি করিল? অভিমন্যু নিহত হইলে আমার পক্ষের কাঁহারা যুদ্ধ করিয়াছিলেন? ॥১॥

অর্জ্জুনের ক্ষমতাভিজ্ঞ কৌরবেরা সেই পাপের কার্য্য করিয়া কি প্রকারে নির্ভয় ছিলেন? ॥২॥

পুত্রশোকে সন্তপ্ত পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন মৃত্যুজনক যমের ন্যায় ক্রুদ্ধ হইয়া যুদ্ধে আসিতে লাগিলে, আমার পক্ষের যোদ্ধারা তাহার প্রতি কি করিয়া দৃষ্টিপাত করিতে পারিলেন? ॥৩॥

পুত্রশোকে সন্তপ্ত অর্জ্জুন যুদ্ধে মহাধনু সঞ্চালন করিতে লাগিলে, তাহাকে দেখিয়া আমার পক্ষের যোদ্ধারা কি করিলেন? ॥৪॥

(১)···কিমকার্ষুস্তে···বা নি,···কৈর্বাঽযুধ্যন্ত পাণ্ডবাঃ—নি।

কিন্নু সঞ্জয় ! সংগ্রামে বৃত্তং দুর্য্যোধনং প্রতি ।
পরিদেবো মহানত্র শ্রুতো মে নাভিনন্দনম্ ॥৫॥
বভূবুর্যে মনোগ্রাহ্যাঃ শব্দাঃ শ্রুতিসুখাবহাঃ ।
ন শ্রূয়ন্তেঽদ্য তে সর্ব্বে সৈন্ধবস্য নিবেশনে ॥৬॥
স্তুবতাং নাদ্য শ্রূয়ন্তে পুত্ত্রাণাং শিবিরে মম ।
সূতমাগধসংঘানাং নর্ত্তকানাঞ্চ সর্বশঃ ॥৭॥
শব্দেন নাদিতাভীক্ষ্ণমভবদ্‌যত্র মে শ্রুতিঃ ।
দীনানামদ্য তং শব্দং ন শৃণোমি সমীরিতম্ ॥৮॥
নিবেশনে সত্যধৃতেঃ সোমদত্তস্য সঞ্জয় ! ।
আসীনোঽহং পুরা তাত ! শব্দমশ্রৌষমুত্তমম্ ॥৯॥
তদদ্য হীনপুণ্যোঽহমার্ত্তস্বরনিনাদিতম্ ।
নিবেশনং হতোৎসাহং পুত্ত্রাণাং মম লক্ষয়ে ॥১০॥

ভারতকৌমুদী

কিমিতি। বৃত্তং জাতম্। পরিদেবো বিলাপঃ, মে ময়া, নাভিনন্দনং নানন্দশব্দঃ।৫॥
বভূবুরিতি। মনোগ্রাহ্যা আনন্দজন্যত্বেন সম্ভাব্যাঃ। সৈন্ধবস্য জয়দ্রথস্য ॥৬॥
স্তুবতামিতি। স্তুবতাং স্তুতিশব্দাঃ সর্ব্বশঃ সর্বে নৃত্যশব্দাশ্চেতি শেষঃ ॥৭॥
শব্দেনেতি। অভীক্ষ্ণং সর্বদা। দীনানাং শোকাদিনা কাতরাণাম্ ॥৮॥
নিবেশন ইতি। সত্যধৃতের্যথার্থধৈর্য্যশালিনঃ। আসীন উপবিষ্টঃ ॥৯॥
তদিতি। নিবেশনং ভবনম্। লক্ষয়ে সম্ভাবয়ামি ॥১০॥

সঞ্জয় ! যুদ্ধে দুর্য্যোধনের দিকে কি হইয়াছিল ? আমি ঐদিনে গুরুতর বিলাপ শুনিয়াছিলাম, কিন্তু আনন্দধ্বনি শুনি নাই ॥৫॥

অন্যান্য দিন জয়দ্রথের ভবনে আনন্দের বলিয়া সম্ভাবিত শ্রুতিসুখজনক যে সকল শব্দ শুনিতাম, ওদিন সে সকল শুনি নাই ॥৬॥

আমার পুত্রগণের শিবিরে স্তুতিপ্রবৃত্ত সূতগণ ও মাগধগণের স্তুতিশব্দ, কিংবা নর্ত্তকগণের নৃত্যশব্দ এখন আর শুনিতে পাই না ॥৭॥

যেখানে আমার কর্ণ সর্ব্বদা আনন্দনিনাদে নিনাদিত হইত, এখন আর সেখানে দীনগণের সে শব্দ শুনি না ॥৮॥

বৎস সঞ্জয় ! পূর্ব্বে আমি যথার্থধৈর্য্যশালী সোমদত্তের ভবনে বসিয়া উত্তম শব্দ শুনিতাম ॥৯॥

(৫)···পরিদেবো মহানদ্য শ্রূয়তে হি গৃহে গৃহে—নি। (১০)···নিবেশনং গতোৎসাহম্ ··বা নি।

বিবিংশতের্দুর্ম্মুখস্য চিত্রসেনবিকর্ণয়োঃ।
অন্যেষাঞ্চ সুতানাং মে তথা ন শ্রূয়তে ধ্বনিঃ ॥১১॥
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যা যং শিষ্যাঃ পর্য্যুপাসতে।
দ্রোণপুত্রং মহেষ্বাসং পুত্রাণাং মে পরায়ণম্ ॥১২॥
বিতণ্ডালাপসংলাপৈর্নৃত্যবাদিত্রনিস্বনৈঃ।
গীতৈশ্চ বিবিধৈরিষ্টৈ রমতে যো দিবানিশম্ ॥১৩॥
উপাস্যমানো বহুভিঃ কুরুপাণ্ডবসাত্বতৈঃ।
সূত! তস্য গৃহে শব্দো নাদ্য দ্রৌণের্যথা পুরা ॥১৪॥ (বিশেষকম্)
দ্রোণপুত্রং মহেষ্বাসং গায়না নর্ত্তকাশ্চ যে।
অত্যর্থমুপতিষ্ঠন্তি তেষাং ন শ্রূয়তে ধ্বনিঃ ॥১৫॥
বিন্দানুবিন্দয়োঃ সায়ং শিবিরে যো মহাধ্বনিঃ।
শ্রূয়তে সোঽদ্য ন তথা কৈকেয়ানাঞ্চ বেশ্মসু ॥১৬॥

ভারতকৌমুদী

বিবিংশতেরিতি। তথা আনন্দজনিতঃ ॥১১॥

ব্রাহ্মণা ইতি। পরায়ণং পরমাশ্রয়ম্। বিতণ্ডালাপাঃ স্বপক্ষস্থাপনপরপক্ষনিবাসবিষয়িকাঃ কথাঃ সংলাপাশ্চ বিষয়ান্তরকথাভিঃ। উপাস্যমানঃ সেব্যমানঃ। দ্রৌণেরশ্বত্থাম্নঃ ॥১২—১৪॥

দ্রোণেতি। উপতিষ্ঠন্তি সেবন্তে। এতেনাশ্বত্থাম্ন আমোদব্যাপারপ্রিয়ত্বং সূচিতম্ ॥১৫॥

কিন্তু এখন পুণ্যবিহীন আমি আমার পুত্রগণের সেই সকল গৃহ আর্ত্তস্বরে নিনাদিত ও উৎসাহশূন্য বলিয়া লক্ষ্য করিতেছি ॥১০॥

বিবিংশতি, দুর্ম্মুখ, চিত্রসেন, বিকর্ণ ও আমার অন্যান্য পুত্রগণের গৃহে আর সেরূপ ধ্বনি শুনিতে পাই না ॥১১॥

সঞ্জয়! ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যজাতীয় শিষ্যেরা মহাধনুর্দ্ধর ও আমার পুত্রগণের পরম আশ্রয় যে দ্রোণপুত্রের সেবা করিয়া থাকেন এবং যিনি কৌরব, পাণ্ডব ও সাত্বতগণে পরিবেষ্টিত হইয়া বিতণ্ডালাপ, অন্য কথা, নৃত্য-বাদ্যের শব্দ এবং অভীষ্ট নানাবিধ গীতদ্বারা আনন্দ অনুভব করিয়া থাকেন, সেই অশ্বত্থামার ভবনে আর পূর্ব্বের ন্যায় শব্দ হয় না ॥১২—১৪॥

যে সকল গাথক ও নর্ত্তক মহাধনুর্দ্ধর অশ্বত্থামার অত্যন্ত সেবা করিত, তাহাদের কোন শব্দ শুনিতে পাই না ॥১৫॥

(১৩)···দ্রুতবাদিত্রবাদিতৈঃ···বা নি। (১৪) ···শ্লক্ষ্ণসুতস্য গৃহে শব্দঃ নি। (১৬)··· কৈকেয়ানাঞ্চ বেশ্মনি—পি।

নিত্যং প্রমুদিতানাঞ্চ তালগীতস্বনো মহান্‌।
নৃত্যতাং শ্রূয়তে তাত! গণানাং সোঽস্য ন ধ্বনিঃ ॥১৭॥
সপ্ততন্তূন্‌ বিতন্বানা য উপাসন্তি যাজকাঃ।
সৌমদত্তিং শ্রুতনিধিং ন তেষাং শ্রূয়তে ধ্বনিঃ ॥১৮॥
জ্যাঘোষো ব্রহ্মঘোষশ্চ তোমরাসিরথধ্বনিঃ।
দ্রোণস্যাসীদবিরতো গৃহে তং ন শৃণোম্যহম্‌ ॥১৯॥
নানাদেশসমুত্থানাং গীতানাং যোঽভবৎ স্বনঃ।
বাদিত্রভাষিতানাঞ্চ সোঽস্য ন শ্রূয়তে মহান্‌ ॥২০॥
যদাপ্রভৃত্যুপপ্লব্যাচ্ছান্তিমিচ্ছন্‌ জনার্দ্দনঃ।
আগতঃ সর্ব্বভূতানামনুকম্পার্থমচ্যুতঃ ॥২১॥

ভারতকৌমুদী

বিন্দেতি। মহাধ্বনিঃ নৃত্যগীতাদিনা আনন্দকোলাহলঃ ॥১৬॥

নিত্যমিতি। তালৈঃ করতলধ্বনিভির্যুক্তো গীতস্বনঃ সঃ। গণানাং নর্ত্তকাদিসংঘানাম্‌ ॥১৭॥

সপ্তেতি। যে যাজকাঃ, সপ্ততন্তূন্‌ যজ্ঞান্‌, বিতন্বানা বিস্তারেণ কুর্ব্বাণাঃ সন্তঃ, শ্রুতনিধিং বেদজ্ঞানসাগরম্‌, সৌমদত্তিং ভূরিশ্রবসম্‌, উপাসন্তি উপাসতে; তেষাং স ধ্বনির্ন শ্রূয়তে ॥১৮॥

জ্যেতি। জ্যাঘোষঃ শিক্ষাদানকালে ধনুর্গুণশব্দঃ, ব্রহ্মঘোষো বেদধ্বনিশ্চ ॥১৯॥

নানেতি। নানাদেশেভ্যো নানাদেশীয়লোকমুখেভ্যঃ সমুত্থানামুৎপন্নানাম্‌ ॥২০॥

যদেতি। উপপ্লব্যাং তদাখ্যাদ্বিরাটনগরাৎ। সর্ব্বভূতানাং নরগজাদিপ্রাণিনাম্‌। মন্দং

সন্ধ্যাকালে বিন্দ ও অনুবিন্দের শিবিরে এবং কৈকেয়গণের গৃহসমূহে যে মহাধ্বনি শুনা যাইত, তাহাও এখন আর হয় না ॥১৬॥

বৎস! সর্ব্বদা আনন্দিত নৃত্যপ্রবৃত্ত নর্ত্তকপ্রভৃতির করতলধ্বনির সহিত যে বিশাল গীতধ্বনি শুনা যাইত, তাহাদের সে ধ্বনিও এখন আর শুনিতে পাই না ॥১৭॥

যে সকল যাজক বিস্তারক্রমে যজ্ঞ আরম্ভ করিয়া বেদজ্ঞ ভূরিশ্রবার সেবা করিতেন, তাঁহাদের সে বেদপাঠধ্বনিও শুনা যায় না ॥১৮॥

দ্রোণের ভবনে অনবরত ধনুর্গুণের শব্দ, বেদপাঠের শব্দ এবং তোমর, তরবারি ও রথের শব্দ হইত, তাহাও এখন আর আমি শুনিতে পাই না ॥১৯॥

আর নানাদেশীয় লোকের মুখ হইতে উৎপন্ন গীত এবং বাদ্য ও বাক্যের যে শব্দ হইত, সেই বিশাল শব্দও আর এখন শ্রুতিগোচর হয় না ॥২০॥

(১৮)···যাজকা যমুপাসতে···বা নি। (২০)··বাদিত্রনাদিতানাঞ্চ···বা নি।

ততোঽহমব্রুবং সূত ! মন্দং দুর্য্যোধনং তদা।
বাসুদেবেন তীর্থেন পুত্র ! সংশাম্য পাণ্ডবৈঃ।
প্রাপ্তকালমহং মন্যে মা ত্বং দুর্য্যোধনাতিগাঃ ॥২২॥ (যুগ্মকম্)
শমঞ্চেদ্‌যাচমানং ত্বং প্রত্যাখ্যাস্যসি কেশবম্।
হিতার্থমভিজল্পন্তং ন তবাস্তি রণে জয়ঃ ॥২৩॥
প্রত্যাচষ্ট স দাশার্হমৃষভং সর্বধন্বিনাম্।
অনুনেয়ানি জল্পন্তমনয়ান্নান্বপদ্যত ॥২৪॥
ততো দুঃশাসনস্যৈষ কর্ণস্য চ মতং দ্বয়োঃ।
অন্ববর্ত্তত হিত্বা মাং কৃষ্টঃ কালেন দুর্মতিঃ ॥২৫॥

ভারতকৌমুদী

মূর্খম্। তীর্থেন উপায়েন, "তীর্থস্তূপায়যোগয়োঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ। সংশাম্য সন্ধিকরণেন শান্তো ভব। প্রাপ্তকালং কালোচিতম্। মা অতিগা নাতিক্রাম। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১-২২॥

শমমিতি। শমং শান্তিম্। অভিজল্পন্তং সর্বভাবেন ব্রুবন্তম্ ॥২৩॥

প্রতীতি। দাশার্হং কৃষ্ণম্, ঋষভম্, শ্রেষ্ঠম্। অনুনেয়ানি গ্রাহ্যাণি বাক্যানি ॥২৪॥

ভারতভাবদীপঃ

শ্ব ইতি ॥১—৩॥ পুত্রপরিদ্যূনং পুত্রবধদুঃখিতম্ ॥৪—৭॥ যন্ত্রেতি তৃতীয়ার্থে সপ্তমী ॥৮—১২॥ স্বপক্ষস্থাপনহীনঃ প্রতিপক্ষঃ তত্র প্রতিক্ষেপো বিতণ্ডঃ। আলাপো ভাষণম্, সংলাপো মিথো ভাষণম্ ॥১৩—১৬॥ গণানাং সজ্ঞানাম্ ॥১৭—২১॥ তীর্থেন নিদানেন,

সঞ্জয় ! জনার্দ্দন কৃষ্ণ সর্বভূতের প্রতি দয়াপ্রকাশ করিবার জন্য শান্তি কামনা করিয়া যে সময় উপপ্লব্যনগর হইতে হস্তিনায় আসিয়াছিলেন, সেই সময় হইতেই আমি মূর্খ দুর্য্যোধনটাকে বলিয়াছিলাম যে 'পুত্র ! তুমি কৃষ্ণকে দ্বার করিয়া পাণ্ডবগণের সহিত সন্ধিস্থাপনপূর্বক শান্ত হও ; আমি ইহা কালোচিত বলিয়া মনে করি। সুতরাং দুর্য্যোধন ! তুমি ইহা অতিক্রম করিও না ॥২১—২২॥

কৃষ্ণ শান্তি প্রার্থনা করিতেছেন এবং উভয়পক্ষের হিতের জন্য সর্ব্বপ্রকার কথা বলিতেছেন, এ অবস্থায় তুমি যদি উঁহাকে প্রত্যাখ্যান কর, তবে যুদ্ধে তোমার জয় হইবে না' ॥২৩॥

কিন্তু সে, সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ কৃষ্ণকে প্রত্যাখ্যান করিল ! এবং তিনি উপাদেয় বাক্য সকল বলিতেছিলেন, দুর্নীতিনিবন্ধন তাহা গ্রাহ্য করিল না ॥২৪॥

(২৩)· ন তবাস্ত্যপরাজয়ঃ—পি বঙ্গ বর্দ্ধ। (২৪)···অনয়ান্নান্ববুধ্যত—পি। (২৫) ততো দুঃশাসনস্যৈব·· বা বঙ্গ বর্দ্ধ নি,·· গ্রস্তঃ কালেন দুর্মতিঃ—বর্দ্ধ।

নহ্যহং দ্যূতমিচ্ছামি বিদুরো ন প্রশংসতি।
সৈন্ধবো নেচ্ছতি দ্যূতং ভীষ্মো ন দ্যূতমিচ্ছতি ॥২৬॥
শলো ভূরিশ্রবাশ্চৈব পুরুমিত্রো জয়স্তথা।
অশ্বত্থামা কৃপো দ্রোণো দ্যূতং নেচ্ছন্তি সঞ্জয়! ॥২৭॥
এতেষাং মতমাদায় যদি বর্ত্তেত পুত্রকঃ।
সজ্ঞাতিমিত্রঃ সুসুখং চিরং জীবেদনাময়ঃ ॥২৮॥
শ্লক্ষ্ণা মধুরসংভাষা জ্ঞাতিমধ্যে প্রিয়ংবদাঃ।
কুলীনাঃ সংমতাঃ প্রাজ্ঞাঃ সুখং প্রাপ্স্যন্তি পাণ্ডবাঃ ॥২৯॥
ধর্ম্মাপেক্ষো নরো নিত্যং সর্ব্বত্র লভতে সুখম্।
প্রেত্যভাবে চ কল্যাণং প্রসাদং প্রতিপদ্যতে ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। এষ দুর্য্যোধনঃ। কৃষ্ট আকৃষ্টঃ ॥২৫॥
নহীতি। ন প্রশংসতি দ্যূতমিতি শেষঃ। সৈন্ধবো জয়দ্রথঃ ॥২৬॥
শল ইতি। শলঃ কৌরবহিতৈষী কশ্চিদ্বীরঃ। নেচ্ছন্তি স্ম ॥২৭॥
এতেষামিতি। পুত্রকো দুর্য্যোধনঃ। কুৎসায়াং কপ্রত্যয়ঃ। অনাময়ো নিরুপদ্রবঃ ॥২৮॥
শ্লক্ষ্ণা ইতি। শ্লক্ষ্ণাঃ কোমলস্বভাবাঃ। সংমতা লোকপ্রিয়াঃ ॥২৯॥
ধর্ম্মেতি। প্রেত্যভাবে পরলোকে, প্রসাদং ধর্ম্মানুগ্রহনিবন্ধনমুত্তমলোকম্ ॥৩০॥

তদনন্তর এই দুর্বুদ্ধি দুর্য্যোধন কালকর্ত্তৃক আকৃষ্ট হইয়া আমার মত ত্যাগ করিয়া কর্ণ ও দুঃশাসনের মতের অনুসরণ করিতে লাগিল ॥২৫॥

আমি দ্যূত ইচ্ছা করি নাই, বিদুর দ্যূতের প্রশংসা করেন নাই, জয়দ্রথ দ্যূতক্রীড়ার কামনা করেন নাই বা ভীষ্মও করেন নাই ॥২৬॥

এমন কি, সঞ্জয়! শল, ভূরিশ্রবা, পুরুমিত্র, জয়, অশ্বত্থামা, কৃপ এবং দ্রোণও দ্যূতক্রীড়া ইচ্ছা করিয়াছিলেন না ॥২৭॥

পুত্রটা যদি ইঁহাদের মত লইয়া চলিত, তবে জ্ঞাতি ও মিত্রগণের সহিত চিরকাল অতিসুখে ও নিরুপদ্রবে বাঁচিয়া থাকিতে পারিত ॥২৮॥

আমাদের জ্ঞাতিদের মধ্যে পাণ্ডবেরা কোমলস্বভাব, মধুরবাক্য, প্রিয়ভাষী, কুলীন, লোকপ্রিয় এবং প্রাজ্ঞ। সুতরাং তাহারা সুখলাভ করিবেই ॥২৯॥

কারণ, ধর্ম্মাপেক্ষী মানুষ সর্ব্বদা সর্ব্বত্র সুখলাভ করিয়া থাকে এবং পরলোকেও ধর্ম্মের অনুগ্রহে মঙ্গল ও উত্তম লোক প্রাপ্ত হয় ॥৩০॥

(২৭) শল্যো ভূরিশ্রবাঃ···পি বঙ্গ বর্দ্ধ। (২৮) · মতমাজ্ঞায় ··পি বঙ্গ বর্দ্ধ,··· মতমাস্থায়·· নি।

অর্হাস্তে পৃথিবীং ভোক্তুং সমর্থাঃ সাধনেঽপি চ।
তেষামপি সমুদ্রান্তা পিতৃপৈতামহী মহী ॥৩১॥
ন চ ত্বাভিভবিষ্যন্তি হিত্বা ধর্ম্মং নৃপাত্মজাঃ।
নিযুজ্যমানাঃ স্থাস্যন্তি পাণ্ডবা ধর্ম্মবর্ত্মনি ॥৩২॥
সন্তি নো জ্ঞাতয়স্তাত! যেষাং শ্রোষ্যন্তি পাণ্ডবাঃ।
শল্যস্য সোমদত্তস্য ভীষ্মস্য চ মহাত্মনঃ ॥৩৩॥
দ্রোণস্য চ বিকর্ণস্য বাহ্লীকস্য কৃপস্য চ।
অন্যেষাঞ্চৈব বৃদ্ধানাং ভরতানাং মহাত্মনাম্ ॥৩৪॥
ত্বদর্থং ব্রুবতাং তাত! ন জহুর্বচনানি তে।
কং বা ত্বং মন্যসে তেষা. যস্তান্ ব্রূয়াদতোঽন্যথা ॥৩৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অর্হা ইতি। অর্হা যোগ্যাঃ, তে পাণ্ডবাঃ। সাধনে শাসনে ॥৩১॥

নেতি। ত্বা ত্বাম্। নিযুজ্যমানা অস্মাভিঃ সৎপথে চাল্যমানাঃ ॥৩২॥

সন্তীতি। নঃ অস্মাকম্। যেষাং বাক্যানীতি শেষঃ। ভরতানাং ভরতবংশ্যানাম্। ন জহুর্ন তত্যজুঃ, তে পাণ্ডবাঃ। কং কতমম্। তেষাং শল্যাদীনাং মধ্যে। অতো হিতাৎ ॥৩৩—৩৫॥

তা'র পর পাণ্ডবেরা পৃথিবীভোগ করিবার যোগ্য এবং পৃথিবীশাসন করিতেও সমর্থ; বিশেষতঃ সমুদ্রপর্য্যন্ত পৃথিবী তাহাদের ও পিতৃপিতামহাগত ॥৩১॥

কিন্তু সেই রাজপুত্রেরা ধর্ম্ম ত্যাগ করিয়া তোমাকেও অভিভূত করিবে না। কারণ, আমরা চালাইলে পাণ্ডবেরা ধর্ম্মপথেই থাকিবে ॥৩২॥

বৎস দুর্য্যোধন! আমাদের জ্ঞাতিরা আছেন, পাণ্ডবেরা যাঁহাদের কথা শুনিবে। বৎস! শল্য, সোমদত্ত, মহাত্মা ভীষ্ম, দ্রোণ, বিকর্ণ, বাহ্লীক, কৃপ এবং অন্যান্য ভরতবংশীয় বৃদ্ধ মহাত্মারা তোমার জন্য বলিতে লাগিলে, পাণ্ডবেরা ত কখনও তাঁহাদের বাক্য ত্যাগ করে নাই। তা'র পর তুমি তাঁহাদের মধ্যে এমন কোন্ ব্যক্তিকে মনে কর, যিনি পাণ্ডবগণকে তোমার হিতভিন্ন অন্যরূপ বলিবেন ॥৩৩—৩৫॥

(৩১) অর্হস্তে পৃথিবীং ভোক্তুম্···বর্দ্ধ, অর্হন্ত্যর্দ্ধপৃথিব্যাস্তে ভোক্তুং সামর্থ্যসাধনাঃ বা। (৩২)···হিত্বা ধর্ম্মং পৃথাত্মজাঃ··নি। (৩৩) সন্তি মে জ্ঞাতয়স্তাত!·বা নি। (৩৫) ত্বদর্থমব্রবম্···নি।

কৃষ্ণো ধর্ম্মং ন সংজহ্যাৎ সর্ব্বে তে চ তদন্বয়াঃ।
ময়াপি চোক্তাস্তে বীরা বচনং ধর্ম্মসংহিতম্।
নান্যথা প্রকরিষ্যন্তি ধর্ম্মাত্মানো হি পাণ্ডবাঃ ॥৩৬॥
ইত্যহং বিলপন্ সূত! বহুশঃ পুত্রমুক্তবান্।
ন চ মে শ্রুতবান্ মূঢ়ো মন্যে কালস্য পর্য্যয়াৎ ॥৩৭॥
বৃকোদরার্জ্জুনৌ যত্র বৃষ্ণিবীরশ্চ সাত্যকিঃ।
উত্তমৌজাশ্চ পাঞ্চাল্যো যুধামন্যুশ্চ দুর্জয়ঃ ॥৩৮॥
ধৃষ্টদ্যুম্নশ্চ দুর্দ্ধর্ষঃ শিখণ্ডী চাপরাজিতঃ।
অশ্মকাঃ কেকয়াশ্চৈব ক্ষত্রধর্ম্মা চ সৌমকিঃ ॥৩৯॥
চৈদ্যশ্চ চেকিতানশ্চ পুত্রঃ কাশ্যস্য বা বিভুঃ।
দ্রৌপদেয়া বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥৪০॥
যমৌ চ পুরুষব্যাঘ্রৌ মন্ত্রী চ মধুসূদনঃ।
ক এতান্ জাতু যুধ্যেত লোকেঽস্মিন্ বৈ জিজীবিষুঃ ॥৪১॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

অথ কৃষ্ণো যদি পাণ্ডবানাং মদ্বিরুদ্ধাং মতিং জনয়েদিত্যাহ কৃষ্ণ ইতি। সংজহ্যাৎ সন্ত্যজেৎ। তদন্বয়াঃ কৃষ্ণৈকবংশীয়াঃ। তে বীরাঃ পাণ্ডবাঃ। ধর্ম্মেণ সংহিতং যুক্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

ইতীতি। হে সূত! সারথিবংশীয় সঞ্জয়! পুত্রং দুর্য্যোধনম্। পর্য্যায়াদবস্থাতঃ ॥৩৭॥

বৃকোদরেতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালদেশীয়ঃ। সৌমকিঃ সোমকপুত্রঃ। চৈদ্যশ্চেদিরাজো ধৃষ্টকেতুঃ। কাশ্যস্য কাশীরাজস্য। যমৌ নকুলসহদেবৌ। জিজীবিষুর্জীবিতুমিচ্ছুঃ ॥৩৮-৪১॥

কৃষ্ণ ধর্ম্মত্যাগ করিবেন না, তাঁহার বংশীয় সমস্ত লোকও ধর্ম্মত্যাগ করিবে না। আবার আমি ধর্ম্মসঙ্গত বাক্য বলিলেও সেই বীরেরা (পাণ্ডবেরা) তাহার অন্যথা করিবে না। কারণ, পাণ্ডবেরা ধার্ম্মিক ॥৩৬॥

সঞ্জয়! আমি বিলাপ করিতে করিতে এরূপ বহু কথা দুর্য্যোধনকে বলিয়াছিলাম। কিন্তু আমি মনে করি—কালের স্বভাবে সে মূর্খ আমার সে কথাগুলি শোনে নাই ॥৩৭॥

দেখ সঞ্জয়! যে সমরাঙ্গনে ভীম, অর্জ্জুন, বৃষ্ণিবীর সাত্যকি, পাঞ্চালদেশীয় উত্তমৌজা, দুর্জয় যুধামন্যু, দুর্দ্ধর্ষ ধৃষ্টদ্যুম্ন, অপরাজিত শিখণ্ডী, অশ্মকগণ, কেকয়গণ, সোমকপুত্র ক্ষত্রধর্ম্মা, চেদিরাজ ধৃষ্টকেতু, চেকিতান, কাশীরাজের পুত্র

(৩৭)…মন্যে কালস্য পর্য্যয়ম্—বা নি। (৪০)…পুত্রঃ কাশ্যস্য চাভিভূঃ…নি।

দিব্যমস্ত্রং বিকুর্ব্বাণান্ কে সহেরন্নরিন্দমান্।
অন্যো দুর্য্যোধনাৎ কর্ণাচ্ছকুনেশ্চাপি সৌবলাৎ।
দুঃশাসনচতুর্থানাং নান্যং পশ্যামি পঞ্চমম্ ॥৪২॥
যেষাঞ্চাভীষুহস্তঃ স্যাদ্বিষক্সেনো মহারথঃ।
সন্নদ্ধশ্চার্জ্জুনো যোদ্ধা তেষাং নাস্তি পরাজয়ঃ ॥৪৩॥
তেষাং মম বিলাপানাং নহি দুর্য্যোধনঃ স্মরেৎ।
হতৌ হি পুরুষব্যাঘ্রৌ ভীষ্মদ্রোণৌ ত্বমাত্থ মে ॥৪৪॥
তেষাং বিদুরবাক্যানামুক্তানাং দীর্ঘদর্শনাৎ।
দৃষ্ট্বেমাং ফলনিষ্পত্তিং মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৪৫॥
সেনাং দৃষ্ট্বাভিভূতাং মে শৈনেয়েনার্জ্জুনেন চ।
শূন্যান্ দৃষ্ট্বা রথোপস্থান্ মন্যে শোচন্তি পুত্রকাঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

দিব্যমিতি। বিকুর্ব্বাণান্ বিশেষেণাবিষ্কুর্ব্বাণান্। দুঃশাসনশ্চতুর্থো যেষাং তেষাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

যেষামিতি। যেষাং পক্ষে, মহারথঃ, বিষক্ সমন্তাৎ সেনা সেনেব শক্তির্যস্য স কৃষ্ণঃ, অভীষুঃ প্রগ্রহঃ অশ্বরশ্মির্হস্তে যস্য স তাদৃশঃ স্যাৎ, সন্নদ্ধোঽর্জ্জুনশ্চ যোদ্ধা স্যাদিতি সম্বন্ধঃ ॥৪৩॥

তেষামিতি। বিলাপানামিতি "স্মৃত্যর্থকর্ম্মণি" ইতি কর্ম্মণি ষষ্ঠী। আত্থ ব্রবীষি ॥৪৪॥

তেষামিতি। দীর্ঘদর্শনাৎ দূরদর্শিত্বাদুক্তানাম্। পুত্রকা ইতি কুৎসায়াং কপ্রত্যয়ঃ ॥৪৫॥

বিভু, দ্রৌপদীর পুত্রগণ, বিরাট, মহারথ দ্রুপদ এবং পুরুষশ্রেষ্ঠ নকুল ও সহদেব থাকেন ; আর কৃষ্ণ মন্ত্রণা দান করেন ; সেই সমরাঙ্গনে এই জগতে কোন্ জীবনার্থী লোক কখন ইহাদের সহিত যুদ্ধ করিতে পারে ? ॥৩৮—৪১॥

এই শত্রুদমনকারীরা দিব্য অস্ত্র সকল আবিষ্কার করিতে লাগিলে, কাহারা ইহাদিগকে সহ্য করিতে পারে ? দুর্য্যোধন, কর্ণ, সুবলনন্দন শকুনি ও দুঃশাসন ভিন্ন অন্য পঞ্চম কোন ব্যক্তিকে আমি ইহাদের প্রতিপক্ষ দেখিতে পাই না। ॥৪২॥

যাহাদের পক্ষে মহারথ কৃষ্ণ অশ্বের মুখরজ্জু ধারণ করেন এবং যুদ্ধসজ্জায় সজ্জিত অর্জ্জুন যোদ্ধা হন, তাহাদের পরাজয় হয় না ॥৪৩॥

সঞ্জয় ! দুর্য্যোধন আমার সেই বিলাপগুলি স্মরণ করে না এবং তুমিও বলিয়াছ—পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম ও দ্রোণ নিহত হইয়াছেন ॥৪৪॥

অতএব আমি মনে করি—দূরদর্শী বিদুরের বাক্যগুলির এই ফল দেখিয়া আমার মূর্খ পুত্রেরা শোক করিতেছে ॥৪৫॥

(৪২)···বিকুর্বাণান্ প্রসহেদ্বা পরান্ মম···বা নি। (৪৫)···দীর্ঘদর্শিনাম্···পি বঙ্গ বর্দ্ধ।

হিমাত্যয়ে যথা কক্ষং শুষ্কং বাতেরিতো মহান্ ।
অগ্নির্দহেত্তথা সেনাং মামিকাং স ধনঞ্জয়ঃ ।
আচক্ষ্ব মম তৎ সর্ব্বং কুশলো হ্যসি সঞ্জয় ! ॥৪৭॥
যদোপযাতাঃ সায়াহ্নে কৃত্বা পার্থস্য কিল্বিষম্ ।
অভিমন্যৌ হতে তাত ! কথমাসীন্মনো হি বঃ ॥৪৮॥
ন জাতু তস্য কর্ম্মাণি যুধি গাণ্ডীবধন্বনঃ ।
অপকৃত্য মহত্তাত ! সোঢ়ুং শক্ষ্যন্তি মামকাঃ ॥৪৯॥
কিন্নু দুর্য্যোধনঃ কৃত্যং কর্ণঃ কৃত্যং কিমব্রবীৎ ।
দুঃশাসনঃ সৌবলশ্চ তেষামেবং গতে হ্যপি ॥৫০॥

ভারতকৌমুদী

সেনামিতি । শৈনেয়েন সাত্যকিনা । রথোপস্থান্ রথমধ্যদেশান্ ॥৪৬॥

হিমেতি । হিমাত্যয়ে বসন্তকালে, কক্ষং তৃণরাশিম্ । কুশলো বাক্যনিপুণঃ । ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৪৭॥

যদেতি । হে তাত ! বৎস সঞ্জয় ! তত্র সায়াহ্নে, পার্থস্যার্জ্জুনস্য সম্বন্ধে, কিল্বিষং পাপম্ একস্য বধার্থে বহূনাং মেলনরূপং দুঃখজনকং ব্যাপারং কৃত্বা, অভিমন্যৌ হতে সতি, যদা যূয়ম্, উপযাতাঃ শিবিরং প্রতি প্রস্থিতাঃ, তদা বো যুষ্মাকম্, মনঃ কথং কীদৃগাসীৎ ॥৪৮॥

নেতি । জাতু কদাচিৎ, কর্ম্মাণি আক্রমণাদীনি ॥৪৯॥

আরও মনে করি—অর্জ্জুন ও সাত্যকি আমার সৈন্য পরাভূত করিয়াছেন এবং রথগুলি আরোহিশূন্য হইয়া গিয়াছে দেখিয়া আমার পুত্রেরা শোকার্ত্ত হইয়াছে ॥৪৬॥

হায় ! বসন্তকালে বায়ুসঞ্চালিত বিশাল অগ্নি যেমন শুষ্ক তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ অর্জ্জুন আমার সৈন্য দগ্ধ করিতেছেন । সে যাহা হউক, সঞ্জয়! তুমি বৃত্তান্ত বলিতে নিপুণ । সুতরাং আমার নিকট সেই সমস্ত বৃত্তান্ত বল ॥৪৭॥

বৎস সঞ্জয় ! সেই সায়াহ্নকালে অর্জ্জুনের দুঃখজনক অন্যায় আচরণ করিয়া অভিমন্যুকে বধ করিলে পর তোমরা যখন শিবিরে আসিতেছিলে, তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল ? ॥৪৮॥

বৎস সঞ্জয় ! আমার পক্ষের যোদ্ধারা অর্জ্জুনের গুরুতর অপকার করিয়া কখনও যুদ্ধে তাঁহার আক্রমণপ্রভৃতি সহ্য করিতে সমর্থ হইবেন না ॥৪৯॥

---

(৪৮) যদুপায়াত্তু সায়াহ্নে···পি বা বঙ্গ বর্দ্ধ। (৫০)··তেষামেবং গতেষ্বপি—বা,··· তেষামেবং গতে সতি—নি।

সর্ব্বেষাং সমবেতানাং পুত্রাণাং মম সঞ্জয় ! ।
যদ্‌বৃত্তং তাত ! সংগ্রামে মন্দস্যাপনয়ৈর্ভৃশম্ ॥৫১॥
লোভানুগস্য দুর্ব্বুদ্ধেঃ ক্রোধেন বিকৃতাত্মনঃ ।
রাজ্যকামস্য মূঢ়স্য রাগোপহতচেতসঃ ।
দুর্নীতং বা সুনীতং বা তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥৫২॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ধৃতরাষ্ট্রানুতাপে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———***———

ভারতকৌমুদী

কিমিতি। কৃত্যং কর্ত্তব্যম্। এবং গতে অস্মাদর্থিমনোরথেন পার্থস্য ক্রোধবিষয়তাং প্রাপ্তে ॥৫০॥

সর্ব্বেষামিতি। বৃত্তং জাতম্। মন্দস্য মূর্খস্য দুর্য্যোধনস্য। রাগেণ রাজ্যলিপ্সয়া উপহতং নাশিতং চেতশ্চিত্তস্য বিবেকশক্তির্যস্য তস্য। দুর্নীতং দুর্নীতিনিবন্ধনং কার্য্যম্, সুনীতং সুনীতিনিবন্ধনং কার্য্যং বা জাতমিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১—৫২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

কালপ্রাপ্তং সময়োচিতম্ ॥২২—২৩॥ অস্তনেত্রাণি অস্তরুতানি ॥২৬—২৮॥ শঙ্কা শ্বজনঃ ॥২৯—৩০॥ সাধনে স্বীকরণে ॥৩১—৪৪॥ দীর্ঘদর্শনাদনাগতার্থসন্ধানাৎ ॥৪৫—৪৭॥ যত্নাৎ উপায়াত উপচয়মগাৎ ॥৪৮॥ মহদত্যর্থম্ ॥৪৯॥ তেষাং মধ্যে ॥৫০—৫২॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৮॥

———০*০———

সে যাহা হউক, এইরূপ অবস্থা হইলে দুর্য্যোধন, কর্ণ, দুঃশাসন ও শকুনি কি কর্ত্তব্য নির্দ্দেশ করিয়াছিল ? ॥৫০॥

বৎস সঞ্জয় ! যুদ্ধে আমার মূর্খপুত্র দুর্য্যোধনের দুর্নীতিনিবন্ধন আমার সমবেত অন্যান্য সকল পুত্রের যে গুরুতর ঘটনা ঘটিয়াছিল এবং লোভানুবর্ত্তী, দুর্ব্বুদ্ধি, ক্রোধে বিকৃতচিত্ত, রাজ্যকামী, মূঢ় ও রাজ্যলিপ্সাবশতঃ নষ্টবিবেক দুর্য্যোধনের দুর্নীতির কার্য্য বা সুনীতির কার্য্য হইয়াছিল, সঞ্জয় ! তুমি তাহা আমার নিকট বল' ॥৫১—৫২॥

———:০:———

* '...ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' বা বা নি।

পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ।

———:○:———

সঞ্জয় উবাচ।

হন্ত তেঽহং প্রবক্ষ্যামি সর্ব্বং প্রত্যক্ষদর্শিবান্।
শুশ্রূষস্ব স্থিরো ভূত্বা তব হ্যপনয়ো মহান্ ॥১॥
গতোদকে সেতুবন্ধো যাদৃক্ তাদৃগয়ং তব।
বিলাপো নিষ্ফলো রাজন্! মা শুচো ভরতর্ষভ! ॥২॥
অনতিক্রমণীয়োঽয়ং কৃতান্তস্যাদ্ভুতো বিধিঃ।
মা শুচো ভরতশ্রেষ্ঠ! দিষ্টমেতৎ পুরাতনম্ ॥৩॥
যদি হি ত্বং পুরা দ্যূতাৎ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
অবারয়িষ্যঃ পুত্রাংশ্চ নাভবিষ্যজ্জনক্ষয়ঃ ॥৪॥

ভারতকৌমুদী

হন্তেতি। হন্ত খেদে। দর্শিবানিতি দৃশেঃ ক্বসৌ ইড়াগম আর্ষঃ। শুশ্রূষস্ব শ্রোতুমিচ্ছ ॥১॥

গতেতি। গতমুদকং যস্মাত্তাদৃশে নদীদেশে। মা শুচঃ শোকং ন কুরু ॥২॥

অনতীতি। কৃতান্তস্য দৈবস্য, বিধিঃ কার্য্যম্। দিষ্টং দৈবম্, এতৎ এতন্মূলম্ ॥৩॥

তদেব সমর্থয়তি যদীতি। হি তথাহি। নাভবিষ্যজ্জনক্ষয়ঃ, তদেতি শেষঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আমি সমস্তই প্রত্যক্ষ দেখিয়াছি। সুতরাং আপনার নিকট তাহা বলিব, আপনি স্থির হইয়া শ্রবণ করিবার ইচ্ছা করুন। আপনারই গুরুতর দুর্নীতি ॥১॥

ভরতশ্রেষ্ঠ রাজা! জল চলিয়া গেলে, নদীতে সেতুবন্ধন যেমন নিষ্ফল, তেমন এখন আপনার এই বিলাপ নিষ্ফল। সুতরাং আপনি শোক করিবেন না ॥২॥

ভরতশ্রেষ্ঠ! দৈবের এই অদ্ভুত বিধান মানুষের পক্ষে অনতিক্রমণীয়। সুতরাং আপনি শোক করিবেন না। ইহার মূল—পূর্ববর্ত্তী দৈব ॥৩॥

তাহাই দেখুন—আপনি যদি পূর্ব্বে দ্যূতক্রীড়া হইতে কুন্তীপুত্র যুধিষ্ঠিরকে এবং নিজের পুত্রগণকে নিবারণ করিতেন, তবে এই লোকক্ষয় হইত না ॥৪॥

(৩)…দৃষ্টমেতৎ পুরাতনম্—পি, দৃষ্টমেতৎ পুরাতনে—বঙ্গ বর্দ্ধ। (৪)…নিবর্ত্তয়েথাঃ পুত্রাংশ্চ… বা নি।

যুদ্ধকালে পুনঃ প্রাপ্তে ত্বয়ৈতে তনয়া যদি।
নিবর্ত্তিতাঃ স্যুঃ সংরব্ধা ন ত্বাং ব্যসনমাব্রজেৎ ॥৫॥
দুর্য্যোধনমিমঞ্চাপি বধ্নীতেতি পুরা যদি।
কুরূনচোদয়িষ্যস্ত্বং ন ত্বাং ব্যসনমাব্রজেৎ ॥৬॥
তত্তে বুদ্ধিব্যভীচারমুপলপ্স্যন্তি পাণ্ডবাঃ।
পাঞ্চালা বৃষ্ণয়শ্চৈব যে চান্যেঽপি জনাধিপাঃ ॥৭॥
স কৃত্বা পিতৃকর্ম্ম ত্বং পুত্রং সংস্থাপ্য সৎপথে।
বর্ত্তেথা যদি ধর্ম্মেণ ন ত্বাং ব্যসনমাব্রজেৎ ॥৮॥
ত্বন্তু প্রাজ্ঞতমো লোকে হিত্বা ধর্ম্মং সনাতনম্।
দুর্য্যোধনস্য কর্ণস্য শকুনেশ্চান্বগা মতম্ ॥৯॥
তত্তে বিলপিতং সর্ব্বং ময়া রাজন্! নিশামিতম্।
অন্নে নির্বিশমানস্য বিষমিশ্রং যথা মধু ॥১০॥

ভারতকৌমুদী

যুদ্ধেতি। প্রাপ্তে উপস্থিতে। সংরব্ধা যুদ্ধোৎসাহিনঃ। ব্যসনং বিপৎ ॥৫॥
দুর্য্যোধনমিতি। অচোদয়িষ্যঃ প্রৈরয়িষ্যঃ ॥৬॥
তদিতি। বুদ্ধেব্যভীচারং বৈপরীত্যফলম্, উপলপ্স্যন্তি প্রাপ্স্যন্তি ॥৭॥
স ইতি। পিতৃকর্ম্ম আদেশোপদেশাদিকম্, পুত্রং দুর্য্যোধনম্ ॥৮॥
ত্বমিতি। ধর্ম্মং পিতুঃ স্বাতন্ত্র্যম্। অন্বগা অনুসৃতবানসি ॥৯॥

আবার যুদ্ধের সময় উপস্থিত হইলে, আপনি যদি আপনার এই যুদ্ধোৎসাহী পুত্রগণকে নিবৃত্ত করিতেন, তবে আপনার এই বিপদ্ আসিত না ॥৫॥

তা'র পর আপনি যদি পূর্ব্বে কৌরবদিগকে এইরূপ আদেশ করিতেন যে, 'এই দুর্য্যোধনটাকে বন্ধন করিয়া রাখ' তাহা হইলেও আপনার এই বিপদ্ আসিত না ॥৬॥

অতএব পাণ্ডবেরা, পাঞ্চালেরা, বৃষ্ণিবংশীয়েরা এবং অন্য যে সকল রাজা আছেন তাঁহারাও আপনার এই বুদ্ধিবৈপরীত্যের ফল ভোগ করিবেন ॥৭॥

আপনি যদি পিতার কার্য্য করিয়া পুত্রকে (দুর্য্যোধনকে) সৎপথে রাখিয়া ধর্ম্ম অনুসারে চলিতেন, তাহা হইলে আপনার এ বিপদ্ উপস্থিত হইত না ॥৮॥

কিন্তু আপনি লোকসমাজে বিশেষপ্রাজ্ঞ হইয়াও সনাতন ধর্ম্ম ত্যাগ করিয়া দুর্য্যোধন, কর্ণ ও শকুনির মতের অনুসরণ করিতেন ॥৯॥

(৬) দুর্য্যোধনেত্যভিধেয়ম্ · পি, দুর্য্যোধনেত্যবিবেয়ম্ বা নি। (১০) অন্নে নির্বিশমানস্য···বা বঙ্গ বর্দ্ধ নি।

নামন্যত তথা কৃষ্ণো রাজানং পাণ্ডবং পুরা।
ন ভীষ্মং নৈব চ দ্রোণং যথা ত্বামন্যতাচ্যুতঃ ॥১১॥
অজানীত যদা চ ত্বাং রাজধর্ম্মাদধশ্চ্যুতম্।
তদা প্রভৃতি কৃষ্ণস্ত্বাং ন তথা বহু মন্যতে ॥১২॥
পরুষাণ্যুচ্যমানাংশ্চ যদা পার্থানুপেক্ষসে।
তস্যানুবন্ধঃ প্রাপ্তস্ত্বাং পুত্রাণাং রাজ্যকামুক ! ॥১৩॥
পিতৃপৈতামহং রাজ্যমপবৃত্তং তবানঘ !।
অথ পার্থৈর্জিতাং কৃৎস্নাং পৃথিবীং প্রত্যপদ্যথাঃ ॥১৪॥
পাণ্ডুনা নির্জিতং রাজ্যং কৌরবাণাং যশস্তথা।
ততশ্চাপ্যধিকং ভূয়ঃ পাণ্ডবৈর্ধর্ম্মকারিভিঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তদিতি। নিশামিতং শ্রুতম্। নিবিশমানস্য ভোগাভিলাষিণঃ।১০॥

নেতি। পাণ্ডবং যুধিষ্ঠিরম্। ত্বা ত্বাম্, অমন্যত ॥১১॥

অজানীতেতি। রাজধর্ম্মাৎ সমদর্শিত্বরূপাৎ রাজনিয়মাৎ। বহু অধিকম্ ॥১২॥

পরুষাণীতি। উচ্যমানান্ দুঃশাসনাদিভিঃ। অনুবধ্যত ইত্যনুবন্ধঃ ফলম্ ॥১৩॥

পিত্রিতি। অপবৃত্তমাগতম্। অনঘেতি সোল্লুণ্ঠনং সম্বোধনম্। জিতাং রাজসূয়কালে। প্রত্যপদ্যথা আয়ত্তীকৃতবান্ ॥১৪॥

পাণ্ডুনেতি। যশঃ অর্জ্জিতমিতি শেষঃ। অধিকং রাজ্যং যশশ্চ, পাণ্ডবৈরর্জ্জিতম্ ॥১৫॥

অতএব রাজা ! অন্নভক্ষণার্থী লোক যেমন বিষমিশ্রিত মধু গ্রহণ করে, আমিও সেইরূপ আপনার (দুরভিসন্ধিযুক্ত) সমস্ত বিলাপ শ্রবণ করিয়াছি ॥১০॥

কৃষ্ণ পূর্ব্বে আপনাকে যেরূপ গৌরবের পাত্র মনে করিতেন, যুধিষ্ঠির, ভীষ্ম বা দ্রোণকেও সেরূপ গৌরবের পাত্র মনে করিতেন না ॥১১॥

তা'র পর যখন কৃষ্ণ আপনাকে রাজধর্ম্ম হইতে অধঃপতিত বলিয়া জানিয়াছেন, তদবধি তিনি আর আপনাকে অধিক গৌরবের পাত্র বলিয়া মনে করেন না ॥১২॥

হে পুত্রগণের রাজ্যকামুক রাজা ! সেই দ্যূতসভায় দুঃশাসনপ্রভৃতি যখন পাণ্ডবগণকে নিষ্ঠুর বাক্য বলিতেছিলেন, তখন আপনি যে উপেক্ষা করিয়াছিলেন, তাহারই ফল আপনার উপস্থিত হইয়াছে ॥১৩॥

হে নিষ্পাপ রাজা ! পৈতৃক রাজ্য আপনার হাতে আসিয়াছিল, তাহার পরে আবার আপনি পাণ্ডবগণের বিজিত রাজ্যও আয়ত্ত করিয়াছিলেন ॥১৪॥

(১২) ব্যজানীত ··অধঃ স্থিতম্···পি। (১৩) ··রাজ্যকামুকম্···বঙ্গ বর্দ্ধ।

তেষান্তু তাদৃশং কর্ম্ম ত্বামাসাদ্য সুনিষ্ফলম্।
যৎ পিত্রা ভ্রংশিতা রাজ্যাত্ত্বয়েহামিষগৃদ্ধিনা ॥১৬॥
যৎ পুনর্যুদ্ধকালে তু পুত্রান্ গর্হয়সে নৃপ !।
বহুধা ব্যাহরন্ দোষং নৈতদদ্যোপপদ্যতে ॥১৭॥
নহি রক্ষন্তি রাজানো যুধ্যন্তো জীবিতং রণে।
চমূং বিগাহ্য পার্থানাং যুধ্যন্তে ক্ষত্রিয়র্ষভাঃ ॥১ ॥
যান্তু কৃষ্ণার্জ্জুনৌ সেনাং যাং সাত্যকিবৃকোদরৌ।
রক্ষেতাং কো নু তাং যুধ্যেচ্চমূমন্যত্র কৌরবাৎ ॥১৯॥
যেষাং যোদ্ধা গুড়াকেশো যেষাং মন্ত্রী জনার্দ্দনঃ।
যেষাঞ্চ সাত্যকির্গোপ্তা যেষাং গোপ্তা বৃকোদরঃ ॥২০॥

ভারতকৌমুদী

তেষামিতি। সুনিষ্ফলং জাতম্। আমিষগৃদ্ধিনা ভোগ্যরাজ্যাভিলাষিণা ॥১৬॥
যদিতি। ব্যাহরন্ ব্রুবন্। নোপপদ্যতে পূর্ব্বং ত্বয়ৈব দোষকরণাদিত্যাশয়ঃ ॥১৭॥
অথ জীবনরক্ষণায় রাজ্ঞামতীব্রযুদ্ধকরণাদেব মৎপরাজয় ইত্যাহ নহীতি। বিগাহ্য প্রবিশ্য ॥১৮॥
যামিতি। কৌরবাৎ কুরুপক্ষাৎ, অন্যত্র অন্যঃ ॥১৯॥

রাজা পাণ্ডু অনেক রাজ্য জয় ও কুরুবংশের যশ অর্জন করিয়াছিলেন। আবার তাঁহা অপেক্ষাও অধিক রাজ্য জয় ও যশ অর্জন করিয়াছেন ধর্ম্মকারী পাণ্ডবেরা ॥১৫॥

